কবি ও মনীষী

সহাদয় বিশ্বনাগরিক

অমিয় চক্রবর্তী

শ্ৰদ্ধাভা**ন্ধ**নেযু—

লেখকের অস্তান্ত গ্রন্থ

প্রেক্ষিত

<u> শহিত্যচিম্</u>তা

প্রবাদের জার্নাল

মৌমাছিতন্ত্ৰ

নায়কের মৃত্যু কথারা ভোমার মন

Radicalism

In Man's Own Image (এবেন রয়ের শঙ্গে)

Explorations

Gandhi India and the World (সম্পাদিত)

॥ स्ठीপত ॥

লেখক ও পাঠক॥	•••	•••	>
কবির নির্বাসন ।	•••	•••	>>
ক্লাসিক ও বোমাণ্টিক॥	•••	•••	હ•
রনেসাঁদ সম্পর্কে প্রস্তাবনা॥	•••	•••	8 •
উইলিয়ম ত্রেকের ছবির জগৎ।	•••	•••	45
আধুনিক কবিভায় ব্যঞ্চন।	•••	•••	64
ববীন্দ্ৰনাথ ও গোয়েটে।	•••		25
চিত্রশিল্পী রবীক্রনাথ।	•••	•••	202
রৰীন্দ্রনাথ ও আধুনিক মন।	•••	•••	786
বাঙালি শিক্ষিত হিন্দু ও আধুনিকতা॥	•••	•••	>68
সত্য, শ্লীলতা এবং আধুনিক বাংলাসাহি	•••	>⊕ b	
সমকালীন বাংলা উপনামে মননবিমথত		•••	> P8

লেখক ও পাইক

অভিমানবশে ভবভূতি নিথেছিলেন পৃথিনী বিপুল এবং কান নিরবধি!
অর্থাৎ তাঁর দেশক।লে যদি সন্থার পাঠক না মেলে তিনি ববং অপেক্ষা করবেন
দূর দেশ এবং ভবিশ্বং কালের জন্ম, তবু সমকালীন ইত্যরজনের বাহবা পাবার
আকাজান্ম নিজের লেখাকে খেলে। হতে দেবেন না। তাঁর প্রতিশতি তিনি
ভঙ্গ করেননি; সংস্কৃতারুবাগী পাঠকদের চোখে তাঁর স্থান তাই কালিদাসের
পাশে।

তবে ্রভাতর অভিমানোক্তির যাথার্থ্য কোণায় ?

যাঁগীৰ্থ্য এইখানে যে যদিও কোন লেখকই পাঠক-লাভের প্রত্যাশা থেকে নিজেকে সম্পূর্ণ মৃক্ত করতে পারেন না, তবু সং গ্রেথক রসিক পাঠকের জন্ত অপেক্ষা করতে পারেন। অর্থাৎ তাঁর দেশে কিম্বা তাঁর কালে যদি মনের মত পাঠক নাও জোটে, তবু বেআকুফদের তারিফের লোভে তিনি তাঁর বক্তব্য বা বাচনভঙ্গী বদলাতে প্রস্তুত নন। তিনি কল্পনা করে নেন এমন যুগকাল যথন তাঁর লেখার যথার্থ সমঝদারেরা তাঁর এই অপেক্ষা করার দাম হুদে আদলে পুষিয়ে দেবেন। অথবা যেটা আরো সচরাচর দেখা যায়, তিনি সংখ্যা-গরিষ্ঠ-ইতর সাধারণের মনোরঞ্জনের চেষ্টা না করে তার সমকালীন স্বল্পসংখ্যক বিদগ্ধ জনের কথা স্মরণে রেখে সাহিত্য রচনা করেন। তাতে গণপতির চরেরা তাঁকে যদি উচ্কপালে ব'লে বিদ্রুপ করে তা তাঁর সয়, কিন্তু অরসিকদের দাবীর কাছে নিজের কল্পনাকে খাটো করতে তিনি একেবারেই নারাজ। ফলত সৎ লেখক সহ্বদয়স্বাদী হতে পারলেই চরিতার্থ, তার উপরে যদি তিনি সর্বহ্বদয়স্বাদী হতে পারেনই ত্রিভার্থ, তার উপরে যদি

তবে এ অভিমানের বিপদ আছে। লেখকের দিক থেকেও বটে, পাঠকের দিক থেকে তো বটেই। কিন্তু লেখক এবং পাঠকের খ্যনেক সময়ে সে কথা শারণে থাকে না। তাই সে কথার কিঞ্চিৎ আলোচনা হওয়া দরকার।

॥ छूटे ॥

প্রথমত, সাহিত্যিক মাত্রেরই উপজীব্য হচ্ছে মাহ্যয—মাহ্যের স্থ-তৃ:থ, ভাবনা-কল্পনা, ক্রিয়া-কলাপ, অন্নভৃতি-অভিজ্ঞতার উপাদান ছাড়া সাহিত্যস্প্টি সম্ভব নয়। ইংরেজ কবি ডান লিথেছেন, 'কোন মাহ্যই দ্বীপ নয়, প্রতি মাহ্যই মহাদেশের একটি অংশ; সমৃদ্র যদি একদলা মাটিও ধুয়ে নিয়ে যায় তবে ইয়োরোপ ততটুকু ক্ষ্রতের হয়ে আসে। তথামি মানবজাতির সঙ্গে জড়িত।' এ হল যথার্থ সাহিত্যিকের কথা। এখন অধিকাংশ পাঠক ইতর্বাধারণ বলে দং লেথক যদি তাদের দিক থেকে মৃথ ফেরান, তবে মানব জাতির সঙ্গে তাঁর সংযোগ্য যে সঙ্কীর্ণ এবং ত্র্লতর হয়ে আসবে এ আশহা অযৌক্তিক নয়। তিনি যতই আত্মবিশ্লেষণ বা আত্মোপলন্ধির দ্বারা এ অভাব পূরণ করার চেষ্টা করুন না কেন, তাঁর পক্ষে মানবীয় অন্তিত্বের বিচিত্রতার সঙ্গে যোগাযোগ বজায় রাখা ক্রমেই কঠিন হয়ে উঠবে। তাঁর উপজীব্য অভিজ্ঞতায় ব্যাপ্তি এবং বল্ম্খীনতা ক'মে আসবে; তাঁর উন্মুথ জীবনন্ধিজ্ঞাসা অভিমানী আদর্শের আওতায় ক্রমে শীর্ণতর হবে; এবং এ আশহাও কষ্টকল্পিত নয় যে অবশেষে তিনি জীবনের চাইতে প্রতীককে বড় ঠাউরে ভাষাপ্রয়োগে

নিপুণতা অর্জনের মধ্যেই সাহিত্যিক চরিতার্থতা সন্ধান করবেন। এ কথা অবশ্যই স্বীকার্য যে শব্দপ্রয়োগের নিপুণতার দ্বারাই ভাষা সাহিত্যের পর্যায়ে উনীত হয়। কিন্তু সঙ্গেল এ সহজ কথাটিও শ্বরণে রাখা দ্বকার যে ভাষা মাধ্যম মাত্র, তার নিজস্ব কোন মূল্য নেই, তার দ্বারা মাহ্য্য আপন আপন অহভূতি-অভিজ্ঞতাকে সাধারণবোধ্য রূপ দিতে এবং ফলে পরস্পরের গোচর করতে পারে বলেই তা মূল্যবান। সাহিত্যিক এই সহজ্ব কথাটি ভুলে যথন সমাজের উপরে অভিমান করে শুধু রীতিপ্রকরণের চর্চাকেই সাহিত্যের ম্থ্য উদ্দেশ্য করে তুলতে চান, তথনই সাহিত্যের একেবারে গোড়াতে কোপ পড়ে।

গ্রীকসভ্যতার পতনের পর বৈজন্তীয় আলম্বারিকেরা এই সহজ কথাটি ভুলেছিলেন। দেদিন তাঁদের সাহিত্যাদর্শে অন্থপ্রেরিত হয়ে যা কিছু রচিত হয়েছিল তার মধ্যে বিশায়কর শব্দচাতুর্গ ছিল, কিন্তু মানবীয় বক্তব্য ছিল অতি সামান্ত।

হেলেনিষ্টিক শিল্পতত্ত্বে পাঠ নিয়ে রোমান কবিরা ঠিক করলেন অর্থের ভার কমিয়ে কথার ধার যত বাড়ানো যাবে, ততই তাদের রচনা উৎক্লপ্ত হয়ে উঠবে। প্রমথ চৌধুরীর কাছ থেকে একটি লাগদই শব্দ ধার নিয়ে বলা যায় এঁরা 'চুটকি' লেখায় আশ্চর্য নিপুণতা অর্জন করেছিলেন। কিন্তু সে দক্ষতা যে তাদের কত দাম দিয়ে কিনতে হয়েছিল এঁদের রচনাবলীর দঙ্গে প্রাচীন গ্রীকদাহিত্যের তুলনা করলেই তা মালুম হয়। উনিশ শতকে মার্কিন কবি-সমালোচক এডগার আল্যান গো-র প্রভাবের ফলে ফরাদী সাহিত্যে এই ্ধরণের জীবনবিমুথ বিশুদ্ধ হীতি-বাদ প্রবল হয়ে ওঠে। এতে কাব্যের কলাকোশলে লক্ষ্যণীয় উন্নতি সাধিত হয়েছিল, কিন্তু সঙ্গে সঙ্গে কবি-কল্পনায় সুস্বচ্ছতা এবং কৃত্রিমতাও যে অভ্যস্ত প্রবল হয়ে ওঠে তাতে সন্দেহ নেই। বোদলেয়ারের মত অসামান্ত প্রতিভাধর কবিও এ বিপদ পুবোপুরি এড়াতে পরেননি। তবু তাঁর ক্ষেত্রে অন্বিষ্ট জীবনবোধ আত্মিক নির্বাদনের নিঃসঙ্গতাকে কথনো শৃত্তপর্ভ বাক্চাতুরীতে পর্যবদিত হতে দেয়নি। কিন্তু তার চাইতে কম ক্ষমতাবান অনেক কবির ক্ষেত্রে সমাজবিমুথ আল্লাভিমান ক্রমে কল্পনাকে ক্ষীণ এবং শীর্ণ করে ফেলে। এই অবক্ষয় কাব্যের চাইতে উপন্থাদের ক্ষেত্রে বেশী স্পষ্ট। কারণ একান্তভাবে নিজস্ব আবেগ-অন্নভৃতিকে আশ্রয় করে কবিতা যদিবা লেখা যায়, উপতাদের জন্ত অপর স্ত্রীপুরুষ বিষয়ে জ্ঞান স্মন্ত্র

প্রয়োজনীয়। সেই জ্ঞানের অভাব উপক্যাসকে কিভাবে তুর্বল করে আনে, দিদেরো, স্ফাঁদাল, বালজাকের লেথার সঙ্গে উনিশ শতকের শেষ পাদের ফরাদী উপক্যাসিকদের রচনার তুলনা করলে সেটি স্পষ্ট বোঝা যায়।

ফলত সং লেখকের সঙ্গে সাধারণ পাঠকের অর্থাৎ সংখ্যাগরিষ্ঠ সাধারণ জনের মানসিক ব্যবধান যত রৃদ্ধি পায় ততই লেখকের ভাবনা-কল্পনা মানব-জাতির সঙ্গে সংযোগের কথা ভূলে এক দিন্দে আত্মকেন্দ্রিক, অন্ত দিকে প্রকরণপ্রধান হয়ে ওঠে। তাঁর কল্পনার প্রাণশক্তি ক্ষীণ হয়ে আদে, তাঁর রচনায় শূন্তগর্ভতা, পুনরাবৃত্তি এবং আত্মপ্রকাশ একে একে প্রকট হয়ে ওঠে। তাঁর বক্তবা যত কমে, তাঁর বলার চঙ তত পাঁচালো, তাঁর বাক্যগঠন তত জটিল, তাঁর শক্ষপ্রহোগ তত অক্ষত হয়ে ওঠে। তথন যে শুপু ইতর্জনেরাই তাঁর লেখা দেখে ভয় পায় তা নয়, রিদিকজনদেশে প্রকেও দে লেখা সজ্যোগ করা প্রায় অসন্তব হয়ে ওঠে। পায়ুর, অহাবদায় এবং আদর্শনিষ্ঠা সত্তেও তিনি লেখক হিসেবে সার্থক হয়ে উঠতে পারেন না। যেহেতু তিনি বস্তুত সংলেখক, তাঁর বচনায় অবশ্য বহু সম্পদ ইতন্তত বিফিল্য হয়ে থাকে; পরবতী লেখকেরা হয়তো তা থেকে অনেক মূল্যান শিক্ষা এবং উপাদান সংগ্রহ করেন; তবু সে বচনা প্রণিধান সমগ্রহায় সত্ত্য স্ক্রহ্রস্থাণী হয়ে ওঠেন।

মহং সাহিত্য-প্রতিভার এবন্ধি ট্রান্তিক অনচনের ছটি প্রামাণিক উদাহরণ ছেম্দ্ জ্যোদের শেষ রচনা 'ফিনেগান্দ্ ওয়েক' এবং এজ্য পাউণ্ডের 'ক্যান্টোস্'। উভয় সাহিত্যিকই তাদের জীবনের বেশারভাগ সময় আপন আপন দেশ এবং সমাজ থেকে সরে এসে স্বেচ্ছারত নির্বাসনে কাটিয়েছেন। উভয়েরই সাধারণ মাল্লযের প্রতি অশ্রদ্ধা যেমন গভীর, শিল্পসাধনা বিষয়ে নিষ্ঠা তেমনি অকম্প্য। অশ্রদ্ধা সম্বেও জ্যোদ ঘতদিন তার প্রতিভ মাল্লমদের নিয়ে বোধ্য ভাগায় গল্পকাহিনী লিথেছেন ততদিন তার প্রতিভা সার্থকতা থেকে সার্থকতায় আরোহন করেছে: 'ডব্ কিনার্ম্', 'পোর্টে ট' এবং 'ইউলিদিশ্' তারি প্রমাণ। কিন্তু 'ফিনেগান্স' রচনা করতে গিয়ে তিনি পাঠক সমাজকে সম্পূর্ণভাবে অস্বীকার করলেন; ফলে জ্যোস-ভক্ত স্থপিওত টীকাকারদের বিস্তর্ম চেষ্টা সত্ত্বেও এই বিরাট গ্রন্থ থেকে কিছু বিক্ষিপ্ত শব্দ চিত্র ছাড়া বিশেষ কিছু পাওয়া যায় না। 'ফিনেগান্স'-এর সঙ্গীতধর্মী ধ্বনিসমাবেশের মধ্যে প্রাক্তেন বিশ্বপ্রকৃতির কিছু মাভাদ আছে, কিন্তু অভিধানকে অগ্রাহ্য করার ফলে মানব্যনের জটিল এবং বিচিত্র রূপ এ গ্রন্থে কচিৎ প্রতিফলিত হয়েছে।'

পাউণ্ডের 'সর্গমালা' অবশ্য 'ফিনেগান্স্'-এর মত পুরোপুরি অবোধ্য নয়। কিন্তু 'পারসোনি' থেকে 'মোবর্লি' পর্যন্ত একটির পর একটি কাব্যগ্রন্থে যে নবনবোন্মেষশালিনী প্রতিভা আমাদের পদে পদে চমৎক্রত করে 'ক্যান্টোস্'-এর অনেক খণ্ডেই তা বেদনাদায়ক ভাবে অহুপস্থিত। ভাষার চিত্রধর্ম এবং সঙ্গীত-ধর্মের মারফৎ ব্যঙ্গনা স্প্রের সামর্থ্যে পাউণ্ডের সমত্ল্য কবি এযুগে হুর্লভ। কিন্তু 'ক্যান্টোস্-এর অনেক অংশে ব্যঞ্জনাহীন পাণ্ডিত্য এবং অকারণ উল্লেখ-উদ্ধৃতির আবর্জনা কাব্যরসকে ব্যাহত করেছে। কবিত্বের এই অবক্ষয় কেন এবং কিভাবে ঘটল তার ইন্ধিত পাউণ্ডের 'মোবর্লি' কাব্যে নিহিত আছে। জয়েসের নায়ক হিকেনের মত পাউণ্ডের নায়ক মোবর্লি-ও নিজের দেশ কাল থেকে মানস অর্থে নির্বাদিত; সে চেয়েছিল শিল্লের ছাকুনী দিয়ে স্থন্দরকে জীবনের বর্ষরতা থেকে পৃথক করতে। জীবনের বর্ষরতা তাতে কিছু কমল না; মাঝখান থেকে জীবনের সঙ্গে যোগ হারিয়ে স্থন্দর হল বিশীর্ণপন্থ। কল্পনা ক্রেই ভঙ্গীসর্ব্য হয়ে উঠল; কিন্তু দে ভঙ্গী কোন্ অভিজ্ঞতার ইন্ধিতবাহী তাও নির্থ্য করার উপায় রইল না। ই

ঃ ভিন ঃ

এবার দ্বিভীয় বিপদের কথা।

যে লেখক সচেতনভাবে স্থানংখ্যক অনিকারী পাঠকের জন্ম লেখেন, মানবজাতির প্রতি তার মনে ভিবের মধ্যে অনেকখানি অশ্রন্ধা থাকা স্বাভাবিক। এই অশ্রন্ধার সঙ্গে যথন লেখক হিদেবে ব্যাপক স্বীকৃতি না পাওয়ার তিক্ততা একে মেশে, তখন যদি তাঁর বিচার-বিবেচনায় উদার্ঘের অভাব ঘটে তাতে আশ্রুষ হবার কিছু নেই। তখন মান্থবের দোষক্রটি নিয়ে বাঙ্গ করার প্রলোভন তাঁর মনে বিশেষ প্রবল্গ হয়ে দেখা দেয়। ভাল মন্দ সব কিছু মিশিয়ে মান্থবের সমগ্র অন্তিম্ব বিষয়ে দাহিত্যিকের যে সহজাত কোতৃহল, তাঁর চেতনায় সেটি ক্ষীণ হয়ে আদে। সাধারণ মান্থবের আত্মীয়তা অর্জন করতে না পারার ফলে তিনি ক্রমেই মান্থবকে ভালবাদার ক্ষমতা হারিয়ে ফেলেন। যা বিকৃত এবং অস্বাভাবিক ভাই শুধু তাঁকে আক্রষ্ট করে: এক দিকে তিনি হয়ে ওঠেন উৎকেন্দ্রিক, অন্ত দিকে শুভনান্তিক। এ অবস্থায় শুধু যে সাহিত্যিকের

অভিজ্ঞতার জগৎ ব্যাপ্তিতে এবং বৈচিত্রো দন্ধীর্ণতর হয়ে আদে তা নয়; দে অভিজ্ঞতার বিশ্লেষণ, ম্ল্যায়ন এবং উপস্থাপনেও দন্ধীর্ণবৃদ্ধির ক্ষতিকর প্রভাব প্রকট হয়ে ওঠে। বলা বাহুল্য, এ মনোভাব কোন সাহিত্যিকের পক্ষে কল্যাণকর নয়। কেন না, যে আনন্দ সাহিত্যিকের স্প্তিতে ছন্দের সঞ্চার করে, এ মনোভাব স্বভাবত তার প্রতিক্ল। তা ছাড়া এ মনোভাবের ফলে সাহিত্যিকের জীবনজিজ্ঞাদা পদে পদে ব্যাহত হতে বাধ্য। তার কল্পনার কৌতুকসরসতাও এর ফলে ক্ষীণ হয়ে আদে। এ মনোভাব থেকে যে দাহিত্য জন্ম নেয়, বিদ্ধা পাঠকের পক্ষেও তাকে স্থাগত করা কঠিন।

উপরোক্ত বিতীয় বিপদের আশঙ্কা যে মোটেই অম্লক নয় প্রথম মহায়দ্ধের পর থেকে গত পঞ্চাশ বছরের পশ্চিমী সাহিত্যে তার বিস্তর প্রমাণ চোথে পড়ে। এ যুগের শক্তিশালী সাহিত্যিকদের মধ্যে অনেকেই সমাজজীবন থেকে বিযুক্ত হয়ে পড়েছেন। পড়শীদের সঙ্গে তাঁদের সম্পর্কের মধ্যে শুধু বিক্বজার ভাব প্রবল হয়ে ওঠেনি, বিদ্বেষের প্রতিক্যাণও প্রকট হয়ে উঠেছে। এঁদের কল্পনা জীবনবিম্থ; এঁদের কাছে অস্তিত্ব অর্থহীন; এঁদের লেখা পড়লে মনে হয়না যে মাসুষের জীবনে ভালবাসা, গৌন্দর্যবাধ কিয়া স্প্রীনতার কোনো স্থান আছে। এঁদের অনেকেরই রচনায় মানুষের যে রুপটি ফুটে উঠেছে তার প্রধান উপাদান হল বিরংসা, ইর্বা, আত্ম্মানি, অপ্রত্যায়, বৈনাশিক বৃদ্ধি। আধুনিক সাহিত্যের নায়ক এক দিকে প্রচন্ত উন্নাসিকতায় নিজেকে সমাজজীবন থেকে নির্বাদিত করেছে; অন্ত দিকে সে নিজের ব্যক্তিসন্তায় অবিশ্বাসী। এযুগের বহু ক্ষমভাবান সাহিত্যিক শ্রুবাদী; এবং শ্রুবাদ যে কী স্বষ্টি কীসজোগ কোনোটিরই বিশেষ অনুক্ল নয়, এ সত্য ব্যাখ্যার অপেক্ষা করেনা। মহাপ্রতিভাবান লেথক শ্রুতাবোধকেও হয়ত কল্পনার সামর্থে ব্যঞ্জনাময় করে তুলতে পারেন; কিন্তু সাহিত্যের ইতিহাদে এটি ব্যতিক্রম। ত

। होत्र ।

এ পর্যন্ত আমরা লেথকের বিপদের কথা আলোচনা করেছি। কিন্তু সৎ লেথকের সঙ্গে সাধারণ পাঠকের বর্বিফ্ ব্যবধানের ফলে শেষোক্তের ক্ষতির সম্ভাবনা আরও বেশী। লেথক স্ক্রন্সামর্থ্যে ক্ষতিকেও ফলপ্রস্থু ক'রে

তুলতে পারেন; মনোজগতের কোন সন্ধটই তাঁর পক্ষে একেবারে অনতিক্রমা **क्टल** य मन निर्मात कथा উল्लंथ कना हाम्रह লেথকের পক্ষে তার কোনটিই অবশ্রভাবী বলা চলে না। সমকালীন অনাত্মীয়তার গ্লানি সত্ত্বেও তিনি মনের ভারদাম্য এবং উন্মুক্ততা নাও হারাতে পারেন; স্ষ্টির হুর্লভ আনন্দ তাঁর কল্পনাকে নিতান্ত প্রতিকৃল অবস্থাতেও সরস রাথতে পারে। মতাই-য়াঁ-র মানসিক নি:সঙ্গতার কথা কে না জানে? অথচ পশ্চিম ইয়োরোপের সাহিত্যে এই স্থিতধী মাতুষটির কৌতুকপ্রোজ্জন প্রবন্ধাবলীর তুলনা মেলা কঠিন। গেরেটেকে আপনজন বলে জার্মানী কোন দিনই গ্রহণ করতে পারে নি। তাতে জার্মান জাতির অপরিমেয় ক্ষতি হয়েছে—দে ক্ষতি যে কত বড় দে-দেশের অধিকাংশ স্ত্রীপুরুষ আজও তা বুঝতে শিথল না—কিন্তু তার ফলে গোয়েটের মানবতন্ত্রী প্রতায় এবং জীবনজিজ্ঞাদা এতটুকু শিথিল কি অবদাদগ্রস্ত হয় নি।° সাহিত্যিক হচ্ছেন শিল্পী, স্রষ্টা; তিনি দেই তুর্লভ ক্ষমতার অধিকারী যার বীজ নৈ:সঙ্গ্যের বন্ধ্যাভূমিতেও ফদল ফলাতে দক্ষম। তাই স্বদেশত্যাগী জয়েদের পক্ষে 'ইউলিসিস-এর' মত এপিক উপক্রাস লেখা সম্ভব হয়েছিল। বুলভার হাউজ্মান-এর জানালাবন্ধ কর্কমোড়া ঘরে জীবন কাটিয়েও প্রুস্ত ্এ যুগের শ্রেষ্ঠ ফরাসী উপ্যাস লিখতে পেরেছিলেন। চোর এবং লম্পট জাঁ-জেনে কারাগারে বদে মান্তবের দ্র্বাত্মক ব্যর্থতা নিয়ে মহৎ নাটক লিখে গেছেন। জার্মানী ছাড়তে বাধ্য হয়েও টমাদ মান কলম ছাড়েন নি: 'ডক্টর ফাউদ্ট্'ন'এর কাহিনীতে জার্মান সভ্যতার ট্রাজেডির মহত্তম বিবরণ লিপিবদ্ধ ক'রে গিয়েছেন।

কিন্তু সাধারণ পাঠক দে ক্ষমতার অধিকারী নন। সং লেথকের মনোজগতে যদি তিনি প্রবেশ করতে অসমর্থ হন, তবে তাঁর যে-লোকসান তা পূরণ করা তাঁর সাধ্যের বাইরে। সাহিত্য আমাদের অহভূতিকে স্ক্ষতর করে, আমাদের বোধে গভীরতা আনে, আমাদের বৃদ্ধির পরিশীলন ঘটায়, আমাদের বিচিত্র এবং অনেক সময়ে পরম্পরবিরোধী চিত্তবৃত্তির মধ্যে সঙ্গতি আনে, অভ্যাদের আড়েষ্ট সঙ্কীর্ণতা দূর করে মহা্মত্বের অমিত সন্তাবনা বিষয়ে আমাদের জাগ্রত করে তোলে। সাহিত্যপাঠে আমাদের মন সরস হয়, আমাদের বিচারে উদার্যের সঞ্চার ঘটে, আমরা সব দেশের সব কালের মাহ্যের সঞ্জে আত্মীয়তা স্থাপনের শক্তি অর্জন করি। সব চাইতে বড় কণা, সাহিত্যসন্তোগের মধ্য দিয়ে

আমরা কিছুমাত্রায় সাহিত্যিকের স্থল-শুভিজ্ঞতার স্থাদ পাই; এবং যেহেতু স্থলনের মধ্যেই মাহুষের মৃক্তি, সে কারণে মাহুষের জীবনে এ অভিজ্ঞতা অমূল্য। তাই সাহিত্যের এই তুর্লভ সম্পদে যে মাহুষ অংশীদার হতে পারল না, তাকে নিতান্ত হতভাগ্য বলা ছাড়া উপায় দেখি না।

এখন সব লেখকই কিছু আর এ জাতীয় সম্পদ সৃষ্টি করতে পারেন না। যাঁরা পারেন, তাঁরাই সংক্রেথক। কিন্তু তাঁরা ছাড়াও আরও বহু লোক লিথে থাকেন-সংখ্যায় এঁবাই চিরকাল গরিষ্ঠ-এ মনের দৈক থেকে এঁরা সাধারণ পাঠকদেরই স্তরের মাত্র্য। সাধারণ পাঠক এবং সমকালীন সৎ-**ल्यकरान्त्र भरक्षा यथन भानिभिक ठाउँ।। तृहर कर्य राज्या राज्य,** তথন এই ইতর লেথকদের পোয়াবারো। সং লেথকেরা অভিমান বশে যতই সাধারণ পাঠক থেকে মুখ জেবান, সাধারণ পাঠকরা নতই এই ইতর লেথকদের থগ্নরে পড়েন। কিন্তু এ লেথকদের কাছ থেকে ভারা না পান কোন গভীরতর জীবনবোধ, না কোন বিকাশশীল সংগতির ইঙ্গিত, না কোন হুজনধরী মৃক্তির আস্বাদ। এঁদের দৌড় ধরতাই বুলি পর্যস্ত। যে নিজে ভারেনি সে অগ্যকে ভাবাবে কি করে? যে নিজে ধনী নয়, অন্তকে দে কোন সম্পদের অংশ দেবে? এ জাতীয় লেথক শুধু সাময়িক বাহবা লুটে এবং সে বাহবা ভাঙিয়ে কিছু স্বাচ্ছন্দ্য রোজগার করতে পারলেই খুশী। এঁদের আবেদন সাধারণ পঠিকদেব অভাসোগ্রয়ী গড্ডলবুত্তির কাছে। তাদের অপরিণত বুদ্ধি, অন্ধ সংস্থাব, সন্ধীর্ণ বিচার, স্থুল অনুভূতি, মোহাচ্ছন্ন আশা-আকাজ্ঞা, যৌথ জ্ভাকে ভাভিয়ে এঁদের কারবার। এঁরা পাঠকের বিকাশে সাহাঘ্য তে৷ করেনই না ; বুরং এনের ব্যাপক প্রভাবের ফলে সে-বিকাশের সন্তাবনা পর্যন্ত দীর্ঘকালের মত ক্রদ্ধ এবং বিক্বত হবার আশক্ষ। আছে। শুধু তাই নয়, এঁদের প্রভাবের ফলে যে পাঠককচি গড়ে ওঠে তার টানে অনেক যথার্থ ক্ষমতাবান সাহিত্যিক পর্যন্ত স্বমার্গচ্যুত হতে পারেন। বিশেষ ক'রে আধুনিক কালে যথন অধিকাংশ লেথক জীবিকাসংস্থানৈর জন্য সাধারণ পাঠকদের পৃষ্ঠপোষণার উপরে নির্ভর করেন, তথন এ জাতীয় পদস্থলন সৎ সাহিত্যিকের পক্ষেও একেবারে অমন্তব বলা চলে না। সে খলন শুরু যে ঐ বিশেষ বিশেষ সাহিত্যিকের পক্ষেই মারাত্মক তা নয়, সে অ্পান সমস্ত মানবসমাজের পক্ষেই মারাত্মক। কারণ যতক্ষণ সৎ লেথক তাঁর স্বধর্মে প্রতিষ্ঠিত আছেন, ততক্ষণ পর্যন্ত সাধারণ পাঠকের ক্রচিবিৡতিকে সাময়িক

সঙ্কট মনে করে তা থেকে উদ্ধারের আশা আমরা পোষণ করতে পারি। কিন্তু সৎ লেথকও যদি মান্ত্যের সন্তাবনায় আস্থা হারান, তবে আর কোন্ খুঁটির জোরে আমরা সে প্রত্যয় টি কিয়ে রাথব ?

॥ औष्ट ॥

শাধুনিক কালে কমবেশী প্রায় সব দেশেই সৎ লেথক এবং সাধারণ পাঠকের মধ্যে বিদ্বিষ্ণু ব্যবধানের সমস্তা প্রকট হয়ে উঠেছে। এ সমস্তার মূল স্থাপুর-প্রসারী; তা শুধু সাহিত্যের ক্ষেত্রে আবদ্ধ নয়। আধুনিক সমাক্ষে জনদাধারণের অধিকার একদিকে যেমন স্বীকৃতিলাভ করেছে, অক্তদিকে ডেমনি জনসমর্থনের স্থযোগ নিমে মৃষ্টিমেগ্র লোকের হাতে ক্ষমতার কেন্দ্রীকরণ বেড়ে বিত্তবান এবং দ্রিপ্র সম্প্রদায়ের মধ্যে ব্যবধান যেমন কমছে, তেমনি উৎপাদন এবং বন্টন ব্যবস্থার উপরে রাষ্ট্রের একচেটিয়া দুখল ক্রমেই স্কপ্রতিষ্ঠিত শিক্ষার জত সম্প্রসারণ ঘটছে ঠিকই; কিন্তু সঙ্গে শিক্ষার মান নেমে যাচ্ছে, শিক্ষাপদ্ধতিতে বৈচিত্র্য কমছে, শিক্ষকের স্বাধীনতা লোপ পাচ্ছে। এয়ুগে সাহিত্যের সঙ্কট এই সর্বব্যাপী সঙ্কটেরই একটা দিক। খ সাহিত্যের পাঠক বেড়ে চলেছে, কিন্তু তাদের সাহিতাবোধ গতে উঠছে না। কলে খাঁরা অভিমানী সাহিত্যিক তাঁদের মধ্যে অনেকেই সাধারণ পাঠকের দিক থেকে মুখ কিরিয়ে তাঁদের দাহিতাপ্টিকে ক্রমেই আরো জটিল, আরো ভর্রোধ্য করে তুলছেন। অপরপক্ষে অধিকাংশ দাধারণ নেথক পাঠকসম্প্রদায়ের মনোরঞ্জনের উদ্দেশ্যে সচেতনভাবে সাহিত্যে স্থলতার আমদানী করে চলেছেন। তাঁদের ভাষা অমার্জিত, প্রকাশরীতি ব্যঙ্গনাবিহীন , মাহুষের আদিম পাশব প্রবৃত্তির কাছে তাঁদের আবেদন।

এ-সমস্থার সমাধান কোন পথে সে কথা বলা শক্ত। কেননা এ-সমস্থার সরূপ নিয়ে এখনো কোনো স্পষ্ট ধারণা গড়ে ওঠেনি। দ্বিতীয় মহাযুদ্ধের পর থেকে এ-সমস্থা নিয়ে পশ্চিমী মনীধীরা বিস্তারিতভাবে আলোচনা স্বরু করেছেন; তার ফলে এর ব্যাপকতা এবং ভ্যাবহতা সম্বন্ধে বোধ ক্রমেই গভীর হয়ে উঠছে। এদব আলোচনা থেকে সমাধানের একটা সম্ভাব্য স্থ্র চোথে পড়ে। সাধারণ মামুষ আজ যে-সব অধিকার পেয়েছে, বা পেতে চলেছে, তা থেকে তাদের

বঞ্চিত করা সম্ভব নয়, এবং সে চেষ্টা কোন বিবেকবান ব্যক্তির পক্ষে সমর্থনযোগ্য আদল কাজ হল সাধারণ মাহুষের অহুভৃতি, স্বকুমারবৃত্তি এবং नग्र । মননশক্তির বিকাশসাধনের ব্যবস্থা করা। আজকের লেথক কথনই আর রাজা কিম্বা অভিজ্ঞাত সম্প্রদায়ের পৃষ্ঠপোষকতার যুগে ফিরে যাবার কথা ভাবতে পারেন না। কিন্তু তিনি যদি অক্ষরপরিচয়প্রাপ্ত পাঠকপাঠিকার অফুশীলনহীন ভোগদামর্থ্যের স্তরে নেমে এদে প্রতিষ্ঠা অর্জনের প্রয়াদী হন তাতে শিল্পী হিদেবে তাঁর নিজের সমূহ ক্ষতি ত হবেই, পাঠকসম্প্রদায়েবও তাতে কোনো লাভ হবে সৎসাহিত্যিকের কাছে সংপাঠকের ন্যুনত্য প্রত্যাশা, তিনি কথনো করুণা অথবা লোভের বশে তাঁর শিল্পবিবেককে হুর্বল হতে দেবেন না। অপর পক্ষে আজকের যুগে এই প্রত্যাশা পুরণের প্রধান দর্ভ হল সৎপাঠকের সংখ্যা বাড়ানো। সাধারণ পাঠকের একটা বড অংশকে সংপাঠকে পরিণত করতে না পারা পর্যন্ত সাহিত্যের বর্তমান সঙ্কটের কোনো সমাধান অকল্পনীয়। এবং একাজে সাহিত্যিকের দায়িত্ব কতটুকু তা নির্ণয় করা কঠিন হলেও, শিক্ষক, সমালোচক এবং সমাজ-সংস্থারকের দায়িত্ব যে অনেকথানি সে বিষয়ে সংশয়ের অবকাশ নেই।

>। কিছুদিন পূর্বে আইরিশ অভিনেত্রী স্থোভান ম্যাক্কেনার মূথে "ফিনেগান্স্" থেকে একটি দীর্ঘ অংশ আবৃত্তি-অভিনয় শোনবার সৌভাগ্য হয়েছিল। স্বল্লালাকিত রঙ্গমঞ্চে স্বেদী সঞ্চরণ এবং অনুনাদী ধ্বনিপ্রবাহ িলে যে প্রতিরূপ মূত হয়ে ওঠে তা রাগমালার সগোতা। কিন্তু সাহিত্যের বহুবেধ ব্যঞ্জনা ?

২। পাউও সম্পর্কে প্রথম বিস্তারিত আলোচনা করি "ক্যানকটো রিহ্নিয়ু" পত্রিকায় (মে, ১৯৪৩), তারপরে "প্রেক্ষিত" (১৯৪৫) প্রবন্ধগ্রত্ব। তাছাডা "র্যাডিক্যাল হিউম্যানিস্ট" পত্রিকায় (সেপ্টেম্বর, ১৯৫২) Ezra-Pound and the Artist's Dilemma প্রবন্ধেও কয়েকটি স্থত্র নিয়ে কিছুটা বিচার বিশ্লেষণ করেছি।

৩। বিস্তারিত বিশ্লেষণের জন্ম শ্রন্থর আমার ''নায়কের মৃত্যু'' গ্রন্থের শেষ প্রবন্ধ এবং **Explorations** গ্রন্থে ''The crisis in Modern Literature'' প্রবন্ধ !

ষ। কৌতৃহলী পাঠকপাঠিকাকে আমার Explorations গ্রন্থে Michel de Montaigne প্রবন্ধটি পড়ার অনুরোধ জানিয়ে রাথি।

৫। গোয়েটে সম্পর্কে বাংলায় প্রাথমিক জীবনী লেখেন কাজী আবহল ওছদ। অন্দাশকর
রায়-ও গোয়েটে সম্পর্কে বাংলায় আলোচনা করেছেন।

কবির নির্বাসন

প্রেটো তাঁর আদর্শ রাষ্ট্র থেকে কবিকুলকে নির্বাদিত করেছিলেন। তাঁর আভিযোগ ছিল যে কবিরা চরিত্রহীন, অসংযমী এবং সত্যভ্রষ্ট। চরিত্রহীন, তার প্রমাণ তারা পরস্পরবিরোধী বিভিন্ন চরিত্রের কল্পনা করে তাদের সঙ্গে একাত্ম হতে পারেন। অসংযমী, তার কারণ তাঁরা প্রেরণার দ্বারা পরিচালিত এবং প্রেরণার উপরে যে কোন সংযম চলে না এ তো সকলেরই জানা । আর যেহেতু ইন্দ্রিয়গ্রাহ্ম জগতের অহুকরণের মধ্যে কবি-কল্পনা ফ্ তিলাভ করে, সেই কারণে সত্য কথনও কাব্যের ধ্যেয় হতে পারে না। সত্য অজর, অমর, অতীন্দ্রিয়। ভ্রধু দার্শনিকের একাগ্র সাধনার মধ্যেই সত্যের প্রতিফলন সম্ভব। স্থতরাং জ্ঞান, ক্যায়নিষ্ঠা এবং চারিত্রের উপরে ভিত্তি করে কোন আদর্শ রাষ্ট্র যদি গড়ে তুলতে হয় তবে সেরাষ্ট্র থেকে, যত ব্যথিত মনেই হোক, কবিদের বিদায় দেওয়া ছাড়া গত্যন্তর নেই।

প্রেটোর অক্যান্ত চিন্তার মত কাব্য সহন্ধে এ-যুক্তি পরবর্তীকালের পশ্চিমী ভাবুকদের মন আলোড়িত করেছে। এঁদের মধ্যে যাঁরা কাব্যের সপক্ষে নানা কথা বলেছেন, তাঁদের অধিকাংশই প্লেটোর অভিযোগের মারাত্মক মর্মার্থ অহুধাবন করতে পারেন নি। সম্ভবত এক আরিস্টটলই বুঝতে পেরেছিলেন যে প্লেটোর দার্শনিক প্রত্যয়গুলিকে খণ্ডন করতে না পারলে কাব্য বিষয়ে তাঁর অভিযোগের কোন যথার্থ সত্তরের সম্ভব নয়। এমন কি সিডনির মত হুর্দিক কাব্যাহ্রাগী এবং শেলীর মত থাশ কবির পর্যন্ত মনে হয়েছিল প্লেটোর অক্যান্ত প্রস্তাব মেনে নিয়েও কাব্য সম্বন্ধে তাঁর রায়কে বুঝি অগ্রাহ্ম করা চলে। প্লেটোর মত কবিপ্রাণ দার্শনিক যদি শেষ পর্যন্ত কবিতার দাবি দর্শনের নামে থারিজ করে থাকেন, তবে তা যে অনেক ভেবেই করেছিলেন, এঁদের মত প্লেটোভক্তরাও সে-কথা বুঝতে পারেন নি ভাবতে তাজ্জব লাগে।

প্লেটোর সিদ্ধান্তে কোন খাঁটি সাহিত্যরসিক স্বভাবতই সায় দিতে পারবেন না। কিন্তু সায় না দেওয়া এক কথা, আর এ সিদ্ধান্ত বেঠিক বলে থারিজ করা আর এক কথা। মনে রাথা দরকার, প্লেটো মূলত সাহিত্যসমালোচক ছিলেন না; তিনি দার্শনিক, পৃথিবীর সেরা দার্শনিকদের মধ্যে সর্বস্থীকৃতভাবে তিনি একজন। স্থতরাং তার বক্তব্যের স্থবিচার করতে হলে যে দর্শনের ক্ষিপাণরে তিনি সাহিত্যকে যাচাই করেছেন, তার সঙ্গে নির্ভর্যোগ্য পরিচয় থাকা দরকার। চারিত্র, নত্য, ও প্রেরণা বলতে প্লেটো যা ব্ঝেছেন তা যদি আমরা মেনে নিই, তবে সাহিত্য বিষয়ে প্লেটোব অভিযোগ খণ্ডন করা ভর্কঠিন নয়, বোদ হয় অসম্ভব হয়ে পড়ে।

। होन्स् ॥

প্লেটোর মতে আদর্শ সমাঙ্গে প্রতি ব্যক্তির একটি নির্দিষ্ট দায়িত্ব এবং কর্মবিধি থাক। দণকার। তার জীবন এই দায়িত্ব এবং কর্মবিধির ছারা নিরূপিত হবে। থেমন, যে যোদ্ধা, তার জীবন ক্ষাত্র আদর্শের দ্বারা নিয়ন্ত্রিত; আবার গে লাস, ভাব সার্থকভা আদর্শ দাস হিসেবে গড়ে ভঠায়। সমাজে निक्तित निर्मिष्ठे अनिष्ठि त्यान निर्मातम् अपनिष्ठ छित्राणी राम अर्थात नाम চারিত্র। নিজের স্থানাভ্যালী কান্ধ করার নাম তায়, আর সে স্থানের অন্তপ্যোগী কাজ ক্রার নাম এতায়। প্রজা প্রজার মত থাকবে, রাজা রাজার মত। অর্গাৎ ক্তিক ভারে ক্রিজের থেয়াল-মুশিমত জীবন্যাপন করতে চাইবে না। তার জীবন কর্তবার সর্ব্রেখায় চালিত হবে এবং সে রেখা निर्मिष्ठे १८व ममाधमः १७८८नद्र अस्माजन विठाव करव । वाक्किठविष्ठ कान অম্পষ্টতা, জটিলতা, বিরোধ, কি বহুমুখীনতা থাক্রে না - আধুনিক জীবন थ्यांक छेपमा भिल्ल यनि हार्य ना इम्र छत्व वला याम्न, छात्र हतिख हत्व कांत-খানায় তৈরা মন্ত্রের এক-একটি অংশের মত। যে বিশেষ উদ্দেশ্যের জন্তে সে তৈরী, দে উদ্বেখনাধনের প্লে তার চরিত্র কতটা উপ্যোগী শুধু এটুকু বিচার করে ব্যক্তির মূল্য নিমারিত হবে। ব্যক্তির নিজম্ব কোন মূল্য নেই; সমাজয়য়ের অংশ হিসেবেই তার দাম। এ চিন্তার সঙ্গে হিন্দুসমাজের বর্ণভেদ এবং ক্যুনিষ্ট সমাজব্যবস্থার সাম্বৃত্য হয়তো অম্পষ্ট নয়।

চারিত্রের উপরোক্ত ব্যাথা। যাদ আমরা মেনে নিই, তবে সাহিত্যিক যে চরিত্রবান অথবা চারিত্রের প্রতি খুব শ্রদাশীল —এ কথা বলা চলে না। কেন না সাহিত্যিকের কোতৃহল কোন বিশেষ কর্ত্র্য বা কর্মবিধির মধ্যে আবন্ধ নয়। সমাজে কোন াকটি নির্দিষ্ট স্থান অধিকার করে সেই স্থানের উপযোগী হয়ে ওঠাতেই ব্যক্তির পরমার্থ, কোন দং দাহিত্যিক এ তত্ত্ব মেনে নিতে গররাজী। দাহিত্যিকের কারবার দেই মান্ত্রকে নিয়ে যে মান্ত্র প্রতিষ্ঠানের মধ্যে নিঃশেষিত নয়, যে মান্ত্রের মন কোন পূর্বনির্দিষ্ট সরলরেখায় ধরা যায় না, যে মান্ত্র জটিল, বহুমূরী, আত্মবিভক্ত, যে মান্ত্র বহু সহস্র শতাব্দীর বিবর্তনের মধ্য দিয়ে মন্ত্র্যুত্তর বর্তমান পর্যায়ে পৌছেছে। দে মান্ত্রের দেইমনের পরতে পরতে কত যুগের কত কপান্তবের স্থান্ধ প্রচছন্ত্র; দে মান্ত্রের অন্তিত্রে একট সফ্রে মান্তিম অরগোর অন্তর্নার হৃতি, আর ভবিষাং সভ্যতার উজ্জ্ব পূর্বক্রনা মিশে আছে। এই জটিল, জন্ন্ম, অসম্পূর্ণ অর্থান সম্প্রতিজ্বনা মিশে আছে। এই জটিল, জন্ম, অসম্পূর্ণ অর্থান সমগ্র ব্যক্তিমান্ত্রকে সমাজপ্রিকল্পনার ছকে ফেলে ভাকে চরিত্রবলন করায় এক ধরণের দার্শনিক মন হয়ত ভ্রিলাভ করতে পারে, কিন্তু থাটি সাহিল্যিকের চোথে সে চেষ্টা মৃত্র ছাড়া কিছু নয়। এ মৃততা মত্রুণ পর্যন্ত দর্শনের পাতার মধ্যে আরক্র থাকে, তত্ত্বণ তা শুরু কৌতুক্রনার ছিকে হয়ে ওঠে।

সাহিত্যিক মান্তবের সমগ্র অণচ অসম্পূর্ণ কপ্টিলে তার রণনার ফুটিয়ে তুলতে চেষ্টা করেন। আনগ্র থেকেই যাল তার মন কোন এক নিদিপ্ট চারিতের ছকে বাঁধা পড়ে, তবে ভিনি এ চেষ্টা করেনে কি করে? তার সেই উল্লুক্ত উল্লুপ্ত সহান্তভূতিশালত। থাকা দরকার, যার গুণে ভিনি বিচিত্রপ্রকৃতির প্রাপ্রক্ষের সঙ্গে প্রকৃত আত্মীয়তা অর্জন করতে পারেন। একই সঙ্গে ওথেলো এবং ইয়াগোর অন্তর্মন্ধ হতে পারেন বলোলা না শেশ্রপীয়র বহু সালিভ্যিক; বুড়োলীয়র এবং কিশোরী ওফেলিয়া উভ্যোই তার সহান্তভূতিতে সম্যান অংশীদার। গোমেটে যদি ফাউন্টা, মেকিস্টোজেলিস এবং মাগারেটা ভিন্তনের সঙ্গেই একাত্মনা ছতে পারতেন, ভবে কে ভাকে মহাব্যি বলে স্থাকার করত? সাহিত্যিক শাস্ত্রপ্রণ্ডা নন, ভিনি মানবভন্তী।

অতঃপর সত্য সংক্ষে প্লেটোর ধারণার কথা ধরা যাক। প্লেটোর দর্শনে সত্য বিমূর্ত (abstract) কলনা। এ কলনা নিতা, অহুর অবণ। ইন্দ্রিয়গ্রাহ্ জগতে আমরাযা কিছু দেখতে পাই তাদের প্রত্যেকারই নাকি একটি আদি শাখত রূপ আছে। এ রূপ অতীন্দ্রিয়, এর নিবাস পরিবর্তনশীল ভৌতিক জগতের বাইরে। পৃথিবীতে নানা জাতের পশুপাথী, গাছপালা, মামুষ ইত্যাদি চোথে পড়ে। প্লেটোর মতে আসলে এরা সত্য নয়। প্রতি জাতের পশুর (যেমন ঘোড়া কি গক) একটা আদর্শ রূপ আছে। জগতে আমরা যে সেই জাতের নানা পশু দেখি, তারা এই আদর্শের অন্করণ বা ছায়ামাত্র। অন্করণে শুরু যে নানা ক্রটি থাকে তাই নয়, অন্করণ মাত্রই অস্থায়ী। শুরু আদর্শ রূপটিই চিরস্থায়ী এবং ক্রটিহীন। মামুষের ক্ষেত্রেও তেমনি কতকগুলি মূল আদর্শ রূপ আছে। পার্থিব ব্যক্তি-মানুষেরা এইসব রূপের ভঙ্গুর বিকৃত অন্করণ মাত্র। শিল্পী-দাহিত্যিকেরা আবার এই অন্করণের অন্করণ করে তাঁদের শিল্পাহিত্য সৃষ্টি করেন। শিল্পদাহিত্যের স্পৃষ্টি তাই আদি সত্যের শুরু বিকার নয়, বিকারেরও বিকার। সত্যদন্ধিৎস্থ দার্শনিকের কাছে দাহিত্য নিতান্তই মূল্যহীন। অথবা শুরু মূল্যহীন নয়, মারাত্মক প্রমের আকর হিসেবে বিষবৎ পরিত্যক্ষা।

সতা সম্বন্ধে প্রেটোর এই ধারণা কতথানি সতা ? প্রায় ত্ হাজার বছর আগে পাইলেট 'সতা কি ?' প্রশ্ন করেছিলেন। আজ পর্যন্ত সে প্রশ্নের এমন কোন জবাব মেলে নি, যার যাথার্থ্য অন্তত্ত দার্শনিকের কাছে সন্দেহাতীত। কিন্তু এই জবাব না মেলার মধ্যেই কি প্রেটোনিক ভ্রান্তির হদিস মেলে না ? সত্য জ্ঞানের উপাদান, এবং শেষ পর্যন্ত সব জ্ঞানই ইন্দ্রিয়নির্ত্তর। ইন্দ্রিয়লক অভিজ্ঞতার উপরে বৃদ্ধির প্রয়োগ ঘটলে তবেই জ্ঞানের উদ্ভব সম্ভবপর হয়। নিজের এবং পূর্বপুরুষদের অভিজ্ঞতা বিশ্লেষণ করে তবেই না প্লেটো আদর্শ রূপের কল্পনা করেছিলেন। ইন্দ্রিয়গ্রাহ্ম জগতে যদি একটিও ঘোড়া না থাকত, তা হলে কেউ কি আদর্শ ঘোড়া কল্পনা করতে পারত ? যদি বলা হয়, এমন অনেক কল্পনা আছে, যার ইন্দ্রিয়গ্রাহ্ম প্রতিরূপ জগতে দেখা যায় না, তবে সেক্তেও বিশ্লেষণ করলে চোথে পড়বে এ সব কল্পনার উপাদান ইন্দ্রিয়গ্রাহ্ম জগৎ থেকে সংগৃহীত। পাখী এবং ঘোড়া তুই-ই আছে বলে তবেই না আমরা পক্ষীরাঙ্গ ঘোড়ার কথা ভাবতে পেরেছি।

আমাদের জ্ঞান ইন্দ্রিয়নির্ভর বলে দে জ্ঞানে কথনো সম্পূর্ণতা আসতে পারে না। আমরা বহু স্বভন্ত অভিজ্ঞতার তুলনা এবং বিশ্লেষণ করে তবে একটি ধারণায় পৌছই। এবং এ জগৎ বাস্তবিকই অনস্ত হোক বা না হোক, আমাদের মানদিক সামর্থ্যের হিসেবে তার অন্ত অকল্পনীয়। তা যে শুধু ব্যাপ্তিতে বিশাল, তাই নয়; সময়ের দিক থেকে বিচার করলে অতীত

ঘটনার আমরা কতটুকুই বা জানি এবং ভবিশ্বৎ সম্ভাবনার প্রায় কিছুই তো জানি না। তা ছাড়া প্রতি বস্তু, ব্যক্তি বা ঘটনার অগণিত দিক আছে। ফলে অভিজ্ঞতার উপর নির্ভর করে আমরা যে দব ধারণা গড়ে তুলি, তাদের অসম্পূর্ণতা অবশ্রম্ভাবী। অথচ অভিজ্ঞতা ছাড়া অন্ত কোন পথে ধারণা গড়ে ওঠা দস্তব নয়। কেননা যে দব ধারণা আমরা উত্তরাধিকার স্ত্রে লাভ করি, দেগুলিও আদলে আমাদের পূর্ব-পুরুষদের অভিজ্ঞতাকে অবলম্বন করে একদা গড়ে উঠেছিল। তবে জ্ঞান অভিজ্ঞতানির্ভর বলে এ সিদ্ধান্ত করা চলে না. যে ধারণা মাত্রই মায়া বা মিথাা। ব্রহ্মজ্ঞান মাহুষের আমান্তর, কেননা ব্রহ্মজ্ঞান অদন্তব কল্পনা। কিন্তু আপেক্ষিক দত্য মাহুষের আমন্তিসাধ্য। একদিকে ব্যাপ্তি এবং বিস্তৃতির দিক থেকে মাহুষের অভিজ্ঞতা যত সমৃদ্ধি অর্জন করে এবং অন্তদিকে দে অভিজ্ঞতার তুলনাবিশ্লেষণের উপায়পদ্ধতি যত স্ক্ষ্ম এবং নিপুণতর হয়, ততই জগৎ সম্বন্ধে মাহুষের জ্ঞান নিত্য নয়, তা বিকাশধর্মী।

এখন পাহিত্যিক প্লেটোনিক অর্থে সত্যসন্ধ নন। পূর্বকল্লিত কোন আদর্শ মাহ্বের কাহিনী রচনায় তাঁর কল্পনা স্ফৃতি পায় না। স্থুল দেহবিশিষ্ট ব্যক্তি-মাহ্বের মধ্যেই তিনি মানবীয় সত্যের অহুসন্ধান করেন। প্রতি মাহ্বই তাঁর কাছে অহুরস্ত রহস্থের আধার। তিনি ব্যক্তির চেতন, প্রাক্চেতন এবং অপরিক্ষ্টচেতন সমগ্র রপটি বোঝবার চেষ্টা করেন। তাঁর কাছে প্রতি ব্যক্তি এক দিকে অনহা, অহাদিকে সব মাহ্বের প্রতিভূ। অহা সব সত্যসন্ধানীদের মত তাঁর অন্বেষণও অসম্পূর্ণ। সব দেশের সব কালের সব মাহ্বের থবর রাখা কারো পক্ষেই সম্ভব নয়। আর কোন একটি মাহ্বের স্বথানি থবর কে-ই বা কবে জেনেছে। তবু এখানেও জানার কম-বেশি আছে। যে সাহিত্যিক মাহ্বর সম্বন্ধ যত বেশী অহুসন্ধান-তৎপর, তাঁর সাহিত্যস্টি তত বেশী ম্ল্যবান হবার সম্ভাবনা। চদার তাই ওয়র্ড স্ওয়র্থের চাইতে অনেক বড় কবি; টলস্টয়ের পাশে উগোর উপহাস তাই জোলো ঠেকে। এই অর্থে সাহিত্যের সাধনাও সত্যের সাধনা। এ-সত্য প্লেটোনিক দর্শনের অবাস্ভব বন্ধসত্য নয়। এ-সত্য সাধনা। এ-সত্য প্লেটোনিক দর্শনের অবাস্ভব বন্ধসত্য নয়। এ-সত্য অভিজ্ঞতানির্ভর বিবর্তনশীল আপেন্ধিক মানব-সত্য।

পূর্বের সংক্ষিপ্ত আলোচনা থেকে এটকু স্পাই হয়ে থাকবে যে আদর্শ-রাষ্ট্রে সাহিত্যের স্থান বিষয়ে প্লেটোর সিদ্ধান্ত শুরু সাহিত্য-বিশ্লেষণের স্থারা নির্মাণ্ড হয় নি; সে সিদ্ধান্ত মুখাত দার্শনিক প্রতায়েঃ স্থারা নির্দিষ্ট হয়েছে। তাঁর দর্শনে সতা, ভার ব. চারিরের যে বাগখা, তা মেনে নিলে সাহিত্যিককে সত্যসন্ধ, গ্রারনিষ্ঠ কি চরিত্রবান বলা চলে না। প্লেটোর দিদ্ধান্তে যদি আমরা সাম দিতে না পারি, তবে তার কারণ, প্লেটোর দার্শনিক প্রত্যয়গুলি আমাদের কাছে যথার্থ ঠিকে না। উল্টে আমাদের মনে হয়, প্লেটোর এই প্রত্যয়গুল আস্থান্ত এবং এবং এ-জাতীয় প্রত্যন্তের স্থারা পরিসালিত চিন্তা এবং ব্যবহার মান্ত্রের প্রক্রে সমূহ ক্ষতিকর। কোন সং-সাহিত্যিকের মন যে এ জাতীয় প্রত্যায়ে আরাম পার না, সাহিত্য সম্বন্ধে এটা মন্ত বভ ভর্মার কথা; এবং আমাদের ধারণা সাহিত্যিকের। প্লেটোলিক মর্থে চিন্ত্রেন, স্থায়নিষ্ঠ কি সত্যাস্থানন নন বলেট মান্ত্রের কাছে সাহিত্যের দাম বেন্টা।

কথাটা প্রথম নজরে ধুইতাব মত মনে হতে পারে; স্ক্রাং এ বিষয়ে হয়ত আর একট্ট বিশদ হবার প্রয়োজন আছে। জানবার ইচ্ছা যেমন মান্ত্রের একটা মৃল নহরাত হ্বান্ত, মানবার প্রবণতা তেমনি মান্ত্রের একটা সামান্ত লক্ষণ। এ ছয়ের মধ্যে বিরোধ শাস্ট; কিন্তু জীবদেহে স্থিতিস্থাপকতার সামর্থা জনেকথানি বলে মানবপ্রকৃতিতে জন্ত পাঁচটা বিরোধও সব সময়ে আত্মবাতী দংঘাতরূপে দেখা দেৱ না। প্রাগৈতিহামিক মুগে এ-বিরোধ মান্ত্রের চিন্তায় এবং জীবনে কি ভাবে প্রতিক্লিত হয়েছিল আমরা জানি না। যথন থেকে মান্ত্রের ভাবনা উত্তরকালের মান্ত্র্যের বোধা রূপ নিতে শুক্ত করেছে, তথন থেকে আম্বা সভ্যতার ইতিহাসে এই মৌল্ বিরোধের বিচিত্র প্রকাশ দেখতে পাই! সামাবদ্ধ অভিক্রতাসমন্তির মধ্যে সমন্ত্রে ঘটিয়ে কিছু বৃদ্ধিমান কল্পনশিল মান্ত্র্য কতকগুলি সামান্ত ধারণা এবং সিদ্ধান্তে পে ছিয়; ভারপর সেই সব ধারণা-সিদ্ধান্তের উপবে নিত্র করে জীবন-পরিচালনার প্রয়োজনে ভারা সেই আংশিক জ্বানে পূর্ণতা আরোপ করে। তাদের তারা নিত্যসন্ত্র বলে মানে এবং নানা প্রক্রণপদ্ধতির সাহায্যে আপন আপন গোটার বাকী মানুষদের মানায়। মানুষী বৃদ্ধি এবং অভিজ্ঞতাই যে

এদব প্রতায়ের একমাত্র উৎস, এ কণা জানতে পারলে পাছে অক্সায়্যেরা তাদের যাথার্থ্য সম্বন্ধে প্রশ্ন তোলে, তাই তারা সেদব প্রতায়কে কোন অতিপ্রায়ত শক্তির নির্দেশ বলে চালাবার চেষ্টা করে। অভিজ্ঞতালক ধারণার উপরে মেকী ব্রহ্মজ্ঞানের তক্মা চাপিয়ে আরোহী-বৃদ্ধির মনে সন্ত্রাস জাগাবার চেষ্টা সভ্যতার ইতিহাসে অতি প্রাচীন ও পোনঃপুনিক ঘটনা। এই তক্মা যার প্রতীক, তার সম্বন্ধে বেশী প্রশ্ন করলে ধড় থেকে মৃগুটি খনে পড়তে পারে—প্রাচীন ভারতের এক তথাকথিত ব্রহ্মজ্ঞ শ্বি একদিন এ জাতীয় ভয় দেখাতে কৃষ্ঠিত হন নি। মৃশা থেকে মহম্মদ, যাজ্ঞবদ্ধ্য থেকে যীশু, স্রেফ মার্ম্য হিসাবে মান্থবের কাছে এঁরা কেউই নিজেদের বক্তব্য উপস্থিত করেন নি। এঁরা কেউ বা ব্রহ্মজ্ঞানী, কেউ বা ঈশ্বরায়গৃহীত পুরুষ, আবার কেউ বা থোদ ঈশ্বরের সন্তান।

কিন্তু আংশিক জ্ঞানকে আপ্তবাক্য বলে মেনে নেওয়াই যদি মাহুবের একমাত্র বৃত্তি হত তাহলে দর্শন-বিজ্ঞান, সাহিত্য-সমাজ-প্রতিষ্ঠান, এক কথায় মাহুবের সাংস্কৃতিক জীবনের কোন বিকাশ সম্ভব হত না। মাহুব যেমন আংশিক ধারণাকে ব্রহ্মসত্য বলে মেনেছে এবং মানিয়েছে, তেমনি তারই সঙ্গে সে-ধারণার যাথার্থ্য সম্বন্ধে সংশায়ী হয়েছে, দে-ধারণাকে নিত্য-নৃতন অভিজ্ঞতা এবং চিন্তার কষ্টিপাথরে যাচাই করতে চেয়েছে। তার জন্ম তাকে দাম দিতে হয়েছে বিস্তর—বিখাসের বাড়া শাস্তি নেই, আর অবিখাসের বাড়া অশাস্তি নেই—তবু দাম দিতে সে গররাজী হয় নি বলেই মাহুবের জ্ঞান পারমেনিদিস, কুংকুৎসে কি মহুতে এসে স্তব্ধ হয়ে যায় নি। মাহুবের জ্ঞান পারমেনিদিস, কুংকুৎসে কি মহুতে এসে স্তব্ধ হয়ে যায় নি। মাহুবের জ্ঞান পারমেনিদিস, কুংকুৎসে কি মহুতে এসে স্তব্ধ হয়ে যায় নি। মাহুবের জিজ্ঞাহ্ম বৃদ্ধি তাকে শ্রের বার স্থনির্মিত সংস্কারের শৃদ্ধাল থেকে মৃক্ত করেছে। শুধু যে প্রোটাগোরস, চুয়াঙ্ৎস্থ, চার্বাক কি এরাজম্সের মত মৃক্তবৃদ্ধি দার্শনিকেরাই মানসিক জাড্যের বিক্তন্ধে সংগ্রাম করেছেন তা নয়, সংস্কারবদ্ধ সাধারণ মাহুবের মনেও তাদের সহজাত যুক্তিবৃত্তি নতুন নতুন অভিজ্ঞতা এবং প্রয়োজনের তাড়নায় সক্রিয় হয়ে উঠে অভ্যন্ত ভাবনা-ধারণা সম্বন্ধে তাদের সংশ্রমী করে তুলেছে।

বস্তুত সত্যসন্ধিৎসা মানবপ্রকৃতির অস্ততম মূলবৃত্তি, এবং এ-বৃত্তি যে-মাম্বদের সাধনার মধ্যে দব চাইতে সার্থকতা লাভ করে, সাহিত্যিক তাঁদেরই একজন। প্রচলিত সংস্থারের ঐতিহ্যে আর পাঁচটা মাম্ববের মত সাহিত্যিকেরও বয়ংপ্রাপ্তি ঘটে, কিন্তু তাঁর সাহিত্যিক মন তাঁকে এ ঐতিহ্যের গণ্ডীর মধ্যে

আবদ্ধ থাকতে দেয় না। ধারণার চাইতে অভিজ্ঞতা তাঁর কাছে বেশী মূল্যবান, বিমূর্ত আদর্শের চাইতে বাস্তব বিষয়ে তিনি অধিকতর কৌতুহলী। প্রচলিত ধারণা যে কত অসম্পূর্ণ, তার নিত্যতার দাবি যে কত ভিত্তিহীন, জীবন সম্বন্ধে তাঁর তীব্র অমুভূতিশীলতা দে বিষয়ে তাঁকে ক্রমেই সজাগ করে তোলে। দার্শনিকের মত সচেতন ভাবে তিনি হয়ত এসব ধারণার বিচার করতে বদেন না; কিন্তু তাঁর শাণিত জীবনবোধের স্পর্শে এদের মেকী ব্রহ্মত্ব সহজেই থসে পড়ে! বোকাচ্চিও, বাবলে, শেক্সপীয়ের, সর্ভান্তিজ, গোয়েটে, স্তাঁদাল, ইবদেনের মত সত্যসন্ধ পুরুষ ইয়োরোপের ইতিহাদে কজন চোথে পডে। এঁরা আমাদের কোন নিটোল, নিরন্ধ্র ব্রহ্মতত্ত্বের হদিদ দিয়ে যান নি: কিন্তু আমাদের কৌতুহল উদ্দীপ্ত করেছেন, বোধকে স্ক্ষ্মতর করেছেন, চলতি ধারণার ঠুলি থদিয়ে মাহুষের জটিল রহশুময় অস্তিত্বের সঙ্গে আমাদের পরিচয় ঘটিয়েছেন। এ কাজ এঁরা পেরেছেন, তার কারণ, প্লেটোনিক আদর্শরূপের ধ্যান এঁদের দৃষ্টিকে আচ্ছন্ন করে নি। পার্থিবকে অপার্থিব, পরিবর্তনশীলকে নিত্য, জটিলকে সরল, বহুকে এক, উন্মুক্তকে গণ্ডীবদ্ধ কল্পনা করে নিজেদের ব্রহ্মজ্ঞ বলে জাহির করতে এঁদের বেধেছে। এঁদের জ্ঞান অসম্পূর্ণ, আপেক্ষিক, কিন্তু কোন ক্ষেত্রেই সত্যবিমুখ নয়। মাহুষের আত্মজিজ্ঞাসার ইতিহাসে তাই শঙ্করাচার্য কি টমাদ আক্যীনাদের চাইতে শেক্সপীয়র ও টমাদ মানের দাম অনেক বেশী।

। ভিন ।

যেমন জ্ঞানের ক্ষেত্রে তেমনি স্থায় এবং চারিত্রের ক্ষেত্রেও সাহিত্যিকের দৃষ্টিভঙ্গী সমানভাবেই সত্যসন্ধ, সংস্কারম্ক এবং ফলপ্রস্থ। সাহিত্যিকদের কাছে সমাজ বা শাস্ত্র-নির্দেশের চাইতে ব্যক্তি-মান্থ্য বেশী মূল্যবান। এখানে প্রেটোনিক প্রত্যয়ের দক্ষে সাহিত্যিক মনোভাবের বিরোধ অতি স্কুম্পষ্ট। সব মান্থ্যই একদিকে যেমন মান্থ্য, অক্সদিকে তেমনি প্রতি মান্থ্যই অপর মান্থ্য থেকে স্বতন্ত্র। তার প্রাতিশ্বিক সমগ্রতায় সে অনন্ত; সেথানে সে সকল সমীকরণের উধ্বে। কিন্তু মান্থ্য সমাজে বাদ করে, আর ব্যক্তির রফাহীন অনন্ততার উপরে ভিত্তি করে সমাজ গড়া শুধু কঠিন নয়, বোধ হয় একেবারেই অসন্তব। পাঁচজন শুধু একত্র হলেই সমাজ হয় না; পাঁচজনের আচার-ব্যবহার, ভাবনা-চিন্তা একই বিধিব্যবন্থা, একই নীতিনির্দেশের দ্বারা নিয়ন্ত্রিত

হলে তবেই সমাজ সম্ভব। অর্থাৎ ব্যক্তি তার অন্যতার দাবিকে কিছু পরিমাণে থর্ব না-করা পর্যন্ত সমাজ-প্রতিষ্ঠান গড়ে উঠতে পারে না। তবু একথা দব সময়েই স্মরণে রাখা দরকার যে সেই সমাজই আদর্শ সমাজ, যেখানে সামাজিকতার প্রয়োজনে ব্যক্তিত্বের সকোচন দব, চাইতে কম, যেখানে সহযোগিতার ফলে প্রতিটি স্ত্রী-পুরুষের স্বকীয় ব্যক্তিত্ব বির্ধ্যান।

মৃশ্বিল হল, मভ্যতার ইতিহাদে এতাবৎ অধিকাংশ সমাজেই ব্যক্তির অন্যতাকে যতদূর সম্ভব থর্ব করে দামাজিক দামান্যতাকে প্রাধান্য দেওয়ার চেষ্টা চোথে পড়ে। এতে অবাক হবার কিছু নেই, কেননা সংখ্যার গুরুত্বে সমাজ ব্যক্তির চাইতে প্রবল। ফলে ক্রমে এমন অবস্থার উদ্ভব হয়, যেথানে সমাজ ব্যক্তির আত্মবিকাশের মাধ্যম না হয়ে তার আত্মবিলোপের যন্ত্র হয়ে ওঠে। ব্যক্তি তার নিজের স্বভাবকে অস্বীকার করে সমাজনির্দিষ্ট ছাঁচে নিজেকে ঢালাই করার মধ্যে প্রমার্থ থোঁজে। তার আচার-ব্যবহার, ভাবনা-চিন্তা, প্রত্যয়-প্রচেষ্টা, এমন কি আবেগ-অহভৃতি পর্যন্ত দামাজিক বিধি-নিষেধের দ্বারা নিরূপিত হতে থাকে। সে তথন আর ব্যক্তি নয়, দে তথন সমষ্টির অংশমাত্র। তার মধ্যে যেটুকু অনম্যতাবোধ এ অবস্থাতেও টিকে থাকে, তা নিয়ে তার মহালজ্জা। গড্ডলবৃত্তিই তথন তার বিবেকের মুখ্য অবলম্বন, সামাজিক বিধির অহুবর্তন তথন তার জীবনের মূল নীতি। এ অবস্থায় কি ব্যক্তি, কি সমাজ—ছুই-এর মধ্যেই যে বিকাশের সম্ভাবনা ক্রত ক্ষীণ হয়ে আসবে—এ আর বিচিত্র কি ৷ মধ্যযুগের ইয়োরোপীয় সমাজে মমুয়াত্বের বিকাশ একদিন এই ভাবেই ক্ষীণ হয়ে এসেছিল। দুরদেশের কথা দূরে থাক, এ দেশের হিন্দু এবং মৃসলমান সমাজেও কি দীর্ঘদিন ধরে আমবা এই মৃঢ়তার আত্মঘাতী প্রভাব দেখে আসছি না ?

এ মৃত্তা থেকে সাহিত্য বার বার মান্থকে উদ্ধার করে এসেছে। কেননা যদিচ ভাষা ছাড়া সাহিত্য সম্ভব নয় এবং ভাষা সমাজেরই স্বষ্টি, তব্ ব্যক্তিমান্থবের অনক্ততাকে অবলম্বন করেই চিরদিন সাহিত্যকল্পনা ক্ষুর্তি লাভ করে। সমাজের প্রভাবে আমরা বারবার প্রতি মান্থবের অনক্ত সমগ্র রূপটিকে ভুলতে বসি, এবং সাহিত্যিক বার বার সেই রূপটি সম্বন্ধে আমাদের বোধকে জাগ্রত করেন। মান্থব যে শুধু সামাজিক জীব নয়, কোন পূর্বকল্পিত আদর্শের ছাচে যে তার স্বথানি অন্তিত্বকে ধরানো যায় না, সে যে অনক্ত, তার মধ্যে যে অগ্রণিত সন্তাবনা বিকাশের জন্তে অপেক্ষমাণ—এ চেতনা স্ব সং-সাহিত্যের

কেন্দ্রে সক্রিয়। ব্যক্তির অনগ্যতার স্বাদ না দিতে পারা পর্যস্ত ভাষা সাহিত্যের ব্যঞ্জনা অর্জন করে না।

লিরিক কবিতা, গাথাকাহিনী, মহাকাব্য, নাটক, উপক্যাস, ছোটগল্প, এমন কি সাহিত্যপদবাচ্য প্রবন্ধের মধ্যেও অনহ্য ব্যক্তি-মানসের স্বাক্ষর স্থাপষ্ট। সামাজিক লঘুকরণের অন্তরালে ব্যক্তির যে জটিল, রহস্থময়, অমেয় অন্তিম্ব বর্তমান, সাহিত্যিকের মানবভাবোধ এবং দত্যসন্ধিৎসা তাকে বুঝতে এবং ভাষার মধ্যে ফুটিয়ে তুলতে চায়। ইলিয়ড-অডি,দি কিংবা রামায়ণ-মহাভারতের মাহ্র-মাহ্রী, দেব-দেবী, রাক্ষ্স-বানর, মায়াবিনী-কুহকিনীরা সমাজকল্পিত টাইপ নয়। তা যদি হত, ওসব বই পণ্ডিতদের গবেষণার বিষয় হয়েই থাকত, সাধারণ মাহ্রুষদের মনে যুগ যুগ ধরে সাড়া তুলত না। মহাকাব্যের এইসব চরিত্র বিচিত্র ব্যক্তি-মাহুষের স্বাদে সরস বলেই তারা আজও আমাদের মনে সংবেদনার সঞ্চার করে। তারা প্রত্যেকেই জটিল, অনন্ত, রহস্তময়— কোনো ওচিত্যের ছাঁদে তাদের গড়া হয় নি। দান্তের মহাকাব্য এক ভক্ত ক্যার্থলিকেরা ছাড়া কেই-বা পড়ত, যদি না তাঁর নরকের স্তরে স্তরে অসংখ্য ব্যক্তি-মানুষের বিচিত্র মুখ উকি মারত। আর কি রহশুময়, কি ইঙ্গিতপূর্ণ দে স্ব মুখ ৷ এক লেওনার্দোর স্কেচ এবং কখনো-বা ডুয়েরার-এর ছ্রইং-এর মধ্যে ছাড়া কোথায় তার তুলনা আছে ? ওই একই গুণে সমৃদ্ধ না হলে 'ক্যাণ্টরবেরী টেল্স' কি অমর সাহিত্যের কোঠায় পড়ত ? লিরিক-কবিদের রচনায় অবশ্র বহু চরিত্রের স্থাদ থাকে না; তাঁরা মুখ্যত নিজেদের কথাই লিথে থাকেন। কিন্তু দেখানেও তাঁরা যা ফুটিয়ে তোলেন, তা কোন শাস্ত্রনির্দেশের ছাঁচে-ঢালা ব্যক্তিচরিত্র নয়। তাঁদের নিজেদের মধ্যে যে জটিল বহুমুখীনতা আছে, নানাভাবে তারই নানা দিক নির্মোহ সততায় ফুটিয়ে তুলতে পারলে তবেই তাঁরা যথার্থ লিরিক-কবি। কাটুল্লুস কি লিপো, ডান কি হাইনে, বোদলেয়ার কি বঁটাবোর কবিতায় ওই ওই কবির অনন্য ব্যক্তিত্বের বিচিত্র দিক প্রকাশিত, উদ্ঘাটিত হয়েছে বলেই না তাঁরা দেশকালের ব্যবধান পেরিয়ে সব দেশের রসিকদের আত্মীয়তা অর্জন করেছেন।

ব্যক্তি বিষয়ে এই অনহাচিত্ত কোতৃহল নাট্ক, ভূপিকাস, ছোটগল্পের কেত্রে আরও পাই—এখানে তার প্রকাশ আর্থ্যবিচিত্র। ইউনিস্ট্রেস, শেক্সপীয়র, ইবসেন্ কি ও'নীল-এর চরিত্রেরা সাম্প্রিক টাইপ নয়, তারা প্রভেত্তিকই অনহা ব্যক্তি। তথু তাই নয়; হ্যায় বা প্রভিত্যের সংস্কারার্জিত গলকাত্রি দিয়ে তাদের

মার্পতে গেলেঁ ছিক্-শেষের হদিন মেলে না। সামাজিক রীতিনীতি, আচার-ব্যবহারে অভ্যস্ত আমাদের মন বার বার এ কথা ভূলে যায় যে ব্যক্তি মাত্রই মূল্যবান এবং অদ্বিতীয়, প্রতি মাহুষের মধ্যে এমন দব গৃঢ় দম্ভাবনা বর্তমান যা অনির্দেশ্র, যাকে কোনো হিসেবের ছকে ফেলা যায় না। ভগু ভুলি না, ব্যবহারিক জীবনে এই অনন্যতার আভাদ পেলে আমরা শঙ্কিত হয়ে উঠি; হয় তাকে এড়াতে চাই, নয় তার শান্তিবিধান করি। অথচ ওই গৃঢ় নির্দেশ্রতা আছে বলেই মাহুষের ইতিহাদ অক্ত দব জীবজন্তুর ইতিহাদের তুলনায় এত সমূদ্ধ, এত বিচিত্র। সমাজ শুধু মাহুষে মাহুষে ব্যবহারিক সম্বন্ধ স্থাপন করতে পারে। দাহিত্য তার ব্যক্তিকেন্দ্রিক মানবতাবোধের দামর্থ্যে মামুধকে মামুধের অন্তরক করে তোলে। সাহিত্য পাঠের ফলে মাহুষ সম্বন্ধে আমাদের বোধ স্ক্ষতের হয়; এদিকে আমাদের নিজেদের মন যেমন সরস, সজাগ এবং সমৃত্ব হয়ে ওঠে, অন্তদিকে তেমনি অপরের দঙ্গে আমাদের আত্মীয়তা দহজতর হ্য়। টলন্টয় কি ডন্টয়েভ্স্কির উপন্তাদ, ক্যাথবিন ম্যানস্ফিল্ড কি ববীক্সনাথের গল্প পড়ার পর মাহুষকে আমরা নতুন করে বুঝতে শিথি। ব্যক্তি যে কোন উদ্দেশ্যসাধনের উপায়মাত্র নয় (তা সে উদ্দেশ্য যত মহৎই হোক না কেন), দে-যে স্বয়ংসিদ্ধ এবং দে কারণে মূল্যবান—সব মহৎ সাহিত্যস্প্রির কেন্দ্রে এই মানবতন্ত্রী প্রত্যেয় দক্রিয়। মামুষের যেটি পরিবেশনিরূপিত বাইরের রূপ, যার চরম উৎকর্ষের নামচারিত্র —সমাজ আমাদের শুধু তারই হদিস দিতে পারে। কিন্তু যাকে আমরা ব্যক্তিত্ব বলি—ব্যক্তির চৈতন, অচেতন, অবচেতন, জানা-অজানা, পরিবর্তনশীল অস্তিত্বের বিচিত্র দেই যে প্রাতিম্বিক সমগ্রতা—দে বিষয়ে জানতে হলে সাহিত্যিকের দারস্থ হওয়া ছাড়া আমাদের উপায় নেই। স্বার এই জানাই হল যথার্থ নীতিবোধের মূল উৎস। যে গ্রায় মাহ্রকে শুধু থপ্তিত খর্বিত করতেই জানে, যে বিবেক শুধু নিগ্রহেই পরিতৃপ্তি পায়, যে নীতিতত্ত্ব মান্থবের বাহ্যিক ব্যবহারিক রূপের আড়ালে তার জটিল পরিবর্তনশীল সমগ্র অন্তিত্বের স্বীকারে পরাত্ম্থ, তা শুধু অহুপযোগী নয়, মহুয়ত্বের বিকাশে তা মস্তবড় বাধা। এ বাধা অপদারণে সাহিত্যের দান অবিশ্বরণীয়। সাহিত্যিকের কাছ থেকে আমরা আপনাকে এবং অপরকে ব্যক্তিহিসেবে মূল্য দিতে শিথি, শিথি যে ব্যক্তির বিকাশই দব নৈতিক মূল্যায়নের উৎস এবং মানদণ্ড, শিথি যে ব্যক্তি তার কর্মের চাইতে বড়, জ্মার তাই শুধু বাইরের ব্যবহার দিয়ে কোন মান্থবের বিচার করা মৃঢ়তা মাত্র। সাহিত্যিক অবশ্য কোন নীতিকথার মাধ্যমে

এ শিক্ষা দেন না; সাহিত্যপাঠজাত কৌত্হল এবং সংবেদনা পাঠককে নিগ্ঢ়ভাবে এই শিক্ষায় শিক্ষিত করে তোলে। যেমন জ্ঞানের দিক থেকে, মহয়ত্ব বিকাশের দিক থেকেও তেমনি সাহিত্যিকদের দান তাই শাস্ত্রকারদের চাইতে বেশী মূল্যবান।

। ठाउ ।

এতাবৎ কাব্য তথা সাহিত্য বিষয়ে প্লেটোর তৃতীয় দফা অভিযোগের আমরা আলোচনা করি নি। কাব্যের উৎস প্রেরণা, এবং প্লেটোর মতে কোন ব্যক্তির মনে যতক্ষণ পর্যন্ত এতটুকু যুক্তিক্ষমতা সক্রিয় থাকে, ততক্ষণ তার পক্ষে অমুপ্রেরিত হওয়া অসম্ভব। সত্য এবং ক্যায়নিষ্ঠার মত প্রেরণা কথাটিরও প্লেটোনিক দর্শনে একটি বিশেষ অর্থ আছে। এ অর্থ তাঁর স্বকপোলক ল্লিভ নয়, তৎকাল-প্রচলিত হেলেনীয়-সংস্কার থেকে পাওয়া। গ্রাকভাষায় প্রেরণার যেটি প্রতিশব্দ enthousiasmos (মূল en+theos), যা থেকে ইংরেজী এনথুজিয়াজম্-এর উদ্ভব—তার সোজা মানে হল দেবতায় পাওয়া। আমরা যেমন বলি 'অমুকের ভর হয়েছে', গ্রীকরাও তেমনি বিশাস করত বিশেষ বিশেষ অবস্থায় বিশেষ মামুষদের উপরে দেবতার ভর হয়। তথন তারা আর নিজেদের বশে থাকে না; যুক্তিবহিভূতি অলোকিক শক্তিদের হাতের যন্তে পর্যবসিত হয়। তাদের বৃদ্ধিবিবেক তথন একেবারে মোহগ্রস্ত, সত্যমিণাা-ভালমন্দ বিভেদ করার শক্তি তথন সাময়িকভাবে লুপ্ত, তথন তারা কি যে বলছে, কি যে করছে, তা তারা নিজেরাই জানে না। আজকের দিনের অশিক্ষিত এবং অর্ধশিক্ষিত নরনারীর মত সেদিনের গ্রীক জনসাধারণও এ-জাতীয় প্রেরণাকে দৈবামুগ্রহ মনে করে এইসব দেবতায়-পাওয়া মানুষদের কাছে আপ্তবাণীর থোঁজ করত। দে বাণীর কোন মাথামুণ্ডু থাক বা না থাক, তবু তা স্বতঃসিদ্ধ, কেননা তার উৎস ভ্রান্তিশীল মাহুষ নয়, তার উৎস স্বয়ং দেব-গোষ্ঠা।

প্লেটোর মতে পূর্বোক্ত অর্থে কবিরা অন্থপ্রেরিত দ্বীব। প্লেটোর পূর্বে কবি পিণ্ডারও কাব্যপ্রেরণা সম্বন্ধে এ ধরনের উক্তি করেছিলেন। প্লেটো আরও বিশদভাবে এ তত্ত্ব তার নানা রচনায় গুরু সক্রেটিসের জবানীতে ব্যাখ্যা করেছেন। 'আয়ন' গ্রন্থে তিনি বলেছেন, মহৎ কাব্যের রচয়িতারা কোন যুক্তিসমত বিধি-নিয়মের বা আর্টের চর্চা ক'রে তাঁদের কল্পনায় মহত্ব অর্জন করেন না, তাঁদের সে মহত্ব দৈবস্ত্ত্রে পাওয়া; কাব্যরচনার সময় তাঁরা অলোকিক শক্তিদের মাধ্যম হিসেবে কাজ করেন। পরে তিনি আরও বলেছেন যে বুদ্ধিবৃত্তির সম্পূর্ণ লোপ না ঘটলে, দেবমন্দিরের নর্ভকীদের মত বাছজ্ঞান সম্পূর্ণ না হারাতে পারলে, এক কথায় একেবারে উন্মাদের দশায় না পোঁছতে পারলে যথার্থ কবি হওয়া অসম্ভব। শুধু তাই নয়, কাব্যপ্রেরণার প্রভাব চুম্বকের মত; তিনিই সার্থক কবি যাঁর কাব্য স্থানকালনির্বিশেষে আর্ত্তিকারের পর আর্ত্তিকারকে, ভোতার পর ভোতাকে, মূল প্রেরণার চৌষক প্রভাবে আত্মবোধহীন উন্মাদে পর্যবিদত করতে পারে। স্বত্রাং কাব্য থেকে আমরা যা পেতে পারি তা জ্ঞান নয়, তা উন্মাদনা। কেননা, জ্ঞান যুক্তিনির্ভর, অপরপক্ষে যুক্তির লেশমাত্র বজায় থাকা পর্যন্ত না সম্ভব কাব্যস্তি, না কাব্যসন্তোগ।

এই যদি কাব্যপ্রেরণার চরিত্র হয় তবে নিয়মনিয়ন্ত্রিত স্থায়রাষ্ট্রে কবিদের কি করে স্থান হতে পারে? কবিরা কী দার্শনিক, কী ব্যবহারিক, কোন জ্ঞান দিতেই অক্ষম; তাঁরা ঔচিত্যের নির্দেশ মানতে অনিচ্ছক; আর সবচেয়ে সাংঘাতিক কথা, যে-ক্ষমতার জোরে তাঁরা কবি, সে ক্ষমতা অনতিক্রমণীয় ভাবে যুক্তিবিরোধী এবং দে কারণে তার নিয়ন্ত্রণ একেবারেই অসম্ভব। স্থতরাং আদর্শ রাষ্ট্র থেকে কবিদের নির্বাসিত করা ছাড়া গত্যস্তর রইল না। প্লেটোর প্রথম যুগের রচনায় কাব্যপ্রেরণা সম্বন্ধে তাঁর বক্তব্যের মধ্যে আপাতদৃষ্টিতে কিছুটা বিরোধ চোথে পড়ে। কবিরা জ্ঞানমার্গের সাধক নন; তাঁদের ভাবনা ব্যবহার স্থায়নিষ্ঠার দ্বারা সংস্কৃত নয় ; তবু অহপ্রেরিত অবস্থায় তাঁরা দৈবশক্তির অধিকারী ৷ প্রেরণার বলে তাঁরা অলোকিক জগতের অপরোক্ষামভূতি লাভ করেন। এ কারণে প্রেরণাকে যুক্তিবিরোধী এবং অনিয়ন্ত্রণীয় বলা সত্তেও প্লেটো গোড়ার দিকে ব্যতিক্রম হিসেবে তার যে একটা বিশেষ মূল্য আছে তা ষীকার করেছেন। কিন্তু পরবর্তীকালে কাব্যপ্রেরণার এই বিশেষ মূল্যকে তিনি তাঁর দর্শনচিস্তায় তেমন আমল দেন নি। ব্রহ্মসত্যের অপরোক্ষাহভূতি তথনও তাঁর কাছে মূল্যবান ছিল; কিন্তু সে তুর্লভ অভিজ্ঞতা অর্জনের পথ তথন আর প্রেরণা নয়, ক্ষুরধার ভায়ালেক্টিকের স্থকঠিন সংযমেই ভার প্রস্তুতি। বস্তুত আথেনীয় গণতন্ত্রের অভিজ্ঞতা ক্রমেই প্লেটোর মনে এ প্রত্যয় দৃঢ়মূল করেছিল যে প্রতিটি জীপুরুষের চিস্তা, ব্যবহার, এক কথায় চরিত্র,

যতক্ষণ না কর্তব্যবোধের দারা নিয়ন্ত্রিত হচ্ছে, ততক্ষণ মানব সমাজের ভবিশ্বৎ অন্ধকার। স্থতরাং যা কিছু এই নিয়ন্ত্রণের প্রতিবন্ধক, তার সমূল উৎপাটন ব্দবশুকর্তব্য। প্রেটোর পরিণত কালের চিন্তাধারায় তাই এ যুগের সার্বিক (totalitarian) সমাজাদর্শ এবং শাসনপদ্ধতির পূর্বাভাস চোথে পড়ে। প্লেটোর আদর্শ রাষ্ট্রে প্রতি ব্যক্তির চরিত্র ও আচার-ব্যবহার পূর্ব পরিকল্পিত এবং নীতিনির্দেশের দ্বারা নিয়ন্ত্রিত। কিন্তু যাঁরা প্রেরণার দাস, আদর্শ রাষ্ট্রের দার্শনিক শাসনকর্তারা তাঁদের চরিত্র এবং ব্যবহার চি করে নির্দিষ্ট করবেন ? 'বিপব লিক'এর গোড়ার দিকে সক্রেটিসের মুথ দিয়ে প্লেটো অবভা বলেছেন যে কবিরা রাষ্ট্রপরিচালকদের নির্দেশ অমুযায়ী শুধু নীতিসঙ্গত কথা লিখবেন এ প্রতিশ্রুতি দিলে রাষ্ট্র তাঁদের পোষণ এবং সমর্থন করবে। কিন্তু কবিরা এ প্রতিশ্রুতি দিলেও তা পালন করার সামর্থ্য তো তাঁদের নেই। কেননা প্রেরণার বশে তাঁরা যে কী লিখবেন কী বলবেন তা তো আগে থেকে তাঁরা নিজেরাও জানেন না। ফলে 'রিপব লিকে'র শেষ অধ্যায়ে প্লেটো রায় দিলেন य व्यानर्भवारहेव कोशकी त्यत्क कवितनव त्यानाता हाणा छेशांव तारे। "কেননা, প্রিয় গ্লোকন, যদিও জনসাধারণ সে কথা পুরো বোঝে না, তবু মাকুষের সৎ হওয়া কি অসৎ হওয়ার উপরে অনেক কিছুই নির্ভর করছে এবং সে কারণে কি খ্যাতি, কি বিত্ত, কি পদমর্ঘাদা, কি কাব্য কোন কিছুব সম্মোহনেই তায় এবং অতাত নৈতিক আদর্শকে কিছুতে অবহেলা করা চলবে না।" অতএব দার্শনিকের রাষ্ট্র থেকে কাব্যলন্দ্মীকে, যত বিষয়চিত্তেই হোক, শেষ পর্যন্ত বিদায় দিতে হল।

। औष्ट ।

কিম্বদন্তী অনুসারে প্লেটো প্রথম যৌবনে কবি ছিলেন। গুরু সক্রেটিসের সঙ্গে সাক্ষাতের পর সে-সব কবিতা নাকি তিনি পুড়িয়ে ফেলেন। গ্রীক কাব্যসন্ধলনে তাঁর লেখা বলে প্রচলিত কিছু কিছু টুকরো কবিতাও পাওয়া যায়। এ কিম্বদন্তী সত্য কি না, এসব কবিতা যথার্থ ই প্লেটোর রচনা কি না, তা নিয়ে পণ্ডিতদের মধ্যে মতভেদ আছে। এ বিষয়ে শেষ সিদ্ধান্ত যা-ই হোক না কেন, তাঁর নানা দার্শনিক রচনা থেকে এ বিষয়ে নি:সন্দেহ হওয়া যায় যে এই ঘোর কাব্যবিরোধী দার্শনিক প্রকৃতির দিক থেকে অনেকথানিই কবিদের

সমধর্মী ছিলেন। ফলে কাব্যপ্রেরণা বিষয়ে তাঁর বিবরণে প্রত্যক্ষ অভিজ্ঞতার স্পর্ম পাওয়া যায়। দেবতায়-পাওয়া ইত্যাদি আদিম ধারণা-কল্পনা বাদ দিলে এ কথা বাধ হয় সব সাহিত্যিক এবং সাহিত্যরসিক স্বীকার করবেন যে সাহিত্যস্প্রীর মূলে এমন এক শক্তি সক্রিয়, যার উপরে কোন ছকুম থাটে না। এই শক্তিরই নামকরণ করা হয়েছে প্রেরণা। আধুনিক কালে মনোবিজ্ঞান, সমাজবিজ্ঞানের সাহায্য নিয়ে সর্বগ্রাসী রাষ্ট্ররা এ শক্তিকে পর্যন্ত নিজেদের তাঁবেদার করার চেষ্টা করেছে। ফলে যদিও সে সব দেশে বছরে বছরে কেতাব ছাপা হয়েছে বিস্তর, কিন্তু সাহিত্য-প্রেরণা এসেছে ভকিয়ে। যাঁরা জাত-সাহিত্যিক, তাঁরা হয় দেশ ছেড়েছেন (যেমন টমাস্ মান কি ইভান্ ব্নিন), নয় আত্মহত্যা করেছেন (যেমন মায়াকোভন্ধী), নয় কারাগারে, দাসশিবিরে কি গ্যাসচেম্বারে প্রাণ দিয়েছেন। তবু অসীম ক্ষমতা সত্বেও কোন রাষ্ট্রশক্তি আজ পর্যন্ত শিল্পী-সাহিত্যিকের প্রেরণাকে পুরোপুরি আপন মুঠোয় আনতে সমর্থ হয় নি। এসব অভিজ্ঞতা প্রেরণা বিষয়ে প্রেটোর বিশ্লেষণকে স্পন্তই সমর্থন করে।

প্রেরণার উৎস যে কি তা আমরা আজও জানি না; তবে এটুকু আমরা জানি যে তা শুরু সমাজ এবং রাষ্ট্রের আয়ত্তের বাইরে নয়, শিল্পী-সাহিত্যিকের নিজেরও তার উপরে বিশেষ কোন হাত নেই। এই হাত-না-থাকা ছ অর্থে সত্য। অত্যন্ত সংযমী লেখকও যখন ভিতরকার তাগিদে লিখতে বসেন, তখন সে লেখা শেষ পর্যন্ত কি রূপ নিয়ে গড়ে উঠবে আগে থেকে সেটি তার পক্ষে নিশ্চিত করে জানা অসম্ভব। দ্বিতীয়ত, স্প্তিপ্রেরণা যতক্ষণ সক্রিয় ততক্ষণ তার দাবি অস্থীকার করার সামর্থ্য সে প্রেরণার অধিকারীর নেই। এ দিক থেকে শিল্পী-সাহিত্যিক প্রেরণার অধিকারী হয়েও প্রেরণার দাস। লেখকের মনে যখন লেখার প্রেরণা আসে, তখন তাকে লিখতেই হবে, কাগজ-কলম না পেলে অস্তত মনে মনে, অস্তত মুথের ভাষায় তার সে প্রেরণাকে প্রকাশ করতে হবে। অস্তা শ্রোতা কি পাঠক না থাক, সে রূপ নিজের কানে শুনতে হবে, নিজের চোথে দেখতে হবে। এ না হওয়া পর্যস্ত তার শাস্তি নেই, অস্তা কাজে মন নেই, অস্তা চিস্তার অবসর নেই।

কিন্তু প্রেরণাই তো সাহিত্যের একমাত্র স্থত্ত নয়। সার্থক সাহিত্যস্প্টির জন্ম স্থকঠিন সংযমেরও একাস্ত প্রয়োজন আছে। প্লেটো এ দিকটি একেবারে অবহেলা করেছেন। শিল্পকর্মের (Ars) অমুশীলন যে সাহিত্যিকের পক্ষে প্রেরণার (ingenium) চাইতে কম আবিশ্রিক নয়, পরবর্তীকালে

বৈজ্ঞীয় এবং বোমান আল্ফারিকেরা এ সত্য বিশদ বিচার-বিশ্লেষণের দ্বারা প্রমাণিত করেন। থপ্রবণার উপরে সাহিত্যিকের হাত নেই, কিন্তু আত্ম-প্রস্তুতির উপরে অক্ত মাহুষদের মত জাঁরও পুরোপুরি হাত আছে। আত্ম-প্রস্তুতি সচেতনপ্রয়াসসাপেক। তার নানা দিক আছে—সাহিত্যের ক্ষেত্রে তার হুটি দিক বিশেষভাবে উল্লেখযোগ্য। সব শিল্পই মাধ্যমনির্ভর, এবং মাধ্যমকে বশে না আনতে পারা পর্যন্ত দে মাধ্যমে শিল্পস্থ অসম্ভব। বশে আনার অর্থ দে মাধ্যমের বিচিত্র সম্ভাবনা বিথয়ে সচেতন হওয়া এবং দে সব সম্ভাবনাকে প্রকাশের উপায়রূপে ব্যবহার করার সামর্থ্য অর্জন করা। সাহিত্যের মাধ্যম ভাষা। ভাষা তো সকলেই ব্যবহার করে, কিন্তু ভাষার মধ্যে কতথানি প্রকাশের শক্তি নিহিত আছে তার খোঁজ ভুধু সাহিত্যশিল্পী রাখেন। সে খোঁজ পাবার জন্ম তাঁকে গভীর অধ্যবসায়ের সঙ্গে প্রচুর পরিশ্রম করিতে হয়। ও ধ্বনিতে ধ্বনিতে ছন্দোব্যঞ্জনার কত যে পার্থক্য, শব্দচয়ন এবং বাক্যগঠনের বিচিত্র কৌশলে অল্পকথার মধ্যে কত বেশী অর্থ যে ধরানো যায়, ঠিক কোন শব্দটি কি ভাবে প্রয়োগ করলে একটি উদ্দিষ্ট ভাব বা অভিজ্ঞতা তার যথার্থ প্রকাশ লাভ করে, এ সব বিষয়ে সুক্ষজ্ঞান এবং সে জ্ঞান প্রয়োগে নিপুণতা বড় সহজে অর্জন করা যায় না। সাহিত্যিকের আত্মপ্রস্তুতির জন্য তাই মাধ্যমচর্চা একাস্ত প্রয়োজন; স্থতরাং মননশীলতা সাহিত্যসাধনার অপরিহার্য অঙ্গ।

ষিতীয়ত, সাহিত্যসৃষ্টির জন্ম লেথকের অভিজ্ঞতাসমৃদ্ধি থাকা দরকার। অভিজ্ঞতা ছাড়া কল্পনার বিস্তার এবং বৈচিত্র্য সম্ভবপর নয়। অভিজ্ঞতা প্রতাক্ষ এবং পরোক্ষ উভয় স্ত্রেই অর্জিত হতে পারে। কিন্তু যে স্ত্রেই লক্ষ হোক, সে অভিজ্ঞতাকে সাহিত্যের বিষয়বস্তু করতে হ'লে তাকে মননের দ্বারা জারিত করে নিতে হয়। শুধু অভিজ্ঞতা থাকলেই সাহিত্যিক হওয়া যায় না; সাহিত্যের উপাদান হল তাৎপর্যের দ্বারা অন্বিত অভিজ্ঞতা। এ কাজও সাধনাসাপেক্ষ। একদিকে মাধ্যমের সাধনা এবং অন্তদিকে অভিজ্ঞতার সাধনা, এ হয়ের সমাবেশ ঘটলে তবে সাহিত্যপ্রেরণা সাহিত্যন্তপে ফলপ্রস্থ হতে পারে। এতথানি মননশীলতার সংযম যাঁরা স্বেচ্ছায় স্বীকার ক'রে থাকেন, তাঁদের অসংযমী কি অন্থিরবৃদ্ধি বলে অভিযুক্ত করা নিশ্চয়ই যুক্তিসঙ্গত নয়।

২।। ৩।। প্রবন্ধের শেবে টীকা।

প্লেটোর যুক্তিতে এ ছাড়া আরও একটি মারাত্মক ভুল বর্তমান। যোক্তিকতা এবং মৃক্তিস্পৃহার মধ্যে প্রবণতার দিক থেকে বিরোধ আপাতদৃষ্টিতে অনতিক্রমণীয় মনে হলেও, প্রকৃতপক্ষে এ ছয়ের মধ্যে গৃঢ় সহযোগিতার ফলেই মাত্মবের বিকাশ সম্ভবপর হয়। ও একথা ঠিক ষে মুক্তিস্পৃহার প্রবণতা সমস্ত নিয়মশৃঙ্খলা ভেঙে ফেলার দিকে; অপরপক্ষে যুক্তি শুধু যে নিয়মাহুগ তাই নয়, যা, আপাতদৃষ্টিতে শৃঙ্খলাহীন তার মধ্যে নিয়মের দন্ধান করাই তার কাজ। তবু মৃক্তি যদি ভধু নঞর্থক না হয়, তবে জ্ঞানের সহযোগ ছাড়া তার উদ্দেশ্য সাধিত হতে পারে না। এবং সংসারে নিয়মের রাজত্ব আবিষ্কার করা নিরর্থক যদি না দে জ্ঞানের সাহায্যে মাতুষ পরিবেশের নিয়ন্ত্রণ ঘটিয়ে নিজের প্রতিষ্ঠার পথ স্থগম করতে পারে। বিকাশের এ ভায়ালেক্টিক যাঁরা হৃদয়ক্ষম করতে পারেন না, তাঁদের দর্শনে হয় যুক্তিবুদ্ধি নয় মৃক্তিম্পৃহা অবহেলিত হয়। প্রথমটির উদাহরণ কশো. দ্বিতীয়টির উদাহরণ প্লেটো। এবং এদের মধ্যে একটিকে অবহেলা করলে অন্তটির রূপও যে বিষ্ণুত হয়, এই তুই অসামান্ত প্রভাবশালী দার্শনিকের রচনা তারই প্রমাণ। মৃক্তিস্পৃহাকে অবহেলা করার ফলে প্লেটোর চিস্তায় যুক্তিবুদ্ধি স্বমার্গ ত্যাগ ক'রে অতিপ্রাকৃত সাধনায় নিয়োজিত হয়েছে। অক্তদিকে যুক্তিকে পরিহার করার ফলে কুশোর দর্শনে মুক্তিম্পৃহা শেষ পর্যন্ত পর্যবসিত হয়েছে যূথবদ্ধ গড্ডেশবৃত্তিতে।

এখন প্রেরণা এই মৃক্তিস্পৃহারই একটি বিশেষ প্রকাশ। সাহিত্য প্রেরণাসঞ্জাত বলে সাহিত্যের মধ্যে মৃক্তির এক অতি গৃঢ় তুর্লভ স্বাদ পাওয়া যায়। প্লেটো সম্ভবত তা জানতেন, এবং হয়তো সে কারণেই তাঁর আদর্শ রাষ্ট্রে প্রেরণার জন্ম কোন স্থান রাখেন নি। তাঁর আশক্ষা ছিল সাহিত্যের মারফৎ মাহ্ম্ম যদি মৃক্তির স্থাদ পায়, তবে তারা আর তাঁর নিয়মনিয়ন্ত্রিত দার্শনিক রাষ্ট্রের শাসনব্যবস্থা মানতে চাইবে না। তাঁর আশক্ষা যে ভিত্তিহীন, এ কথা বলতে পারি না; কিন্তু সে আশক্ষাই কি প্রমাণ করে না যে তাঁর আদর্শ রাষ্ট্রের বনিয়াদ অত্যম্ভ ত্র্বল, যে তাঁর আদর্শরাষ্ট্রের আদর্শ টাই অত্যম্ভ মারাত্মকভাবে ভ্রান্ত? ব্যক্তির মৃক্তিস্পৃহাকে অবদমিত করতে চায় যে রাষ্ট্র, তাকে কোন্ অর্থে আদর্শ বলতে পারি? সাধারণভাবে মৃক্তিস্পৃহাকে, বিশেষভাবে প্রেরণাকে আত্মগ্রন্থতির দ্বারা মার্জিত, শীলিত করার অবশ্যই

ь।। প্রবন্ধের শেষে চতুর্থ টীকা।

প্রয়োজন আছে। কিন্তু সে স্পৃহা ও প্রেরণাকে সম্লে উৎপাটিত করা যে প্রস্তুতির উদ্দেশ্য, তাকে আত্মঘাতী ছাড়া আর কি বলা যায়? বাস্তবিক পক্ষে মাম্বরের জীবনে সাহিত্য যে এত মূল্যবান, এই প্রেরণাগুণ কি তার অগ্যতম প্রধান হেতু নয়? কেননা, প্রেরণা শুধু সাহিত্যপ্রস্তাকেই মৃক্তির স্থাদ দেয় না, সাহিত্যভোক্তাকেও সে স্থাদে সমৃদ্ধ করে থাকে। মাম্বের জীবনে এ স্থাদের কোন তুলনা নেই। প্রেটো নিজে এ স্থাদে অনভিজ্ঞ ছিলেন না, কিন্তু তিনি তাঁর আদর্শরাষ্ট্রের নাগরি হদের এ স্থাদে বঞ্চিত করতে চেয়েছিলেন।

সোভাগ্যবশত প্লেটোর সে চাওয়া বাস্তবজীবনে কার্যকরী হয় নি। কাহিনী আছে যে তাঁর শিশু ডিওনিদিয়দ যথন দিরাকুদের শাসনকর্তা, তথন তিনি শিশ্তের মারফৎ সে দেশকে নিজের আদর্শ অহ্যায়ী গড়ে তোলবার एडे। करतिहालन। करल स्म स्मान ताहि विश्वय स्मान स्मान अवः (अरोहोरक আত্মরক্ষার জন্মে দেশ ছেড়ে পালাতে হয়। তাঁর প্রোট বয়দের রচনা 'Laws' গ্রন্থে তিনি যে দর্শনের চাইতে ধর্মের উপরে বেশী জোর দিয়েছিলেন, অনেক পণ্ডিতের মতে এটি আসলে ঐ রুঢ় অভিজ্ঞতার প্রতিক্রিয়া। সে যা-ই হোক, প্রত্যক্ষভাবে তাঁর জীবনদর্শনকে রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে রূপ দিতে না পারলেও, পরোক্ষভাবে দে দর্শন যে পরবর্তী প্রায় আড়াই হাজার বছরের পশ্চিমী চিন্তা এবং জীবনযাত্রার উপরে প্রবল প্রভাব ফেলেছে তাতে সন্দেহ নেই। হোয়াইটহেড তো বলেছেন যে পশ্চিমী চিম্বার ইতিহাস প্লেটোর পাদটীকা মাত্র। এটি অতিশয়োক্তি; কিন্তু আজও যে ইয়োরোপীয়-মানদ প্লেটোনিক জীবনদর্শনের মারাত্মক প্রভাব অতিক্রম করতে পারে নি, তার হাজাবো প্রমাণ চোথে পড়ে।° অধুনা পৃথিবীর বিভিন্ন স্থানে যে সব সার্বিক জীবনদর্শন এবং রাষ্ট্রব্যবস্থার উদ্ভব হয়েছে, তাদের দক্ষে প্লেটোনিক চিস্তার আত্মীয়তা স্পষ্ট। এবং অস্ত কোন যুক্তি-প্রমাণ যদি নাও দেখানো হয়, তথু এই সব রাষ্ট্রের অভিজ্ঞতা থেকেই সিদ্ধান্ত করা যেতে পারে যে প্লেটোনিক জীবনদর্শনের পরিপ্রেক্ষিতে কি শিল্পসাহিত্য, কি মাহুষের মৃক্তিসাধনা উভয়ের ভবিশ্বৎই গাঢ় তমসাচ্ছন।

^{ে।।} প্রবন্ধের শেবে পঞ্ম টিকা।

৬।। প্রবন্ধের শেষে ২৪ টীকা।

- >। ৫০ন এবং কি উপায়ে নিজস নৈতিক সিদ্ধান্তকে সর্বজনপ্রাহ্ম করার উদ্দেশ্যে সৎ এবং বৃদ্ধিমান ব্যক্তিও তাকে ঐখরিক নির্দেশরণে উপস্থিত করে থাকেন, টমাস মান তাঁর The Tables of the Law কাহিনীতে তারই একটি বড় সহদর এবং বিদগ্ধ বর্ণনা দিয়েছেন। এই কাহিনীর নায়ক ইছদী ইতিহাসের মুখ্যচরিত্র মুশা। ভারতবর্ধে মান-এর মতো প্রাক্ত এবং হারসিক লেখক থাকলে মহাভারতের কুক্ষকে নিয়েও এমনিতর উপস্থাস হয়ত রচিত হত।
- ২। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ আছে J. F. D'Alton এর Roman Literary.
 Theory and Criticism গ্রন্থ।
- ৩। পৃশ্চিমী সাহিত্যে মালার্মে, পেটার, এলিয়ট প্রমুথ অনেকেই এই দিকটির উপরে বিশেষ কোঁক দিয়েছেন। বাংলা সাহিত্যে এদিকে যাঁরা দৃষ্টি আকর্ষণ করেন তাঁদের মধ্যে বন্ধিম, প্রমুখ চৌধুরী, স্থীক্রনাথ দন্ত বিশেষভাবে শ্বরণীর।
- ৪। মানবেন্দ্র নাথ রায় তাঁর Reason, Romanticism and Revolution গ্রন্থে যুক্তি ও যুক্তির পরম্পর নির্ভরতার উপরে প্রচুর আলোকপাত করেছেন।
- পেটোর প্রতিক্রিয়াশীল চিন্তা এবং প্রভাবের সবচাইতে বিলেষণাত্মক বিচার পাওয়া যাবে কার্ল পপারের The Open Society and Its Enemies মহাগ্রন্থের প্রথম গ্রন্থে। তাছাড়া লাকে-র The History of Materialism এবং রাসেলের A History of Western Philosophy-তেও এদিক নিয়ে আলোচনা আছে।
- ৬। "সাহিত্যচিন্তা" গ্রন্থের অন্তর্গত হরে এই প্রবন্ধটি যথন প্রকাশিত হয় তথন এটির নাম ছিল "প্লেটোর সাহিত্যবিচার"। ঐ গ্রন্থের বিন্তারিত আলোচনা করেন পি. ফালোঁ। "সাহিত্যপত্র", অষ্ট্রমবর্ষ, দ্বিতীয় সংখ্যা, ১০৬০)। তিনি বিশেষ করে প্লেটো সম্পর্কে আমার বক্তব্যে আপন্তি তোলেন। কোতৃহলী পাঠক ভ্রম্বাগক ফালোঁ।-র যুক্তি এবং আমার প্রত্যুদ্ধর (সাহিত্যপত্র, অষ্ট্রমবর্ষ, তৃতীয় সংখ্যা, ১০৬০) পড়ে দেখতে পারেন।

ক্লাসিক ও ব্লোমাণ্টিক

ক্লাদিক এবং বোমাণ্টিক এই শব্দ ছটিব কোন যথার্থ বাংলা প্রতিশব্দ আছে বলে আমার অস্ততঃ জানা নেই। কোন কোন লেথক ক্লাদিকের তর্জমায় গ্রুপদী এবং রোমাণ্টিকের তর্জমায় থেয়ালী শব্দ ছটি ব্যবহার করে থাকেন। আমি নিজেও আমার পূর্বকার কোন কোন রচনায় ঐ প্রতিশব্দ ছটি ব্যবহার করেছি। কিন্তু ক্লাদিক এবং রোমাণ্টিকের ব্যুৎপত্তি বিষয়ে পাঠ, চিস্তা এবং আলোচনার ফলে ক্রমশঃই আমার মনে এ সিদ্ধান্ত দৃঢ়মূল হয়েছে যে ভাষান্তরের ফলে ঐ শব্দছটির অর্থসমৃদ্ধি খণ্ডিত হবার আশক্ষা অত্যন্ত বেশী। স্থতরাং আমার প্রস্তাব, ক্লাদিক এবং রোমাণ্টিক শব্দছটিকে অবিকৃত অবস্থায় আমাদের ভাষায় আত্মন্ত করে নেওয়া হোক।

। এक ।

ক্লাসিকের ধ্যেয় রূপ, রোমান্টিকের সাধনা প্রকাশ। ক্লাসিক মানস ঐতিহ্বের অত্কর্ষে মার্জিত, রোমান্টিক মানস স্বকীয়তার স্বাক্ষরে সিদ্ধিকামী। ক্লাসিক শিল্পী হিন্দু শিল্পশাস্ত্রের ভাষায় আকাশ থেকে দৈবীরূপ ধ্যানযোগে আকর্ষণ করে নিজের চিত্তলোকে প্রত্যক্ষ করেন; তাতে তাঁর চিত্ত সংস্কৃত হয়, অহং-এর সামান্ততা থেকে সতার মৃক্তি ঘটে। এই রূপ অজর, অত্রণ এবং আত্মসম্পূর্ণ। ইন্দ্রিয়প্রাহ্ম মাধ্যমে ধ্যানধৃত রূপকে আকার দেওয়া ক্লাসিক শিল্পের একাগ্র সাধনা। এই রূপের অপরোক্ষাহ্মভৃতিই প্রকৃত সমাধি। অর্থাৎ ক্লাসিক শিল্পীর বিচারে তাঁর প্রাতিস্থিকতা নির্মূল্য, এমন কি তাঁর শিল্পমাধনায় বাধা মাত্র। রূপের ধ্যানে পরিপূর্ণ আত্মনিয়োগের দ্বারা তাঁর ব্যক্তিসতা সংস্কৃত এবং সার্থক হয়ে ওঠে।

রোমাণ্টিক মানস ঠিক এর বিপরীত। রোমাণ্টিকের দৃষ্টিতে সব অর্থসমৃদ্ধ প্রচেষ্টার মূল উৎস ব্যক্তির ব্যক্তিন্থবাধে। সেই কাজেরই শুধু অর্থ আছে যার ভিতরে কর্তার ব্যক্তিন্থ স্থ-প্রকাশ। শিল্পে শিল্পী আপনার বিশিষ্ট সন্তাকে নানা পরোক্ষ মাধ্যমে ফুটিয়ে তোলেন। শিল্পের মধ্যে ব্যক্তি আপনার বিশেষ এবং অন্বিতীয় অন্তিন্থের স্বাক্ষর রাথেন বলেই না শিল্পরচনা মূল্যবান। রোমাণ্টিকের শ্রেয় চিত্তের সংস্কার নয়, চিত্তের মৃক্তি। ক্লাসিক মন যে রূপকে স্থানকালপাত্তোত্তীর্ণ বলে কল্পনা করে, রোমাণ্টিক মন তাকেই বিশেষকালে বিশেষস্থানে বিশেষ ব্যক্তির স্বষ্টি বলে নিশ্চিত জ্ঞানে। রোমাণ্টিক তাঁর অহংকে নিয়ে এতটুকু অপ্রতিভ নন। বরং এই অহং যে নবনবোন্মেষশালিনী প্রতিভার উৎস এ বিশ্বাসে তিনি রীতিমত গর্বিত এবং উৎফুল্ল বোধ করেন।

অর্থাৎ ক্লাদিক দাধনার দিদ্ধি হল নিত্যরূপের মধ্যে প্রাতিম্বিকের নির্বাণে আর রোমাণ্টিক উদ্বেগের পরিতৃপ্তি হল ব্যক্তির প্রকাশপ্রচেষ্টার উপর থেকে সর্ববিধ নিয়ন্ত্রণের বিলোপে। উভয়েরই উদ্ভব দৈতে, সার্থকতা অদ্বৈতে। সার্থকতা, এবং একটু চিস্তা করলেই বোঝা যাবে, বিলয়ও বটে।

স্থতরাং ক্লাসিক এবং রোমাণ্টিকের প্রভেদ যে মৌলিক তাতে কোন সন্দেহ নেই এবং মৌলিক বলেই তা বিস্তৃত ও দুরপ্রসারী। সচেতন কার্যকলাপের যে কোন ক্ষেত্র বিচার করলে এই প্রভেদ নম্বরে পড়বে। ক্লাসিক-ক্লচি দর্শনের আদর্শ গাণিতিক প্রত্যয়; রোমাণ্টিক বিশ্ববীক্ষার কেন্দ্রে আছে জৈব অভীপ্সা। ক্লাদিক নীতিশাল্লের মূল কথা নিয়মনিষ্ঠা; রোমাণ্টিক ভধুমাত্র বাক্তিগত বিবেকবোধ ছাড়া অন্ত কোন মানদণ্ড স্বীকার করেন না। ক্লাসিক সমাজতত্ত্ব ব্যক্তি অপেক্ষা প্রতিষ্ঠানকে প্রাধান্ত দেয়। বোমান্টিক সমাজতত্ত্ব ব্যক্তিই উদ্দেশ্য, প্রতিষ্ঠান বিধেয়-মাত্র। ক্লাদিক দৃষ্টিতে রাষ্ট্রের প্রতি নিবভিমান আহুগত্যে নাগরিকের কল্যাণ। অপরপক্ষে রোমাণ্টিক দাবী করেন যে, বাষ্ট্রের কোন মূল্যই নেই যদি না তা নিরস্কুশ ব্যক্তিস্বাধীনতা প্রতিষ্ঠায় সাহায্য করে। দেকার্তে এবং নীট্শে, কাণ্ট্ এবং কীর্কেগাআর্, কুংফুৎসে এবং ক্রোপটুকিন, হেগেল এবং হর্বট ব্লীড, এলিয়ট এবং দার্ত — এঁদের মাঝখানে যে ব্যবধান তা যেমন স্কুম্পষ্ট তেমনি তুর্গজ্যা। ক্লাসিক এবং রোমাণ্টিকের মধ্যে পারস্পরিক মন-জানাঞ্চানির অবকাশ কচিৎ। কাবণ ক্লাসিকপন্থী রোমান্টিককে অবজ্ঞা করেন অপরিণতবুদ্ধি বলে, আর রোমান্টিক ক্লাসিকপন্থীকে বর্জন করেন জীবন্মৃত এই ধারণায়।

॥ छूटे ॥

এ পর্যস্ত আমরা ক্লাসিক এবং রোমাণ্টিকের বিভেদতত্তই শুধু আলোচনা করেছি। পার্থক্য পরিস্ফৃট করার জন্ম স্বভাবত:ই আমাদের বিশুদ্ধ ক্লাসিক এবং বিশুদ্ধ রোমাণ্টিক চরিত্র কল্পনা করতে হয়েছে। মোটমাট সে পার্থক্য পরিক্ষৃট হয়েছে ধরে নিলে অতঃপর এ সত্য স্মরণ করার প্রয়োজন আছে যে সব বিশুদ্ধ চরিত্রের মত এ চুটিও বিমূর্ত কল্পনামাত্র। কারণ যা-কিছু ইন্দ্রিয়গ্রাহ্ তাই মিশ্রিত এবং নিয়লুষ বিশুদ্ধতা একমাত্র গণিতেই সম্ভব।

স্থতরাং ইন্দ্রিয়গ্রাহ্নতার স্তরে বিচার করলে দেখা যাবে যে আম্ল বিরোধ সত্তেও মাহ্ন্যের জীবনে, চিস্তায়, ক্রিয়াকর্মে ক্লাসিক এবং রোমান্টিক নানা রূপে অবিচ্ছেন্যভাবে মিশ্রিত হয়ে আছে। কান বিশেষ মিশ্রণে-বা ক্লাসিক মেজাজের প্রভাব বেশী প্রবল, কোনটিতে-া রোমান্টিকের। বস্তুতঃ আমরা যখন কোন ব্যক্তি, রচনা কিংবা আন্দোলনকে ক্লাসিক কি রোমান্টিক আখ্যা দিই, তখন আমরা ঐ বিশেষ মিশ্রণের ক্ষেত্রে মেজাজটির আপেক্ষিক প্রভাবের কথাই উল্লেখ করে থাকি। সেই মিশ্রণই ক্লাসিক যাতে প্রকাশ অপেক্ষা রূপের, অভীক্সা অপেক্ষা যুক্তির, অভিনবত্ব অপেক্ষা ঐতিহ্ববোধের প্রভাব প্রবলতর। অপরপক্ষে সেই মিশ্রণই রোমান্টিক যাতে যুক্তি অপেক্ষা আবেগের, রেথা অপেক্ষা রঙের, আকার অপেক্ষা গতির, ঐতিহ্ অপেক্ষা প্রাতিশ্বিকতার স্বাক্ষর প্রধান।

মাহুষের জীবনে ক্লাদিক এবং রোমাণ্টিকের এই মিশ্রণ মোটেই আকম্মিক নয়। বরং একটু লক্ষ্য করলে চোথে পড়বে এই মিশ্রণ মানবদন্তায় অন্তর্নিহিত বলেই মাহুষের বহুমুখী বিকাশ সম্ভবপর হয়েছে। মাহুষের কি ব্যক্তিগত কি সমাজগত বিকাশের মূলস্ত্র ছটি: মূক্তি এবং জ্ঞান। প্রতি মান্থবের মধ্যেই বহুমুখী সম্ভাবনা নিহিত আছে। এই সব সম্ভাবনার বাস্তবীকরণের ভিতর দিয়ে ব্যক্তি বারবার নিজেকে সৃষ্টি করে। এর পথে ভিতর-বার মিলিয়ে বাধা অনেক। ব্যক্তির চারধারে পরিবেশ লক্ষণের গণ্ডী টেনে দিয়েছে--গণ্ডী লঙ্ঘন করলেই সতীত্ব লোপের ঘোর আশকা। ভিতর থেকেও নিষেধ কি কম—আলস্থা, ভয়, মোহ, নিয়ম-নিষ্ঠা, সংস্কারের উত্তরাধিকার মনকে পিছুটানে টেনে রেখেছে। এই গণ্ডী ভেঙে, সেই পিছুটান কাটিয়ে তবু যে মাত্র্য নবনব পরীক্ষা নিরীক্ষায় আপনাকে বিচিত্ররূপে বিকশিত করতে পারল তার কারণ মুক্তির কামনা এবং সত্যাহুসন্ধিৎসা মাহুষের সন্তায় একাস্তই ওত:প্রোত। ব্যক্তি তার জীবনের কোনো বিশেষ মুহূর্তকেই নিত্য এবং চরম वर्ण भारत निर्फ शारत ना। यात्रा स्मरन निर्म वा स्मरन रनवात्र रहें। करत তারা ধীরে ধীরে আপনাদের মহয়ত্ব খুইয়ে ফেলে। যা-আছে তাকেই শেষ কথা বলে মেনে না নিয়ে তা থেকে ঐশ্বর্যনা যা-হতে-পারে তারই রূপায়ণের

মধ্যে ব্যক্তির মৃক্তি। বাস্তব থেকে সম্ভবে পৌছানর যে আকৃতি তা থেকে রোমাণ্টিক মেজাজের উদ্ভব। অর্থাৎ রোমাণ্টিকতা মামুবের স্বধর্ম।

কিন্তু এই যে যা-হতে পারে, যা সন্তব, যার রূপায়ণের মধ্যে সত্তার মৃক্তি, তাকে জানবার, তাতে পৌছবার উপায় কি? উপায় বৃদ্ধি, সতাসন্ধিৎসা, জ্ঞান। মৃক্তির অভীকা আশ্রয় পায় সত্যের অমুসন্ধানে এবং এই সত্যামু-সন্ধিৎসাই ক্লাসিকতন্ত্রের আত্মা।

মৃক্তি এবং যুক্তি, বিকাশ এবং জ্ঞান যে নিতান্ত অচ্ছেম্মভাবে পরম্পরনির্ভব্ধ সামান্ত বিচাব করলে তা চোথে পড়ে। যে অন্তর্নিহিত নিত্যসন্তার সম্পদে ব্যক্তি একাধারে স্বকীয়তা এবং বিশ্বমানবত্বে বিত্তবান সাময়িক প্রকাশের সামান্ততায় সে সম্পদ অনেক সময়েই আচ্ছন্ন হয়ে থাকে। সাময়িক রূপের প্রতি মোহ ব্যক্তির বিকাশের পথে অন্তত্ম প্রধান স্বন্তরায়। যুক্তি বা সত্যাহ্ণদিংসা মনকে এই মোহ থেকে মৃক্ত করে তার নিত্যসন্তা বিষয়ে সচেতন করে তোলে। এই চেতনা তুর্বল বা আচ্ছন্ন হয়ে পড়লে ব্যক্তির ভিতরে মৃক্তির তাগিদ স্তিমিত হয়ে আদে। ব্যক্তি তথন যা-আছে ভাতেই তৃপ্তি বোধ করে। তার কচি শুধু পুনরাবৃত্তিতে আরাম পায়। যে নাচিকেত অভিসি মাহ্রবের স্বর্ধ্ব, তাকে অতি স্যত্নে পরিহার করে মান্ত্র তথন তামদিক জাত্যে আশ্রয় থোঁজে। বন্ধ্যা আত্মহপ্তির মেদভারে সন্তার বিকাশ তথন স্তন্ধ, প্রাণ তথন আর প্রকাশের আক্ষেপে ন্বনবন্ধপে ক্রিত হয় না, মৃক্তির নির্দিগন্ত স্বপ্ন অবসিত হয় আয়েশী অভ্যাদের বিজ্ঞানে।

মাহ্নবের এই আত্মহত্যা থেকে তাকে বাঁচাতে পারে একমাত্র সত্যনিষ্ঠা।
সত্য নির্মোহ আর সত্যাহ্মসন্ধানের কোন সমাপ্তি নেই। কোন প্রাপ্তিতে
পৌছে সে বলে না: এই যথেষ্ট, অত:পর জিজ্ঞাসা অর্থহীন। তার কঠিন
নির্দেশ: নেতি, নেতি। যত দিন না জরা নামে, যতদিন না মৃত্যু ঘটে,
ততদিন থোঁজার অবসান নেই আর ফুটে ওঠাবও শেষ নেই। পদ্ম ত' শতদল,
কিন্তু আত্মার পাপড়ি সংখ্যাহীন। একটি পাপড়ি, একটি প্রাপ্তি, একটি রূপের
মধ্যেই সন্তার উন্মোচন যাতে স্তর্ক না হয়ে যায়, একটি ভঙ্গির রেথাতেই যাতে
প্রাণের ক্ষৃতি অবসিত না হয়, একটি প্রতায়ের যাছতেই যাতে সব জিজ্ঞানার
সংবেশন না ঘটে, তারি জত্যে কোজাগরী পাহারায় বসেছে মাহ্নবের সত্যাগ্রহ।

ভিজ্ঞাসার শিখা নিভবে প্রকাশের আলোও মৃছে যাবে। সভ্যের অনুসন্ধানে সন্তার মৃক্তি।

নিত্যসত্তা কথাটির কিছু ব্যাখ্যার প্রয়োজন বোধ করি। নিত্য কথাট এখানে অঙ্কর, অমর, স্থানকালপাত্তোতীর্ণ কোন ব্রন্ধত্বের সংজ্ঞা হিসেবে ব্যবহৃত হয় নি। আমি যে নিভোৰ কথা বলছি তা নিভান্তই দেহাশ্রমী, স্থানকাল-পাত্রের ঘারা নির্দিষ্ট, প্রাকৃতিক পরিবর্তনধর্মের অগীন। অর্থাৎ তার নিত্যতা আপেকিক। ব্যক্তিব দেহই তার সত্তা। দেহ তাকে দ্বগৎ থেকে পুথক করে এবং দেহই তাকে জগতের দক্ষে যুক্ত করে। জন্ম থেকে মৃত্যু পর্যস্ত এই নিয়ত ক্ষমপৃষ্টিশীল দেহই বাক্তির অন্তিত্বগত ঐক্যের একমাত্র অবলম্বন। ব্যক্তির **জীবনে অসংখ্য অন্যে অভিজ্ঞতার মধ্যে যে অন্তর্নিহিত ঐক্য তাকে ব্যক্তিসংজ্ঞার** অধিকারী কবে, যে ঐকোর নিয়মে তার বিচিত্র বহুবাচনিক আকাজ্ঞ। অভীপারাশি দৌষমোৰ মন্ধানী হয়, যার উপস্থিতির ফলে ব্যক্তি একাধারে অক্সান্ত ব্যক্তি থেকে শ্বতম্ব এবং অন্তস্মৰ ব্যক্তির সঙ্গে একই মনুয়ান্বের অংশভাক —ব্যক্তি-অন্তিত্বের দেই নিগৃঢ় ঐকাকেই আমি তার নিতাসত্তা বলে অভিহিত করেছি। এই দত্তা বিশ্বপ্রকৃতির অংশ এবং প্রকৃতির নিয়মকে অতিক্রম করা তারও অসাধ্য। কিন্তু প্রকৃতির নিয়মকে মেনে নিয়ে, তারই উপাদান-সম্পদকে আশ্রম কবে, দেই উপাদানের উপরে নিজের অন্তর্নিহিত বিশিষ্ট ঐক্যের স্বাক্ষর রাখা এ দকার সামর্গাধীন ৷ দেই স্বাক্ষরের প্রকাশ মাহুষের সমাজ-সভাতা, শিল্প-সংস্কৃতি, নীতি-প্রতিষ্ঠান।

সভ্যজিজ্ঞাদা একদিকে যেমন ব্যক্তির জীবনে তার স্বকীয় নিতাসন্তার চেতনা আনে অন্তদিকে তেমনি বিশ্বপ্রকৃতির স্বরূপ দম্বন্ধে তার জ্ঞানকে ক্রমশংই শ্বিকিতর বাপেক, গভীর এবং নির্ভর্যোগ্য করে তোলে। ব্যক্তিদন্তা এবং বিশ্বপ্রকৃতির এই জ্ঞানগত দংযোগ থেকে রূপের উদ্ভব। প্রকৃতি নিয়ত পরিবর্তনশীল, তাই তা নিরূপ, নিঃসীম। অপর পক্ষে প্রকৃতির উপাদান শভাবে চেতনাও নিরাকার, নির্লম্ব। চেতনাধর্মী সত্তা এবং প্রকৃতির দঙ্গমের রূপ এবং অর্থের জন্ম। রূপ এবং অর্থকে আশ্রয় করে সন্তা প্রকাশ লাভ করে এই প্রকাশের ভিতরেই ব্যক্তির মৃক্তি এবং যে-রূপ অবলম্বন করে প্রকাশ সম্ভব হয় তা সত্য-সন্ধিৎসার ফ্সল।

২। প্রবন্ধের শেষে দ্বিতীয় টীকা।

। তিন ।

ইতিপূর্বে বলেছি ব্যক্তির নিতাদন্তায় একাধারে তার প্রাতিশ্বিক বৈশিষ্ট্য এবং তার বিশ্বমানবতা আধৃত হয়েছে। একদিকে প্রতি মামুষ্ট যেমন অক্তমব মাহৃষ থেকে শ্বতন্ত্ৰ, অন্তদিকে তেমনি মাহৃষ্ট শেষ পৰ্যন্ত মাহৃষ। স্থানকাল-পাত্রগত পার্থক্য সত্ত্বেও সব যুগের সব দেশের মাহুবের মধ্যে যে মহুস্তুধর্মের ঐক্য আছে সেটিই ব্যক্তির বিশ্বমানবতা। এই বিশ্বমানবন্ধবোধ জাগ্রত না হলে ব্যক্তির স্বকীয়তা যথার্থ বিকাশ পায় না। ব্যক্তি যথনই স্বাতন্ত্র্য চর্চার নামে নিজের চারপাশে অভ্যাদের দমীর্ণ প্রাচীর খাড়া করে তথনই তার মুক্তির সম্ভাবনা দংক্ষিপ্ত হয়ে আদে। কারণ মানবীয় ঐক্যবোধের ছারা আমরা সব দেশকালের অন্তর্গত নরনাবীর অমেয় সম্ভাবনা-সম্পদকে আমাদের আপন আপন বাক্তিদন্তার অঙ্গীভূত করতে পারি। কোন একটি বিশেষ মুহূর্তে আমার সত্তার রূপধৃত উন্মোচন যে স্তবে বর্তমান তা থেকে সম্পন্নতর উন্মোচনে উত্তীর্ণ হওয়াতেই আমার স্ক্রার মৃক্তি: এ সমৃদ্ধি তথনই ঘটে যথন আমি আমার থেকে স্বতন্ত্র অথচ মতুগাধর্মে আমার দরিক অক্ত মাতুষদের সম্ভাবনা বৈচিত্র্যকে আমার প্রাতিম্বিক ঐকো আত্মন্ত করতে দক্ষম হই। যে মাফুষের মনে আপনার নিতাসতা বিষয়ে বোধ যথেষ্ট জাগ্রত হয় নি. বিশ্বমানবতার প্রস্তাবে নে মান্ত্র সভাবতই সম্ভন্ত বোধ করে: কিন্তু যে গুণী স্বকীয় দান্ত্রিক এক্যে প্রতায় অর্জন করেছেন, বস্থধার দঙ্গে কুট্মিতা স্থাপন তাঁর দহজ ধর্ম। ব্যক্তি, পরিবার, গোষ্ঠা, সম্প্রদায়, জাভি বা নির্দিষ্ট স্থানকালের সঙ্কীর্ণ পরিধির ভিতরে নে মাতৃষ নিজের বিকাশকে সঙ্কৃতিত করতে নারাজ। স্বকীয়তায় স্থপ্রতিষ্ঠ यलहे मर्वक्रभीत ठाँव जानम ।

দত্যদন্ধিংদা যেমন স্বার্থের দহীর্ণতা থেকে বিশ্বমানবন্ধে ব্যক্তির উত্তরণ ঘটার, তেমনি তার আভ্যন্তরীন বহুম্থীনতার ঐক্যের দক্ষার করে। বিকাশের পথে এ ঐক্য নিতান্ত আবশ্রিক। আমাদের দেহ-মন নিয়তই নানা আবেগ-অন্তভ্তি, কামনা-বাদনার আবাতে উংক্ষিপ্ত। তার একটিকে প্রাধান্ত দিলে অন্তগুলি পীড়া দিতে থাকে। তাদের প্রত্যেকের নির্দেশ ভিন্নভিন্নম্থী। এ অবস্থায় তাদের মধ্যে স্থদামঞ্জন্ত না আনতে পার্লে সন্তার বিকাশ অসম্ভব হয়ে ওঠে। কারণ বিকাশের একটি অন্তর্নিহিত নির্দিষ্ট ঐক্য থাকে—লক্ষাহীন ঘটনাম্রোভ নির্বর্ধ পরিবর্তন মাত্র। এই আত্মবিরোধী বহুম্থীনতার মধ্যে ব্যক্তির নিতাসন্তাবোধ স্থদামঞ্জ্য এবং বিকাশধর্মের প্রতিষ্ঠ।

ঘটায়। নিতাসন্তার কষ্টিপাথরে যাচাই করে ব্যক্তি বুঝতে পারে বিভিন্ন অন্নভৃতি এবং বাসনার ভিতরে কোনটি প্রধান এবং কোনটি অপ্রধান, কোনটি সামগ্রিক বিকাশে অপরিহার্য এবং কোনটি বিকাশের পথে বাধা। এই বিচারের ক্ষত্রে ভাল-মন্দ, উচিত-অনুচিত, প্রকৃষ্ট-নির্ছের নীতিনিয়মগুলির উদ্ভব। যা ব্যক্তির নিতাসন্তার বিকাশে সাহায্য করে তাই শ্রেয়, যা সে বিকাশ প্রতিহত করে তাই অপরুষ্ট। যে কালনা বা আবেগ সন্তার অন্তঃজ্ঞা থেকে উৎসরিত তার নিরোধে বা অন্থীকারে ব্যক্তির কল্যাণ নেই। নে নিরোধের ফলে যদিবা সাময়িক এক্য আসে, সে এক্যে ব্যক্তির ক্ষ্ঠি ঘটে না। একাহীন বিকাশ অসম্ভব, কিন্তু মূল কোন মানবীয় বৃত্তিকে দমন করে যে একা তা বিকাশবিরোধী এবং সে হেতু নিক্ষলা।

স্থতরাং দেখা যাচ্ছে যে সত্যসন্থিৎসা ব্যক্তির জীবনে নিত্যসন্তার চেতনা আনে, বিশ্বমানবতা-বোধ জাগিয়ে তোলে, প্রকৃতির সঙ্গে মনের সাযুজ্য ঘটিরে নবনব রূপের সন্ধান দেয় এবং ব্যক্তি-অন্তিত্বের বহুবাচানকতার ভিতরে সার্থক সঙ্গাতির প্রতিষ্ঠা করে। সত্যসন্ধানের আশ্রয় বৃদ্ধি, তার ফসল জ্ঞান, তার নাচিকেত ধর্মে ক্লাসিক এবং রোমান্টিকের সার্থক মিলন। অন্থেষণ অমিত, আত্মোদ্ঘাটনেরও শেষ নেই— তাই এ সাধনা রোমান্টিক। অপরপক্ষে যুক্তির নির্দেশ অমোঘ এবং তার অফুনীলনে সন্তা সংস্কৃত হয়— তাই তার মার্গ থাশ ক্লাসিক। অর্থাৎ ব্যক্তির বিকাশধর্মে যুক্তি এবং মুক্তি, রূপ এবং প্রকাশ ক্লাসিক ও রোমান্টিক এক গাঁটছড়ায় বাঁধা পড়েছে। বিরোধের পরিণতি ঘটেছে মিলনে। বিভেদ্ আশ্রয় পেয়েছে ব্যক্তিত সমন্বয়ে।

। চার ।

কিছ মিলন ঘটে বলে এদের বিরোধ কাল্পনিক নয়। বরং বাস্তব ইতিহাসে মিলনের তুলনায় বিরোধের প্রাবল্যই বেশী চোথে পড়ে। কারণ সমঙ্গদার প্রয়োজন আমাদের জীবনে যত বেশী, সমঙ্গদায় পৌছনো আমাদের পক্ষে ততই কঠিন। ব্যক্তির জীবনে এবং সমাজের ইতিহাসে কখনো-বা রোমান্টিক উদ্বেশ কখনো-বা ক্লাদিক সংযম প্রবল্ভর হয়ে দেখা দেয়। অবশু কোন সময়েই একটিকে সম্পূর্ণ বর্জন করে অন্যটি টিকতে পারে না। কিছু রোমান্টিক আভিশয়ের প্রতিক্রিয়ায় উগ্রাক্লাদিক এবং উগ্রাক্লাদিকের প্রতিক্রিয়ায় উগ্রাক্তবি

বোমাণ্টিক — সভ্যতার ইতিহাসে এ ত হামেশাই দেখা যায়। সফ্রিইদের প্রাতিষিক বছবাচনিকতার বিক্তন্ধ প্রেটোর রূপনির্যাসত্ত্ব, স্কুলাষ্ট্রিক ব্রহ্মব্যাখ্যানের বিক্তন্ধে বনেসাঁলের ব্যক্তিবিকাশ সাধনা, সতের শতকের নৈতিক এবং রাষ্ট্রীর অনবস্থার প্রতিক্রিয়ায় অষ্টাদশ শতাস্থার বিজ্ঞানাশ্রী যুক্তিবাদ এবং সেই স্ক্রিবাদী একদেশদর্শিতার বিক্তন্ধ সমানভাবে একদেশদর্শী বোমান্টিক বিজ্ঞোহ — পশ্চিমী সংস্কৃতির সঙ্গে ঘাঁর কিছু পরিচর আছে তিনি এজাতীয় বহু ঘটনার উল্লেখ করতে পারবেন।

অবশ্ব এ ঘটনাপ্রবাহের পশ্চাতে আরেকটি সত্য নিহিত আছে। এটি অনেক সময়েই পশ্চাত্তই ঐতিহাদিকদের চোধ এড়িয়ে যায়। সত্যটি হস্ত এই যে, এ-সমস্ত বিরোধ এবং প্রতিক্রিয়ার অন্তরাসে একটি হংগভীর ধারাবাহিকতা বর্তমান। তার কারণ উগ্র ক্লাদিকের মধ্যেও রোমান্টিক ধারা কথনো সম্পূর্ণ অস্বাক্রত হয় নি এবং চরম রোমান্টিককেও নিজের অক্সাতে ক্লাদিক ঐতিহ্ আত্ময় করতে হয়েছে। প্লেটোর দর্শনে, বৈদ্যান্তির এবং রোমক গীতিকবিতার, উক্তেলো কি পিএরো দেলা ফ্লাফেস্কার ছবিতে, বাদিনের নাটকে স্থাপ্ত স্কলিক সাধনার অন্তরালে রোমান্টিকতার প্রক্রর গভীর ধারা অস্বীনত হয়েও অনস্থীকার্য ভাবে বিস্থমান। অপরপক্ষে কি সন্ধিইদের চিন্তায়, কি রনেসাঁদী দাধনায়, কি রোমান্টিক আন্দোলনে ক্লাদিকতন্তরের ঐতিহ্ব সিংহাদনচ্যত হয়েও সংগোপনে ব্যাপক প্রভাব বিস্তার করেছে। প্রমাণ প্রোটাগোরদের দর্শন, আলবর্তির জাবনচ্বিত, শেক্দণীয়বের পরিণতকালের নাটক, ওয়র্ডস্ওয়র্থ, বায়রণ, শেলীর কবিতা।

অবস্থ এ ধারাবাহিকতা দব সময়ে পুরোপুরি বজায় থাকে নি।
ধারাবাহিকতায় ছেদ আনাব জন্ম উভয় মেজাজের চরমপন্থারাই বারবার প্রশাদ
পেয়েছেন। এ চেটার পরিদমাপ্তি দহজেই অহুমেয়। রোমান্টিককে সম্পূর্ব
বর্জন করে যে-কাদিক তা নিতান্ত নিশ্রাণ; ক্লাদিককে বরবাদ করে
যে-রোমান্টিকতা তা অপেরণ চিহ্নিত, স্বকামী, নির্জ্ঞাননির্ভর। ইয়োরোপে
মধ্যযুগে এলাতীর বিশুক্ত কাদিকভন্নের চর্চ: কিছু দান বাণকভাবে চলেছিন।
ভার ফলে শিল্পদাহিত্যে, সমাজজীবনে, দর্শনিচিন্তায় দেখা দিয়েছিল জাত্য এবং
প্নরাবৃত্তির বন্ধা। বুগ। বর্তমান শতকে প্রথম মহাযুদ্দের পরে হরেয়লিন্তরা
কিছুকাল মরীয়া হয়ে বিশ্বক রোমান্টিকভন্নের প্রিভিন্ন বাংগছিলেন।
ব্যক্তির পৃথ্কিত্ব নামে তাঁরা যে দব অদংলয় অহু ছ-কিছুভের প্রদর্শনী

থুলেছিলেন, তাতে অবশুই অভিনবত্ব ছিল, কিন্তু সার্থকতা বা বিকাশব্যশ্বনার আভাস ছিল খুব কম। অভাস্ত রীতিনীতি রূপপ্রকরণের বেড়াভাঙায় এ আন্দোলন কিছু সাহায্য করেছে। কিন্তু একদা-স্বরেগ্নলিস্ত দের মধ্যে যে কজন শিল্পী স্বষ্টিক্ষমতার প্রতিশ্রুতি নিয়ে এসেছিলেন তাঁদের ভিতরে সম্ভবত সাল্ভাদর দালি ছাড়া আর একজনও এই উগ্ররোমান্টিকতায় স্বকীয় স্জনধর্মের নির্ভরযোগ্য আশ্রয় খুঁজে পান নি। ভাপন আপন বিকাশের প্রয়োজনে নানাপথে তাঁদের সক্ষতির সন্ধান করতে হয়েত্বে।

। और ॥

হুতরাং ক্লাসিক এবং রোমান্টিক পরস্পর থেকে বিভিন্ন, এমন কি পরস্পর বিপরীত হয়েও একে অন্তের সহযোগ ছাড়া দার্থকত। অর্জন করতে পারে না। রপের শীমাছাড়া প্রকাশ অমন্তব, আর প্রকাশের আরুতিহীন রূপ নিম্পাণ। তবে হুই-এ মিলে এক হয় বলেই হুটি এক নয়। করো জীবনশিল্পে-বা রূপ মুখ্য, প্রকাশ গৌণ; কারো-বা প্রকাশের আকৃতিই মূল প্রেরণা, রূপের আশ্রম বিধেয় মাত্র। ছু-এর তুলামূল্য সঙ্গতি মানবতন্ত্রের সাধনা। সারা বিশ্বদ্ধগৎকে ব্যক্তির সন্তায় অঞ্চলত করে সেই মহৎ ঐক্যে প্রাতিশ্বিকের সার্থক প্রকাশ ঘটলে তবেই এ সাধনার পূর্ণতা। যেহেতু এ পূর্ণতা চিরদিন আমাদের খনায়ত্ত, সে কারণে এ সাধনাও চিরকাল ক্ষান্তিহীন। বিভেদে এ খৈত বারবার নবনব দদতি লাভ করবে—ভার কোনোটি-বা অক্টবৈ তুলনায় সমৃদ্ধতর— কিন্তু কোন সঙ্গতিই চরম নয়। এই জগৎ এক দিকে যেমন বিবাট অন্তদিকে তেমনি নিয়তপরিবর্তনশীল। মাসুষের জিজ্ঞাসা নি:সীম এবং তার বিকাশ অনস্ত। স্তত্তাং হতদিন না মামুষজাতি অথবা মহুখাধর্ম এ জগৎ থেকে লোপ পাচে, ততদিন গর্মস্ত ক্লাসিক এবং বোমান্টিকের মধ্যে সায়জ্য-সাধনা অসমাপ্য প্রয়াসরূপে নিয়ত বিজ্ঞান থাকবে।

মানব সংস্কৃতির প্রথম অধ্যায় থেকেই এ সাধনার শুক্ব। ভিন্নভিন্ন দেশকালে যথনি কোনো ব্যক্তি এই সংগতির কোনো একটি সম্ভাব্য মার্গের সন্ধান এনেছেন, তথনি মানব সমাজ মহস্তুত্ব-বিকাশের ইতিহাসে এক ধাপ এগিয়ে গেছে। ব্যক্তির একক তথবা ব্যক্তিদের মিলিত প্রয়াসে অর্জিত সে সঙ্গতি কালক্রমে সমাজ-ঐতিহে ওতঃপ্রোভ হয়ে সামাজিক রীতিনীতি,
অনুষ্ঠান-প্রতিষ্ঠান, সংস্কার-ব্যবহারে ব্যাপক এবং বছম্থী রূপ পরিগ্রহ করে।
এইসব বিচিত্র রূপের কোনটিই পরিপূর্ণ নয়, প্রত্যেকটিই মহত্তর সঙ্গতির
নির্দেশবাহী। নানা দেশে নানা কালে নানা মামুবের অর্জিড এই সব সার্থক
সমস্বয় ব্যক্তিমাত্রেরই বিশ্বমানবীয় উত্তরাধিকার। এই উত্তরাধিকারেই
আমাদের অক্ষয় ঐতিহের যথার্থ সন্ধান মিলবে, আর মিলবে ব্যক্তির সর্বকালীন
সাধনার অযোঘ ইঙ্গিত।

১। রপতত্ব এবং প্রতিমা সম্পর্কে বিত্তারিত নির্দেশ বহু প্রাচীন গ্রন্তে পাওয়া যায়। বিশেষ করে উল্লেখা: মংস্ত এবং অগ্নি প্রাণ, বিষ্ণুধর্মান্তর বৃহৎসংহিতা, শুক্রনীতিসার, মানসার এবং সমরাঙ্গন-স্ত্রেধার। ইংরেজিতে এ সম্পর্কে আলোচনা করেছেন আনন্দ কুমারস্বামী (যেমন The Transformation of Nature in Art), মূল্ক রাজ আনন্দ (The Hindu view of Art) প্রভৃতি।

২। সত্যের অমুসন্ধান এবং ব্যক্তির মৃক্তি কিন্তাবে পরম্পরে ভডিত এ সম্পর্কে বিশণ-বিচার করেছি শ্রীবৃক্তা এলেন রারের সঙ্গে সহবোগিতার লেখা In Man's own Image গ্রন্থে।

রনেসাঁস সম্পর্কে প্রস্তাবনা

উনিশ শতক জুড়ে এদেশের মানস জগতে যে বিচিত্র আলোড়ন দেখা দিয়েছিল তার নামকরণ হয়েছে ভারতীয় রনেসাঁস। সম্প্রতিকালে এই যুগের একটি মোটামূটি বক্ষের বিস্তৃত বিবরণ প্রকাশিত হয়েছে রমেশচন্দ্র মজুমদার মহাশয় কর্তৃক দম্পাদিত মহাকায় ভারতীয় ^ইতিহাদের দশমথণ্ডে (The History and Culture of the Indian People, Vol. 10, British Paramountcy and Indian Renaissance, Part 2)। তাহাড়া এই যুগের বিভিন্ন দিক নিয়ে ডোভড[া]কফ্, চার্লদ হাইম্দাপ, বি. বি. মিশ্র, অনিল শীল, ববীন্দ্রকুমার প্রমুথ দেশী বিদেশী ঐতিহাসিক আলোচনা করেছেন। বাংলা ভাষাতেও এ সম্পর্কে কম লেখা হয়নি, বা হচ্ছেনা। এই শতকের গোডাম পণ্ডিত শিবনাথ শান্ত্রী তাঁর "রামতকু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ" গ্রন্থে যে আখ্যায়িকা বচনা করেন তারপরে সে সম্পর্কে প্রচুর নতুন তথ্য সংগৃহীত হয়েছে—এ ব্যাপারে মন্মর্থনাথ ঘোষ, ত্রজেন্দ্র বন্দ্যোপাধ্যায়, স্থশীলকুমার দে, যোগেশচন্দ্র বাগল, বিনয় ঘোষ, প্রমূথ পণ্ডিতদের ক্বতিত্ব বিশেষভাবে স্মরণীয়। ভারতবর্ষের অন্তান্ত অঞ্চল সম্পর্কে আমাদের জ্ঞান যতই ক্ষীণ হোক অন্তত বাংলাদেশের উনিশ শতকী উজ্জীবনের কাহিনী আজ আর শিক্ষিত সাধারণের কাছে অপরিচিত নয়।

কিন্তু বনেসাঁদ শকটি পশ্চিমের ইতিহাস থেকে পাওয়া, অথচ দে ইতিহাস
নিয়ে বিচার বিশ্লেষণ এদেশে এখনো পর্যন্ত প্রক্রন্তপক্ষে স্বচ্ছ হয়নি। আমাদের
ঐতিহাসিকরা শকটি ধার নিয়ে এদেশের একটি বিশেষ যুগের বর্ণনায় ব্যবহার
করেছেন। পশ্চিমে রনেসাঁদ কিভাবে ঘটেছিল, কি তার তাৎপর্য, আমাদের
দেশের ঘটনাবলীর দঙ্গে তার যোগস্ত্র কোথায় এবং কতথানি, এসব নিয়ে
বিস্তারিত বিচার বিতর্কের প্রয়োজন আছে। এই প্রবন্ধটি তারি প্রস্তাবনা
মাত্র।* কোতৃহলী পাঠক-পাঠিকার জন্ত প্রবন্ধদেহে কয়েকটি প্রামাণিক
প্রাম্বেও উল্লেখ করা গেল।

^{*} এই প্রবন্ধটির প্রথম থসড়া প্রকাশিত হওরার পর শ্রদ্ধাভাজন অন্নাশকর রার বনেসাদ দম্পর্কে আমাকে একটি দীর্ঘ চিটি লেখেন। সেই চিটিটির প্রধান অংশ ''উত্তরা'' পত্রিকার (১৯৩০, আবাঢ়) প্রকাশিত হয়।

প্রাচীন আথেন্সে মননশীলতার যে নৈস্থািক প্রস্কুরণ দেখা গিয়েছিল গ্রীকসভ্যতার পতনের পর তার উত্তরাধিকার রোমানদের উপরে বর্তায়। রোমানরা সংস্কৃতির ক্ষেত্রে উল্লেখযোগ্য বিশেষ কিছু যোগ না করলেণ্ড গ্রীকসভ্যতার ঐতিহ্নকে অনেকটা বাঁচিয়ে রেখেছিল। রোমান সাম্রাজ্য অভিক্ষীতির চাপে ক্রমে হুর্বল হয়ে পড়ে। চতুর্থ শতান্দীর শেষভাগে তা প্রের এবং পশ্চিমের সাম্রাজ্যের মধ্যে বিভক্ত হয়ে যায়; এবং পঞ্চম শতান্দীর স্ট্রনায় (৪১০ খঃ) বর্বর ভিসিগথদের দারা রোম লুক্তিত হওয়ার পর পশ্চিমের সাম্রাজ্য ক্রত ভেঙ্গে পড়ে। ৪৭৬ খৃস্টান্দে শেষ রোমান সম্রাটের সিংহাসন চ্যাত্র পর পশ্চিম ইয়োরোপে উক্ত সাম্রাজ্যের সম্পূর্ণ বিলোপ ঘটে। পরবর্তী কয়েক শতান্দী ধরে হুন, জার্মান, হাঙ্গেবিয়ান এবং ভাইকিং দ্যাদের পর্যায়ক্রমে আক্রমণের ফলে ইয়োরোপ থেকে শান্তি, শৃদ্রলা এবং সভাতার সমস্ত চিহ্ন প্রায় মৃছে যায়। (J. B. Bury, The Invasion of Europe by the Barbarians)।

বাইরের দিক থেকে বর্বর জাতিদের বিক্বদ্ধে প্রতিরোধের অসামর্থ্য যেমন বোমান সভ্যতার পতনের অক্সতম প্রধান কারণ, মনের দিক থেকে এই পতনের মূল স্বত্ত হল ক্রিশ্চিয়ানিটির আক্রমণের বিকদ্ধে হেলেনিক জীবনবোধকেটিকিয়ে রাথার অক্ষমতা। চতুর্থ শতান্ধীর গোড়ায় (৩১৬ খঃ) কন্স্টানটাইন খৃস্টধর্মে দীক্ষা গ্রহণ করেন, এবং তারপর রাষ্ট্রশক্তির সমর্থনে এই ধর্ম ব্যাপক প্রসার লাভ করে। হেলেনিক জীবনাদর্শ যুক্তিকে জ্ঞানের উৎস এবং নিয়মক বলে গ্রহণ করেছিল। মাহুষের সর্বাঙ্গীন বিকাশ ছিল তার আদর্শ। খুস্টধর্ম যুক্তিকে বর্জন করে বাইবেলের নির্দেশকে বিচারোন্ধে সত্য রূপে থাড়া করে; মাহুষের অন্তিত্বের মূলে পাপ কল্পনা করে বিকাশের পরিবর্তে আত্মনিগ্রহকে নৈতিকভার মাপকাঠি করে তোলে। রোমান সাম্রাজ্যের পতনকালে এই দৃষ্টিভঙ্গীর প্রধান প্রবক্তা রূপে দেখা দেন দেউ অগন্তিন (৩৫৪-৪৩০ খঃ)। উক্ত সন্ত পুক্ষের মত অনুসারে যুক্তি ধর্মশান্তের আজ্ঞাবহ মাত্র; মাহুষ মাত্রেই আদ্মের পতনস্ত্রে পাপগ্রস্ত জীব এবং সে কারণে তাদের অনস্ক নরক্ষমণার শান্তি স্থায়সঙ্গত; কোনবিধ প্রচেষ্টার স্বারাই এই অবস্থা থেকে উদ্ধারলাভ

অসম্ভব , একমাত্র ঈশবের করুণার ফলে কোনো কোনো ভাগ্যবান পুরুষ স্বর্গে স্থান পায়। কেন ঈশব কিছু ব্যক্তিকে করুণা করেন আর বাকী মামুষকে নরকে নির্বাসন দেন, ভার ব্যাখ্যা অসম্ভব। মামুষের কর্ভব্য হোল ধৈর্য সহকারে ঈশবের বিধান মেনে নেওয়া। (St. Augustine, The City of God)।

স্পান্ত অক্লান্ত প্রচাবের ফলে চার্নের প্রতিপত্তি বেড়ে যায়। ঐতিহাসিক গিবন রোমান যুগে খৃন্টধর্মের ব্যাপক সম্প্রদারণের পাঁচটি প্রধান কারণ উল্লেখ করেছেন। ইহুদীদের স্ত্রে খৃন্টানরা এমন এক অদম্য এবং অসহিষ্ণু মতবাদগত নিশ্চয়তা অর্জন করেছিল যার আঘাতের সামনে বিদয়জনের জিল্পাম্ব সহনশীলতা নিতান্ত অসহায় বোধ করে। তাছাড়া অমরত্ব এবং স্বর্গের কল্পনা নানাভাবে জনসাধারণকে অত্যন্ত আরুষ্ট করে। আবার চার্চের মলোকিক কমতার দাবী এবং প্রথম যুগের খৃন্টানদের নৈতিক নিষ্ঠান্ত অনেককে অভিভূত করেছিল। তবে খৃন্টধর্মীদের ক্রন্ত-প্রতিপত্তি বাড়ার সব চাইতে বড় কারণ হল চার্চের আভ্যন্তরীণ সংগঠন এবং শৃঞ্জলা। (Gibbon, The Decline and Fall of the Roman Empire, Ch. XV)।

চতুর্থ শতাকীতে রাজকীয় পৃষ্ঠপোষণার স্বযোগে গৃষ্টায় প্রচারক সম্প্রদায় ক্রডভাবে শক্তি এবং বিত্র অর্জন করেছিল। ষষ্ঠ শতাকীতে প্রথমে দেন্ট বেনেডিক্ট (৪৮০—৫৪৩) এবং ভারপরে পোপ প্রথম গ্রেগরির চেষ্টায় চার্চ সংগঠনে স্বদৃঢ় শৃদ্ধলা এবং কঠোর নিয়মান্তগতা প্রতিষ্ঠিত হয়। চতুর্থ শতাকী থেকে ষষ্ঠ শতাকীর মধ্যে ইয়োরোপের অধিকাংশ বর্বর জাতির শাসক সম্প্রদায় মিশনারীদের প্রভাবে ক্রমে ক্রমে গৃন্ট ধর্ম গ্রহণ করে। এইভাবে রোমান সাম্রাজ্যের পতনের পর ইয়োরোপে ক্রিশ্চান চার্চ ক্রমে সংগঠিত ক্ষমতার প্রধান প্রতিষ্ঠান হয়ে ওঠে। সম্রাট কনস্টানটাইনের নামে এক জাল দানপত্র বানিষ্কে চার্চ দাবী করে যে উক্ত সম্রাট নাকি পশ্চিম ইয়োরোপে পোপের একছত্র ক্ষমতা চিরকালের মত স্বীকার করে গেছেন। পরবর্তী পাঁচ শতাকীর মধ্যে চার্চের অথবিটি এবং প্রভাব প্রাক্তন রোমান সাম্রাজ্যের সর্বত্র প্রতিষ্ঠিত হয়।

ইয়োবোপীয় ইতিহাসের অন্ধকারাচ্ছন্ন মধাযুগ এই মারাত্মক প্রভাবের ফল। একদিকে ধর্মান্ধতার ফলে ইয়োরোপ থেকে জ্ঞানের চর্চা প্রায় একরকম লোপ পার; জিজ্ঞাদার পরিবর্তে চার্চের নির্দেশ অমুযায়ী টীকা ভান্ত রচনাই পণ্ডিত সম্প্রদায়ের একমাত্র পেশা হয়ে ওঠে। অপরদিকে আত্মনিগ্রহকে আদর্শ হিসেবে গ্রহণ করার ফলে জীবনযাত্রার মান ক্রমেই নীচের দিকে নামতে থাকে। ব্যক্তির বিকাশে এবং প্রকাশে অনীহার ফলে কি আর্থিক-সামাজিক আর কি সাংস্কৃতিক জীবন কোথাও কোন বিবর্ধনের প্রয়াস চোথে পড়ে না। ব্যাধি, দারিস্রা, অজ্ঞতা, কুসংস্কার, ভয় এবং জড়তা সমস্ত ইয়োরোপকে আছের করে।

এই অধংপতন থেকে উদ্ধারের সহজ উপায় ছিল হেলেনিক ঐতিহার সম্পদে মনকে নবোছমে পুষ্ট করা। কিন্তু রোমান সভ্যতার পতনের পর ইয়োরোপ থেকে গ্রীক ভাষা এবং সাহিত্যের চর্চা প্রায় উঠে যায়। অপরদিকে পূর্ব সাম্রাজ্যের স্বচাইতে উদ্যোগী এবং শক্তিশালী সম্রাট যক্টিনিয়ানের আদেশে ষষ্ঠ শতান্ধীর দ্বিতীয় পাদে আথেন্সের বিভালয়গুলি বন্ধ করে দেওয়া হয়, এবং ফলে সেথানকার গ্রীক মনীবীরা দেশত্যাগী হয়ে সিরিয়া, মেসোপটেমিয়া পারস্থ প্রভৃতি দেশে গিয়ে বস্বাস করেন। পশ্চিম থেকে গ্রীক ঐতিহা বিলুপ্ত হয়ে ক্রমে আরবদের মধ্যে আশ্রয় নেয়। ইয়োরোপে যথন ঘোর ভমিশ্রার যুগ তথন আরব্বা জ্ঞানের আলোককে রক্ষা করেছিল। (Baynes, The Byzantine Empire)।

এগারো শতকের মধ্যভাগ পেকে এই অবস্থার কিছু কিছু পরিবর্তন দেখা দেয়। ব্যবদায়ী এবং কারিগরদের ক্রিয়াকলাপকে কেন্দ্র করে এই দময় পেকে আবার ধীরে ধীরে ক্রমিনির্ভর ইয়োরোপে একটি একটি করে শহর গড়ে উঠতে থাকে এবং তাদের স্ত্রে পশ্চিমের অনড় দমাজে কিছু গতি দঞ্চারিত হয়। অন্ত দিকে আবর দভ্যতার সঙ্গে সংঘাতের ফলে খৃদ্টধর্মের একচ্ছত্রে আধিপত্যে চিড় ধরে এবং পশ্চিমী ভাবুকদের মনে জ্ঞানের পিপাদা আবার জােনে উঠতে স্কুক্ক করে। আমরা আগেই বলেছি যে ইয়ারোপের পভনের মুগে আবররা জানের চর্চাকে বাঁচিয়ে রেথেছিল। তারা শুধু জ্ঞানের ভাঙারে নৃতন সম্পদ যােগ করে নি; প্রাচান হিন্দু এবং বিশেষ করে প্রাচীন হেলেনিক সংস্কৃতির বহু অবদান তারা দয়তে রক্ষা করেছিল। মধ্যযুগের শেষভাগে ইয়ারোপ যে বিশ্বত গ্রীক ঐতিহ্যের দ্বারা আবার নৃতন করে প্রভাবিত হতে স্কুক্ক করে, তার প্রধান কৃতিত্ব আরবদের। দাদশ এবং ত্রয়োদশ শতান্ধীতে আরব এবং ইয়োরোপের মধ্যে সাংস্কৃতিক যােগাযােগ আরো ঘনিষ্ঠ হয়ে ওঠে। হিটি সাহেব তাঁর স্ক্রিথাতে গ্রন্থে প্রচুর উদাহরণ দিয়ে দেখিয়েছেন

যে ইয়োরোপের মানসিক উজ্জীবনে আরব সভ্যতার দান অপরিসীম। দর্শন. ইতিহাস, গণিত জ্যোতির্বিজ্ঞান, শরীরবৃত্ত ও চিকিৎসাশাস্ত্র, আইন-কামুন এবং নগরদংগঠন, তুলনামূলক ধর্মবিচার এবং ধর্মনিরপেক্ষ দাহিত্য-প্রতি ক্ষেত্রেই আরবদের উংকর্ষ সমকালীন ইয়োরোপের তামণিকতাকে আঘাত করে। আল বাজি (যাঁর বদায়ন এবং চিকিৎদাশান্ত বিষয়ক ছটি গ্রন্থের লাতিন অমুবাদ পঞ্চদশ শতাব্দী পর্যন্ত ইয়োরোপীয় পণ্ডিতদের কাছে এই তুই বিষয়ে জ্ঞানের প্রধান উৎস বলে প্রিণণিত হত), আলি ইব্ন-হাজ্ম (হিটি যাঁকে বলেছেন "the first scholar in the field of comparative religion"), ইব্ন-সিনা বা আভিদেনা (পঞ্চদশ শতাব্দীর শেষ তিন দশকের মধ্যে যাঁর বিশ্বকোষের পনেরটি লাতিন সংস্করণ প্রকাশিত হয়), আল-কিন্দি, আল-থোয়ারিজ্মি, ইব্ন-ক্রশ্দ বা আভেরোয়েদ (যাঁর রচনার মারফৎ আরিস্টলের দর্শন ইয়োরোপে প্রভাব বিস্তার করে), ইব্ন-আল-আওয়াম, ইব্ন-আল-থাতিব এবং ইব্ন-থালহন প্রভৃতি মনীষীর নাম বিশ্বসভ্যতার ইতিহাদে চিব্ৰস্মবনীয়। বন্ধত আৱব্বা ইয়োবোপে প্ৰথম বিশ্ববিতালয় প্ৰতিষ্ঠা করেন (কোর্ডভা বিশ্ববিচ্চালয়ের প্রতিষ্ঠাতা থালিফ তৃতীঃ আব্দু-আল-রহ্মান এবং তার পরবর্তী থালিফ আল হাকাম-কে ঐতিহাসিকরা এই কৃতিত্ব দিয়ে থাকেন); তারি প্রভাবে অক্যাক্ত মধ্যযুগীয় বিশ্ববিভালয় গড়ে ওঠে। হিট তাই দক্ষত কারণেই দিদ্ধান্ত করেছেন যে আরবদের মাধ্যমে ইয়োরোপে দর্শন-বিজ্ঞানে ঐতিহ্ পুন:প্রতিষ্ঠিত হয়। (Between the middle of the eighth and the beginning of the thirteenth centuries...the Arabic-speaking peoples were the main bearers of the torch of culture and civilization throughout the world, the medium through which ancient science and philosophy were recovered, supplemented and transmitted to make possible the renaissance of Western Europe...Kindled by contact with Arab thought and quickened by fresh acquaintance with ancient Greek lore, the interest of Europeans in scholarship and philosophy led them rapidly on to an independent intellectual life of their own, whose fruits we still enjoy," Philip K. Hitti, The Arabs)

একাদশ শতাদীর মধ্যভাগ থেকে চার্চের আভান্তরীণ জীবনেও নানা রকম শংস্কার স্থাচিত হয়। খুস্টধর্ম দারিন্দ্রা এবং ইন্দ্রিয়-নিগ্রাহের মধ্যে পুণ্যের সন্ধান করেছিল। কিন্তু চার্চ কর্মচারীরা জনসাধারণকে উপরোক্ত আদর্শে দীক্ষিত করলেও নিজেদের প্রতিষ্ঠানিক ক্ষমতাবুদ্ধির সঙ্গে সঙ্গে তারা নিজেরা একদিকে বিত্ত উপার্জনে এবং অন্তদিকে ইন্দ্রিয়-সম্ভোগে উত্যোগী।হয়ে ওঠে। চার্চের বড বড় পদ প্রকাশভাবে কেনা-বেচা স্থক হয়; মোহাস্তরা বন্ধচর্যের শপথ নিয়ে গোপনে বক্ষিতাদের পৃষ্ঠপোষক হয়ে ওঠে। ফলে চার্চের প্রতি ভক্তদের আস্থায় ভাঙন ধরতে স্থক্ষ করে। তথন কিছু দূরদৃষ্টিসম্পন্ন ধর্মীয় নেতা চার্চের সংস্থারের জন্ম আন্দোলন স্থক করেন। একাদশ শতকে এই আন্দোলন প্রবল এবং প্রতিদ্বন্দিতার তাগিদে, দাদশ এবং ত্রয়োদশ শতকে চার্চের মধ্যে একদিকে যেমন নৈতিক সংস্থার সাধিত হয়, অক্সদিকে তেমনি বিভিন্ন মনাস্টারিতে কিছু কিছু জ্ঞানের চর্চা স্থক হয়। এই চর্চার ফলে চার্চের পণ্ডিতরা বাইনেলের শ্বয়ংসিদ্ধতা মেনে নিয়েও যুক্তির সাহায্যে তাঁদের ধর্মমতকে প্রতিষ্ঠিত করায় উত্যোগী হন ৷ কিন্তু যুক্তির সঙ্গে বিচারোধর্ব বিখাসকে মেলানো সহজ কাজ নয়। এ চেষ্টার ফলে প্রথম দিকে বিশ্বাদের ভিত্তিতেই চিড় ধরার আশঙ্কা দেখা দেয়। বুদেলিন এবং তাঁর শিশু আবেলারের চিস্তাধারায় ধর্মবিশ্বাদের চাইতে যুক্তিশীলতা বেশী প্রবল। ফলে প্রথম ব্যক্তিকে ধর্মদ্রোহিতার নামে অভিযুক্ত করা হয়; তিনি ভয়ে ভয়ে নিজের "ভুল" স্বীকার করে প্রাণ বাঁচান। আবেলারের কাহিনী সকলেই জানেন। এলোয়াজ-এর দঙ্গে প্রণয়ের অভিযোগে তাঁর পুরুষাঙ্গ ছেদ করা হয়েছিল। কিন্তু এই চরম শাস্তিও তাঁকে নীব্র করতে পারে নি। বাইবেলকে বিচারোধ্ব বলে মেনে নিয়েও তিনি ঘোষণা করেন যে ধর্মবিশ্বাদের বাইরে অন্য প্রস্তাব তর্কসাপেক্ষ। তাঁর Sic et Non নামে বিখ্যাত গ্রন্থে তিনি দেখান যে প্রায় প্রত্যেক সাধারণ সিদ্ধান্তের স্থপক্ষে এবং বিপক্ষে সমান শক্তিশালী যুক্তি থাড়া করা যায়; ফলে কোনো সিদ্ধান্তকেই চরম মনে করা অসঙ্গত। এই ধরণের মতামত প্রচারের জন্স চার্চ কর্ত্পক্ষ ত্বার তাঁর শান্তি বিধান করেন। (Roger Lloyd, Peter Abelard) 1

যা-ই হোক দাদশ শতকে ইয়োরোপে খৃষ্টধর্মের একচ্ছত্র প্রতিপত্তি নানা দিক থেকে ধাকা থায়। মনাস্টারিগুলিতে জ্ঞানের অল্পন্ন চর্চার ফলে অনেকের মনে শান্তীয় বচনের স্বতঃসিদ্ধতা বিষয়ে ৫ শ্ল জেগে উঠতে থাকে। অপর্যাদকে চার্চ প্রতিষ্ঠানের ব্যাপক ফুর্নীতি অনেক বিবেকবান ব্যক্তির মনে বিশুদ্ধতর ধর্মের জন্ত আগ্রহ সৃষ্টি করে। ক্যাথারি, ওয়াল্ডো-পন্থী প্রমুখ খুষ্টিয় ধর্মসম্প্রদায় ক্যাথলিকপ্রভাবমৃক্ত আদিম খুণ্টধর্মের পুনকজ্জীবনের জন্ত আন্দোলন স্থক করে। স্থাবার এই সময়ে পোপ এবং সম্রাটের মধ্যে বিরোধের ফলে চার্চ-বিরোধী শক্তিরা কিছু কিছু রাজসমর্থন পেতে থাকে। ত্রয়োদশ শতকের প্রথমার্ধে এই বিরোধ প্রচণ্ড আকার ধার্ম করে। সমাট দ্বিতীয় ফ্রেডরিক একজনের পর একজন পোপকে অগ্রাহ্য করে প্রায় অর্ধশতান্দীকাল নিজের থুসী মত বাজত করেন। শোনা যায় ফ্রেডরিক ছটি ভাষায় সমান স্বাচ্ছন্দ্যের সঙ্গে কথা বলতে পারতেন। তিনি আরব সভ্যতার অমুরাগী ছিলেন; এবং পোপের निर्दिश्य विकास मूमनमानद्व मान्य मिन्न करान । करन विना कुरमराष्ट्र भाष्टिभूर्व উপায়ে ডিনি জেরুদালেম-এর উপরে তাঁর রাজাধিকার আরবদের দারা স্বীকার করিয়ে নেন। তিনি নেপ্ল্স বিশ্ববিত্যালয়ের প্রতিষ্ঠাতা; তাছাড়া রোমান আইনের অমুসরণে তিনি তাঁর সাম্রাজ্যের জন্ম স্বচিস্তিত আইনকামুনের প্রবর্তন করেন! কিম্বদন্তী অনুসারে তাঁকে De Tribus Impostoribus নামক গ্রন্থের রচয়িতা বলা হয়; এই গ্রন্থে নাকি মুশা, খুষ্ট এবং মহম্মদকে তিন ভক্ত বলে বর্ণনা করা হয়েছিল। তার সমদাময়িক বিভিন্ন পোপ তাঁকে ধর্মদ্রোহী বলে ঘোষণা করে বারবার চার্চের আশ্রয় থেকে বিতাডিত করেছিলেন। (Kantorowicz, Frederick the Second) |

এই দব আক্রমণের হাত থেকে আত্মরক্ষার জন্ম অধ্যোদশ শতকে রোমান চার্চ বিশেষ উলোগী হয়ে ওঠে। পোপ তৃতীয় ইনোদেউ একদিকে বিবিধ ধমীয় নিয়ম প্রচলন করে চার্চ কর্তৃপক্ষের হাতে প্রভূত ক্ষমতা কেন্দ্রীভূত করেন; অন্তদিকে তিনি হিংস্র উল্নের দঙ্গে ফ্রান্স থেকে ধর্মদংশ্বারকামী গৃদ্ধির সম্প্রদায় Albigenses-এর আমূল উচ্ছেদ ঘটান। ১২২০ খৃন্টাব্দে পোপ নবম গ্রেগরী ইনকুই জিশন-এর প্রতিষ্ঠা করেন। যে কোন ব্যক্তি, মত, অথবা আন্দোলনকে চার্চের একচ্ছত্র ক্ষমতার পরিপন্থী বলে কিছুমাত্র সন্দেহ করা যায় তাকেই নির্মান্তাবে দমন করা এই প্রতিষ্ঠানের দায়িত্ব। (H. C. Lea, A History of the Inquisition, 3 vols.)।

কিন্ত পোপদের এই চণ্ডনীতি সবেও সাংস্কৃতিক জীবনে চার্চের একচ্ছত্র প্রাধান্ত হয়ত আরো দেড়শ হুশো বছর টিকিয়ে রাথ। অদস্তব হত যদিনা গোড়া খৃদ্টধর্মাবলম্বীদের ভিতর থেকে নৃতন হুটি শক্তিশালী আন্দোলন দেখা দিত।

ত্রয়োদশ শতকের স্বচনায় আসিসির সম্ভ ক্রান্সিস নিজের জীবনে চার্চের প্রতি আহুগত্যের সঙ্গে করুণাবোধ, সেবাধর্ম এবং সৌন্দর্যচেতনার সমন্বয় ঘটালেন। তাঁর পরবর্তীকালের শিষ্মপ্রশিষ্মবৃন্দ তাঁর আদর্শ থেকে সম্পূর্ণভাবে সরে গেলেও ফ্রান্সিদের ব্যক্তিগত মহন্ত এবং জনপ্রিয়তা চার্চের প্রতিপত্তি বাড়াতে সাহায় করে। তাঁর সমসাময়িক অপর ধর্মনেতা ভোমিনিক চার্চের নৈতিক উজ্জীবনের জন্ম দারিন্দ্রাবরণের উপরে জাের দেন। ফ্রান্সিদ এবং ডােমিনিক নিজের! লেখাপড়াকে বিশেষ মূলা না দিলেও তাঁদের অমুবর্তীরা দর্শনের চর্চা এবং শিক্ষার প্রসারে বিশেষ উৎসাহী হয়ে ওঠেন। ত্রয়োদশ শতাসী ধরে এবং চতুর্দশ শতাব্দার প্রথমার্ধে ডোমিনিকান এবং ফ্রান্সিম্বান মনাস্টারিগুলি ইয়োরোপে জ্ঞানচর্চার প্রধান কেব্র হয়ে ওঠে। এই কেব্রুগুলিতে মুখ্যত তুই ধরণের মনের ক্রিয়াকলাপ দেখা যায়। প্রথম প্রকৃতির মনীধীরা বাইবেল এবং চার্চের নির্দেশাবলীকে চরম শত্য বলে মেনে নেওয়ার পর যুক্তির ছারা এই সব নির্দেশকে শ্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত কবার জন্য উল্লোগী। এঁদের মধ্যে টমান আকাীনাদ দঙ্গত কারণে দ্বচাইতে বিখ্যাত। তাঁর Summa contra Gentiles গ্রন্থের প্রথম তিন থণ্ডে তিনি মুখাত অরিস্টটলের দর্শনেব ভিতিতে থুদ্টবর্মের যৌক্তিকতা প্রমাণ করার চেষ্টা করেছেন; শেষ খণ্ডে যুক্তির চাইতে বিশ্বাদ প্রাধান্য পেয়েছে।

বিতীয় প্রকৃতির পণ্ডিতসমাজ ধর্মপ্রতায়ের কাছে নতি স্বীকার করার পর তাকে আর যুক্তি দিয়ে সমর্থনের বিশেষ চেষ্টা পান নি। কিন্তু তাঁরা বাহবেলকে বাদ দিয়ে অন্ত নানা বিষয় স্বাধীনভাবে যুক্তির দারা বিচার করতে উত্তোগী হয়েছিলেন। এঁ দের মধ্যে বজার বেকন এবং উইলিয়ম অব্ ওকাম্-এব নাম বিশেষ উল্লেখযোগ্য। চার্চ কর্তৃপক্ষ এঁ দের বিশেষ স্থনজ্বে দেখেননি। ১২৭০ খৃটাকে বেকনের সমস্ত বই নিধিন্ধ করে দেওয়া হয়; এবং ধর্মদ্রোহিতার অভিযোগে তাঁকে চোদ্ধ বছরের জন্তু কারাদণ্ড দেওয়া হয়। ওকাম আগ্ররকার জন্তু সমাট লুই-এর আশ্রয় করেন। বেকন গণিত শাস্ত্র, পদার্থ বিহা, রসায়ন এবং ভূগোলের বিশেষ অন্থরাগী ছিলেন; তাছাড়া আরব সংস্কৃতি এবং সেই স্থন্তে গ্রীকদর্শনের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ পরিচয় ছিল। তাঁর স্বচাইতে বড় বৈশিষ্ট্য হল, তিনি অবরোহী যুক্তির চাইতে প্রত্যক্ষ অভিজ্ঞতা এবং ব্যবহারিক পরীক্ষা বা একস্পেরিমেন্টকৈ অনেক বেশী মূল্য দিতেন। তাঁর বিচার অনুস্বারে ভান্তির প্রধান হেতু চারটি: শাস্ত্রকারহের সিদ্ধান্তকে

বিচার না করেই গ্রহণ করা; প্রথাসিদ্ধ ধারণাকে প্রমাণিত জ্ঞান করা; অশিক্ষিত জনসাধারণের কথায় সায় দেওয়া; এবং নিজের অজ্ঞতাকে নানাভাবে ঢাকবার চেষ্টা। বেকন অবশ্য ঈশ্বর প্রত্যাদিষ্ট বাণীকে বিচারোক্ষর্বলে মানতেন। তবে বাইবেলের বাইরে যদি নিশ্চিত জ্ঞান কোথাও মেলে, তাঁর মতে সেই বিভা হল গণিত। (E. Charles, Roger Bacon: Sa vie, ses ouvrages ses doctrines)।

উইলিয়ম অব ওকাম্কে অনেকে আধুনিক দর্শনের অক্তান প্রধান পথিকুৎ বলে থাকেন। এটা হয়ত একটু বেশী বসা, কিন্তু ঘটি ক্ষেত্রে উক্ত দার্শনিকের অভিনবত্ব লক্ষণীয়। ওকামের মতে যুক্তিবিলা বা লজিক-কে ভূয়োদর্শন বা মেটাফিজিক্স্ থেকে স্বতন্ত্র ভাবে চর্চা করা সঙ্গত। বপ্তজগতকে বোঝার জক্ত মাহ্রম যেসব সামাল্য ধারণা কল্লনা করে তাদের বিচার বিশ্লেষণ যুক্তিবিলার উদ্দেশ্য। প্রকৃতিতে প্রতিটি বস্তু অথবা ঘটনার পৃথক অন্তিত্ব বিল্লমান; সাধারণ ধারণার কোনো বাস্তব অন্তিত্ব নেই, তার অন্তিত্ব শুরু মাহ্রমের কল্পনায় এবং ভাষায়। ওকামের এই যুক্তি পরোক্ষভাবে ধর্মীয় বিশাসের মূলে আঘাত করে। দিতীয়ত, তার মতে সার্বজনীন নির্বাচনের ভিত্তিতে সবরক্ষ সংগঠনের পরিচালনা নিয়ন্ত্রিত হওয়া উচিত। এটি যেমন রাজনৈতিক সংগঠনের ক্ষেত্রে তেমনি চার্চের ক্ষেত্রেও থাটে। চার্চের বিধিবিধান যে সাধারণ সভা ঠিক করবেন, তার সদস্যদের নির্বাচন করবেন প্রাপ্তবয়স্ক খুন্টধর্মীদের আঞ্চলিক সভা। অর্থাৎ উইলিয়মের সামাজিক চিন্তায় পরবর্তীকালের গণতান্ত্রিক আদর্শের পূর্বাভাস দেখা যায়।

মধ্যযুগের শেষভাগে ধর্মবিশাদ এবং যুক্তিকে মেলাবার এই যে নানাবিধ প্রচেষ্টা এরি প্রকাশ হল স্থলাস্টিক দর্শন। স্থলাস্টিক চিন্তা একদিকে যেমন যুক্তির দাবী কিছুটা মেনে নিয়ে চার্চের ভাঙনকে কিছুকালের মত ঠেকিয়ে রেখেছিল, অন্ত দিকে তেমনি এই স্বীকৃতির ফলে প্রবর্তী তমিপ্রার যুগ থেকে পরবর্তী রনেসাঁদী সভ্যতায় পৌছনোর পথ অনেকটা স্থলাস্টিকদের অন্তাতসারেই নির্মিত হয়। কারণ জিজ্ঞাদা, অন্তুদন্ধান এবং যুক্তিপ্রয়োগের যুল্য একবার স্বীকৃত হলে তার আকর্ষণ নষ্ট করা অত্যন্ত কঠিন। ধারা নিজেরা একবার স্বাধীন ভাবে ভাবতে শুকু করেছেন তাঁদের পক্ষে চার্চের নিষেধ অথবা শাস্ত্রবচনের অথবিটির গণ্ডীর মধ্যে দেই ভাবনাকে বেশীদিন ধরে রাখা প্রায় অসম্ভব। ধর্মবিশাদের গোঁড়ামি যে জ্ঞান এবং উদ্ভাবনার পর্বে

একটা বড় বাধা, স্কলাষ্ট্রিক মতবাদীদের অনেকের লেখার মধ্যে তার কিছু কিছু আভাদ পাওয়া যায়। এই বাধার চেতনা যতই তীব্র হয়ে উঠতে থাকে ততই মনীষীদের উপরে ধর্মশাস্ত্র এবং চার্চের প্রভাব কমতে শুক করে। তাঁরা যুক্তির স্বতঃদিদ্ধ অথরিটির উপরে জাের দিতে থাকেন; চিন্তার ও মতপ্রকাশের স্বাধীনতা এবং বিভিন্ন ধারণার ঘাতপ্রতিঘাতের স্থযােগ তাঁদের কাছে প্রয়োজনীয় বলে অন্তভূত হয়; ইন্দ্রিয়গ্রাহ্ম জগৎ দম্বদ্ধে তারা কোত্হলী হয়ে ওঠেন। তাঁদের মধ্যে জানের এবং আত্মপ্রকাশের ক্ষ্ধা ক্রমে প্রবলতর হয়। ইয়োরোপীয় মানদের এই পুনক্রমেষ চতুর্দশ শতাকীর মধ্যভাগ থেকে নৈস্ত্রিব প্রাবল্যে স্পরিক্ট হয়ে ওঠে। এই পুনক্রমেষকেই পরবর্তী কালের ঐতিহাসিকেরা নাম দিয়েছেন রনেসাঁস।

। छूटे ।

রনেসাঁদ শক্টির শ্রষ্টা কে ঠিক জানিনা, তবে আমার নিজের পড়ার মধ্যে কথাটির প্রথম উল্লেখ ভাদারির ইতিহাদে লক্ষ্য করেছি। ভাদারি নিজে রনেসাঁদের শেষ যুগের একজন চিত্রকর। তিনি তাঁর অগ্রজ শিল্পীদের কাহিনী লিখতে গিয়ে তৎকালীন চারুকলার অভিনব পুনর্জন্ম অর্থে শব্দটি প্রােগ করেছেন। (G. Vassari, Lives of Italian Painters, Sculptors and Architects)। এটি কিন্তু রনেসাঁদের সন্ধীর্ণ অর্থ। ব্যাপক অর্থে বনেসাঁদ বলতে চোদ্দ শতকের মধ্যভাগ থেকে দতের শতকের च्छनाकात्वय मध्य है स्थादात्रीय मानत त्य वहमूथी शविवर्जन त्वथा निष्यहिन, তার সবটাকেই বোঝায়। আঠারো শতকের শেষাশেষী এবং উনিশ শতকের গোড়া থেকে ঐতিহাসিকরা ক্রমে রনেসাঁদের স্থদুরপ্রসারী তাৎপর্য বিষয়ে ষ্মবহিত হতে স্থক্ক করেন। এঁদের মধ্যে বিশেষ করে ইংরেজ ঐতিহাসিক হালাম এবং তাঁর চাইতেও ফরাসী ঐতিহাসিক মিশেলে-র নাম উল্লেখযোগ্য। ১৮৬০ খৃদীব্দে যেকব বুৰ্কহাৰ্ট-এর বিখ্যাত গ্রন্থ The Civilization of the Renaissance in Italy প্রকাশিত হয়। তারপর গত একশ বছরের মধ্যে বহু পণ্ডিত রনেসাঁস সম্পর্কে অসংখ্য বই এবং গবেষণা নিবন্ধ প্রকাশ করেছেন। তেন, সাইমগুদ, ৎজেলার, বেরেনদন, সিদ্মন্দি, জেস্তিল, স্পিন্গান্, শেভিল, কাসিরার, ক্রিস্টেলার, ব্যারন, হুইঞ্জিন্গা, পানোফ্স্কি, মার্টিন প্রমুখ

মনীধীদের অনুসন্ধান ও বিচারবিশ্লেষণের ফলে রনেসাঁদ সম্বন্ধে আধুনিক পার্ঠকের ধারণা অনেকটা স্পষ্ট হয়ে উঠেছে।

একথা অবশ্য স্বীকার করা দরকার যে রনেসাঁদের কারণ, কাল এবং জীবনবোধ সম্বন্ধে পণ্ডিতদের মধ্যে এখনো বিস্তর মতভেদ বর্তমান। তবে অধিকাংশ ঐতিহাসিক মোটামূটি স্বীকার করে থাকেন যে মধ্যযুগের শেষভাগে চার্চের একচ্ছত্র ক্ষমতা এবং আত্মবিলোপী ধার্মিকতার বিরুদ্ধে স্বাধীন বিচার এবং আত্মপ্রতিষ্ঠার যে অল্লম্বল্ল চেষ্টা দেখা যাত্রিল চতুর্দশ শতাদীর মধ্যভাগ থেকে তা ক্রমে প্রবল আকার ধারণ করে পরবর্তী হুই শতান্দীতে পশ্চিম ইয়োরোপের বিভিন্ন অঞ্চলে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। মধ্যযুগের শেষভাগে শাস্ত্রীয় গোড়ামি এবং যুক্তির মধ্যে বিরোধের কথা আমরা পূর্বে উল্লেখ করেছি। চতুর্দশ শতাব্দীতে পোপের ক্ষমতা ক্রত হ্রাস পাওয়ার ফলে স্বাধীন চিন্তার স্থযোগ অনেকটা বুদ্ধি পায়। ফরাদী এবং ইতালিয়ানরা ছুই প্রতিম্বন্ধী পোপ খাড়া করে; পঞ্চদশ শতকের স্থচনায় আরেকদল চার্চকর্মচারী সাধারণ সভা ডেকে তৃতীয় আরেকজন পোপ নির্বাচন করে। ফলে পোপ পদের সম্মান এবং প্রতিপত্তি কিছুকালের মত অত্যন্ত কমে যায়। ইতিমধ্যে বাকদের ব্যবহার স্থক হওয়াতে দূর্গনির্ভর দামস্ত-সমাজ ক্রমে চুর্বল হয়ে পড়ে; এবং সামস্তদের দমন করতে গিয়ে রাজশক্তি জনসাধারণের এবং বিশেষ করে ব্যবসায়ী-সম্প্রদায়ের আহুগত্য অর্জনে উত্যোগী হয়ে ওঠে। রোমান দাম্রাজ্যের পতনের পর ইয়োরোপ থেকে ব্যবদাবাণিজ্য একরকম প্রায় লোপ পেয়েছিল। মধ্য যুগের শেষভাগ থেকে আবার বণিক সম্প্রদায় সক্রিয় হয়ে উঠতে স্থক্ক করে। ধাতুবিতা এবং খনিবিতার লক্ষণীয় উন্নতি ঘটে। বাজারে বাজারে বিবিধ পণ্যদ্রব্যের আমদানী স্থক হয়। একদিকে ব্যাঙ্কিং-এর ক্রত প্রসার ঘটে এবং অক্তদিকে নৌবহর গড়ে ওঠায় সমুদ্রপথে চলাচল বাড়তে পাকে। বাজারের চার ধারে শহর এবং বাণিজ্যের প্রয়োজনে বন্দরের সংখ্যা বৃদ্ধি পায়। ব্যবসাবাণিজ্যের জন্ম ব্যক্তিগত উল্লোগ, চলাচলের স্বাধীনতা এবং জগৎসম্পর্কে নির্ভরযোগ্য জ্ঞান অবশ্য প্রয়োজনীয়। ফলে এই নৃতন ব্যবসায়ী সম্প্রদায় জ্ঞানচর্চা, উদ্ভাবনা এবং গতিশীল মনোভাবের সমর্থক হয়ে ওঠে।

পঞ্চদশ শতাব্দীর শেষ দশকে কলম্বস ১৫৯২ খৃদ্যাব্দে অপ্রত্যাশিত ভাবে আমেরিকা মহাদেশ আবিদ্ধার করেন। কয়েকবছর পরে ১৫৯৭ খৃদ্যাব্দে ভাস্কোডাগামা সম্দ্রপথে ভারতবর্ধে পৌছন। ষোড়শ শতাব্দীতে মার্কিনের সোনারূপো আর ভারতীয় পণ্যদ্রব্যের প্রচুর আমদানীর ফলে ইয়োরোপের আর্থিক ব্যবস্থায় বিপ্লব আরম্ভ হয়। (Abbot, Expansion of Europe)।

আমরা ইতিপূর্বে লক্ষ্য করেছি যে আরবদের কল্যাণে মধ্যযুগের শেষভাগে প্রাচীন গ্রীক সংস্কৃতি বিষয়ে ইয়োরোপের মনীষীরা সচেতন হয়ে উঠছিলেন। কিন্তু ত্রীক শিল্প-দাহিত্য-দর্শন বিষয়ে ইয়োরোপে ব্যাপক চর্চা স্থক হয় পনের শতকের মধ্যভাগ থেকে। ১৫০২ খুদ্দান্দে অটোমান তুর্ক-রা কল ট্যান্টিনোপ ল দখল করে। দেখানকার গ্রীকভাষাবিদ্ অধ্যাপকেরা দলে मरल পालिएय এ**रम ই**য়োরোপের বিভিন্ন শহরে অধ্যাপনা আরম্ভ করেন। এঁরা বিস্তর প্রাচীন গ্রীক পুঁথিপত্র সঙ্গে এনেছিলেন। ফলে গ্রীক ঐতিহ নিয়ে ইয়োরোপে বিস্তারিত আলোচনা হতে থাকে এবং হেলেনিক ও রোমান সংস্কৃতির নানা বিস্তৃত উপাদান পুনরাবিদ্ধৃত হয়। একা কার্ডিকাল বেসারিয়ন নাকি কন্ট্যান্টিনোপল থেকে আটশ-র বেশী গ্রীক পুঁথি এনেছিলেন। (H, A. L. Fisher, A History of Europe, পৃ: ६৫ •)। গ্রীকরা ব্যক্তির স্বাধীনতা এবং বহুমুখী বিকাশকে অত্যন্ত মূল্য দিত; মাহুষের মন এবং বিশ্বজ্ঞগৎ সম্বন্ধে তাদের কোতৃহলের অবধি ছিলনা; তাছাড়া নির্ভরযোগ্য জ্ঞানের উপায় হিদেবে যুক্তি, তথ্য-সংগ্রহ এবং পরীক্ষানিরীক্ষার উপরে তাদের গভীর আন্থা ছিল। হেলেনিক ঐতিছের পুনরাবিদ্বারের ফলে খৃদ্ধর্মের জীবনবিমূথ, নিগ্রহশীল এবং আজ্ঞাবহ জীবনদর্শনের বিরুদ্ধে পশ্চিমী ভাবুকদের বিদ্রোহ প্রবলতর হয়ে ওঠে। এই বিদ্রোহ সাহিত্য-দর্শন-শিল্পকলার ভিতর দিয়ে নানাভাবে প্রকাশ পায়।

মধ্যযুগে জ্ঞান আবদ্ধ ছিল পুঁথির পাতায় এবং কাগজ ও ছাপাথানার অভাবে থ্ব সামান্ত সংখ্যক লোকই সে সব পুঁথি পড়ার স্থযোগ পেত। কাগজ তৈরী করার প্রক্রিয়া প্রথম সম্ভবত চীনের অধিবাদীরাই উদ্ভাবন করে। তাদের কাছ থেকে এ বিভা শেথে আরব-রা। তারা আবার ইয়েরোপে এ শিল্পের প্রবর্তন করে। তেরো শতকে ইয়োরোপে কাগজ তৈরী স্কর্জ হয়; পরের ছই শতকে তার ব্যাপক ব্যবহার সম্ভবপর হয়ে ওঠে। W. H. McNeil, History Handbook of Western Civilization, পৃঃ ৩০৫)। সীন এবং আরবের কাছে ইয়োরোপ মুল্রণশিল্পেও শিক্ষা গ্রহণ করে। (T. F.

Carter, The Invention of Printing in China and its spread Westward)। পনের শতকের মধ্যভাগে মাইন্ৎজ্ শহরে জন গুটেনবার্গ অক্ষর নির্মাণ করে বই ছাপানো স্কুক করেন। তাঁর ছাপাথানা থেকে ১৯৯২ গৃন্টাব্দে যে বাইবেল প্রকাশিত হয় সেটিই ইয়োরোপের প্রথম মৃদ্রিত গ্রন্থ। ধাতুর তৈরী হরফ বানিয়ে বই ছাপার প্রচলন হয় ইতালিতে ১৯৯২ গৃন্টাব্দে, পারীতে ১৯৯২ গৃন্টাব্দে, লগুনে ১৯৯২ গৃন্টাব্দে, স্টক্হল্ম্-এ ১৯৯২ গৃন্টাব্দে এবং মাদ্রিদে ১৯৯২ গৃন্টাব্দে ভেনিসের বিখ্যাত আল্ডাইন্ প্রেস থেকে স্কুবভাবে ছাপানো এবং বাঁধানো বহু ক্লাসিক গ্রন্থের যেসব সংস্করণ পনের শতকের শেষ ভাগে প্রকাশিত হয়েছিল আজাে তাদের দেখলে বিশ্বয় লাগে। ফিশার সাহেবের হিসেব অনুসারে পনের শতকের স্চনায় যেখানে ইয়োরোপে মোট পুঁথির সংখ্যা ছিল কয়েক সহস্র মাত্র, ঐ শতকের শেষভাগে সেখানে প্রায় নবাই লক্ষ মৃদ্রিত কপির আবির্ভাব ঘটে।

পনের শতকে ছাপাথানার এবং কাগজের প্রচলন হওয়ার ফলে জ্ঞানের চর্চা মৃষ্টিমেয় লোকের মধ্যে আবদ্ধ না থেকে ক্রুত ছড়িয়ে পড়ার স্থযোগ পায়। পূর্বে চার্চের দেবায় নিজেকে উৎদর্গ না করলে বিভার্জনের কোনো সম্ভাবনা ছিল না। এখন চার্চের কর্মচারী ছাড়াও বহু ব্যক্তি স্বাধীনভাবে লেখাপড়ায় উছোগী হয়ে ওঠে। নুভন যে দব ভাবনা-চিন্তা গড়ে উঠছিল, ছাপানো বইয়ের মারফৎ সমাজের উপরে তাদের প্রভাব জ্রুত বেডে চলে। ইয়োরোপের যে সাংস্কৃতিক রূপান্তর প্রথমে অল্প কয়েকজন প্রতিভাবান ব্যক্তির মনে স্থচিত হয়েছিল অতঃপর তার সামাজিক স্বীকৃতি সম্ভবণর হয়ে ওঠে। ("The importance of printing and paper-making was very great. Books became relatively cheap, learning became accessible to a much wider circle of the population than could be the case when a single hand-copied volume cost as much as a peasant's farm. The gap between intellectual leaders and the population at large could be narrowed and the rate of diffiusion of new ideas and teachings could be correspondingly increased." McNeill, े)।

এইদব ঘটনার সমাবেশের ফল ইয়োরোপের সাংস্কৃতিক পুনর্জন্ম বা বনেসাঁস। মিশেলের ভাষায় রনেসাঁসের ভিতর দিয়ে ইয়োরোপ একদিকে

বিশ্বজগণকে এবং অন্তাদিকে মানবপ্রকৃতিকে আবিষ্কার করে। (Michelet, History of France)। এই আবিষ্কার কোনো এক বিশেষ মুহুর্তে বিশেষ ব্যক্তির দ্বারা হয়নি। কয়েক শতান্দী ধরে অনেক বিখ্যাত এবং স্বন্ধখ্যাত মাহুষের আত্মবিকাশের ভিতব দিয়ে ইয়োরোপীয় মানসের এই বিস্ময়কর পুনকজীবন ঘটে। আমরা আগে লক্ষ্য করেছি যে মধ্যযুগের শেষভাগ থেকেই অন্ধবিশ্বাদের তামদিক প্রভাব কাটিয়ে জিজ্ঞাস্থ যুক্তিশীলতাকে প্রতিষ্ঠিত করার কিছু কিছু প্রয়াস চোথে পড়ে। তবে অধিকাংশ ঐতিহাসিক মনে করেন যে চতুর্দশ শতকের মধ্যভাগ থেকে ইয়োরোপের নবজাগরণের চিহ্ন স্থপবিস্ফুট হয়ে ওঠে। প্রথমে ইতালিতে এবং তারপর জার্মানী ও উত্তর ইয়োরোপে, ফ্রান্সে ও স্পেনে, এবং পরিশেষে ষোড়শ শতান্দীর শেষ ভাগে এবং দপ্তদশ শতান্দীর প্রথমার্ধে ইংলণ্ডে নৈস্গিক বৈচিত্র্য এবং প্রবলতার সঙ্গে রনেসাঁগী জীবনবোধ আপনাকে প্রকটিত করে। পেত্রাককে (১৬০৪-১৩৪৪) সাধারণত বনেসাঁসের প্রথম প্রবক্তা বলা হয়ে থাকে। তার আবিভাবের সময় থেকে পরবতী যে তিনশ বছরের মধ্যে ইয়োরোপীয় দংস্কৃতির আমূল পরিবর্তন ঘটেছিল, তাকেই অধিকাংশ ঐতিহাসিক রনেস।সের যুগ বলে থাকেন।

বিজ্ঞানের ক্ষেত্রে কোপারনিক্স টাইকো ব্রাহে কেপলার (১৫৭১-১৬৩০), এবং গ্যালিলিও

—বনেসাঁদের এইদব অদামান্ত প্রতিভাবান পুরুষ এবং তাঁদের দমদাময়িক আবো অনেকের দাধনার ফলে ইয়োরোপে মধ্যযুগের অবদান ঘটিয়ে আধুনিক সভ্যতার গোড়া পত্তন হয়।

[রনেসাঁদ সম্পর্কে কৌত্হলী পাঠক-পাঠিকা উল্লিখিত বইগুলি ছাড়াও নিম্নলিখিত বই কথানি পড়ে দেখতে পারেন: H. Blanchard, Prose and Poetry of the Continental Renaissance in translation; John A. Symonds Renaissance in Italy, 7 vols; Trenchard Cox, The Renaissance in Europe; E. Cassirer, Individual and Cosmos in the Philosophy of the Renaissance]

। ভিন ।

চোদ্দ শতক থেকে সতের শতকের স্চনার মধ্যে ইয়োরোপের জীবনে যে ঐতিহাসিক পরিবর্তন ঘটেছিল তার মূল কথাটি কি ? পরিবর্তন ত শুধু একদিকে ঘটে নি। সাহিত্যে বলুন, চিত্রে বলুন, নীতি-স্থায়, আইনকালন, সমাজ্ঞসংগঠনে বলুন, মান্থবের সঙ্গে মান্থয় এবং মান্থবের সঙ্গে জগতের যে বিচিত্র সম্পর্ক তার যে-কোনো দিকেই বলুন, সব ক্ষেত্রেই এই আড়াইশ, পোনে তিনশ' বছরের মধ্যে আশ্চর্য রকমের রূপান্তর চোথে পডে। এই বহুমুখী রদবদলের মধ্যে এমনকি কোন ঐক্য আছে যা অসংখ্য ঘটনাকে একটি সমগ্র ধারার মধ্যে সন্নিবিষ্ট করেছে ? আমার ধারণা, ইয়োরোপের এই তিনশ' বছরের ইতিহাসের কেন্দ্রে এমনি একটি স্ব্রে অতি স্থাপ্টভাবে বর্তমান এবং আমরা যাকে আধুনিক সভ্যতা বলি এই স্ব্রে তারই মুখ্য ধারক। সেই স্ব্রের ইংরেজী নাম হিউম্যানিজ্ম্। বাংলায় একে মানবতন্ত্র বলা যেতে পারে।

নামেই প্রকাশ মানবতন্ত্রের মৃথ্য উপজীব্য স্বয়ং মার্ষ। ব্রহ্ম, ঈশ্বর, দেবদেবী, ভূতপ্রেত কি ঐ-জাতীয় অতিমানবিক কল্পনা নয়; আপনি, আমি এবং আবাে কোটি কোটি প্রত্যক্ষ, প্রাতিস্থিক, বাস্তব নরনারীকে নিয়েই মানবতন্ত্রের যা কিছু ভাবনাচিন্তা। মানবতন্ত্রী দৃষ্টির যে-বৈশিষ্ট্য প্রথমেই চোথে পড়ে তা হল, এ দৃষ্টি শষ্ট করেই আধ্যাত্মিকতাম্ক্ত। এ সংসারে সত্য, মিথাা,

ভালোমন্দ, স্থন্দর-অস্থন্দর, দব কিছুরই বিচারক এবং মানদণ্ড মাম্য নিজে। তার জন্ম কোনো মানবোত্তর-কল্পনার একেবারেই প্রয়োজন নেই। আদলে দিখর, দেবদেবী, স্বর্গনরক বা ঐ-জাতীয় বিচিত্র কল্পনা মাহ্যেরই মস্তিজ্ঞাত। গ্রীক দার্শনিক প্রোটাগোরদের সেই যে বিখ্যাত উক্তি—মাহ্য স্বকিছুর মাপকাঠি—মানবতন্ত্রের এটি অন্যতম মূল প্রত্যয়।

একথা থেকে অবশ্য দিদ্ধান্ত করা দঙ্গত হবে না যে রনেসাঁদের মানবভষ্টীরা সকলে নাস্তিক ছিলেন। তাঁদের মধ্যে অনেকে প্রত্যক্ষভাবে ঈশ্বর এবং ধর্মবিশ্বাদ ত্যাগ করেন নি। কিন্তু দঙ্গে দঙ্গে একথা অনস্বীকার্য যে তাঁদের ভাবনা-চিন্তা মুখ্যত ঐহিক বিষয় নিয়ে ব্যাপ্ত ছিল, এবং হতই তাঁদের আন্দোলন স্পষ্টতা অৰ্জন করতে থাকে ততই তাতে ধর্ম এবং চার্চের প্রভাব কমে আদে। ঐতিহানিক বৃক্হার্ট নিজে ধার্মিক ব্যক্তি হয়েও দিদ্ধান্তে পৌচেছেন যে বনেসাঁসের চিস্তানায়করা পাপ, প্রায়শ্চিত্ত, পরিত্রাণ, স্বর্গ, ইত্যাদি আধ্যাত্মিক তত্ত্ব নিয়ে মাথা ঘামাননি, মর্তালোকে মাহুষের জীবন নিয়েই তাঁরা কৌতুহলী বুৰ্কহাটের কথায়: These intellectual giants, these ছিলেন। representatives of the Renaissance, show, in respect to religion, a quality which is common in youthful nature. Distinguishing keenly between good and evil, they yet are conscious of no sin. Every disturbance of their inward harmony they feel themselves able to make good out of the plastic resources of their own nature, and therefore they feel no repentance. The need for salvation then becomes felt more and more deemly... The worldliness, through which the Renaissance seems to offer so striking a contrast to the Middle Ages, owed its first origin to the flood of new thoughts, purposes and views, which transformed the medieval conception of nature and man." (J. Burckhardt. The Civilisation of the Renaissance in Italy, পৃ: ৩০৩-৪)। ঐ গ্রন্থের অন্তর্ত্ত তিনি বলেছেন যে, রনেসাঁদী মানবতম্ব "was in fact pagan, and became more and more so as its sphere widened in the fifteenth century." (এ, পৃ: ৩০০)। অধ্যাপক ফার্ডিক্সাণ্ড শেভিলের মতে "unconsciously at first, and with gradually awakening consciousness men, turned from the medieval absorption in the problem of salvation, which tended to withdraw them from life and make them otherworldly, to the task of making themselves more fully at home on a friendly earth". (F. Schevill, The Frest Century of Italian Humanism, ভূমিকা, পৃ: ৫)। বর্তমান তকে যিনি রনেসাঁবের ওপরে সম্ভবত স্বচাইতে বেশী আলোকপাত করেছেন সেই কমিরার সাহেবের মিন্ধান্ত হল: "The man of the Renaissance possesses definite characteristic properties which clearly distinguish him from 'the man of the middle ages'. He is characterised by his joy in the senses, his turning to nature, his roots in the world, his self-containedness for the world of form, his individualism, his paganism, his amoralism." (The Philosophy of Ernst Cassirer, edited by P. A. Schilpp, পৃ: ১২০)।

মানবতন্ত্রীর বিচারে মান্তব শুধু সবকিছুর মাপকাঠি নয়, মান্তবই মন্ত্রাত্বের একমাত্র উৎস। কথাটা আপাতদৃষ্টিতে পুনকুক্তি মনে হতে পারে. কিন্তু আজো পৃথিবীর অধিকাংশ মান্তবের দৃষ্টিভঙ্গী যে সব মৃঢ় বিশ্বাসের ছারা আচ্ছর সেগুলিকে স্মরণ করলে এ প্রস্তাবের অভিনবত্ব এবং যাথার্থ্য স্থান্তম্বম করা কঠিন হবে না। এদেশে আমাদের পিতামহ, প্রপিতামহেরা নিজেরা শিথে এসেছিলেন এবং তাদের পুত্র প্রপৌত্রগণ আমাদের এতাবৎ শিথিয়ে এসেছেন যে মন্ত্র্যুত্ত্বর উৎস আসলে মান্তব নয়, তার মধ্যে পরমাত্রার যে ভগ্নাংশ জীবাত্রা রূপে বর্তমান তিনিই নাকি মন্ত্র্যুত্ত্বর মৃলাধার। গোঁড়া ক্রিশ্চানরা অনেকে এটুকুও স্থীকার করেন না। কেননা, তাদের মতে মন্ত্র্যুত্ত্বর মধ্যে ভাল বলে কিছুই নেই। মান্তবের অন্তিত্ব আদিম পাপের ছারা চিহ্নিত, আর ঈশ্বরের অন্তগ্রহ ছাড়া সে পাপ থেকে আমাদের পরিত্রাণ অসম্ভব। মান্তবের যা কিছুগুণ তা যে মান্তবের নিজের অন্তিত্ব থেকেই পাওয়া এবং সে অন্তিত্ব যে একান্তভাবে পার্থিব, প্রাক্মানবতন্ত্রী মন মন্ত্র্যুত্বের এই স্বর্রপটি হান্যুঙ্গম করতে একেবারেই অসমর্থ। রনেসাঁসের মনীনীরা প্রথম স্পষ্টভাবে ঘোষণা করলেন যে মান্তবের বিচিত্র সন্তাবানাস্থির নাম মন্ত্রযুত্ব

আর দে সম্ভাবনার হেতুনির্ণয়ের জন্ম মানব অতিরিক্ত কোনো কলনার প্রয়োজন নেই।

মনুষ্য যদি মানুষেরই অন্তর্নিহিত সম্ভাবনাসমন্তির অপর নাম, তবে মাহুষের বিকাশের জন্ম কোনো অতিমানবিক শক্তির কল্পনা স্পষ্টতই অবান্তর। মাহুষ নিজেই নিজের ভাগাবিধাতা; তার ভাগা রচনা করার ক্ষমতা তার নিজের মধ্যেই নিহিত আছে। রনেসাঁদের মানবতন্ত্রীদের মধ্যে যাঁরা পুরোপুরি অধ্যাত্মপ্রত্যয়ের প্রভাব এড়াতে পারেন নি, এমনকি তাঁরাও মাহুষের এই বৈশিষ্ট্যের উপরে জোর দিয়েছেন। পিকো দেলা মিরান্দোলা তাই তাঁর "মাহুষের মহত্ত বিষয়ক নিবন্ধে" নিথেছেন—"ঈশ্বর আদমকে বললেন, দেখ তোমাকে আমি মৃক্ত জীব হিসেবে সৃষ্টি করেছি। আমার অন্য কোনো সৃষ্টির মধ্যে বিকাশ নেই। কিন্তু তুমি নিজের স্বাধীন ইচ্ছা প্রয়োগ করে নিজেকে যেভাবে খুশি বিকশিত করতে পার। শুরু তোমার মধ্যেই বৈশ্বিক জীবনের বীজ উপ্তঃ আছে।" (Pico della Mirandola, Discourse on the Dignity of Man। রনেসাঁসের আরেকজন মহৎ মানবতন্ত্রী আলবর্তি লিথেছেন: "মাহুষ যদি ইচ্ছে করে তবে দবকিছুই সে করতে পারে।" জ্যোভানি ভিলানির মতে "কোনো গ্রহনক্ষত্র বা দৈবশক্তি মাহুষের স্বাধীন ইচ্ছাকে দ্বিত করতে পারে না"

অর্থাৎ মান্ত্র কারো হাতের যন্ত্র নয়, সে নিজেই যন্ত্রী। সে কোনো অতিমানবিক উদ্দেশ্যবাধনের উপাদান নয়, তার নিজের অস্তিত্ব এবং বিকাশের প্রয়োজনেই সে নানা উদ্দেশ্য কল্পনা করে এবং সেই দিকে আপনাকে চালিত করে। প্রতি মান্ত্রের মধ্যে অফুরস্ত সন্তাবনা বর্তমান; মান্ত্র নিজের চেষ্টায় সেই সব সন্তাবনাকে সার্থক করে তোলে। এইভাবে মান্ত্র নিজেকে নিজে বারবার সৃষ্টি করে, তার অপর কোনো স্বান্ত্রকর্তার প্রয়োজন নেই। মান্ত্রের ইতিহাস আসলে তার এই নিরস্তর সৃষ্টি-প্রচেষ্টার ইতিহাস। মান্ত্রের সন্ত্রতা-সংস্কৃতি এই প্রচেষ্টারই প্রকাশ মাত্র।

মাহ্র যে নিজের ভাগ্য নিজেই নির্ণয় করতে পারে তার প্রধান কারণ হৃটি।
একটি হল তার বৃদ্ধি, আর অন্তটি হল তার মৃক্তি স্পৃহা। এ হুটিই তার
অন্তিষ্ণত বৃত্তি। অন্ত জীবজন্তরও এ হুটি সামর্থ্য আছে। কিন্তু মাহুবের
ক্ষেত্রে দেহ এবং বিশেষ করে মস্তিষ্কের আশ্চর্য বিবর্তনের ফলে এইন্তি হুটি
অসামান্ত সম্ভাবনার আকর রূপে দেখা দিয়েছে। মাহুবের ক্ষেত্রে বৃদ্ধির প্রকাশ

বহুম্থী। বৃদ্ধির দ্বারা মানুষ বিশ্বপ্রকৃতির অন্তর্নিহিত কার্যকারণ স্ত্ত্রের অন্থাবন করতে পারে, এবং দেই জ্ঞানের সাহায্যে বিশ্বপ্রকৃতিকে নিজের নানা উদ্দেশ্য সাধনের কাজে লাগায়। বৃদ্ধি মানুষকে সত্যাহেষী করে, তার বিক্ষিপ্ত, খণ্ড খণ্ড, জঙ্গম অভিজ্ঞতাকে চিন্তা বা ভাবের মধ্যে স্থায়ী রূপ দেয়, তার ধারণায় ব্যাপকতা, স্পষ্টতা এবং যাথার্থ্য মানে। মানুষ অত্যন্ত অনুভূতিশীল বলে তার জীবনে বহুম্থীনতা, জটিলতা, প.বিবর্তনশীলতা এবং দুদ্দ অন্য প্রাণীর তুলনায় অনেক বেশী প্রবল। বৃদ্ধি বহুত্বের মধ্যে ঐক্য আনে, দুদ্দের মধ্যে দোষম্য ঘটায়, পরিবর্তনকে স্থিতিস্থাপক করে তোলে। এক কথায়, বৃদ্ধি ব্যক্তি-অন্তিত্বে সমগ্রতা সম্পাদন করে। শুরু তাই নয়, বৃদ্ধির ভিত্তিতে মানুষে মানুষে ভাবনার লেনদেন সম্ভব হয়, বিচিত্ররূপে সামান্ধিক সহযোগিতা গড়ে ওঠে। এবং বৃদ্ধির বিকাশের ফলে মানুষ ভাষা, যন্ত্র রীতিনীতি প্রয়োগপদ্ধিতি ইত্যাদির উদ্ভাবন করে নিজের অন্থনিহিত অফুরন্ত সম্ভাবনাকে নানাভাবে সার্থক করতে পারে।

আর এই বিচিত্র সন্তাবনাকে দার্থক করারই অপর নাম মৃক্তি। আমাদের দেশের আধ্যাত্মিক আবহাওয়ায় মৃক্তি কথাটা এমন এক অভ্তত অর্থ নিয়েছে যে মানবতন্ত্রী চিন্তার ব্যাখ্যায় শব্দটি প্রয়োগ করতে সঙ্কোচ বোধ হয়। আমরা এদেশে মৃক্তি বলতে বুঝি দেহের বন্ধন এবং বিশ্বপ্রকৃতির সম্পর্ক ছিন্ন করে আত্মার 'মহাপ্রয়াণ'। অর্থাৎ জীবদেহ আমাদের কাম্যা নয়, কোনো রক্ষে এ দেহ ত্যাগ করে ব্রঙ্গে বিলীন হতে পারলেই আমাদের মোক্ষ। যে দেশে বেঁচে থাকার মধ্যে কোনো স্থু নেই, সম্ভোগ নেই, বিকাশও নেই, যে দেশে বাঁচাটা প্রায় কোনোক্রমে টিঁকে থাকার সামিল, সেখানে এধরণের বিক্বতবৃদ্ধি তত্ত্বকথায় কারো তেমন অবাক ঠেকে না। মধ্যযুগে ইয়োরোপের মাত্র্যও তাই বিকাশের চাইতে "উদ্ধার লাভের" জন্ম বেশী ব্যাকুল ছিল। কিন্তু মানবভয়ের সাধনা মরে বাঁচার সাধনা নয়। মানবতন্ত্রী মৃক্তি বলতে বোঝেন ব্যক্তির স্বচেষ্টাপ্রস্ত বিচিত্র বিকাশ। প্রতি মানুষের মধ্যে অফুরন্ত সন্তাবনা নিহিত রয়েছে। সেই সম্ভাবনাকে রূপায়িত করতে হলে একদিকে ব্যক্তির দেহমনের ক্ষমতা বাডাতে হবে, অন্তদিকে পরিবেশের বাধাগুলিকে অপসারিত করতে হবে। এই ক্ষমতা বাড়ানোর জন্ম বুদ্ধিকে মাজিত করা দরকার, অহুভূতিকে স্ক্ষতর করা দরকার, অঙ্গপ্রত্যঙ্গকে সক্রিয় করা দ্রকার, সম্ভোগের দ্বারা দেহ এবং মনকে সরস ও ও সতেজ রাথা দরকার, আর সবচাইতে দরকার ব্যক্তি-অস্তিত্বে স্থম সমগ্রতা অর্জন করা। যে প্রক্রিয়ার দ্বারা দেহমনের এই বিকাশ ঘটে মানবতন্ত্রী তাকেই যথার্থ শিক্ষা বলে মনে করেন। অপরপক্ষে পরিবেশের বাধা অপসারিত করার জন্ম চাই বিজ্ঞান—পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, সমাজবিজ্ঞান—এবং ক্রমোন্নতিশীল যন্ত্র, রীতিনীতি, প্রযুক্তিবিতা ইত্যাদির সাহায্যে জ্ঞানের প্রয়োগ। নিজেকে অনুশীলিত করে এবং পতিবেশকে বশে এনে মানুষ বিকাশের দিগন্তকে প্রসারিত করে।

উপরোক্ত ব্যাখ্যা থেকে পাঠক নিশ্চয়ই অনুমান করে থাকবেন যে মানবভন্তী দৃষ্টিতে বৃদ্ধির চর্চা এবং মৃক্তির সাধন। পরস্পরের সঙ্গে অবিচ্ছেন্ত ভাবে জড়িত। বৃদ্ধি ছাড়া ব্যক্তির বিকাশ অসম্ভব এবং ব্যক্তির বিকাশ লা ঘটলে বৃদ্ধি ক্রমেই জড়ত্ব লাভ করে। সত্যসন্ধিৎসা মৃক্তিপ্রয়াসকে সার্থক হতে সাহায্য করে, আবার মৃক্তিপ্রয়াস জিজ্ঞাসাকে অবসন্ন হতে দেয় না। অপরপক্ষে বৃদ্ধিবিম্থ মন স্বতঃই আত্মবিলোপে সার্থকতা থোঁজে, আর দাশুভাবের সাধকরা যে অতি স্বত্বে স্ব রক্ষে প্রশ্নশিলতাকে এড়িয়ে চলেন ধর্মচর্চার ইতিহাসে তার ভূরি ভূরি প্রমাণ মিলবে। মানবতন্ত্রের নায়ক দাস নয়, সে কর্তা। অন্নশীলিত বৃদ্ধির ত্বারা সে এই নিয়মনিয়ত্রিত জগতকে তার স্বীয় বিকাশের উপাদানে পরিণত করতে উত্যোগী। মানবতন্ত্রী দর্শনে জ্ঞান এবং ইচ্ছাশক্তি, ক্লাসিক কার্যকারণবোধ এবং রোমান্টিক স্পষ্টপ্রেরণা পরস্পরের বিরোধী নয়, তারা পরস্পরের সম্প্রক। মানুষ একাধারে ধীমান এবং মৃক্তিকামী বলেই সেইতিহাসের নায়ক।

তবে ইতিহাসের নায়ক বলে মানুষ ব্রহ্ম নয়। মানুষের অস্তিত্ব দেহের দারা দীমায়িত। স্থতরাং যে দর্বগ্রাদী ব্যাপকতা ব্রহ্ম নামক কল্পনায় আরোপ করা হয় তা কথনো ব্যক্তি-অস্তিত্বের গুণ হতে পারে না। ফলে মানুষের বিকাশসাধনায় এমন কোন স্তর্ব নেই যাকে চরম বলে মানা যেতে পারে। মানুষ নানারপে নানাভাবে নিজেকে বিকশিত করছে, কিন্তু তার কোনো রূপটিই এমন নয় যার মধ্যে বিশ্বপ্রকৃতির দব সন্থাবনা একদেহে আকার লাভ করেছে। ব্রহ্ম এমনি কল্পনা যার কোনো দেহাশ্রিত বাস্তবীকরণ অসম্ভব। ব্রহ্ম অর্জন তাই মানুষের সাধনা নয়। তার সাধনা নিজের অস্তর্নিহিত বহুম্থী সম্ভাবনাকে নানারূপে বিকশিত করা। রনেসাঁসী সাহিত্যে তাই ব্যক্তির বিকাশ প্রসঙ্গের একক মানুষ (uomo singolare), অনুয়া মানুষ (uomo unico) এবং বৈশ্বিক মানুষ (uomo universale) এর উল্লেখ পাওয়া

যায়। প্রথমে ব্যক্তি নিজেকে গোষ্ঠী থেকে স্বতন্ত্র করে দেখতে শেখে; তারপর ক্রমে নে তার স্বকীয় ব্যক্তিত্ব ফুটিয়ে তোলে; এবং পরিশেষে এই বিকাশের পথে সে বৈশ্বিকতা অর্জন করে। মানবতন্ত্রের আদর্শ ব্রহ্ম নয়, তার আদর্শ।' l'uomo universale বা এই বৈশ্বিক মানব।

ব্রহ্মত্বে মানবতন্ত্রীয় এই অনাস্থা বৃদ্ধির পরিশীলনের ক্ষেত্রে আরো স্কম্পষ্ট। মারুষের জ্ঞান অভিজ্ঞতানির্ভর, এবং যেহেতু কোনো অভিজ্ঞতা বা অভিজ্ঞতা-সমষ্টি বিশ্বপ্রকৃতির স্থানকালবিস্তত দীমাহীন সমগ্রতাকে আত্মস্থ করতে পারে না, দে কারণে জগৎ সম্বন্ধে সব ধারণাই অসম্পূর্ণ। স্থতরাং ভ্রন্ধজ্ঞান নির্প কল্পনা মাত্র। কোনো জ্ঞান সম্বন্ধেই একথা বলা চলে না যে এটি সম্পূর্ণ সত্য, এর পরে আর কিছু বলবার নেই। ইন্দ্রিয়গ্রামের স্ক্ষ্মতাসাধনের ফলে, বিচিত্র এবং বহুমুখী অভিজ্ঞতারাশির সনিবেশের ফলে, এভিজ্ঞতাসনিবেশের পদ্ধতিগুলি মার্জিত হওয়ার ফলে, মান্তবের জ্ঞান ক্রমেই অধিকতর যাথার্থা অর্জন করে। মানুষের প্রতিটি ধারণাই প্রশ্নসহ; এবং এই প্রশ্নীলতাই অধিকতর যাথার্থ্য অর্জনের একমাত্র পন্থা। স্বতরাং যাঁরা যোগাভাাস কি অবতারতত্ত্ব কি ঐশী প্রেরণার দাফাই গেয়ে নিজেদের ভ্রমজ্ঞ বলে দাবী করেন, তাঁদের দঙ্গে মানবভন্ত্রী বৃদ্ধির কোনো রফা মন্তব নয়। এই অর্থে মানবভন্ত্রী নিয়ত সংশয়বাদী। কোনো বাণী, তা সে বেদ বাইবেল কোৱান বা গীতাতেই থাক, কি পোপ পুরোহিতের মুখ থেকে উচ্চারিত হোক, কি স্বৈরাচারী শাসনকর্তার সিংহাদন থেকে নেমে আম্বক, মানবভন্ত্রী তাকে আপ্রবাক্য বলে মানতে নারাজ। মানবভন্তীর সত্যান্ত্রেষণ কোনো সিদ্ধান্তে পৌছে স্তব্ধ হতে পারে না; দিদ্ধান্তে পৌঁছেও যাথার্থ্যের প্রয়োজনে সে দিদ্ধান্ত বদুলাবার জন্ম তার মন সব সময়েই প্রস্তত। লেওনার্দোর নোট-বইতে, এরাজ্মুদের বিভিন্ন নিবন্ধে এবং দ্বচাইতে স্কুপ্টভাবে মুঁতাইয়ুঁ-র প্রবন্ধারলীতে রনেসাঁসী উন্মুক্তবুদ্ধির পরিচয় পাওয়া যায়। এই উন্মুক্ততার ফলে এঁদের মন সব রকম গোঁড়ামী, দম্বীর্ণতা এবং অদহনশীলতা থেকে মুক্তিলাভ করেছিল। রনেসাঁসের যুগে এবং তারপরে দর্শন ও বিজ্ঞানের যে জ্রুতবিকাশ ঘটে, এই উনুক্ত সত্যসন্ধিৎসাই তার মূল উৎস। এই উনুক্ত নিরাসক্ত জিজ্ঞাসাবৃত্তি না থাকলে মাহুষ স্বাধীনতার সাধক হতে পারত না। সেক্ষেত্রে মাহুষের ইতিহাস পর্যবিদত হত বুদ্ধির-চোথে-ঠুলি-আঁটা, অভ্যাদের-জোয়ালটানা, আপ্তবাণীর-জাবরকাটা, স্মৃতিহীন, আনন্দহীন, অর্থহীন দিনগুজরানিতে।

পূর্বোক্ত দার্শনিক প্রস্তাবগুলিকে অবলম্বন করে মানবতন্ত্রী নীতিচিন্তা গড়ে উঠেছে। নীতিচিন্তা বলতে আমাদের মনে যে সব আধ্যাত্মিক তেতো ওয়ুধের স্মৃতি ভেদে ওঠে, মানবতন্ত্রী নীতিচিন্তার দঙ্গে তার কোন সম্বন্ধ নেই। মাহ্র্যকে ব্যাধিগ্রস্ত জীব হিদেবে কল্পনা করে নিয়ে তার জন্ম মোহ্ম্দারের দাওয়াই বাতলানোকে যারা নীতিচিন্তা মনে করেন, তারা র্থাই মানবতন্ত্রে নৈতিকতার হদিশ খুঁজবেন। মানবতন্ত্রের দৃষ্টিতে মাহ্র্য মাত্রই অসীম সন্তাবনার আকর, আর সেই সন্তাবনারাশিকে কি ভাবে সার্থক করা যায়, মানবতন্ত্রী নীতিচিন্তার এটিই একমাত্র আলোচ্য।

প্রতি মান্ন্রই যথন অসীম দন্তাবনার আকর, তথন মান্ন্র্যাত্রই অম্লা। হরিপদ কেরানী অবশ্য আকবর বাদশা নয়, কিন্তু দঙ্গে এ কথাও দত্য যে হরিপদ কেরানীর অভাব আকবর বাদশার দ্বারা পূরণ করা যায় না। হরিপদ হরিপদ বলেই সে অদিতীয়; অপর কোনো কিছুকেই—তা দে যত মহৎ, যত ম্লাবানই হোক না কেন—তার এই প্রাতিম্বিক অন্তিম্বের তুল্যম্ল্য ভাবলে ঘোরতর ভূল করা হবে। অতএব মান্ন্র্যাত্রই ম্লাবিচারের দিক থেকে ম্য়ংসিদ্ধ; তার অতিরিক্ত কোনো অন্তিম্বের বাহন বা উপাদান হিসেবে তার ম্ল্য নির্ণীত হতে পারে না। মান্ন্র্য ঈশ্ব কি দেবদেবীর মহিমা প্রচারের বাহন নয়; দেশ, রাষ্ট্র, দমান্ধ, প্রেণী, বর্ণ, দল ইত্যাদি গোষ্টাগত স্বার্থের উদ্দেশ্য সাধনের সে যন্ত্র নয়; রাজা, পুরোহিত, মহাত্মা কি মালিকের প্রয়োজন মেটানোর সে উপায় নয়। মন্যুজাতির যদি কোনো সর্বজনীন এবং স্বতঃসিদ্ধ উদ্দেশ্য থাকে তবে তা হল, প্রতিটি ব্যক্তিকে অম্ল্য জেনে তার স্বাঙ্গীণ বিকাশে ব্রতী হওয়া।

স্থতরাং দর্বাঙ্গীণ বিকাশই হল মানবতন্ত্রী নীতির মূল আদর্শ। এই বিকাশে যা সাহায্য করে, তা ভালো; এ বিকাশকে যা ব্যাহত করে তা মন্দ। যে নিয়ম, যে ব্যবহার, যে ক্রিয়াকলাপ, যে ভাবনা, যে সম্বন্ধ ব্যক্তির অন্তিম্বকে সমৃদ্ধতর করে তোলে, তাই যথার্থ কল্যাণকর। অপর পক্ষে যার ফলে অন্তিম্ব সন্ধীর্ণতর, রুক্ষতর, ক্ষাণতর হয়, তাই অশিব, তাই অন্তায়। মানবতন্ত্রীর অন্তেম্বণ দেই আদর্শ সমন্বয়ের জন্ত যাতে কোনো মামুষের বিকাশকেই ব্যাহত না করে প্রতি মামুষের বিকাশকেই স্থাম করে তোলা

যায়। এই অন্বেষণেরই প্রকাশ মানবতন্ত্রীর বিবেক। সে বিবেক তাই কোতোয়াল নয়, বরং তাকে বলা যায় কবি। তার ফুর্তি নিপীড়নে নয়, তার ফুর্তি বিকাশের নবতর, প্রকৃষ্টতর পদ্ধতির উদ্ভাবনে।

ব্যক্তির এই বহুমুখী বিকাশের জন্ম চাই বিচিত্র এবং অব্যাহত সম্ভোগ, চাই অহভৃতির পরিশালন, মনের স্থমিত সমগ্রতা, চাই বুদ্ধির ক্ষ্মতংসাধন, জ্ঞানের প্রদার, প্রকাশরীতির চর্চা, চাই মাত্মধের দঙ্গে বিশ্বপ্রকৃতির এবং বিশেষ করে মারুষের দঙ্গে মারুষের অদঙ্কোচ আত্মীয়তা। বাঁচার মানে যদি টেঁকা নাহয়ে ফুটে ওঠা হয়, তবে তার জন্ম এর প্রত্যেকটিই অব্ প্রয়োজনীয়। এই পৃথিবীতে কত এখর্য ছড়ানো রয়েছে, কত রং, কত গন্ধ, কত ধ্বনি, কত স্বাদ, কত বিচিত্র অহভূতির সম্ভাবনা। আর মাহুষের দীর্ঘদিনের চেষ্টান্ন তাতে আরো কত নতুন এশ্বর্য না যুক্ত হয়েছে, কত ছবি, কত গান, কত বই, কত কল্পনা। এসব সম্ভোগ না করলে মাহুষের দেহই-বা কি করে সরস হবে, মনই-বা কি করে সমুদ্ধ হবে। মানবতন্ত্রীর নীতিচিন্তায় ভোগের স্থান তাই এত সম্মানের—কেননা ভোগ ছাড়া বিকাশই যে অসম্ভব। শুধু ভোগ নয়, সম্ভোগ, সমাক্রপে ভোগ, রসিয়ে রসিয়ে, ভোগ্যবস্তার মধ্যে যতথানি সম্পদ আছে তাকে পরিপূর্ণভাবে নিজের অভিজ্ঞতায় আত্মসাৎ করে। সেই ত' বিদগ্ধ সম্যক্ভোগে যে পারদর্শী। কনস্টান্টাইনের দানপত্তের ধাপ্পা ধরিয়ে দিয়ে যিনি অমর কীর্তি অর্জন করেন দেই লোরেঞ্চো ভালা তাই সম্ভোগতত্ত্বের উপরে একটা বীতিমত ডিস্কোর্স লিথে ফেললেন। (Lorenzo Valla, The Donation of Constantine; Pleasure and True Good)। ভোগ্যবস্তু দেখলে যাদের মন ছিছি করে ওঠে, ভারা ত' বেঁচেও বেঁচে নেই, ভারা আবার বিকাশের কথা ভাববে কি করে। বিক্বভ মনই শুধু আত্মনিপীড়নে বাহবার কারণ খুঁজে পায়। স্বস্থ মনের পরিপুষ্টি সম্ভোগে।

আর সভোগের জন্ম অন্ত্তিকে পরিশীলিত না করলে চলে না।
ইন্দ্রিরের মাধ্যমে আমরা বিশ্বপ্রকৃতির কাছ থেকে সম্ভোগের উপাদান সংগ্রহ
করি। আমাদের ইন্দ্রিরেবাধ যদি স্থূল হয় তবে সম্ভোগের উপাদানসম্ভারও
দরিদ্র হতে বাধ্য। শুধু তাই নয়, সে ক্ষেত্রে সম্ভোগের অভিজ্ঞতাও তুর্বল এবং
স্বল্পায়ী হয়ে পড়ে। আমাদের অন্ত্তুতি যত স্ক্ষাতর হবে, ততই অস্তিত্বে
সম্ভোগের বিচিত্রতর সম্ভাবনা আবিদ্ধার করতে পারব, আর ততই আমাদের

ভোগের অভিজ্ঞতা আরো গাঢ়ত্ব এবং স্থায়িত্ব অর্জন করবে। সভোগ যে পরিশীলনসাপেক্ষ এদেশের বিদগ্ধজনেরা এককালে সেকথা খুব ভাল করেই জনতেন। কামস্ত্রে উল্লিখিত চৌষটিকলায় তার প্রমাণ আছে। রূপের সঙ্গে রূবের সঙ্গে স্থরের, স্থরার সঙ্গে স্থরার, চুম্বনের সঙ্গে চুম্বনের, স্থরতের সঙ্গে স্থরতের যে বিচিত্র পার্থক্য সন্তব অথবা বর্তমান, অন্থভূতির পরিশীলন সে তত্ত্বে মনকে পারদর্শী করে তোলে। আর এই পারদশিতা শুধু সভোগকেই সমৃদ্ধতের করে না, সঙ্গে সঙ্গে জ্ঞানের ক্ষেত্রকেও প্রসারিত করে দেয় এবং প্রকাশপ্রচেষ্টাকেও বলিষ্ঠতর করে তোলে।

অতঃপর মনের স্থমিত সমগ্রতা। প্রত্যেক ব্যক্তির মধ্যে নানা রকমের বাসনা-প্রবৃত্তি ক্রিয়া করছে। এর একটির দাবী মেটাতে গেলে অনেক সময় অন্তপ্তলিকে অবহেলা করতে হয়; এমন কি অনেক সময় তাদের অবদমিত করারও প্রয়োজন পড়ে। কিন্তু কোনো মূল্রুত্তিকে স্থায়ীভাবে অবদমিত রাখা সম্ভব নয়। সে চেষ্টায় মনের বিকাশ করু হয়ে যায়। ফলে বিভিন্ন প্রবৃত্তি ও বাসনার মধ্যে সোষম্যাধনের বিশেষ প্রয়োজন আছে। সম্ভোগের দ্বারা প্রতিটি মূল বৃত্তিকে তৃপ্ত করতে হবে, অথচ সঙ্গে সঙ্গে এটিও দেখতে হবে যাতে একটির পৃষ্টি অন্তপ্তলির শার্ণতার কারণ না হয়। সেই সম্ভোগই শ্রেষ্ঠ সম্ভোগের ভিতর দিয়ে ব্যক্তির একই কালে পৃষ্টি সাধন হয়, এবং এমনিতর সম্ভোগের ভিতর দিয়ে ব্যক্তির মতা স্থমিত সমগ্রতা অর্জন করে। এই সমগ্রতা অবশ্র কোনো সময়েই সম্পূর্ণ নয়। নব নব সম্ভোগ এবং প্রকাশের ফলে তা পরিণতি থেকে সার্থকতর পরিণতির পথে অগ্রসর হয়। পরিণতির স্বচাইতে প্রধান লক্ষণ এই স্থমিত সমগ্রতা। স্থমিত, কারণ কোনো বৃত্তিই অতি-প্রবল হয়ে অন্তদের আছেন্ন করে নি। সমগ্র, কারণ এখানে বছত্ব বিরোধকে অতিক্রম করে প্রাণময় ঐক্যে সন্নিবিষ্ট হয়েছে।

বৃদ্ধি এবং জ্ঞানের কথা পূর্বে আলোচনা করেছি। প্রকাশ বিকাশেরই বহিরক্ষ। বিকাশের পথে বিচিত্র রূপে ব্যক্তি নিজেকে প্রকাশিত করে। এটি সবচাইতে স্পষ্ট শিল্পসাহিত্যের ক্ষেত্রে। কিন্তু শিল্পসাহিত্য ছাড়াও সাধানণভাবে জীবনের জন্ম নানা ক্রিয়াকলাপের মধ্যে ব্যক্তিমন নিজের বিকাশকে ব্যক্ত করতে পারে। প্রকাশ ছাড়া বিকাশ অসম্পূর্ণ। বিভিন্ন পরোক্ষ উপাদানকে বশে এনে ব্যক্তি আত্মপ্রকাশের নানা সন্তাব্য রূপ উদ্ভাবন করে। প্রকাশ মাধ্যম-নির্ভর, এবং মাধ্যমের সার্থক প্রয়োগপদ্ধতির নাম প্রকাশরীতি।

প্রকাশরীতির চর্চা তাই ব্যক্তির বিকাশের পথে একান্ত প্রয়োজনীয়। মানবতন্ত্রী শিক্ষাদর্শে শিল্পকলার অহুশীলন যে বিশেষ প্রাধান্ত পেয়েছে, তার কারণ মামুষের অন্তসব ক্রিয়াকর্মের তুলনায় শিল্পকলার প্রকাশরীতি সবচাইতে বেশী সমৃদ্ধ ও পরিণত। রনেসাঁসের শিক্ষাব্রতীরা তাই বার বার ঘোষণা করেছেন যে ব্যক্তিকে প্রকাশক্ষম করে তোলা শিক্ষার মূল উদ্দেশ্য। সে উদ্দেশ্য আমরা সম্প্রতিকালে প্রায় ভুলতে বসেছি। উ করণের প্রাচুর্য সত্তেও আধুনিক শিক্ষাব্যবস্থায় তাই স্প্রশীলতার চাইতে যাত্রিকতার লক্ষণ ক্রমে প্রবল হয়ে উঠছে।

কিন্তু আপনাকে প্রকাশিত করার আগে আপনাকে ত' সমৃদ্ধ করা দরকার। তানাহলে সে প্রকাশের কতটুকু-বা মূল্য থাকবে। আত্মসমৃদ্ধির জন্ম একদিকে চাই প্রক্কতির দক্ষে ব্যাপক এবং ঘনিষ্ঠ পরিচয়, অন্মদিকে যত বেশীদংখ্যক মানুষ দম্ভব তাদের দঙ্গে আত্মীয়তা। প্রকৃতির ঐশ্বর্থ অফুরস্ত; তার কিছু-বা আমাদের ইন্দ্রিয়ের সামনে ছড়ানো রয়েছে, আর অনেকটাই রয়েছে লুকোনো, না-জানা। যা দামনে রয়েছে তাকে অন্তরে গ্রহণ করতে হবে; যা লুকোনো কি আজো অজানা, তাকে খুঁজে বার করতে হবে। অঙ্গানাকে জানার জন্ম মানুষ বাব বার অভিযানে বেরিয়েছে। তুর্গম পর্বতচুড়া, অন্ধকার অরণাানী, দ্রবিস্তৃত মরুভূমি, বরফে-মোড়া মেরুপ্রদেশ, গভীর সাগরতল, দীমাহীন আকাশ—কোনো কিছুকে সে অজানা থাকতে দেবে না। আর তারি সঙ্গে যা আপনা থেকেই সামনে পড়ে রয়েছে, তাকে আরো পুঁটিনাটি করে বুঝতে হবে। পায়ের নীচের ঐ অবহেলিত ঘাসফুলটির মধ্যে কত অজ্ঞাত তত্ত্ব লুকিয়ে আছে। ক্ষেতের শশু, গাছের ফল, রোদবৃষ্টি, পিঁপড়ে, প্রজাপতি, ধাতুপাথর, ধুলোহাওয়া, প্রত্যেকটি অস্তিত্ব আমাদের ইন্দ্রিয় এবং বুদ্ধিকে আহ্বান করছে। সে আহ্বান জানার জন্ত, ভোগ করার জন্ম। নিজের নাভীকুণ্ডের দিকে স্থিরদৃষ্টি হয়ে বসে যোগাভ্যাস করলে কোনো মানুষ বিকশিত হয়ে উঠতে পারে না। বিশ্বপ্রকৃতির প্রতি যার আগ্রহ নেই তার বিকাশ দ্বীর্ণ, তার প্রকাশ দ্বিদ্র।

লেওনার্দো তাঁর নোট বইতে লিখেছিলেন. "প্রকৃতির রহস্ত উদ্ঘাটিত করাকে আমি আমার জীবনের ব্রত বলে জেনেছি।" The Literary Works of Leonardo da Vinci, ed. Jean Paul Richter)। অজানাকে জানবার অদম্য বাসনা কলম্বাস এর মত আরো অনেককেই ম্বহাড়া করেছিল। পেত্রার্কের "প্রকৃতির রূপ" গ্রন্থ থেকে জানা যায় বহির্জগতের নানা খুঁটিনাটি তিনি কত যত্বের দক্ষেই না লক্ষ্য করেছেন। (Petrarch, Aspects of Nature)। এই আগ্রহের ফলে রনেসাঁদের যুগে নতুন করে ভূগোলবিজ্ঞানের চর্চা শুরু হয়; উবর্তি এবং ঈনিআস দিলভিউস এদিকে পথপ্রদর্শক। তাছাড়া জীবজন্ত, গ্রহনক্ষত্র, ইত্যাদি সম্বন্ধেও বিশ্ব অন্থসন্ধান এই যুগে শুরু হয়। প্রকৃতির সক্ষে মান্থবের অস্তরঙ্গতা এযুগের চিত্রকলায় বিশেষভাবে ফুটে উঠেছে। রনেসাঁদের প্রকৃতিপ্রীতি সম্বন্ধে স্বচাইতে স্থলব বর্ণনা আছে হুর্মোন্ট্-এর বিখ্যাত গ্রন্থ "কস্মস্"-এর দ্বিতীয় খণ্ডে।

আর অপর মাহুষের দক্ষে যোগসাধন না ঘটলে আমরা ত প্রত্যেকে আজীবনকাল শুধু আপন আপন কক্ষেই ঘুরে মরতাম। অপরের অভিজ্ঞতা আত্মদাৎ করতে পারি বলেই না আমাদের আত্মবিকাশের কোনো নির্দিষ্ট গণ্ডী নেই। প্রতি মানুষই অদামান্ত, এবং প্রতি মানুষের অভিজ্ঞতা থেকে অপর মাফুষের মন নিজের সমুদ্ধিদাধনের উপাদান সংগ্রহ করতে পারে। প্রতি মাহুষ্ট যে স্বতন্ত্র এবং তাদের প্রত্যেককেই পুথকভাবে বোঝা দ্বকার, মঁথ্যযুগের শেষভাগে দাস্তের মহাকাব্যে এই বোধের প্রথম পূর্বাভাস চোথে পড়ে। বোকাচ্চিও, চদার থেকে ভুক করে শেক্সপীয়র পর্যস্ত রনেসাঁদের সাহিত্য এই বোধের আলোয় সমুজ্জল। রনেসাঁদের যুগে যে জীবনী এবং আত্মজীবনীর হিড়িক দেখা যায়, এই বোধ তার উৎস। এরি তাগিদে ঐযুগে শবীরবিজ্ঞানের চর্চা স্থক হয়। বেওনার্দোর নোটবইতে উল্লেখ আছে, তিনি দেহসম্বন্ধে জ্ঞান অর্জন করার জন্ম গোপনে দশটি শবব্যবচ্ছেদ করেছিলেন। মামুষ সম্বন্ধে তাঁর যে কি অক্লাস্ত কৌতৃহল ছিল এবং দে কৌতৃহল পুরণের জন্ম তিনি যে কি অমিত অধ্যবদায়ী, তাঁর অসংখ্য স্কেচগুলির মধ্যে তার প্রমাণ আছে। (এই স্থতে E. MacCurdy, The Mind of Leonardo da Vinci अष्टेवा)।

রনেসাঁদের বত পূর্বে টেরেন্স লিথেছিলেন, আমি মাহুষ, স্থতরাং মাহুষ সংক্রান্ত কোনো কিছুই আমার অনাত্মীয় হতে পারে না। টেরেন্সের এই উক্তিমানবত্দ্রী মনোভাবের অগ্রতম মূল প্রত্যয়। জ্ঞানের ঘারা, প্রীতির ঘারা, দহযোগিতার ঘারা যতবেশী সংখ্যক মাহুষ সম্বন্ধে আমরা অন্তর্দৃষ্টি অর্জন করতে পারব আমাদের মন মানবীয় উপাদানে ততই সমৃদ্ধিশালী হয়ে উঠবে। প্রাচীন সংস্কৃতি-সভ্যতা সম্বন্ধ জ্ঞানার্জন করে আমরা অতীতকালের মাহুবের স্ক্

আত্মীয়তা পাতাই; নানাদেশ ঘূরে আমরা নানাধরণের মাহ্যকে আপনার করি; শবব্যবচ্ছেদ করে আমরা মাহ্যের দেহের গঠন সম্বন্ধে বিচক্ষণ হই; সাধু, চোর, জ্ঞানী, মূর্য, স্থান্দর-কুৎদিত নির্বিশেষে বিচিত্র-প্রকৃতির মাহ্যের দক্ষে মেলামেশার ফলে শুধু যে মহ্যাত্র সম্বন্ধে আমাদের ধারণা যথার্থতর হয়ে ওঠে তাই নয়, আমাদের নিজেদের মধ্যে মহ্যাত্রের বিচিত্র সম্ভাবনা সার্থকতর রূপ পরিগ্রহ করে। এই অর্থে মানবতন্ত্র একই দক্ষে বিশ্বমানবিক এবং ব্যক্তিকেন্দ্রিক। বিশ্ব-মানবিক, কারণ দেশক। স জাতিবর্ণের কোনো প্রাচীর মাহ্য সমন্ত্র প্রায়ত্র বাহত করতে পারে না। ব্যক্তিকেন্দ্রিক, কারণ তার সমস্ত প্রয়াদের কেন্দ্রীয় উদ্দেশ্য ব্যক্তি-মাহ্যুক্তে বিকশিত করা, কারণ ব্যক্তির বিকশিই তার বিচারে সার্থকতার একমাত্র মানদণ্ড।

। श्रीह ।

বনেসাঁদের ভিতর দিয়ে যে মানবতন্ত্রী জীবনবোধ প্রকাশ এবং বিকাশ লাভ করেছিল, এই হল মোটামূটি তার সংক্ষিপ্ত পরিচয়। এ পরিচয়ের মধ্যে কিছু ক্রটি রয়ে গেছে; তার প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করা দরকার মনে করি। প্রথমত, মানবতন্ত্রের সব দিক এখানে উল্লেখ করা হয় নি; আমি শুধু কয়েকটি প্রধান স্থত্তের সঙ্গে পরিচয় ঘটাবার চেষ্টা করেছি। উল্লিখিত দিকগুলি ছাড়াও মানবতন্ত্রের আরো অনেক দিক আছে; এবং কেউ যদি আমার বর্ণনা থেকে মানবভম্বের একটি পুরো ছবি পেয়েছেন মনে করেন, তবে তিনি মস্ত ভুল করবেন। দ্বিতীয়ত, মানবতম্ব কোনো একটা স্থপরিকল্পিত দার্শনিক মত হিসেবে গড়ে ওঠে নি; রনেসাঁদের কোনো বিশেষ ব্যক্তি বা দল বা প্রতিষ্ঠান মানব-তম্বের বিভিন্ন প্রত্যয়গুলিকে ভেবেচিস্তে একটি দমগ্র মতবাদের মধ্যে গ্রথিত করেন নি। বিভিন্ন স্থানে বিভিন্ন পরিবেশে বিভিন্ন ব্যক্তির জীবনে, ক্রিয়া কলাপে এবং বচনায় এইদব প্রত্যয় ধীরে ধীরে রূপ পরিগ্রন্থ করেছিল। ফলে রনেসাঁদের যুগে এমন অনেক মানবভন্ত্রী চোথে পড়ে যাঁরা মানবভন্তের কোনো কোনো প্রত্যায়ের দারা উদ্বন্ধ হয়েছেন, অথচ অস্ত প্রত্যয়গুলি তাঁদের উপরে তেমন প্রত্যক্ষ প্রভাব ফেলে নি। শুধু তাই নয়, পরিবেশে ও ব্যক্তিত্বের প্রভেদের ফলে এমনও দেখা যায় যে এক মানবতন্ত্রী এবং অক্ত মানবভন্তীর মধ্যে বছক্ষেত্রে স্থম্পষ্ট বিরোধ বর্তমান। যেমন ধকন,

ক্লবেন্সের মানবতন্ত্রীরা ঝোঁক দিয়েছেন শুধু মাত্র ব্যক্তির বৃদ্ধি এবং অহুভূতির স্ক্ষতা সাধনের উপরে: ব্যক্তির সামাজিক দায়িত্ব তাঁরা একরকম অবহেলা করেছেন। অপরপক্ষে পাতুয়ার মানবভন্তীয়া বেশী জোর দিয়েছেন সহৃদয়তা গুণের উপরে; তাঁদের মতে কোনো ব্যক্তির বৃদ্ধি বা সৌন্দর্যবোধ খুব সুন্দ্র না হলেও তাঁর ব্যবহারে যদি সংযম, দয়াদাক্ষিণ্য, সততা ইত্যাদি গুণ থাকে তবে তিনি আদর্শ নাগরিক। তেমনি এরাজ্মুদ্ এবং মাকিয়াভেলির নৈতিক দৃষ্টিভঙ্গী অনেক ক্ষেত্রেই পরস্পরবিরোধী। আমি রনেসাঁদের মনীধীদের মধ্যে এই সব পার্থক্য অথবা বিরোধ নিয়ে এ প্রবন্ধে আলোচনা করি নি। তৃতীয়ত, রনেসাঁসের সব মানবতন্ত্রী কিছু আর আধ্যাত্মিকতার ঐতিথ থেকে मुक्तिनाच करवन नि। जाँपनव व्यत्नरकवरे वाठाव-वावराव-ठिखाव উপবে খুস্টধর্মের প্রভাব কমবেশী বর্তমান। পিএত্রো পম্পনান্তি, জিয়াকোমো জবারেলা, লোরেঞ্জো ভালা, লেওনার্দো, মাকিয়াভেলি, মঁতাইয় প্রায়ুথ কয়েকজনকে বাদ দিলে লোকায়ত দৃষ্টিসম্পন্ন মানবভন্ত্রী রনেসাঁসের যুগেও খুব বেশী মিলবে না। তবে একথাও সত্য যে রনেসাঁসের প্রায় কোনো মানবতন্ত্রীর মনেই আধ্যাত্মিক ঐতিহ্য দৃঢ়মূল ছিল না; এবং রনেসাঁসের স্বকীয় দৃষ্টিভঙ্গী যতই স্পষ্টতা অর্জন করেছে, আধ্যাত্মিকতার ঐতিহ্ন ততই চুর্বল থেকে চুর্বলতর হয়ে এদেছে।

বর্তমান প্রবন্ধে রনেসাঁদী সাধনার যে বর্ণনা দেওয়া হয়েছে তার এই বিবিধ অসম্পূর্ণতা স্বীকার করে নিয়েও একথা বলা যায় যে উপরোক্ত বর্ণনা মোটাম্টি যথার্থ; এবং রনেসাঁদের তিন শতক ধরে আধুনিক সভ্যতার যে ভূমিকা রচিত হয়েছিল, এই বর্ণনার মধ্যে তার অধিকাংশ প্রধান হয়ের পরিচয় মিলবে। এই হয়েগুলি পরস্পরে মিলিত হওয়ার ফলে একটি সমগ্র জীবনদর্শন গড়ে উঠেছিল; এবং যদিচ রনেসাঁদের পথকর্তারা সকলে এ বিষয়ে সমান সচেতন ছিলেন না, তবু একদিকে সেই জীবনদর্শন তাঁদের যুগকে মধ্যয়ুগ্ থেকে পূথক করেছে, অত্যদিকে তাকে আশ্রয় করেই আধুনিক সভ্যতা-সংস্কৃতির উদ্ভব এবং বিবর্তন সম্ভবপর হয়েছে। এই জীবনদর্শনের উষাকালে তার এককণা আলো বৈজ্যস্তীয়, রোমানেস্ক এবং গথিক প্রকাশরীতির বৃহে ভেদ করে চোদ্দ শতকের ইতালীয় শিল্পীর কল্পনায় প্রতিফলিত হয়েছিল, আর তারপর তিনশ' বছরে কি রূপান্তরই না সাধিত হল ইয়োরোপের চিত্রকলায়। উচ্চেলো আনলেন পরিপ্রেক্ষিতবোধ, পোলেইউওলো

আনলেন নগ্ন মানবদেহের অঙ্গ-সংস্থানজ্ঞান; আর সেই বোধ, সেই জ্ঞান, সুদ্ধ বৈচিত্র্যে সার্থক প্রকাশ পেল লেওনার্দো, মিকেলাঞ্জেলোর চিত্তে, ভাছর্যে। রনেসাঁসের শিল্পীরা বিভিন্ন রীতির সাধক; একই যুগে বাস করা সত্ত্বেও তাঁদের মধ্যে স্থূল-সূক্ষ্ম বিচিত্র বকমের পার্থক্য বিভয়ান। ভান আইক, মান্তেনা, বেলিনী, ডুয়েবার টিশিয়ান, রাফাএল, প্রত্যেকেই স্বভন্ত ধারার শিল্পী। তবু এঁদের সকলের সাধনার মধ্যে একটি মূল ঐক্যের উপস্থিতি চোখে না পড়ে পারে না. এবং দে ঐক্য মানবতন্ত্রী জীবনবোধের। ইন্দ্রিয়গ্রান্থ এই জগৎ যে কত বিচিত্র, কত স্থন্তর, মামুষের দেহমন যে কি অফুরস্ত রহস্তের আধার, এই মানবভন্ত্রী উপলব্ধি তাঁদের শিল্পকল্পনার অক্সতম মূল উৎস। এই জীবনদর্শন পেতার্ককে পূর্ববর্তী কবিদের থেকে পুথক করেছে; এবি প্রেরণায় বনেসাঁসের সাহিত্যিকেরা ক্রমে লাভিনের আওতা ছেড়ে ভাষায় লিথতে শিথেছেন; এরই বিম্ময়কর বহুমুখী প্রকাশ বোকাচ্চিওর দেকামেরন-এ, মাকিয়াভেলির প্রিন্স্-এ, কান্তিলিওনের কোর্টিয়ার-এ, আরিওস্তোর অর্লান্দো ফুরিওদো কাব্যে, এরাজ্মুস-এর প্রেজ অব্ফলি-তে, বাবলে-র গার গাঁতুয়া ও পাঁতা-গ্রেল্-এর আ্জব কাহিনীতে, মঁতাইয়-র প্রবন্ধাবলীতে. সর্ভান্তি-এর ডন কিহোটে উপত্যাসে, শেক্ষপীয়রের নাটকে এবং কবিতায়। বনেসাঁদের লিরিক কবিতা, নাটক, প্রবন্ধ, গল্প, উপস্থাস, অর্থাৎ সাহিত্যের সব কটি প্রধান ক্ষেত্রই মানবতল্পের কোনো না কোনো দিকের আলোতে উদ্ভাষিত।

রনেসাঁদের যুগে যাকে "বৈশিক ব্যক্তিত্ব" বলা হত তার মধ্যে এ
দীবনদর্শনের সার্থকতম রূপায়ণ দেখতে পাই। যে মাহ্মদের মধ্যে এই
বৈশিকতা 'ফুরিড হয়েছিল তাঁরা ছিলেন একই সঙ্গে কবি, চিত্রকর,
হুরজ্ঞ. ভাস্কর. আইনবিশারদ, পদার্থবিদ, রাসায়নিক, ব্যয়ামকোশলী,
যোদ্ধা, এবং থাত্য, হুরা ও সজোগশাল্পে হুরসিক। অর্থাৎ জীবনের প্রায়
এমন কোনো দিক ছিল না যার এঁরা অহ্মশীলন করেন নি এবং অহ্মশীলনের
ফলে যেদিকে এঁরা পারদর্শী হন নি। প্রতি মাহ্মধের মধ্যে যে কত
সন্ভাবনা নিহিত আছে, এঁদের সার্থকায়িত জীবন তারি প্রমাণ। বুর্কহার্ট
এমনি বৈশিক ব্যক্তিত্বের উদাহরণ হিসেবে লেওন বাতিস্তা আলবর্তি-ব
নাম উল্লেথ করেছেন। আলবর্তি-তে যে বিকাশের হুচনা তারই হুপরিণত
প্রকাশ লেওনার্দো দা ভিঞ্জির ব্যক্তিত্বে। লেওনার্দোর প্রতিভার তুলনা

নেই; কিন্তু যে বৈশিকতা সে প্রতিভার বৈশিষ্ট্য, রনেসাঁসের যুগে আরো অনেকের মধ্যেই তা কমবেশী বিকশিত হয়েছিল।

রনেসাঁদের তিনশ' বছর ধরে পশ্চিম ইয়োরোপে যে জীবনবোধ জেগে উঠেছিল, পরবর্তী কালে তা নানাভাবে সমৃদ্ধ হয়েছে, এবং ইয়োরোপের বাইরেও প্রদার লাভ করেছে। এই বিবর্ধন এবং সম্প্রদারণের পথে গড়ে উঠেছে গণতান্ত্ৰিক সমাজ এবং বাষ্ট্ৰব্যবস্থা, বিজ্ঞান 'এবং যন্ত্ৰশিল্প, আধুনিক সমাজ এবং সংস্কৃতি। গোয়েটের জীবনশিল্প এই সাধনারই প্রতিচ্ছবি। ফরাদী এনসাইক্লোপেডিস্ট এবং ইংরেজ ব্যাডিক্যালদের আন্দোলন এই বোধের ষারাই মুখ্যত উদ্বন্ধ হয়েছিল। (এই প্রদক্ষে কাদিরার-এর The Philosophy of the Enlightenment মহাগ্রন্থ কোতৃহলী জনের অবশ্রপাঠ্য) ইংরেজের স্থত্তে রনেসাঁদী জীবনবোধ কিছুটা কৃশিত অবস্থায় এদেশে আদে। বাঙালী ভাবুকদের মধ্যে রামমোহন, অক্ষ দত্ত, বিভাদাগর, মাইকেল, রবীক্রনাথ, প্রমথ চৌধুরী প্রমূথ অনেকে এই বোধের দারা গভীরভাবে প্রভাবিত হয়েছিলেন। ফলে আমাদের দীর্ঘদিনের মানসিক জড়ত্ব অপপত হয়ে সাংস্কৃতিক জীবন আবার প্রাণবন্ত হয়ে ওঠে। ফলত আধুনিক সভ্যতার অন্তরে যে মহৎ প্রতিশ্রুতি বর্তমান তার স্বরূপ উপনন্ধি করতে হলে এই জীবনবোধের দকে পরিচিত হওয়া একান্ত প্রয়োজন।

হুর্ভাগ্যবশত আধুনিক সভ্যতার ইতিহাস শুরু রনেসাঁসী সাধনার বিবর্ধনের ইতিহাস নয়। সে সাধনা পদে পদে ব্যাহত হয়েছে, সে জীবনবাধের বিকাশ এবং বিস্তারের পথে বহু হস্তর প্রতিবন্ধক দেখা দিয়েছে। অধিকাংশ মাহ্মের মন আজন্ত মধ্যযুগীয় ঐতিহের দারা আচ্ছন। বৃদ্ধির চাইতে অভ্যাদাশ্রমীতা, জ্ঞানের চাইতে অদ্ধৃভক্তি আজাে তাদের জীবনে বেশী প্রভাবশীল। নিজের ভাগ্যরচনার দায়িত্ব নিজের হাতে তুলে নেবার প্রত্যেষ্ক আজাে তারা অর্জন করে নি। মাহ্মের জাবন পরিচালিত করছে। তাছাড়া শিল্পসাহিত্য এবং পদার্থবিজ্ঞানের ক্ষেত্রে রনেসাঁসী সাধনা বহুদ্র অগ্রদর হলেও সমাজসংগঠনের ক্ষেত্রে সে সাধনা আজাে যথেষ্ট ফলপ্রস্থ হয়ে ওঠেনি। কিছুটা স্কান্স অবশ্রই ফলেছে; বিস্তর্গ গলদ আজাে বরে গেছে। এদব গলদের কিছুবা অতি প্রাচীন, কিছু আধুনিক সভ্যতার নিজেরই স্প্রে।

ধর্মান্ধতা, জাতীয়তা, সাম্রাজ্যতন্ত্র, পুঁজিবাদী ব্যবস্থা ইত্যাদি প্রতিবন্ধকের ফলে মানবতন্ত্র আব্দো একটি বিশ্বমানবীয় সভ্যতায় সার্থক হয়ে উঠতে পারল না। তাছাড়া গত একশ' দেড়শ' বছরের মধ্যে নতুন ছটি বাধা অত্যস্ত প্রবল হয়ে দেখা দিয়েছে। একদিকে যন্ত্রের ক্রত প্রসারের ফলে মাস্কুষের জীবন অত্যস্ত যন্ত্রনির্ভর এবং মাহুষের ২ন মারাত্মক ভাবে যান্ত্রিক হয়ে উঠেছে। যান্ত্রিকতার ফলে মাহুষের প্রাতিশ্বিক দন্তায় ভাঙন দেখা দিয়েছে; তার বুদ্ধি, মুক্তিস্পুহা এবং সৃষ্টিক্ষমতা কীণ হয়ে আসছে। অন্তদিকে রাজনৈতিক জীবনে জনতার অংশ ক্রমেই স্বীকৃত হওয়ার ফলে রাষ্ট্রের হাতে সমাজ-জীবনের অধিকাংশ শক্তি এবং দায়িত্ব কেন্দ্রীভূত হচ্ছে। তার ফলে একদিকে ব্যক্তির সামর্থ্য যত কমে আসছে, যুধবৃত্তি ততই প্রবলতর হয়ে উঠছে, আর রাষ্ট্রের ক্ষমতা তত বেড়ে চলেছে। এই তুইধারার মিলন থেকে জন্ম নিয়েছে এ শতান্দীর সার্বিক রাষ্ট্রব্যবস্থা। এ ব্যবস্থা প্রতিষ্ঠিত হবার অর্থ মানবতস্ত্রী সাধনার সম্পূর্ণ বিলোপদাধন। অথচ মানবতন্ত্রী সাধনার সার্থকতার জন্ত যন্ত্রের প্রসার এবং দর্বসাধারণের রাষ্ট্রিক ও দামাজিক অধিকার প্রতিষ্ঠিত হওয়া একান্ত প্রয়োজন। যন্ত্র অথবা জনসাধারণ কোনোটি থেকে মুথ ফেরালে মানবভন্তের প্রতিষ্ঠা অদন্তব। মানুষের বিকাশের জন্ম যন্ত্রকে কাজে লাগাতে हरत। किन्छ मान मान मिथा हरत यह भी कि रयन मोलायत श्रेष्ट्र ना हरत अर्छ, মানুষের মন যাতে যান্ত্রিক না হয়। তেমনি সমাজ-জীবনে সব মানুষের সমান অধিকার প্রতিষ্ঠিত করতে হবে। কিন্তু দঙ্গে দঙ্গে লক্ষ্য রাথতে হবে যে এই প্রতিষ্ঠার পথে রাষ্ট্র বা অন্ত কোনো প্রতিষ্ঠানের হাতে প্রচুর শক্তির यन किन्तीकवन ना घरि, वाकिमका यन यूथमकाव मर्सा विनुश्व ना इया। রনেসাঁদের আজ যাঁরা উত্তর-দাধক এ সমস্থার সমাধান তাঁদেরই ঐতিহাসিক দায়িত্ব। সে দায়িত্ব যদি তাঁরা পালন করতে পারেন, তবে ভবিশ্রৎ কালে ঐতিহাসিকেরা বিংশ শতান্দীকে এক অভিনব বিশ্বব্যাপী রনেসাঁসের স্ট্রাকাল বলে শ্বরণ করবেন। আর তা যদি তারা না পারেন, তবে পৃথিবীতে এমন এক অন্ধকার যুগ দেখা দেবে, অতীতে যার তুলনা মেলা কঠিন এবং যার সমাপ্তি যে কবে বা কোথায় আজ তা কল্পনা করাও প্রায় অসম্ভব।

উইলিয়ম ব্লেকের ছবির জগৎ

The Enquiry in England is not whether a Man has Talents and Genius, But whether he is Passive and Polite and a Virtuous Ass and obedient to Noblemen's Opinions in Art and Science. If he is, he is a Good Man. If Not, he must be starved.....

Poetry and Prose of William Blake, Ed. Geoffrey Keynes, পৃ: ৭৭৯॥

.....I am under the direction of Messengers from Heaven, Daily and Nightly; but the nature of such things is not, as some suppose, without trouble or care. Temptations are on the right hand and left; behind, the sea of time and space roars and follows swiftly; he who keeps not right onward is lost, and if our footsteps slide in clay, how can we do otherwise than fear and tremble?

টমাদ বাট্দ্-কে লেখা ব্লেকের চিঠি, ১৮০২। ঐ, পৃ: ৮৫৫॥

জীবদ্দশায় ব্লেকের প্রতিভা তাঁর দেশবাসীর কাছ থেকে কোনো স্বীকৃতি পায় নি। এবং যদিচ ইংরেজি কবিতার ইতিহাসে রোমাণ্টিক যুগের প্রবর্তক হিসেবে পরবর্তাকালে তিনি কিছুটা প্রসিদ্ধি লাভ করেছেন, তবু তাঁর গ্রন্থাবলীর একটা বড় অংশ আজও দাধারণ পাঠকের পক্ষে ছপ্রবেশু। অক্সদিকে বিলেতি চিত্রশিল্পের ইতিহাসে কিছুদিন আগে পর্যন্তও তিনি ছিলেন অপাংক্রেয়। ওয়াল্টার আর্মন্তও তাঁর "আর্ট ইন গ্রেট ব্রিটেন অ্যাণ্ড আয়ারল্যাণ্ড" কেতাবে কিম্বা উইলিয়ম অর্পেন তাঁর "আউটলাইন অব্ আর্ট" গ্রন্থের রেকের নামোল্লেথ পর্যন্ত করেন নি। অথচ সম্ভবত শেক্সপীয়র, মিলটন, ব্রাউনিং এবং ইয়েট্সকে বাদ দিলে ব্লেকের সঙ্গে তুলনীয় কবি-প্রতিভা ইংরেজি সাহিত্যেও তুর্লভ। এবং পশ্চিমের সেরা ছবি আঁকিয়েদের

ভালিকায় যে তিন জন ইংরেজ যায়গা দাবী কর্তে পারেন, তাঁরা হচ্ছেন হোগার্থ, ব্লেক এবং টার্নার।

রেকের কল্পজগৎ প্রবলভাবে প্রাতিম্বিক। আমি আকৈশোর তাঁর কবিতার অম্বাগী। কিন্তু তাঁর অন্ধন প্রতিভাও যে কত অসামাস্ত তার পরিচয় মেলার প্রথম স্থযোগ ঘটে বছর পনের আগে: ব্লেকের ম্বিশত জন্মবার্ষিকী উপলক্ষে ব্রিটিশ মিউজিয়ামে তাঁর চিত্রপ্রদর্শনীর ব্যাশ্রহা হয়েছিল। সার্থক শিল্পকর্মে প্রাতিস্বিকতা যে বৈশ্বিকতার উৎস, মৃশ্ব চিন্নয়ে সাবার তা অম্ভব করি।

১৫৫৭ খুষ্টাব্দের ২৮শে নভেম্বর এক অতি গরিব কারিগরের ঘরে ব্লেকের জন। ^১ এদিক থেকে তাঁকে অবশ্য অন্য বলা চলে না। হোগার্থের শাবা ছিলেন পাঠশালার মাস্টার; টার্ণারের বাবা ছিলেন নাপিত। ছেলেবয়েস থেকেই বাস্তব জগতের চাইতে কল্পনার জগৎ তাঁর কাছে বেশী সত্য বলে ঠেকত। গল্প আছে, চার বছর বয়সে ঘরের জানলায় ঈশরের মূথ প্রভাক করে শিশু ব্লেক ভয়ে মূর্ছিত হয়ে পড়ে। গাছের ডাল থেকে দেবদ্তরা নাকি তার সঙ্গে গল্প করত, মাঠে তার সঙ্গী হত আতিকালের এজেকিএল, আইসায়া। শেষদিন পর্যন্ত শরীরী স্ত্রী-পুরুষদের চাইতে দেবদৃত, প্রেত, প্রফেট এবং স্বকপোলকল্পিত চরিত্রবাই ছিল ব্লেকের কাছে অনেক বেশী প্রত্যক্ষ। গরীব বাপের সাধ ছিল ছেলেকে আঁকার ইম্বলে পাঠান, কিন্তু সাধ্যে কুলোয় নি। তথনকার ইংল্যাণ্ডে গরিবছরের ছেলেমেয়ের সাধারণ লেখাপড়ারও বিশেষ স্থযোগ ছিল না। চৌদ্দ বছর বয়দে ব্লেক এক এনগ্রেভারের অ্যাপ্রেণ্টিদ নিযুক্ত হন। সাত বছর কাটে শিক্ষানবিশীতে। তারপর নিচ্ছেই এনগ্রেভিং এবং ছাপাখানার দোকান খুলে বসেন। একাজ থেকেই এই কবি-শিল্পীকে সারাজীবন জীবিকা উপার্জন করতে হয়েছে। আর কী সে উপার্জন! এনগ্রেভিং করে, অন্তের বই চিত্রণ অলম্বরণ করে, ছবি ছেপে, বই বাঁধিয়ে বছরের পর বছর ব্লেকের গড়পড়তা সাপ্তাহিক আয় দশ শিলিং-এর উপরে ওঠে নি। বিলেতে সেটা যন্ত্রশিল্পের যুগ; প্রগতির দাম উম্বল হচ্ছিল কারিগরদের উপর দিয়ে। ছবি-আঁকিয়ে হিসেবে ব্লেকের পক্ষে স্বীকৃতি পাওয়ার কোন সম্ভাবনাই ছিল না; ১৮০০ খৃষ্টাব্দে তিনি তাঁর

১। প্রবন্ধের শেবে টীকা।

ছবির যে প্রদর্শনী করেন, তার থরচা পর্যন্ত তুলতে পারেন নি। অথচ যন্ত্রশিল্পের প্রসারের চাপে কারুশিল্পীদের তথন মৃমুর্ অবস্থা। ফলে সারা জীবন দারিদ্রোর সঙ্গে যুঝে ১৮২৭ খুষ্টাব্দে ১২ই আগস্ট ব্লেক যথন মারা গেলেন, তথন এই অমর শিল্পীর দেহ আর তিনজন নি:সম্বল ভিথিরির শবের সঙ্গে একত্রে কবর দেওয়া হোল। কবরের পাথরে নাম লেখার প্রসা নাজোটায় তাঁর সমাধিক্ষেত্র আজও নাকি অনাবিষ্কৃত রয়ে গেছে।

কিন্তু সাংসারিক স্বাচ্ছন্যে বঞ্চিত হলেও ব্লেক অমুণী ছিলেন না। পঁচিশ বছর বয়সে তিনি এক মালীর নিরক্ষর মেয়ে ক্যাথরিন সোফিয়া বুচারকে বিয়ে করেন। তাঁকে তিনি নিজে লেখাপড়া শেখান। পরে ক্যাথরিন স্বামীর পাণ্ডুলিপি কপি করতেন, তাঁর ছবিতে বং লাগাতে শিথেছিলেন, ব্লেকের প্রতিকৃতিও তিনি এঁকেছিলেন, এমনকি স্বামীর বহস্তময় কল্ললোকে বিচরণ করার সামর্থাও নাকি তাঁর জন্মেছিল। স্বামীকে তিনি সস্তান উপহার দিতে পারেন নি। কিন্তু ইয়েট্দের ভাষায় দে অভাব তিনি ভরে দিয়েছিলেন দীমাহীন প্রেমে, ক্রটিহীন বন্ধুছে। ("She repaid her husband for the lack of childish voices by a love that knew no limit and a friendship that knew no flaw.") I কখনো কখনো ঘুম থেকে উঠে ত্বজনে হাঁটতে হাঁটতে চলে যেতেন পনেরো বিশ ক্রোশ পথ। পথে যা জোটে থেয়ে নিয়ে বাড়ি ফিরতেন রাতে তারার আলোয় পথ দেখে। মাঝরাতে স্বামীর থেয়াল মাফিক বিছানা ছেড়ে উঠে হাত ধরাধরি করে হজনে বসে থাকতেন ভোরের আলোর প্রতীক্ষায়। কখনো-বা আদম ইভ হয়ে হজনে গিয়ে বসতেন বাড়ির পিছনের বাগানে; তাঁদের নিষ্পাপ নগ্নতাকে দর্পবেশী শয়তান জ্ঞানরক্ষের আপেল ফল থাওয়ার জন্য প্ৰলুদ্ধ করও।

ধৈর্যশীলা সহ্বদয়া সহধর্মিণীর প্রশ্রেষে অর্ধোনাদ শিল্পী বিধাছদহীন সাধনার গড়ে তুলেছিলেন তাঁর কল্পনার জগং। গল্পে আছে, ব্রহ্মার উপরে অভিমান করে বিখামিত্র আলাদা এক নক্ষত্রলোক স্বষ্টি করেছিলেন, কিন্তু পর্যাপ্ত যোগবল না থাকায় সে জগং শেষ পর্যন্ত টেঁকে নি। ব্লেকও তাঁর সমাজ পরিবেশের প্রতি বীতশ্রুদ্ধ হয়ে আশ্রয় নিয়েছিলেন স্বকপোলকল্পিত রূপের জগতে। রেথা, রং এবং ব্যঞ্জিত বাক্যের উর্ণায় বোনা সে-জগং সময়ের স্পর্শে মান না হয়ে উজ্জ্বলতর হয়ে উঠেছে। তার কারণ, সামাজিক-

বিধিনিষেধের-চাপে-বিশীর্ণ, প্রথাবদ্ধ, হিদেবী-বৃদ্ধির-পরামর্শে-সঙ্কৃচিত, মানবীয় অস্তিত্বকে ব্লেক ছর্জয় সাহসে মৃক্তি দিতে পেরেছিলেন আদিম এবং নিত্য, প্রাতিশ্বিক অথচ সর্বজনীন, প্রবৃত্তি-পরিচালিত স্বপ্লের নির্দিগন্ত আকাশে। প্রথম মহাযুদ্ধোত্তর ইয়োরোপে স্থার্রেয়ালিস্ত আন্দোলন গড়ে পঠবার প্রায় সোয়াশো বছর আগে বেনের দেশ বিলেতের রাজধানীতে বসে এই অবজ্ঞাত শিল্পী ঐ আন্দোলনের মূল প্রত্যয়, দৈকে শিল্পরপে যে ভাবে অভিবাক্ত করেছিলেন, তাঁর অতিপ্রাক্ততন্ত্রী উত্তরসাধকদের মধ্যে অতি অল্প ব্যক্তিই সে সার্থকতার কাছাকাছি পৌছতে পেরেছেন।

॥ प्रहे ॥

ব্লেকের মৃক্তিম্পৃহায় কোন খাদ ছিল না। কিন্তু ফাঁক ছিল তাঁর মননে, তাঁর শিল্পকর্মে, তাঁর উপাদান সংগ্রহে। শিল্পী হিনেবে তাঁর ক্রটি স্পষ্ট। পূর্বস্থবীদের সাংস্কৃতিক উত্তরাধিকারের সঙ্গে তাঁর পরিচয় ছিল অত্যন্ত দীমাবদ্ধ। ফলে অল্প কথার মধ্যে অনেকথানি অর্থ সঞ্চারিত করার বৈদ্যায় তাঁর রচনায় তুর্লভ। লিরিক কবি হিসেবে তিনি অসামান্ত, কিন্তু তাঁর সমগ্র রচনাবলীর মধ্যে লিরিকের অংশ আর কভটুকু। প্রফেদি, দীর্ঘকাব্য, নাটক, দব মিলিয়ে তাঁর লেখার পরিমাণ নেহাৎ কম নয়; কিন্তু অনেক ক্ষেত্ৰেই সংযমের অভাবে ব্যঞ্জনা বাগিতায় পর্যবদিত হয়েছে। ফলে ভবিষ্যৎস্তরীর মুখোদের আড়ালে কবি ব্লেকের মুখ অনেক সময় আর নজরে আদে না। তাছাডা যেসব প্রতীকের মারফৎ তিনি তার ভাবনা-অভিজ্ঞতা-আবেগরাঞ্জিকে রূপ দিয়েছেন, তারা তাঁর কল্পনায় প্রত্যক্ষ হলেও অধিকাংশ পাঠকের কাছে তাদের অর্থ পণ্ডিতদের বিস্তর টীকা ভাষ্য সত্ত্বেও আজো অনেকটা অনধিগম্য। তাঁর ব্যবহৃত বেশীর ভাগ প্রতীকই পূর্বসূরী মিষ্টিকদের কাছ থেকে পাওয়া। কল্ক তাঁর কল্পনায় তারা যে অর্থের ধারক এবং বাহক, তা প্রায়শ্ই অনতিক্রমাভাবে ব্যক্তিগত। এমন কি দন্দেহ করা যায় যে একই প্রতীকের অর্থ রচনা থেকে রচনায় পরিবর্তিত হয়েছে। ফলে ব্লেক-ভক্ত এ. ই. হাউসম্যানকে বলতে হয়েছে যে

ব্লেকের কবিতার অর্থভেদ নিপ্রব্রোজন; শুধু কান পেতে তাঁর দিবা হুর শোনাই রসিক পাঠকের পক্ষে যথেষ্ট। ("Blake's meaning is often unimportant or virtually non-existent, so that we can listen with all our hearing to his celestial tune.")।"

অপরপক্ষে ছবি আঁকতে গিয়ে ব্লেক বহির্জগত থেকে উপাদান আহরণের পম্বাকে স্বাজে বর্জন করেছিলেন। প্রকৃতি, তাঁর মতে, শয়তানের সৃষ্টি। প্রাকৃতিক রূপের অহুসন্ধান আমার কল্পনাকে হুর্বল, নিজ্ঞিয় করে দেয়। ("Nature is the work of the Devil!" "Natural objects always did and now do weaken, deaden and obliterate imagination in Me.") ভার পূর্বতী এবং সমকালীন ইংরেজ ছবি-আঁকিয়েদের রীতিকে তিনি আস্তরিকভাবে ঘুণা করণতন। ('বিশেষ করে সম্মান আকাডেমির সভাপতি যোগুয়া রেনলভ্সকে)। অথচ অন্ত দেশের অথবা কালের দেরা আঁকিয়েদের কাজের সঙ্গে তাঁর পরিচয় ছিল সামান্ত। যেটুকু বা পরিচয় ছিল, তাও প্রায় ক্ষেত্রে মূলের সঙ্গে নয়, কপির সঙ্গে। এই স্বল্পজ্ঞানের উপরে নির্ভর করে তিনি টিশিয়ানকে গাল পেড়েছেন 'ইব্রিয়-পরতন্ত্র অফুকারক' বলে। উক্ত মহাশিল্পীর পুরুষেরা নাকি 'চামড়ার তৈরী' আর মেয়েরা 'থড়িমাটির'। পূর্বস্থরীদের মধ্যে এক মিকেলাঞ্জেলোকে তিনি গুরু হিসেবে স্বীকার করতেন। কিন্তু এনগ্রেভিং-এর কাজে ব্লেকের যতই দক্ষতা থাক, মিকেলাঞ্জেলোর মত তীক্ষ বলিষ্ঠ রেথায় প্রাণময় ত্রিবেধরূপ স্ষ্টির রহস্ম তিনি ভেদ করতে পারেন নি। তার অঙ্কনশৈলী এবং উদ্ভাবনী শক্তির মধ্যে তাই অনেক সময়েই মস্ত ফারাক রয়ে গেছে।

এসব অভিযোগ সঙ্গত। তা সত্ত্বেও ব্লেক যে মহৎ কবি এবং অসামান্ত চিত্রকের এবিষয়ে সংশয়ের অবকাশ নেই। ওয়র্ডসওয়র্থ ব্লেককে বলেছিলেন পাগল। কিন্তু সঙ্গে একথাও তিনি স্বীকার করেছিলেন যে, "এই মানুষটির পাগলামি স্কট কিংবা বায়রণের বিচক্ষণতার চাইতে আমাদের মনকে গভীরভাবে আলোড়িত করে।" ব্লেক যে-অভিপ্রাক্বত লোকে বিশ্বাস ক্রতেন, মানবীয় কল্পনার বাইরে তার কোন অন্তিম্ব আছে, একথা ভাবার স্বপক্ষে যুক্তি দেখি না। কিন্তু ব্লেক সেই জাতের ত্র্লভ মানুষ, যাঁদের কাছে কল্পনার জগৎ

৩। প্রবন্ধের শেষে টীক।

৪। প্রবন্ধের শেষে টীকা।

প্রাকৃতিক জগতের চাইতে অনেক বেশী প্রত্যক্ষতা অর্জন করেছিল। এবং কাবালা, বোএম কিংবা স্বেচেনবর্গের গুহুতত্ব থেকে প্রতীকের উপাদান সংগ্রহ করলেও ব্লেকের কল্পনার মূল উৎস ছিল তাঁর তীক্ষ অহুভূতিবোধ, ঐকাস্তিক আবেগ এবং অলজ্জ প্রবৃত্তি। ফলে তাঁর প্রতীকের অর্থভেদ আমরা করতে পারি বা না পারি, তাদের আড়ালে এই উৎসের প্রবল অস্তিত্ব প্রাত্তিক অভ্যাদের জড়তাকে ভেদ সরে আমাদের চৈতন্তের মূলে ধাকা মারে।

। जिन ॥

ব্লেক কল্পনাকে হুই জাতে ভাগ করেছিলেন। গ্রিসিয়ান আর গথিক। তাঁর মতে গ্রিসিয়ান মন গাণিতিক রূপের সাধক: যুক্তিধর্মী স্মৃতির মধ্যে এ রূপ নিত্যতা লাভ করে। অক্সদিকে ছৈব রূপ বা শাখত অস্তিত্বের সাধনা গণিকের বৈশিষ্ট্য। ("Greecian is Mathematic Form: Gothic is Living Form. Mathematic Form is eternal in the Reasoning Memory: Living Form is Eternal Existence.") I এ বিভাগ কতথানি সঙ্গত, তা নিয়ে সংশয়ের অবকাশ আছে; কিন্তু ব্লেক গথিককেই তাঁর আদর্শ বলে গ্রহণ করেছিলেন। অবশ্র গথিক শিল্পরীতির সঙ্গে ব্যাপক পরিচয়ের স্থযোগ তাঁর ঘটে নি। এবিষয়ে যেটুকু তাঁর জ্ঞান তা প্রধানত ওয়েন্ট-মিনন্টার অ্যাবি এবং অন্ত কয়েকটি প্রাচীন বিলেতি গির্জা থেকেই আহত। গথিক বলতে তিনি বুঝেছিলেন সেই শিল্পরীতি যা প্রকৃতির অমুকরণ ছেড়ে ধ্যানের ছারা স্বত:সিদ্ধ রূপ সৃষ্টি করে, যা সমতল পটের ছবিতে বেধের ইঙ্গিত আনার প্রয়াস না পেয়ে রেথার দুঢ় বন্ধনের মধ্যে প্রাণের প্রোজ্জলতা এবং গতি সঞ্চারে উচ্চোগী, যা রং-এর সঙ্গে রং মেশানো আলোক-আঁধারির আকর্ষণ এডিয়ে বিশুদ্ধ বর্ণের সমাবেশে ব্যঞ্জনা স্কলনে সক্ষম। ব্লেকের দেরা ছবিগুলি এই রীতিতেই আঁকা। ব্রিটিশ মিউজিয়মে সংরক্ষিত শিল্পসম্ভাবের মধ্যে আাদিবিয়া এবং বাাবিলনের আইকনগ্রাফির সঙ্গে ব্লেকের শিল্পবীতির স্বচাইতে বেশী মিল চোখে পড়ে। এদের মত ব্লেকের ছবিতেও বিশ্বপ্রকৃতি মানবর্রপকে আশ্রয় করেই শিল্পীর কল্পনায় প্রতিফলিত হয়েছে। অঙ্গদংস্থান বিষয়ে তাঁর জ্ঞান ছিল অতি-সামান্ত : মডেল সামনে রেথে আঁকতে

উইলিয়ম ব্লেকের ছবির জগৎ

জিনি শেখেননি; তাঁর অধিকাংশ ছবিই হল কোন না কোন কাহিনীকে রং-এ এবং রেখায় প্রত্যক্ষ করে তোলার উদ্দেশ্যে আঁকা। ফলে শিল্পী হিসেবে রেকের কাটি বিস্তর। কিন্তু সব কাটি ছাপিয়ে যেখানে তিনি অসামান্ত, তা হল তাঁর রেখার ছল্ময়তায়, তাঁর বর্ণবিক্যাসের দীপ্তিতে, এবং সবচাইতে যা বড়, তাঁর কল্পনার ক্লান্তিহীন প্রাবল্যে। ছবির মধ্য দিয়ে যে জগৎ তিনি স্পষ্টি করেছেন, তার প্রাণেশর্মে অভিভূত না হয়ে উপায় নেই। বাহ্মরূপের অক্তরণ নয়, মননের স্পষ্টতা নয়, প্রাণশক্তির উৎক্ষেপ তাঁর সেরা ছবি এবং সেরা লিরিকের উৎস। এই উৎক্ষেপ তাঁর আঁকা গাছ, পাহাড়, সমৃদ্র, দেবতা, নারী, প্রতিটি আক্রতিতে ছন্দের সঞ্চার করেছে। উল্লাস এবং আতহ্ব, ককণা এবং জিলাংসা, প্রেম এবং ঘণা—আদিম অসংস্কৃত প্রাবল্যে ক্লুরিত হয়েছে তাঁর ছবির জগতে। মিকেলাঞ্জেলার প্রজ্ঞা এবং কলানৈপুণ্য তাঁর ছিল না, কিন্তু কল্পনার এই নৈস্পিক গতিশীলতায় তিনি তাঁর-ই আত্মীয়। অস্তত "বৃক অব জব"এর জন্ত করা তাঁর এনগ্রেভিং এবং "ডিভাইন কমেডির" জন্ত আঁকা তাঁর রঙিন ছবিগুলি দেখলে এ আত্মীয়তা বিষয়ে কোন সন্দেহ থাকে না।

বিলেভি চিত্রশিল্পের ইতিহাসে ব্লেক একক পুরুষ। প্রাচীন কে নিটক এবং মধ্যযুগীয় অ্যাংলো-ভাক্সন শিল্পীদের সন্ধান পূর্বোক্তদের ক্ষেত্রে হর্লভ। বনেসাঁসের পর থেকে বিলেভী চিত্রকলা নিজের স্বকীয়ভা হারাতে শুরুক করে। হলবেইন, ক্বনেস, ভান ডাইক প্রমুখ বিদেশী শিল্পীদের প্রভিপত্তির চাপে দেশী চিত্রকরেরা ক্রমেই নিজেদের আত্মপ্রভায় হারিয়ে ফেলেন। তাঁদের শিল্পচর্চা অন্তদের অমুকরণে পর্যবিদিত হয়। এ অবস্থা থেকে বিলেভী চিত্রশিল্পকে উদ্ধার করলেন হোগার্থ। হোগার্থও ব্লেকের মত প্রকৃত্তি থেকে অমুকরণের বিরোধী ছিলেন। ব্লেক এই বিরোধকে নিয়ে গেলেন তার স্তায়সঙ্গত পরিণতিতে: সিম্বলিন্ট চিত্রকলার তিনিই জনক। কিন্তু বিশুদ্ধ প্রতীকবাদীর প্রতীক একান্তভাবেই ব্যক্তিগত। প্রাকৃতিক জগতের বিচিত্র রূপের মত সেপ্ততীক যদি তাঁর কাছে প্রত্যক্ষ না হয়ে ওঠে, ভাহলে রেখা রঙের মধ্যে তার যে প্রকাশ তাতে প্রাণসঞ্চার ঘটে না। ব্লেকের কল্পনায় প্রতীক ইন্দ্রিয়গ্রাম্থ রূপের প্রত্যক্ষতা অর্জন করেছিল। কিন্তু এক্ষেত্রে বন্ধনিয়া ও অ্যানবার্ট তিনি ব্যত্তিক্রমমাত্র। ব্রিটিশ মিউজিয়মে এবং পরে ভিক্টোরিয়া ও অ্যানবার্ট

মিউজিয়মে ব্লেক এবং তাঁর সমকালীন ও উত্তরসাধক শিল্পীদের ছবির প্রদর্শনী দেখে ব্লেকের অনম্যতা বিষয়ে আমার মনে কোন সন্দেহ বইল না। ফুসেলির রেথান্ধনের হাত ব্লেকের চাইতে পাকা, কিন্তু ব্লেকের প্রোজ্জল, স্বতঃ শিদ্ধ কল্পনায় তিনি একেবারেই বঞ্চিত। এই কল্পনার কিছুটা আভাস মেলে স্থাম্য়েল পামারের ছবিতে। সম্প্রতি কালে পামারের উত্তরসাধক জন গ্রাশ এবং গ্রাহ্থাম সাদারল্যাণ্ড ইংরেজী চিত্র শিল্পে ব্লেকের ঐতিহ্যের পুনকজ্জীবন ঘটাবার চেষ্টা করেছেন। কিন্তু ভিক্টোরিয়া ও আ্যালবার্ট মিউজিয়মে ব্লেকের ছবির পাশেই এঁদের ছবির প্রদর্শনী দেখে এ চেষ্টার সার্থকতা বিষয়ে আমি অন্তত খ্ব উৎসাহিত বোধ করি নি। অন্ত ক্ষেত্র থেকে একটা উদাহরণ দিলে আমার নিকৎসাহের কারণটা হয়ত একটু স্পষ্টতর হবে। তফাৎ যেন মেঘনাদ্বধ কার্যের সঙ্গে বৃত্রসংহার কার্যের, অর্থাৎ স্পষ্টির সঙ্গে রচনার।

শিল্পী হিসেবে ব্রেকের যদি উত্তরসাধক খুঁজতেই হয়, তবে বিলেতের চাইতে কণ্টিনেন্টে দে সন্ধান সার্থক হবার সন্তাবনা বেশী। বিশুদ্ধ এবং মিশ্রণবিম্থ বর্ণ প্রয়োগের দিক থেকে ব্লেককে হয়ত ফোভিস্তুদের পূর্বস্বী বলা চলে। প্রাণময় কিন্তু বেধহীন রেথাগ্বত রূপস্টিতে তিনি মাতিসের আত্মীয়। স্বর্রেয়ালিস্তুদের সঙ্গে তাঁর সম্পর্কের কথা আগেই উল্লেখ করেছি। কিন্তু তাঁর সবচাইতে বেশী মিল সন্তবত আধুনিক এক্সপ্রেশুনিন্ট চিত্রকরদের সঙ্গে। জৈবরূপের অন্তকরণ না হয়েও জীবস্ত, নিসর্গের প্রতিফলনে পরাশ্ব্য হয়েও নৈসর্গিক, রহস্থময় অবচেতনের গুহা থেকে উৎসারিত হয়েও স্থাকরোজ্জ্লন, তীক্ষ রেথার বন্ধনে আবদ্ধ হয়েও গতিশীল—ব্লেকের ছবি প্রাচীন আ্যাসিরিয়ান-ব্যাবিলোনিয়ান শিল্প-কল্পনা এবং নব্য এক্সপ্রেশ্যনিন্টদের রীতির মধ্যে সেতৃবন্ধ রচনা করেছে।

। চার।

ব্লেক লিখেছিলেন, আমার কাজ সৃষ্টি করা। আমি অন্তের সৃষ্ট জগতের দাস হতে চাই না, নিজের আত্মসম্পূর্ণ জগৎ সৃষ্টি করতে চাই। প্রাণ এবং প্রেরণা যাতে শুকিয়ে না যায় সেই উদ্দেশ্যেই ত আমার এই দিনরাত পরিশ্রম। ("I labour Day and Night that Enthusiasm and Life may not cease. I must create a system, or be enslaved by another man's. My business is to create.")। অপুত তিনি লিথেছেন, প্রকৃতি যেসব রূপ স্বষ্টি করে, মনের স্থব্জিত রূপ তার চাইতে অনেক বেশী বলিষ্ঠ, পরিচ্ছন্ন, গতিশীল। ("Is it not reasonable to suppose that one can create by the workings of the mind forms stronger, clearer and more moving than any thing produced by Nature?")। একথার মধ্যে যেটুকু সভ্য আছে, বিপদের সম্ভাবনা বোধ হয় তার চাইতে কম নেই। মন ত শৃশ্ব থেকে স্ষষ্টি করে না, প্রকৃতি থেকে উপাদান সংগ্রহ করেই মনকে কাজ করতে হয়। প্রকৃতির প্রতি যে-কল্পনা উদাসীন, একদিকে পুষ্টির অভাবে তা যেমন শীর্ণ হয়ে আদে অন্তদিকে তার কল্লিত রূপে অসংলগ্নতা দেখা দেবার আশহা খুব বেশী। স্বত:সিদ্ধতার অহকারে সে কল্পনা হয়ত লক্ষ্য করে না যে তার স্বন্ধিত রূপ সংখ্যায় স্বন্ধ এবং বৈচিত্রো দরিন্দ। প্রকৃতি থেকে উপাদান আহরণের অভাবে সে কল্পজগতে রূপের পুনরাবৃত্তি এড়ানো কঠিন। অপরপক্ষে প্রকৃতির সমন্ধৃত জগৎকে উপেক্ষা করার ফলে সেই কল্পিত রূপের গঠনে দৌষম্য এবং অর্থগ্রাহৃতা প্রায়শই তুর্লভ হয়ে ওঠে। এদব कांत्र विश्व विश्व मित्र निष्ठ मित्र श्री ह्या कि कृति। अगिरम अम्बर्क श्री हि. আর নয়ত পাগলামির গোলকধাঁধাঁয় পথ হারিয়েছে। অর্থাৎ প্রকৃতিবোধ হল এরিয়াছ্নির সেই স্থতো গ্রীক পুরাকাহিনী-কথিত মিনটোরকে জয় করার পর শিল্পী থিসিয়ুস যা অবলম্বন করে অন্ধকার গুহা থেকে আবার বেরিয়ে আসতে পারেন।

রেক বহিঃপ্রকৃতিকে অগ্রাহ্ম করে অন্তঃপ্রকৃতিকেই শিল্পের একমাত্র উৎস এবং উপজীব্য ঠাউরেছিলেন। আমার বিশাস, শিল্পী হিসেবে তার জন্ম তাঁর কম ক্ষতি হয় নি। তা সত্তেও যে তাঁর বেশ কিছু কবিতা এবং অনেক ছবি সিম্বলিন্টদের বিল্রান্তি এড়িয়ে সং শিল্পের সার্থকতা অর্জন করতে পেরেছে, তার কারণ অন্তঃপ্রকৃতির উদ্ঘাটন ব্যাপারে তাঁর মনে কিছুমাত্র বিধাসক্ষাচ ছিল না। এই নির্ভীক সততা হয়ত তাঁকে পাগলামির দিকে টেনে নিয়ে গেছে, কিছু কথনোই নির্বীর্থ অভ্যাসাম্রান্থিতার সঙ্গে রফা করতে দেয় নি। ফলে তাঁর শিল্পতত্ব বিষয়ে আমার মত সংশয়ী ব্যক্তির পক্ষেও ব্লেকের স্টের সান্ধিধ্য এসে গভীরভাবে বিচলিত না হওয়া অসম্ভব। ব্লেকের শুরুও ছিল না, শিশ্বও নেই। ব্যতিক্রমদের ওসব বালাই থাকে না। স্বস্থ লোক পাগলের কাছ থেকেও টেকনিক হয়ত শিথতে পারে, কিছু ভিসন (vision)-এর অংশভাক সে কি করে হবে ?

-)। ব্লেকের জীবনকাহিনীর জন্ম দ্রষ্টব্য: Alexander Gilchrist, Life of Williams Blake (ed. by Ruthven Todd)।
- ২। ব্লেকের দার্শনিক প্রতার এবং প্রতীক-কর্মনাদি সম্পর্কে বিভিন্ন দিক থেকে বিভারিভ আলোচনার জন্ম দুইবা: S. F. Damon, William Blake, His Philosophy and Symbols; M. Percival, William Blake's circle of Destiny; J. Brownski William Blake, A Man without a Mask
 - | A. E. Houseman, The Name and Nature of Postry.
- ৪। Postry and Prose of William Blake ed. by Geoffrey Keynes. এই প্রবন্ধে ব্রেকের রচনা থেকে সমস্ত উদ্ধৃতি উক্ত সংস্করণ থেকে নেওয়া।

আধুনিক কবিতায় ব্যঞ্জনা

ভাষা বিষয়ে আলোচনা করতে গিয়ে বৈয়াকরণরা অভিধা, তাৎপর্য এবং লক্ষণার মধ্যে প্রভেদ নিরূপণ করেছিলেন। কতকগুলি ধ্বনির সন্নিবেশ থেকে একটি অথণ্ড শব্দ উৎপন্ন হয়। যথন বার বার ব্যবহারের ফলে একটি বিশেষ শব্দের সঙ্গে একটি বিশেষ অর্থের যোগ সাধারণ স্বীকৃতি বা প্রসিদ্ধি লাভ করে, তথন সেই অর্থকে সেই শব্দের অভিধা বলা চলে। আবার কতকগুলি শব্দ বিশেষভাবে সন্নিবিষ্ট হয়ে একটি বাক্যরচনা করলে তা থেকে একটি অথণ্ড বাক্যার্থ আমাদের মনে প্রতিভাত হয়। যে-সব শব্দ ঐ বাক্যের উপাদান, পৃথক পৃথক ভাবে শুধুমাত্র তাদের আভিধানিক অর্থ থেকে বাক্যার্থের এই অথগুতা পাওয়া যায় না; বাক্যের গঠনের মধ্যে বিভিন্ন শব্দার্থের অন্বয়ের ফলে অর্থের সমগ্রতা সাধিত হয়ে থাকে। এরই নাম তাৎপর্য। তা ছাড়া বাক্যের মধ্যে শব্দের আর-এক ধরনের প্রয়োগ হামেশাই দেখা যায়। যে-কোনও শব্দের একটা সাধারণ-স্বীকৃত বা প্রাসিদ্ধ অর্থ ত থাকেই; তা ছাড়া সেই অর্থের কাছাকাছি বা তাবই অমুরূপ অন্য অর্থেও তা অনেক সময় ব্যবস্থত হতে পারে। যেমন কলম বলতে আমরা একটি বিশেষ জিনিস বুঝে থাকি; কিন্তু তলোয়ারের চাইতে কলমের ক্ষমতা বেশী এ-কথায় "কলম" শব্দ লেথকের निर्मि पिष्ट् । अपि भरमत्र नक्ष्मा।

আলের বিকরা বললেন, এ-তিনটি ছাড়াও ভাষার আর-একটি বিশেষ শক্তি আছে; এবং এই শক্তির ক্রিয়ার ফলেই সাধারণের ব্যবহৃত ভাষা সাহিত্যের ভাষায় উন্নীত হয়। অভিধা, তাৎপর্য, লক্ষণা থেকে আমরা পাই বাচ্যার্থ; সাহিত্যিক এই বাচ্যার্থের সাহায্য নিয়ে অথচ তাকে অতিক্রম করে বাক্যে আর-একটি প্রতীয়মান অর্থ সঞ্চার করেন, আর তারই নাম ব্যঞ্জনা। ভাষার এই ব্যঞ্জনা-শক্তি না থাকলে ভাব, আবেগ এবং অভিজ্ঞতা রসে রূপান্তরিত হতে পারত না। এবং নৈয়ায়িকের বিশ্লেষণে ব্যঞ্জনার স্বতন্ত্র অন্তিত্ব অস্বীকৃত হলেও, সাহিত্যিক এবং সাহিত্য-রিদিকদের অপ্রোক্ষ অভিজ্ঞতায় এর আস্বাদন বারংবার পরীক্ষিত। ধ্বনিকার তাই বলেছেন, যেমন অঙ্গনাদেহে অবয়বের অতিরিক্ত এক লাবণ্য উদ্ভাসিত হয়, তেমনি মহাকবিদের বাণীতে বাচ্যার্থকে

আশ্রয় করে তার অতিরিক্ত আর-একটি প্রতীয়মান অর্থ অভিব্যক্ত হয়ে থাকে।
এটিই ধ্বনি বা ব্যঞ্জনা। অভিনবগুপ্ত আনন্দবর্ধনের 'ধ্বক্যালোক' গ্রন্থের
"লোচন"-টাকায় বিশদ করে দেখিয়েছেন যে, এই ধ্বনি দ্বারাই রস প্রতীত হতে
পারে। যে "অপূর্বস্তুনির্মাণক্ষমা প্রজ্ঞা" প্রতিভার লক্ষণ তারই সামর্থ্যে
সাহিত্যিক ব্যাকরণ-অভিধানের নিয়ম মেনে নিয়েও প্রচলিত শব্দের এবং
শব্দসমাবেশের মধ্যে বাচ্যার্থের অতিরিক্ত ব্যক্ষার্থের পরিক্ষ্টন ঘটান।

অবশ্য স্রেফ্ প্রতিভার দোহাই পেড়ে কোন কিছুরই অর্থপূর্ণ ব্যাখ্যা করা চলে না। আলমারিকরাও তা করেননি। রদকে ব্রহ্মস্থাদসহোদর বলার পরেও যাঁরা রদের ভাব, বিভাব, অহভাব, সঞ্গারী ভাব প্রভৃতি উপাদান এবং কলাকোশল বিশ্লেষণ করতে গিয়েছিলেন, তাঁরা-যে ভাষাতে কী পদ্ধতিতে এবং কোন্ প্রক্রিয়ায় ব্যঞ্জনা আদে এটিরও খুঁটিনাটি বিচার করতে চাইবেন, এটি ত স্বাভাবিক। এই প্রদক্ষে আনন্দবর্ধন এবং অভিনবগুপ্তের বিচার অতুলচক্র গুপ্তের কল্যাণে আধুনিক বাঙালী পাঠকের কাছে সমধিক পরিচিত। কিন্তু বোধহুয় সংস্কৃত ভাষায় এ-রহস্তের স্বচাইতে পরিচ্ছন্ন এবং স্ক্র্ম আলোচনার সন্ধান মিলবে অভিনবগুপ্তের সমকালীন আলম্বারিক কুন্তল বা কুন্তকের 'বজোক্তিজীবিত' গ্রন্থ।

কুস্তক ধ্বনি বা ব্যঞ্জনার বদলে "বক্রতা" শব্দ ব্যবহার করেছেন। ভামহ লিথেছিলেন, "শব্দার্থে সহিতে কাব্যং"। কুস্তক প্রস্তাবটিকে বিশদ করে দেখালেন যে শব্দ এবং অর্থ কুয়ের মধ্যেই আহ্লাদস্প্রির সন্তাবনা আছে, কিন্তু এ-তৃয়ের বিক্যাদের মধ্যে মিল না ঘটলে কাব্যে চমৎকারিত্ব আদে না। মানে না-বুবেও সৎ কবিতা শুধু কানে শুনে আনন্দ পাওয়া যায়। এ আনন্দের কারণ হল শব্দবিক্যাদের অন্তর্নিহিত সঙ্গীতধর্ম। অন্ত দিকে শুধু অর্থনম্পদের ঘারাও কোন বাক্য পাঠককে আনন্দ দিতে পারে। কিন্তু যথন কোনও বাক্যে ছন্দ-এবং-ধ্বনিবিন্তাদ অর্থবিক্তাদের দঙ্গে মিলিত হয়ে পরম্পরের সমৃদ্ধি ঘটায় একটি সমগ্র সভায় দামঞ্জ্য লাভ করে, তথনই ভাষা সাহিত্য হয়ে ওঠে। এই সমগ্রতার সামঞ্জ্যের ফলে শব্দরূপ বাচক এবং অর্থরূপ বাচ্যকে অতিক্রম করে ভাষায় একটি নতুন সামর্থ্য সঞ্চারিত হয়—এবই নাম বক্রতা। দার্শনিকপ্রবর স্থরেন্দ্রনাথ দাশগুপ্ত মহাশয়ের মতে এথনকার সমালোচকরা যাকে 'ইম্পেটিক কোয়ালিটি' বলেন, কুস্তক 'বক্রতা' কথাটিতে তারই স্থচনা করেছিলেন। এর যেটি অন্তর্মক দিক (অর্থাৎ এর ফলে চেতনায় যে

হলাদরদের আস্বাদ হয়), তাকে কুস্তক বলেছেন সোভাগ্য; আর যেটি বহিরক্ষ (অর্থাৎ শব্দার্থের বিশিষ্ট সনিবেশের ফলে যে সৌন্দর্য স্বষ্টি হয়), তার নামকরণ করেছেন লাবণ্য। কোন্ কোন্ কারণ এবং প্রক্রিয়ার ফলে কাব্যদেহে এই সোভাগ্য এবং লাবণ্য সঞ্চারিত হয়, কুস্তক তাঁর গ্রন্থের বিতীয় উন্মেষে বিস্তারিতভাবে তার বিশ্লেষণ করেছেন। সংস্কৃত-সাহিত্য থেকে প্রভৃত উদাহরণ-সহযোগে বিভিন্ন প্রকারের বক্রতা বিষয়ে তাঁর এই আলোচনা অলক্ষারশাস্তে এক অসামান্য সংযোজন।

ফলত ধানি, বক্রতা বা ব্যঞ্জনা-সমন্বিত হওয়ার ফলেই সাধারণ-প্রচলিত ভাষা সাহিত্যের ভাষায় বিকাশলাভ করে। এবং সাহিত্যের মধ্যে কবিতা হল ব্যঞ্জনা-সামর্থ্যে সব চাইতে সমৃদ্ধ। প্রাচীন হিন্দু আলম্বারিকদের যেন প্রতিধ্বনি করে আধুনিক কবি এজরা পাউণ্ড তাই বলেছেন, গাঢ়তম ভাষাই কবিতা। অথচ শিশুবয়দ থেকে এমন বহু রচনা আমাদের পড়তে হয়, অভিভাবক, শিক্ষক এবং টীকাকারদের মতে যারা নাকি কবিতা, কিন্তু যাদের মধ্যে ব্যঞ্জনার আভাদ পর্যন্ত আমরা কথন খুঁজে পাই না। আলম্বারিকদের পরিভাষা অফুসারে এরা আদলে কবিতা নয়, চিত্রকাব্য মাত্র। আমরা এদের পত্ত আথ্যা দিতে পারি। কবিতার পাশাপাশি পত্ত সব দেশেই চিরকাল লেখা হয়ে আদছে। কারণ স্ঠ-প্রতিভা না থাকলেও যাঁদের রচনার প্রবৃত্তি অদম্য, এজাতীয় ব্যক্তিরা কোন দেশে-কালেই হুর্লভ নন। তবে বিপদ তথনই ঘটে যথন নানা কারণে কবিরা পর্যন্ত স্বভাবোক্তি এবং অর্থব্যক্তির নামে ব্যঞ্জনা বিষয়ে উদাসীন হয়ে ওঠেন। তার ফলে যা স্বজিত হয় তাকৈ ঠিক পতা বলা যায় না। কারণ কুন্তকোক্ত দৌভাগ্যে দে-রচনা পুরোপুরি বঞ্চিত নয়, কিন্তু অব্যুৎপত্তিকৃত দোষে তার বস ফিকে, তার প্রতীয়মানতা ক্ষীণ. সহাদয়ের হাদয়ে অহ্বরণন জাগাবার সামর্থ্য তার সীমাবদ্ধ। এ-অবস্থায় কাব্যে বাচ্যার্থ ও ভাব মুখ্য হয়ে ওঠে, এবং ফলে তার দেহে লাবণ্য বা আভা মান হয়ে আদে। এই অবক্ষয় থেকে কবিপ্রতিভাকে বাঁচাবার জন্ম তথন প্রয়োজন হয় ব্যঞ্জনার বহস্ত নিয়ে নতুন করে বিচার বিশ্লেষণ, কবিকর্ম বিষয়ে কবিদের অন্নিষ্ট পরাক্ষা নিরীক্ষা। কাব্যের ইতিহাদে এমনিতর অবস্থাকেই বোধহয় কালাম্ভর আখ্যা দেওয়া যেতে পারে।

। छ्रे ।

উনিশ শতকের মাঝামাঝি ইয়োরে গীয় কবিতার ইতিহাসে এমনিতর এক কালাম্বর স্থাচিত হয়েছিল। আঠার শতকের চতুর কবিরা অলম্বারপ্রয়োগে निष्ठ हिल्लन; ठाँपात बहुनाय व प्रात्नाक क्षिय, न्याठा, न्याधि, উष्टाबठा, অর্থপ্রতীতি ইত্যাদি গুণের অভাব ছিল া; কিন্তু তাঁদের কল্পনায় অলঙ্কার প্রায়শই ব্যঞ্জনার সঙ্গে অন্বিত হয়ে ওঠেনি। এঁদের কাব্যাদর্শের প্রতিবাদে আঠার শতকের শেষে এবং উনিশ শতকের গোড়ায় ইয়োরোপীয় সাহিত্যে যে রোমাণ্টিক আন্দোলন গড়ে ওঠে তাতেও সাধারণভাবে ব্যঞ্জনা হয়ে রইল গৌণ, মুখ্য হয়ে উঠল একদিকে ভাব বা আবেগ এবং অক্তদিকে मार्मिनिका। এ-প্রস্তাবের সব চাইতে উল্লেখযোগ্য ব্যতিক্রম কীটুস; এবং কোলরিচ্ছের কয়েকটি আশ্রুষ্ কবিতা সম্বন্ধেও এ-কথা থাটে না। তবু মোটামুটিভাবে বোধহয় বলা চলে যে ওয়র্ড্র ওয়র্থ-বায়রন-শেলী, লামার্তিন-ভিনী-উগো মৃদে, মানজনি-লেওপার্দি, শিলার প্রমুথ কবিদের রচনায় ব্যঞ্জনা অমুপন্থিত না থাকলেও তা প্রায়শই ভাক্ত; আবেগের প্রাবল্য অথবা তাত্ত্বিকতার গুরুভার অথবা উভয়ের মিলিত চাপে ধ্বনির বিচ্ছিত্তিসাধন অনেকটাই যেন অবহেলিত। এ অভিযোগ হয়ত স্বয়ং গোয়েটের কিছু কবিতা সম্বন্ধেও করা চলে। এঁদের প্রত্যেকেরই কবি-প্রতিভা সংশয়োধর্ব। তবু স্বীকার করতে হয় এঁদের অনেক কবিতাতেই ভাষার ব্যঞ্জনাশক্তি সম্যুক্তাবে স্ফুরিত হয়নি।

রোমাণ্টিক মানসে বাচ্যার্থের প্রতি অনুরাগ যখন ক্রমেই প্রবল হয়ে উঠেছে, তখন ব্যঞ্জনার প্রতি নতুন করে দৃষ্টি আকর্ষণ করলেন এক মার্কিন কবি: এডগার অ্যালান পো (১৮০৯—১৮৪৯)। পো গল্পলেথক হিসেবেই সমধিক পরিচিত; কিন্তু পশ্চিমী কাব্যের ইতিহাসে আধুনিক যুগের প্রবর্তনে তাঁর দান কম নয়। তিনি বোঝালেন, কবিতার ফল জ্ঞান নয়, নীতিবোধ নয়, তার ফল একাস্কভাবেই আনন্দ। আর এই আনন্দ স্বজ্ঞিত এবং সঞ্চারিত হয় নিখুঁত শব্দবিভ্যাসের মারফৎ ইন্দ্রিয়জাত আবেগকে ভাবগ্রত আবেগে রূপান্তরিত করে। তাঁর মতে দীর্ঘ কবিতা স্ববিরোধী এবং সে-কারণে অসম্ভব। কারণ আনন্দের স্থাদ বেশীক্ষণ বজ্ঞায় রাথা যায় না, আর তাই কবিতা দার্ঘ হলে তা বাচ্যার্থপ্রধান হয়ে উঠতে বাধ্য। কবির কাজ হোল সঞ্চীতধর্মী স্বল্ধ শব্দে আনন্দময় গৃঢ় ব্যঞ্জনার উদ্বোধন। তাঁর সমকালীন

ফরাসী কবি-উপত্যাদিক তেয়োফিল গোডিয়ে (১৮১১—১৮৭২) শিল্পের
খত: নিদ্ধ ম্ল্যের উপরে জোর দিয়ে রোমাণ্টিক কাব্যের পরভন্ধতার দ্প্রতিবাদ
করলেন। কিন্তু পো কিংবা গোডিয়ে প্রথমশ্রেণীর কবি ছিলেন না। তাঁদের
উভয়েরই শিশ্ব বোদলেয়ারের (১৮২১—৬৭) অসামাত্য কবি-প্রতিভায় স্বীকৃত্তি
লাভ করার ফলেই তাঁদের কাব্যাদর্শ পশ্চিমী কাব্যের ইতিহাদে কালান্তর
ঘটাতে পারল। বোদলেয়ার জটিল অভিজ্ঞতার স্ক্রাতিস্ক্র ইপিত-গ্রামকে
শব্দার্থের নিথ্ত অর্কেস্ত্রীয় অভিব্যক্ত করে কবিকর্মের কেন্দ্রে ব্যঞ্জনার
প্রাংপ্রতিষ্ঠা ঘটালেন। তর্ক করে নয়, তাঁর নিজেরই রচিত কবিভার অপরোক্ষ
প্রমাণ উপস্থিত করে তিনি দেখালেন যে, লোকিক স্তরে যে-ভাব হয়ত নিতান্তই
জ্ঞুম্পাকর, ব্যঞ্জনার সঙ্গে অন্বিত হয়ে তাই হদমের চমৎকারিতার কারণ
হতে পারে। এবং এ-দাবিও তিনি করলেন যে, ব্যঞ্জনা শুধু বাচ্যার্থ এবং
ভাবের উপাদানকে আমৃল রূপান্তরিত করে না, ব্যঙ্গের প্রয়োজনে ব্যাকরণ
এবং অভিধানের নিয়্মলজ্যনেও কবির পূর্ণ অধিকার আছে।

ব্যঞ্জনা-দামর্থ্যে বোদলেয়ার যে-কোনও যুগের এবং যে-কোনও ভাষার শ্রেষ্ঠ কবিদের অন্তম। তা ছাড়া গত একণ বছরে আধুনিক কবিতার যে বিশেষ মেজাজ এবং রীতি গড়ে উঠেছে তার উপরে তাঁর গভীর প্রভাব দর্ববাদিদমত। স্বভাবতই এ-প্রভাব প্রথমে ফরাদী কবিদের মধ্যে স্পষ্টতা পায়; পরে তা ইংরেজী, জার্মান, রুশ, ইতালিয়ান, স্প্রানিশ, মায় সম্প্রতিকালে বাংলা কবিতাতেও প্রদার লাভ করেছে। এই মেঙ্গাজ এবং রীতির মধ্যে প্রচর বৈচিত্র্য থাকলেও সমগ্রভাবে একে বোধ হয় সিম্বলিস্ট্রা প্রতীকতন্ত্রী আখ্যা দিলে বিশেষ ভুল হবে না। প্রতীকতন্ত্রের প্রথম এবং হয়ত এতাবৎ मार्थक ७ म वि तामल । निष्के । किन्न का वामर्म कर्प अब अवभ अवः প্রধান প্রবক্তা হচ্ছেন স্তেফান মালার্মে (১৮৪২—১৮৯৮)। জীবিকার জন্মে মালার্মেকে প্রায় সারাজীবন সামাত ইম্বল-মান্টারি করতে হয়েছিল; আর দেই বৃত্তিগত অবক্ষয়ের বিরুদ্ধে তিনি কোজাগর সাধনায় বিশুদ্ধ রূপের প্রতিরোধ গড়ে তুলেছিলেন। বিভালয়ের স্বল্পবৃদ্ধি, অভ্যাদাশ্রমী সহকর্মীরা ম্বভাবতই এই উন্নাসিক, ব্রম্বকায়, অম্বিষ্ট প্রতিভাবান পুরুষটিকে বিশেষ পাতা দেননি। কিন্তু র ছ বোম-এ তাঁর আপোর্টমেণ্টে সপ্তাহে মঙ্গলবার সন্ধ্যায় যে-সব তরুণ এবং প্রবীণ শিল্পীদের সমাগম হত, তাঁদের কাছে তিনি ছিলেন কবিগুরু। এখানে আসতেন ভালেন, পিয়ের লুই,

আঁত্রে জিদ্, পোল ভালেরি, আসতেন ম্যানে, হইদলার, আর্থার সাইমনস। ঘরের দেয়ালে ম্যানের আঁকা পোট্রেট, গোগ্যার কমলারঙা উডকাট, আর বদ্যা-র ফন্ ও নিম্ফ্; আর ঘরের এক কোণে দাঁড়িয়ে কাঁধে মোটা পশমের শাল, হাতে তামাকের পাইপ, ঘণ্টার পর ঘণ্টা মালার্মে মৃত্ত্বরে এঁদের কাছে ব্যাথ্যা করতেন প্রতীকতন্ত্রী কাব্যাদর্শ। একটি গল্প আছে: এটি মালার্মে-শিশ্র ভালেরির কাছে পাওয়া। উনিশ শতকের একজন সেরা ছবি-আঁকিয়ের দেগা-র সনেট লেথার শথ ছিল। একাইন আর-একজন ছবি-আঁকিয়ের বাড়িতে বসে দেগা হংথ করছিলেন, "দেখ, সারাদিন ধরে চেষ্টা করলাম, তবু সনেটটা রূপ নিল না। অথচ আমার মনে ত ভাবের দারিজ্য নেই।" "দেগা," মালার্মে বললেন, "ভাব দিয়ে ত সনেট হয় না, সনেট হয় কথা দিয়ে।"

কথার শব্দার্থময় দেহে যে-জাতুতে ব্যঞ্জনার দীপ্তি দেখা দেয় মালার্মে তাকেই বলেছেন কবিছ। মালার্মের মতে এই দীপ্তির কেন্দ্রে থাকে কোনও প্রতীক, যে প্রতীকের মধ্যে ভাবনা-অভিজ্ঞতা-আবেগের বিচিত্র বছবাচনিক উপাদানসভার অর্থ এবং সঙ্গীতময় একটি সমগ্র রূপে কেলাসিত। কবির কল্পনায় কোন তুর্লুভ রহস্থময় মৃহুর্তে একটি প্রতীক উদ্ভাসিত হয়; কিন্তু কবিতার কেন্দ্রে তার সার্থক প্রতিষ্ঠা নিরলস অফুশীলনসাপেক্ষ। প্রতীকের আবির্ভাব ভাষায় ব্যঞ্জনার সঞ্চার করে, কিন্তু দে-ভাষা "গোষ্ঠার ভাষা" নয়, সে হল কবির স্থোপার্জিত বৈদ্যায়ের ছারা পরিপুষ্ট এবং পরিমার্জিত ভাষা। এ-বৈদ্যায়ের জন্যে চাই একদিকে ভাষার সাঙ্গীতিক সামর্থ্য বিষয়ে নিরলস পরীক্ষা-নিরীক্ষা, অন্যাদিকে সাংস্কৃতিক ঐতিহ্যের জীবনব্যাপী অফুশীলন।

প্রতীকতন্ত্রী মালার্মে ব্যঞ্জনাকে অবিচ্ছেছভাবে যুক্ত করলেন বৈদধ্যের সঙ্গে। আর প্রতীকভন্ত্রী বঁটাবো (১৮৫৪—১৮৯১) তার উৎস সন্ধান করলেন ব্যক্তির অবচেতনায়। বোদলেয়ার যে হুই আপাতবিরোধী ধারাকে তাঁর কবিতায় মিলিয়েছিলেন, মালার্মে এবং রঁটাবো তাদের হুই স্বতন্ত্র পথে প্রবাহিত করলেন। বঁটাবোকল্লিত বিভিন্ন প্রতীকের ব্যঞ্জনা উপলব্ধি করতে হয়। বঁটাবোর মতে কবি দ্রন্থী (Voyant)। কিন্তু অন্তিত্বের যে সামান্ত অংশ যুক্তি এবং সামান্তিক উচিত্যবোধের ছকের মধ্যে মানচিত্রিত হয়েছে, তাতেই তাঁর চোথ ঠেকে যায়নি। তার পিছনে অন্তিত্বের যে বিরাট জটিন, নিয়ত-পরিবর্তনশীল, মগ্ল বিশৃদ্ধলা বর্তমান, তার সমগ্র রপটির তিনি সন্ধানী। এই

অবচেতন সমগ্রতার বীক্ষণপ্রয়াস থেকেই তাঁর বিভিন্ন প্রতীকের জন্ম, এবং এই প্রয়াদের স্থুত্তেই তাঁর ছন্দ এবং ভাষা ব্যঞ্জনাগর্ভ।

আধুনিক কবিকল্পনা প্রতীকতন্ত্রের এই হুটি ধারার কথনও একটিকে কথনও অন্টটিকে অবলম্বন করে প্রবাহিত হয়েছে। উদাহরণ হিসেবে বর্তমান শতান্ধীর দিশকের ইঙ্গ-মার্কিনী কার্য্যে ইমেজিন্ট আন্দোলনের উপরে মালার্মে-কল্লিত কার্যাদর্শের প্রভাব উল্লেখ করা চলে। অপরদিকে এরই কিছু পরে দক্ষিণ এবং মধ্য ইয়োরোপে যে স্মার্রেয়ালিস্ত, আন্দোলন গড়ে উঠেছিল গীওম্ আপলিনেয়ার মারফত রঁ্যাবোর সঙ্গে তার যোগ যেমন গভীর তেমনি প্রত্যক্ষ। তবে এ শতকের যাঁরা শ্রেষ্ঠ কবি তাঁদের অধিকাংশই তাঁদের কার্য্যঞ্জনায় এই হুই ধারাকে মেলাবার চেষ্টা করেছেন। এবং ফলে তাঁদের সঙ্গে যে-পূর্বস্থরীর আত্মীয়তা সব চাইতে ঘনিষ্ঠ, তিনি মালার্মেণ্ড নন, র্যাবো-ও নন, তিনি হলেন শার্লবোদলেয়ার। পরম্পর থেকে সম্পূর্ণ ভিন্নবৃত্তির কবিপ্রতিভা সত্বেণ্ড, আমার বিশ্বাস, এদিক থেকে রিল্কে, ভালেরি, ইয়েটস্ এবং এলিয়ট বোদলেয়ার-এরই যথার্থ উত্তরসাধক।

॥ डिन ॥

যদিচ সম্পূর্ণভাবে ব্যঞ্জনাহীন কবিতা অকল্পনীয়, তবু সাহিত্যের ইতিহাসে এ-ধরনের যুগ মোটেই তুর্লভ নয় যথন এক-আধজনকে বাদ দিলে অধিকাংশ কবিই ভাষার ব্যঞ্জনা-সামর্থ্য বিষয়ে নিরুৎস্কুক, এবং ফলে যথন কবিতা এবং পজের মাঝখানের ব্যবধান যেন আর তুর্লজ্যা ঠেকে না। ব্যঞ্জনা-ব্যাপারে অমনোযোগের ফলে কবিতায় বাচ্যার্থ মুখ্য হয়ে উঠবে এটাই প্রত্যাশিত। এবং বাচ্য-প্রধান রচনা সহজবোধ্য বলে তার সাধারণ পাঠক বেশী। কিন্তু আলঙ্কারিকেরা যাকে "রসাম্বাদন-চমৎকারচর্বণা" বলেন, সেই বিশেষ জাতীয় অফ্ব্যবসায় বা অভিজ্ঞতার প্রতিশ্রুতি না থাকায় যাঁরা রসিক পাঠক, এ-ধরনের রচনার প্রতি তাঁরা স্বভাবতই বীতরাগ।

এখন আধুনিক কবিদের অনেক দোষ থাকতে পারে: কিন্তু তাঁদের বিরুদ্ধে ব্যঞ্জনা বিষয়ে উদাসীক্তের অভিযোগ একেবারেই অসঙ্গত।

আধুনিক কবিরা নানা পদ্ধতিতে শব্দার্থে ব্যঞ্চনা-সঞ্চারের প্রয়াস

পেরেছেন। করেকটি উল্লেখ করা যেতে পারে। প্রথমেই আসে ভাষার সঙ্গীতধর্মের কথা। কুস্তক লিখেছিলেন:

অপর্বালোচিতেহপ্যর্থে

वस्तानिक्यमन्त्रमा ।

গীতবদ্ধদয়/হলাদং

তिषकाः विक्शां ये ॥

পো এবং তাঁর অম্পর্বে মালার্মেও এই তব্বের উপরে বিশেষ জ্বোর দিয়েছিলেন। "একটি পংক্তি", মালার্মে লিখেছেন, "অল্প কয়েকটি সংক্ষিপ্ত ধ্বনি-কম্পন, আর দেখ, ব্যঞ্জনার স্বতঃসিদ্ধ পূর্ণতা গড়ে উঠল।" রাঁবোর মতে প্রতি স্বর্বর্ণেরই নাকি একটি নিজস্ব রঙ আছে: "এ" কালো, "ই" সাদা, "আই" লাল, "ইউ" সবুজ, এবং "ও" নীল। এটা নিশ্চয় বাড়াবাড়ি; কিন্তু অধিকাংশ আধুনিক কবিই সচেতন যে কানের দিক থেকে শব্দের হাল্বা এবং ভারী, মস্প এবং রোমশ, স্বচ্ছ, অস্বচ্ছ, আংশিক স্বচ্ছ ইত্যাদি ভাগ করা চলে এবং ধ্বনির সার্থক নির্বাচন ও পারম্পর্যের ভিতর দিয়ে বাক্যে বিচিত্র ব্যঞ্জনা সঞ্চার করা যায়। ধ্বনিগত ব্যঞ্জনার প্রয়োজনে তাঁরা অনেক সময় ব্যাকরণের নির্দেশ অগ্রাছ্য করেছেন, অভিধান-বহিভূতি শব্দ উদ্ভাবন করেছেন। এশতকের কবিদের মধ্যে শ্রীমতী ইডিথ সিটওয়েলের কবিতায় এর বিস্তর্য উদাহরণ মিলবে। তাঁর 'কালেক্টেড পোয়েম্দ্র'এর ভূমিকায় এ-বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা বিশেষভাবে দ্রষ্টব্য।

দিতীয় পদ্ধতি হল সাংস্কৃতিক ঐতিহেব ইঙ্গিতময় ব্যবহার। পশ্চিমী সংস্কৃতির ছই প্রধান উৎস এদিক থেকে আধুনিক কবিদের খুব কাচ্ছে লেগেছে। এক দিকে গ্রেকো-রোমান পুরাকাহিনী এবং অগুদিকে প্রীপ্তীয় উপাখ্যান থেকে বিচিত্র চরিত্র এবং ঘটনাকে তাঁরা অনেকেই প্রতীক হিসেবে ব্যবহার করেছেন। তাঁদের অপরোক্ষাস্থভূতির রসায়নে এসব প্রাচীন উপাদান যেমন নবীন অর্থ পরিগ্রহ করেছে, তেমনি এদের স্থত্তে ছ-তিন হাজ্ঞার বছরের স্মৃতির অম্বরণন অভিজ্ঞতার প্রকাশকে অসামান্ত বিচ্ছিত্তিশালী করে তুলেছে। আধুনিক কবিতায় এর উদাহরণ অসংখ্যঃ যেমন মালার্মের 'ফন্', ভালেরীর 'নার্সিসাস' কি 'নিয়তি' দেবীরা, ক্লোদেল্-এর 'আনিম্স এবং আনিমা'-র রপকক্ষাহিনী, রিল্কের 'আর্ফিউস', অথবা দেবদ্তগণ, ইয়েট্স্-এর 'লিডা,' পাউণ্ড-এর 'অভিসিউস', এলিয়ট-এর টিরেসিয়াস অথবা হোলি গ্রেল, ইভিধ সিট্ওয়েল-

এর ডাইভিন্ত্ এবং ল্যান্ধারাদ ইত্যাদি। শুধু ধর্ম এবং পুরাকাহিনী নয়, ইতিহাসের চরিত্র এবং ঘটনাবলীর মধ্যেও এঁরা প্রতীক খুঁলেছেন। পাউণ্ডের "দর্গমালায়" (Cantos) অথবা প্যাস্-এর "হাওয়ারা" (Vents) কাব্যে তার অনেক উদাহরণ মিলবে।

কিন্তু আধুনিক কবিতায় ঐতিহের সব চাইতে ব্যঞ্জনাময় প্রয়োগ হল কাব্য-দেহে পূর্বস্থী কবিদের স্থীকরণ। ব্যাপারটা অবশু কিছু অভিনব নয়। কালিদাসের কাব্যে বাল্মীকির প্রতিধ্বনির সঙ্গে রসিক পাঠকমাত্রেই পরিচিত। কিন্তু ব্যঞ্জনার উপায় হিসেবে এ-পদ্ধতির এত বিচিত্র এবং ব্যাপক প্রয়োগ প্রাগাধুনিক কবিতায় বিশেষ দেখা যায় না। আধুনিক কবিরা তাঁদের উপমায়, শন্দার্থবিস্থাসে, অলঙ্করণে পূর্বস্থী কবিদের রচনাকে প্রয়োজনমত উপাদান হিসেবে ব্যবহার করে থাকেন। ফলে পাঠকের শ্বতিতে মূর্ছনা জাগে এবং কাব্যদেহ ব্যঞ্জনাগর্ভ হয়ে ওঠে। প্রতিভাসম্পন্ন কবির হাতে এ-পদ্ধতি যে কতথানি সার্থক হতে পারে এলিয়টের কবিতার সঙ্গে যাঁর কিছুমাত্র পরিচয় আছে তিনি অবশ্বই তার থবর রাখেন। ওভিড্, দাস্তে, শেক্সপীয়র, ওয়েবস্টার, জান, মার্ভেল, গোল্ডবিথ, বোদলেয়ার, ভার্লেন প্রমুথ কবিদের প্রতিধ্বনি এলিয়টের কাব্যে বারবার নিগৃত্ ব্যঞ্জনার সঞ্চার করেছে।

ব্যাবাই প্রথম এর ব্যাপক প্রয়োগ করেন। পরবর্তীকালে আপলিনেয়ার, রেঁত, মিশো, আংশিকভাবে প্যার্প, এলুয়ার এবং আরাগাঁ, লর্কা অডেন, জিলান টমাস প্রম্থ অনেকেই ময়চেতন থেকে কবিকর্মের উপাদান সংগ্রহ করে ভাষার ধ্বনিসম্পদ বাড়িয়েছেন। প্যার্প-এর ভাষায় "য়প্রের ভন্মাবশেষ থেকে কবিকল্পনার উদ্ভব।" মাহুষের বহু নিক্দ্ধ কামনা স্বপ্রের জগতে প্রতীকী রূপ ধারণ করে মৃক্তি পায়। এসব প্রতীক যথন কবিতায় ব্যবহৃত হয়, তথন ছলের সঙ্গে অন্বিত হয়ে তা পাঠকচৈতত্যে এক গৃঢ় এবং তীর অহ্বব্যবসাশ বিশেষের উদ্রেক করে। তার আভিধানিক অর্থ তথন গৌণ হয়ে অবচেতনিক ব্যঞ্জনা ম্থ্য হয়ে ওঠে। এদিক থেকে ফ্রেছে-য়ুক্ষ প্রম্থ মনোবিশ্লেষক্লদের আবিদ্ধার আধুনিক কবি-কল্পনায় গভীর প্রভাব ফেলেছে। অন্তদিকে আধুনিক কবিরা নৃতত্ব থেকেও ব্যঞ্জনার উপকরণ সংগ্রহ করেছেন। আদিম সমাজে মাহুষ যথন ইন্দ্রিয়গ্রাহ্থ অভিজ্ঞতা থেকে বিমূর্ত কল্পনায় আর্বাহণে অভান্ত হয়নি, তথন তার অক্তিব্রোধ মীথ (Myth) আকারে

প্রকাশ পেত। এখনও পৃথিবীতে বছ আদিম জাতি বর্তমান, যাদের ভাবনা-কল্পনা মৃথ্যত মীথ্-আশ্রমী। নৃতান্তিকেরা এদব মীথ্ স্বত্বে সংগ্রহ করে তাদের নানাভাবে তুলনা এবং বিচার-বিশ্লেষণ করেছেন ও করছেন। তাঁদের গবেষণার ফলে এদের মধ্যে মানবীয় অন্তিত্বের একটি অত্যন্ত সরলীকত নিত্যরূপের আভাদ ক্রমেই স্পষ্টতর হয়ে উঠছে। আধুনিক কবিরা অনেকেই নৃতান্তিকদের দ্বারা সংগৃহীত এই দব আদিম কাহিনী থেকে প্রতীক সংগ্রহ করে ভাবের সাধারণী হরণের এবং ব্যঞ্জনা-রৃদ্ধির প্রয়াদ পেয়েছেন। ফ্রেলারের "গোল্ডেন বাউ"-এর সঙ্গে এলিয়টের "ওয়েদট ল্যাণ্ডের" সম্পর্কের কথা কে না জানে!

কিন্তু প্রীষ্টধর্ম, প্রেকো রোমান পুরাকাহিনী, মনোবিকলন-শান্ত্রের অবচেতন বা নৃতাত্বিক-সংগৃহীত আদিম মীথলজি ছাড়া ইন্দ্রিয়গোচর বিশ্বপ্রকৃতিও আধুনিক কবিদের মনে সার্থক প্রতীকের বহু উপাদান জুগিয়েছে। পশু-পাথি, গাছপালা, আকাশ-সমৃদ্র, আলো-অন্ধকার, সব কিছুর মধ্যেই কবিকল্পনা অভিনব অর্থের ইঙ্গিত আবিষ্কার করতে পারে। এরা শুধু বাহ্যবস্তু বা ঘটনা নয়: এদের সান্নিধ্যে এদে কবির স্বাষ্টিশীল চৈতন্তে যেসব বিচিত্র অন্ধরণন জাগে, এরা তথন তারই প্রতীক। উদাহরণ: বোদলেয়ারের সিন্ধু-শকুন, মালার্মের রাজহাঁদ, প্যার্ম এর সমৃদ্র এবং বাতাস, ইডিথ সিট্ওয়েলের স্বর্ম এবং সোনালী শস্তুথেত, এলিয়টের লাইলাক, রিল্কের ডুম্রগাছ, লরকার জলপাই-বীথি, গাঁজোর জেলি ফিশ্। এর প্রভিটি প্রতীকই বাচ্যার্থকে অতিক্রম করে এক-একটি স্বতঃদিদ্ধ এবং নিগৃত্, প্রাতিস্থিক এবং অসামান্ত, অন্ধ্রেরদায় দ্বারা ব্যঞ্জিত।

। চার ।

ব্যঞ্জনা বিষয়ে অবহিত হওয়ার ফলে আধুনিক কাব্যের যেমন সমৃদ্ধি ঘটেছে, অন্তদিকে তেমনি এক সঙ্কটের সম্ভাবনাও দেখা দিয়েছে। অধিকাংশ সাধারণ পাঠক আধুনিক কবিতার আবেদনে সাড়া দিতে অপারগ। এর কারণ নানা, কিন্তু তার মধ্যে প্রধান একটি হল এই যে আধুনিক কাব্যের ব্যঞ্জনা উপভোগ করতে হলে যতথানি বৈদয়্য এবং ক্ষম্ম অমুভ্তিশীলতা প্রয়োজন, সাধারণ পাঠকের পক্ষে তা অর্জন করা প্রায় অসম্ভব। এবং

যেহেতু আধুনিক সমাজ এবং শিক্ষার ঝোঁক ব্যবহারিক দক্ষতা এবং সাফল্যের উপরে, মনের বিকাশ এবং ইন্দ্রিয়ের স্ক্ষাতা-সাধনের উপরে নয়, সেকারণে কবি এবং সাধারণ পাঠকের মধ্যে এই ব্যবধান কমার সম্ভাবনাও বিশেষ দেখি না। এতে পাঠকের লোকসান স্ক্র্লেষ্ট, কিছু কবিদেরও বোধহয় খ্ব প্লকিত বোধ করার কারণ নেই। কারণ যদিচ একদা এলিয়ট তাঁর ওয়েস্টল্যাও কাব্যের পিছনে নিজেই কিছু টীকা-ভাষ্য জুড়েছিলেন, তবু কোনও সং কবিই বোধহয় ভটির অক্সকরণে একথা বলে স্থা বোধ করবেন না যে, তাঁদের কাব্য শুধু বিশ্বজ্জনের জন্মে, তা ব্যাখ্যার ধারা বোধ্য এবং ফলে তা সাধারণ পাঠকের অগম্য।

ব্যাখ্যাগম্যমিদং কাব্যম্ৎসবঃ স্থধিয়ামলং। হতা তুর্মেধসশ্চাস্মিন্ বিদ্বৎপ্রিয়তয়া ময়া॥

ব্যাচ্যার্থপ্রধান কাব্য কাব্য নয়, পভামাত্র। অপরপক্ষে ব্যক্ষ্যার্থের অক্ষ্মীলন যদি কবিকর্মকে গুরুষাধনায় পর্যবিদিত করে, তবে সেও ত কাব্যের এক ধরনের অপমৃত্যু। একদা-স্বরেয়ালিন্ত্ ফরাসী কবি রেনী শার লিখেছেন, মান্থবের এক অংশের প্রতীক গাছ, আর-এক অংশের প্রতীক পাথি। কাব্যে গাছ পায় মাটি, পাথির মেলে আকাশ। আধুনিক কবিতায় পাথিরা ত ভানা মেলেছে; কিন্তু গাছদের শুকিয়ে যাবার আভাসও কি চোথে পড়ছেনা?

রবীক্রনাথ ও গোয়েটে

রবীক্রনাথ একবার হৃঃথ করে লিখেছিলেন আমাদের দেশের সাহিত্য আলোচনা "নিতাস্ত ম্দীর দোকানের ব্যাপার-–ছোট ছোট শালপাতার বন্দোবস্ত-সমালোচনার ভঙ্গী দেখলেই সেটি বে'ঝা যায়-নিতাস্ত গেঁয়ো বকমের।" নানা ভাষায় লেখা নানা সাহিত্যের সঙ্গে সত্যেন্দ্রনাথ দত্তের ভালো পরিচয় আছে জেনে তাঁর কাছে তিনি প্রস্তাব করেছিলেন: "কাব্যকে. সাহিত্যকে একটা বিশ্বভূমিকার উপর দাঁড় করিয়ে দেখাও না কেন ?" কবির আরও অনেক প্রস্তাবের মত এটিও বিশেষ কার্যকরী হয়নি। সাহিত্যের গাঠক হিসেবে সভ্যেন্দ্রনাথ বিশ্বনাগরিক হওয়া সত্ত্বেও সাহিত্য বিচারের প্রোট্র তিনি অর্জন করেন নি। তিনি নানা ভাষা থেকে বিশুর কবিতা বাঙলায় অমুবাদ করেছিলেন; অক্যান্ত ভাষার বিশিষ্ট বিশিষ্ট ছন্দ নিয়ে বাংলা ভাষায় তিনি যে পরীক্ষা শুরু করেছিলেন আজও তার তুলনা মেলে না; তাঁর "ছন্দ সরম্বতী" বাংলা সাহিত্যের একটি মহৎ সম্পদ। তবু একথা স্বীকার না করে উপায় নেই যে, তাঁর সাহিত্য চর্চার মধ্যে পরিণত বিচারবোধের বিশেষ অভাব ছিল। যাঁদের সে অভাব ছিল না — যেমন প্রমথ চৌধুরী অথবা স্বয়ং রবীক্রনাথ — তাঁরাও বিশ্বভূমিকায় বাংলা সাহিত্য সমালোচনার কাজে বিশেষ যত্নশীল ফলত বাংলা সমালোচনা-সাহিত্য বিষয়ে কবির উপরোক্ত অভিযোগ আজও কম-বেশী অপ্রতিথণ্ডিত রয়ে গেছে।

অবশ্য বিশ্বভূমিকায় দাঁড় করিয়ে দেখালে বিশ্বকে দেখাবার মত বাংলা দাহিত্যের কতটুকু যে শেষ পর্যন্ত টিকবে বলা শক্ত। ছোট কি মেজো-সেজোদের কথা ছেড়ে দিয়ে বাংলা এমন কি আধুনিক ভারতের যিনি নি:লেছে সব চাইতে বড় লেখক সেই রবীক্রনাথের কথাই যদি ধরা যায় তাহলেও বিশ্ব দাহিত্যের ইতিহাসে তাঁর স্থান কত উচুতে দে বিষয়ে কিছু সংশয়ের অবকাশ থাকে। নাট্যকার হিসেবে তিনি কি ইউরিপিদিস, শেক্সপীয়র, মলিএর, ইবসেন, অথবা ও'নীলের সমত্লা? উপত্যাসিক হিসেবে তাঁকে কি স্তাঁদাল, ডফ্যেভ্স্কী, টলস্টয়, টমাস মান অথবা প্রস্তু-এর কোঠায় ফেলা চলে? এমন কি এত যে তাঁর কবিখ্যাতি তা সত্তেও একথা কি আমরা বলতে পারি যে

বঁটাবো, বিশ্বে বা ইয়েট্স জীবনের যে সব অতলম্পর্শ অভিজ্ঞতাকে তাঁদের সার্থকতম কবিতার মধ্যে ধরতে পেরেছিলেন রবিঠাকুরের কবিতার তাদের সন্ধান মেলে? তিনি যত গান বেঁধেছিলেন পৃথিবীতে কেউ বোধ হয় কথনও একা অত গান বাঁধেনি। তাঁর সে গানে আমরা মৃধ্য। তবু মৃথ্যত হ্বরের দিক থেকে বিচার করলে কি এদেশের কি পশ্চিমের শ্রেষ্ঠ হ্বরকারদের রচনার সঙ্গে তার কি সভ্যিই কোন তুলনা সম্ভব? আমি যতটুকু বৃধি তাতে মনে হয় এক ছোট গল্পের ক্ষেত্রে তিনি নি:সন্দেহে বিশ্বের প্রধানদের অন্ততম। কিন্তু রবীক্রনাথকে বিশ্বকবি আখ্যা দিয়ে এদেশে যাঁরা তাঁর গরবে গরবী, বিশ্বভূমিকায় তাঁর এ ধরণের মৃল্যায়নের সম্ভাবনায় তাঁদের মন উঠবে ভর্সা হয় না।

তবে এক ব্যাপারে বিশ্ব সাহিত্যেও রবীন্দ্রনাথের জুড়ি মেলা শক্ত। প্রতিভার এমন নৈস্গিক বহুমুখীনতা এবং প্রাচ্য আর কজন সাহিত্যিক এতাবৎ দেখাতে পেরেছেন ? পৃথিবীর প্রাচীন এবং আধুনিক সেরা লেখকদের কথা, যডটুকু জানি, একে একে ভেবে দেখেছি। তাঁদের অনেকে আপন আপন ক্ষেত্রে তাঁর তুলনায় হয়ত বেশী সার্থকতা অর্জন করেছেন। কিন্তু এত বিচিত্র ক্ষেত্রে তাঁরা কেউই সার্থক হননি, এমন কি বিচরণ পর্যন্ত করেননি। না, দাস্তে নয়, শেক্সপীয়র নয়, টলস্টয় নয়। পশ্চিমী রনেসাঁসের যুগে যাকে বলা হত বৈশ্বিক মানব বা I'uomo universale সাহিত্যিকদের মধ্যে রবীক্রনাথ তারই আশ্চর্য উদাহরণ। রনেসাঁদেব যুগে এ ধরণের কিছু মাত্র্য দেখা গিয়েছিল, এঁদের মধ্যে অলবর্তি এবং লেওনার্দো সমধিক খ্যাত। কিন্তু এঁদের মধ্যে কেউ মুখ্যত সাহিত্যিক ছিলেন না। ববীক্রনাথ মুখ্যত সাহিত্যিক এবং সাহিত্যের এমন কোন রূপই আমাদের জানা নেই যার মধ্যে তাঁর প্রতিভা স্ফর্তি পায়নি। কবিতা, নাটক (ট্রাজেডি, কমেডি, নৃত্যনাট্য, প্রহসন), উপন্তাস, ছোট এবং বড় গল্প, প্রবন্ধ, রম্যবচনা, ডায়েরী-চিঠিপত্র—কিছুই তিনি বাদ দেননি। এমন কি দর্শন, বিজ্ঞান, ধর্ম, ইতিহাস, শিক্ষাতত্ত্ব, ভাষাতত্ত্ব, ব্যাকরণ এ দব বিষয়েও তিনি যথেষ্ট ভেবেছেন এবং নেহাৎ কম লেখেন নি। তাছাড়া তাঁর গান আছে, ছবি আছে। আর তারই সঙ্গে সঙ্গে তিনি জমিদারী চালিয়েছেন, একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার চেষ্টা করেছেন, তাঁর নিজের নানা নাটক প্রযোজনা করেছেন, এমন কি সাময়িকভাবে রাজনৈতিক আন্দোলনে পর্যস্ত সক্রিয় অংশ গ্রহণ করেছেন। না, রবীক্রনাথের মত বিচিত্র-

১। প্রবন্ধের শেবে দীকা।

প্রতিভা সাহিত্যিক এদেশে কেন গোটা পৃথিবীতে আর চোথে পড়ে না। তথু একজন ছাড়া। তিনি হলেন যোহান্ হোল্ফ্গাঙ্গ গোয়েটে।

॥ छूटे ॥

বিশ্বভূমিকায় রবীন্দ্রনাথের বিচার করতে গেলে গোয়েটের কথা আপনা থেকেই মনে পড়ে। গোয়েটেও মুখ্যত সাহিত্যিক এবং তাঁর প্রতিভা রবীক্রনাথের মতই বিচিত্রমূথী। গছ এবং পছ উভয় ক্ষেত্রেই তিনি সিদ্ধহস্ত; জার্মান সাহিত্যের প্রায় এমন কোন বিভাগ বা শাথা প্রশাথা নেই, যার উপরে তাঁর প্রতিভা আপন স্বাক্ষর রাথেনি। তিনিও কিছুকাল চিত্রকলার চর্চা করেছিলেন; তবে ববীক্রনাথের মত বুদ্ধ বয়দে নয়, প্রথম যৌবনে। তাঁর বিজ্ঞান সাধনা রবীশ্রনাথের তুলনায় অধিকতর তন্নিষ্ঠ; উদ্ভিদ বিজ্ঞান এবং অঙ্গসংস্থান শাস্ত্রে তাঁর গবেষণা সমকালীন বৈজ্ঞানিক সমাজে স্বীকৃতি লাভ করেছিল; এমন কি পদার্থ বিজ্ঞানও তার নজর এড়ায়নি। রবীন্দ্রনাথ যেমন গড়ে তুলেছিলেন বিশ্বভারতী, গোয়েটেও তেমনি গড়ে তোলেন হ্বাইমারের রঙ্গমঞ্চ। শুধু কি তাই ্ব মাত্র ছাব্দিশ বছর বয়দে তিনি হ্বাইমারের অক্ততম মন্ত্রীর পদে নিযুক্ত হন। অর্থ, কৃষি এবং থনিজ সম্পদের দপ্তর তাঁর অধীনে ছিল। দশ বছর ধরে এ দায়িত্ব তিনি বিশেষ যোগ্যতার সঙ্গে পালন করেন। রবীন্দ্রনাথের মত তিনিও ক্লমি ব্যবস্থার উন্নতির জন্ম বিস্তর চিন্তা এবং চেষ্টা করেছিলেন। ফলত রবীন্দ্রনাথের মত গোয়েটেও ছিলেন জীবন শিল্পী এবং মুখ্যত তারা উভয়েই সাহিত্যিক হলেও সাহিত্য তাঁদের কাছে জীবনেরই একটি দিক হিসেবে দেখা দিয়েছিল, জীবনের চাইতে বড় বলে স্বীকৃত হয়নি।

তা ছাড়া যে বিশেষ ঐতিহাসিক পরিবেশে গোয়েটে এবং রবীক্রনাথ দেখা দিয়েছিলেন সেথানেও তাঁদের মধ্যে আশ্চর্য মিল চোথে পড়ে। গোয়েটের জন্ম সতেরোশ উনপঞ্চাশ খৃষ্টাব্দে। জার্মানীর সামাজিক এবং সাংস্কৃতিক জীবন তথনও গাঢ় তমসাচ্ছন্ন। তাঁর বয়:প্রাপ্তির যুগে জার্মানীর সাংস্কৃতিক জীবনে ইয়োরোপীয় রনেসাঁস্ আন্দোলনের কিছু কিছু প্রভাব পরিক্ষৃট হয়ে উঠতে থাকে। কান্টের যুক্তিবাদী দর্শন, হিরেজেল্মানের শিল্পতত্ব, লেসিঙ্-এর সাহিত্য বিচার এবং হাজার-এর ইতিহাস তত্বের মারফৎ প্রাচীন গ্রীস এবং আধুনিক ইংলও, ফ্রান্স ও ইতালি জার্মান মানসে প্রবেশ লাভ করে। রিফর্মেশ্যন্

জার্মানীকে রনেসাঁসের মহৎ উত্তরাধিকার থেকে বঞ্চিত করেছিল। থ এঁদের প্রয়াসে আঠার শতকে জার্মানীতে সাংস্কৃতিক উজ্জীবনের সন্তাবনা দেখা দেয়। এঁদের কর্ষিত জমিতে ফসল ফলালেন গোয়েটে। তিরাশি বছর-বাাপী দীর্ঘজীবনের প্রচেষ্টায় জার্মানীকে তিনি রনেসাঁসের উত্তরসাধকদের মধ্যে প্রধান করে তুললেন। তাঁর পূর্বে জার্মানীতে সাহিত্য বলতে উল্লেখযোগ্য কিছু ছিল না; যেমন দরিদ্র ছিল জার্মান ভাষা তেমনি অপুষ্ট ছিল জার্মান মানস। গোয়েটে জার্মান সাহিত্যকে প্রাদেশিকতার স্তর থেকে বিশ্বসাহিত্যের স্তরে পৌছে, দিলেন; দেখা গেল প্রকাশ ক্ষমতায় জার্মান ভাষা অন্যান্ত প্রধান ইয়োরোপীয় ভাষার চাইতে খুব খাটো নয়। তাঁর রচনার মধ্য দিয়ে জার্মান মন ইয়োরোপীয় ভাষার চাইতে খুব খাটো নয়। তাঁর রচনার মধ্য দিয়ে জার্মান মন ইয়োরোপীয় সংস্কৃতির উত্তরাধিকারে সমৃদ্ধ এবং পরিপুষ্ট হয়ে উঠল। রনেসাঁসের মানবতন্ত্রী ঐতিহ্য যথন ইয়োরোপের অন্যান্ত দেশে ক্ষীণ হয়ে আসছিল, গোয়েটে তাতে নতুন করে প্রাণ সঞ্চার করলেন। শুধু জার্মানীরই উজ্জীবন ঘটালেন না, নিয়ে এলেন ইয়োরোপের পুনকক্ষীবনের প্রতিশ্রুত।

রবীন্দ্রনাথের ঐতিহাসিক পটভূমি এদিক থেকে গোয়েটের পটভূমির সঙ্গে অনেকটা এক। গোয়েটে মারা যান আঠারশ বত্তিশ সালে। রবীক্রনাথের জন্ম তা থেকে প্রায় তিরিশ বছর পরে, আঠারশ একষ্টিতে। রবীক্রনাথের জন্মকালে ভারতবর্ষের দশা প্রায় একশ বছর আগে গোয়েটের জন্মকালে জার্মানীরই সমান। এদেশের স্থবির সমাজ এবং জীবনবিমূথ সংস্কৃতির উপরে পশ্চিমী রনেসাঁদের ধাকা দবে তথন চেউ তুলেছে। কাণ্ট, হ্লিঙ্কেল্মান, লেসিঙ্ এবং হার্ডার যেমন ভৌগোলিক সন্ধীর্ণতার উদ্বে উঠে প্রাচীন গ্রীদ ও রোম এবং আধুনিক ফ্রান্স ও ইংলণ্ডের চিন্তাকে জার্মানীতে স্বাগত করেছিলেন, এদেশে তেমনি রামমোহন, ডিরোজিও, বিভাদাগর, জাম্বেকর, লোকহিতবাদী ফুলে, মাইকেল (এবং গোড়ার দিকে বঙ্কিম) প্রমুথ সংস্কারক এবং সাহিত্যিকেরা ইয়োরোপের নবাগত সংস্কৃতির ধারাকে এদেশের ভূমিতে প্রবাহিত করবার চেষ্টা করছেন। ভারতবর্ষের বহুবিলম্বিত রনেসাঁস আন্দোলনের উপক্রমণ কাল হিসেবে উনিশ শতকের প্রথম সত্তর বছর তাই বিশেষ স্মরণীয়। কিন্তু এঁবাও শুধু ভূমিকাই বচনা করতে পেরেছিলেন; তার বেশী এগোতে পারেন নি। এই ভূমিকার নির্দেশ অহুসরণ ভারতবর্ষের সাংস্কৃতিক পুনরুজ্জীবন ঘটাবার দায়িত্ব নিয়ে দেখা দিলেন রবীন্দ্রনাথ। প্রথম দিকে এ দায়িত্ব তাঁর কাছে স্পষ্ট হয়ে ওঠেনি। উনিশ

শতকের শেষদিক থেকে এদেশে জিজ্ঞাসা বিরোধী যে আন্দোলন অত্যস্ত প্রবল হয়ে ওঠে (বাংলা দেশে সে আন্দোলনের প্রধান নেতা ছিলেন প্রথমে বিবেকানন্দ এবং পরে অরবিন্দ), রবীন্দ্রনাথ বহুদিন পর্যস্ত তার প্রভাব অনেকটাই এড়াতে পারেন নি। বিশ শতকের স্ট্রনা পর্যস্ত তাই তাঁর বচনায় এবং কাজকর্মে রক্ষণশীল জাত্যভিমান এবং অভ্যাসাশ্রয়ী ধর্মসংস্কারের মনোভাব চোথে পড়ে। কিন্তু রবীক্রনা ের মন এই আত্মঘাতী সঙ্কীর্ণতার মধ্যে আশ্রম পায়নি। যতই তাঁর বয়দ বেড়েছে ততই তাঁর চিস্তায় এবং ব্যবহারে উনিশ শতকের অসমাপ্ত রনেসাঁসের দৃষ্টিভঙ্গী স্পষ্টতর হয়ে উঠেছে। ফলত রবীন্দ্রনাথের সমগ্র জীবন অহুধাবন করলে এ বিষয়ে সন্দেহ থাকে না যে পুরোপুরি না হলেও মুখ্যত রবীক্রনাথ গোয়েটের মতই রনেসাঁসের উত্তরসাধক এবং আধুনিক ভারতের, বিশেষ করে আধুনিক বাংলার সাংস্কৃতিক উজ্জীবনে তাঁর একক দান বাকী সকলের সমবেত দানের চাইতে বেশী। গোম্মেটের মত ববীন্দ্রনাথও আমাদের শিক্ষিত সমান্ধকে সঙ্কীর্ণ ভৌগোলিকতার সংস্থার থেকে মৃক্ত করে বৈশিকতার বোধে উদ্বন্ধ করলেন; মাতৃভাষার অপুষ্টতা এবং আড়ষ্টতা দূর করে তাকে মহৎ প্রকাশের মাধ্যমে রূপান্তরিত করলেন। গোয়েটের মত রবীক্রনাথও তাই তাঁর আপন মাতৃভাষা এবং সংস্কৃতির জনক না হলেও মুখ্য ভর্তা।

॥ जिन ॥

যেহেতু গোয়েটে এবং রবীক্রনাথ উভয়েই আপন আপন দেশে রনেসাঁসি ঐতিহের প্রধান উত্তরসাধক, সে কারণে তাঁদের উভয়ের মানসিক গঠনেও যে বহু মিল থাকবে এটা সহজেই অহ্মান করা যায়। উভয়েই যুক্তিবাদী, ব্যক্তির অভ:সিদ্ধ ম্ল্যে বিশ্বাসী এবং বিশ্বমানবতার অকুঠ সমর্থক। গোয়েটের যুক্তিবাদ তাঁকে মৃশ্ব রোমান্টিক একদেশদর্শিতার প্রভাব থেকে মৃক্ত করেছিল। "গোয়েট্স্ ফন্ বের্লিখিঙ্গেন" অথবা "হেরর্টরের ছ:খ" কাহিনী লিখে তিনি ফ্রিয়ে যান নি, "হিলল্হেল্ম্ মাইন্টার", "ইফিগেনী" এবং "ফাউন্ট"-এ ক্লাসিক ও রোমান্টিকের সার্থক সমন্বয় ঘটাতে পেরেছিলেন; ক্লোর কাছে দীক্ষা নেওয়া সত্তেও দিদেরোর শ্রেষ্ঠ অহ্পধাবনে তাঁর কিছু মাত্র অস্থবিধা হয়নি।

২। প্রবন্ধের শেবে টীকা।

ববীক্রনাথের ক্ষেত্রেও যুক্তিবাদ একদিকে তাঁকে বৈষ্ণব ভাবালুভার হাত থেকে অনেকথানি রক্ষা করেছে, অন্তদিকে এরই জোরে তিনি ব্রাহ্ম সমাজের শাম্প্রদায়িক দম্বীর্ণতাকে জয় করতে পেয়েছিলেন। ব্রাহ্ম রবীন্দ্রনাথ তাই পান্থ বাবুর চরিত্র আঁকতে কুণ্ঠা বোধ করেননি; ধার্মিক রবীন্দ্রনাথের পক্ষে 'চতুরঙ্গে'র নাস্তিক জ্যাঠামশাইকে শ্রদ্ধা জানানো সহজ হয়েছিল। এমন কি গান্ধীকে মহাত্মা বলে ঘোষণা করার পরেও তিনি 'সত্যের আহ্বান' প্রবদ্ধে তাঁর যুক্তিবিরোধী মনোভাবের তীক্ষ স্থচিন্তিত প্রতিবাদ করতে পেরেছিলেন। তিনি নিশ্চিত করে বুঝতে পেরেছিলেন যে "ব্যাপকভাবে সর্বসাধারণের মনের ক্ষেত কর্ষণ করে বিচিত্র এবং বিস্তীর্ণভাবে বুদ্ধিকে ফলিয়ে তুলতে পারলে তবেই সে সভ্যতা মনস্বী হয়" (সমাধান)। গোয়েটে ধর্মান্ধতার মৃঢ়তা থেকে মৃক্ত হবার জন্ম জার্মানীকে আহবান জানিয়েছিলেন। রামমোহনের উত্তরসাধক রবীন্দ্রনাথ ভারতবর্ধের হিন্দুদের স্মরণ করতে বললেন, "আমাদের দেশে ধর্মই মাতুষের সঙ্গে মাতুষের প্রভেদ ঘটিয়েছে। আমরাই ভগবানের নাম করে পরস্পরকে ঘুণা করেছি, স্ত্রীলোককে ঘূণা করেছি, শিশুকে জলে ফেলেছি, বিধবাকে নিতান্তই অকারণে তৃষ্ণায় দগ্ধ करत्रि, नित्रीर পশুদের বলিদান করেছি এবং সকল প্রকার বুদ্ধি যুক্তিকে একেবারে লঙ্ঘন করে এমন সকল নির্থকতার স্বষ্টি করেছি যাতে মাহুষকে মৃঢ় করে।" (পত্র, ২০শে আষাঢ়, ১৩১৭)। তাঁর সত্য ভাষণ তাই বারবার এদেশের জড়বুদ্ধিকে নিষ্ঠুরভাবে আঘাত করেছে। বুদ্ধির এই জড়তাকে তিনি আঘাত করেছেন 'অচলায়তনে', 'তাদের দেশে', শিক্ষা, ধর্ম এবং রাজনীতি বিষয়ে বিভিন্ন প্রবন্ধে। বারবার তিনি আমাদের শ্বরণ করিয়েছেন, "অন্ধ বাধ্যতা মারা চালিত হবার চিরাভ্যাস নিয়ে মুক্তির বিপুল দায়িম্ব কোনো জাতি কথনো ভালো করে বুঝতেই পারবে না, বহন করা দূরের কথা" (সমাধান)। তাঁর একেবারে শেষের দিকের লেখা 'ল্যাবোরেটরী' গল্পটি ত্ব:সাহসী মৃক্তবুদ্ধির এক আশ্চর্য উদাহরণ। এই যুক্তিশীলতার জোরেই তিনি লিখতে পেরেছিলেন, 'মন্ত্রের যথার্থ উদ্দেশ্য মননে সাহায্য করা···কিস্ক সেই মন্ত্রকে মনন-ব্যাপার হইতে যখন বাহিরে বিক্ষিপ্ত করা হয়, মন্ত্র যথন তাহার উদ্দেশ্যকে অভিভূত করিয়া নিজেই চরমপদ অধিকার করিতে চায়

৩। প্রবন্ধের শেবে টীকা।

তথন তাহার মত মননে বাধা আর কি হইতে পারে! কতকগুলি বিশেষ শব্দসমষ্টির মধ্যে কোন অলোকিক শক্তি আছে এই বিশাদ যথন মাহুষের মনকে পাইয়া বদে তথন দে আর দেই শব্দের উপরে উঠিতে চায় না—তথন মনন ঘুচিয়া গিয়া দে উচ্চারণের ফাঁদেই জড়াইয়া পড়ে। তথন চিত্তকে যাহা মুক্ত করিবে বলিয়া রচিত, তাহাই চিত্তকে বদ্ধ করে।" (রবীক্র-রচনাবলী, একাদশ থণ্ড, পৃঃ ৫০৬-৭)।

রামকৃষ্ণ, বিবেকানন্দ, দয়ানন্দ এবং তিলকের যুগে জন্মও এই যুক্তি-শীলতার সামর্থ্যে রবীন্দ্রনাথের পক্ষে তাঁদের প্রভাব অতিক্রম করে রামমোহন এবং বিভাসাগরের ভাবগত আত্মীয়তা অর্জন সম্ভব হয়েছিল।° তাই ১৯৩৪ সালে বিহারের ভূমিকম্পের পর গান্ধীজী যথন ঘোষণা করলেন যে এ বিপর্যয় নাকি অস্পৃষ্ঠতা পাপের প্রায়শ্চিত্ত হিসেবে ভগবানের ইচ্ছায় ঘটেছে তথন অত্যেরা চূপ করে থাকলেও রবীন্দ্রনাথ দেই যুক্তিহীন ঘোষণার প্রবল প্রতিবাদ না করে থাকতে পারেননি। অক্তদিকে এই সত্যনিষ্ঠা তাঁকে "আনন্দ মঠের" চোরাবালি থেকে রক্ষা করেছে। দ্বিজেন্দ্রলালের মত বৃদ্ধিমান লোকও যথন "যুদ্ধ করিল প্রতাপাদিত্য তুই তো মা দেই ধল্ম দেশ।" জাতীয় দেশাভিমানের বুলি দিয়ে সস্তায় বাজী মাতের চেষ্টা করছিলেন, রবীক্রনাথ তথন 'প্রায়শ্চিত্ত' নাটকে প্রতাপাদিত্যের প্রকৃত ঐতিহাদিক চরিত্র আঁকতে এতটুকু সঙ্কোচ বোধ করেন নি। ফলে গোয়েটের মত তাঁকেও আপন দেশবাসীর কাছে বিস্তর ভর্পনা শুনতে হয়েছে। তিনি যে স্বাধীনতা অর্জনের উপায় হিসেবে আবেদন নিবেদন কিংবা জোরজবরদস্তির চাইতে বিচারবিশ্লেষণ এবং শিক্ষাবিস্তারকে শ্রেষ জেনেছিলেন, দেশের উন্নতির জন্ম विष्मे वर्জन्तर भर्दाम जर्मा ना त्राय ममर्गाम-जिल्लिक मःगर्भन्तर जामर्भ উপস্থিত করেছিলেন—এ দবের মধ্যে তাঁর স্বদূরপ্রসারী যুক্তিশীলতার প্রত্যক্ষ পরিচয় চোথে পডে।

11 513 II

পৃশ্চিমী রনেসাঁদের ইতিহাস যাঁরা পাঠ করেছেন, তাঁরা জানেন রনেসাঁদী দৃষ্টিভঙ্গিতে যুক্তিবাদ এবং ব্যক্তির স্বতঃসিদ্ধ মূল্য বিষয়ে বোধ অচ্ছেত্ত সম্বন্ধে জড়িত। ব্যক্তিমাত্রই অনন্তঃ প্রতি ব্যক্তির মধ্যে যে মুক্তিস্পৃহা বর্তমান,

৪। প্রবন্ধের শেষে টীকা।

তার ক্ষুরণ ছাড়া সমাজের অগ্রগতি অসম্ভব: ব্যক্তির বিকাশ সর্ববিধ কল্যাণের মূল উৎস। গোয়েটের প্রথম বয়সের খণ্ড রচনা "মাহমেট-এর গান" এবং 'প্রমেথেয়ুদ' থেকে শুরু করে শেষ বয়দের রচনা 'ফাউটের' দ্বিতীয় খণ্ড পর্যস্ত সর্বত্রই ব্যক্তিদন্তার মৃক্তিতৃষ্ণা প্রবল প্রাচুর্যে প্রকাশ পেয়েছে। অন্তদিকে হ্বিল্ছেলম মাইন্টারএর মহাকাহিনীতে গোয়েটে দলেহাতীতভাবে দেখিয়েছেন. প্রতি মাহুষ্ট বিচিত্র সম্ভাবনার আকর এবং চরিত্র মাত্রই, প্রধান হোক বা অপ্রধান হোক, আপন প্রাতিশ্বিকতায় অনন্ত। "একরমানের সঙ্গে আলাপে" তিনি স্পষ্ট করে বলেছেন, "আমি চিরদিন প্রত্যেক মামুষকে একটি ম্বতম্ব ব্যক্তি হিসেবে জ্ঞান করেছি, বুঝতে চেম্নেছি কোণায় তার স্বকীয়তা, দামান্তের মধ্যে তাকে মিশিয়ে দিতে চাইনি।" অন্তত্ত্র লিখেছেন "এই জগৎ এমন আশ্চর্যভাবে তৈরি যে প্রত্যেকটি মানুষ তার আপন স্থান-কালে অক্তপ্র মারুষের চাইতে বড়।" কাণ্টের মত গোয়েটেও জানতেন'প্রতি মাহুষ নিজেই একটি চরম উদ্দেশ্য—তাকে অন্ত কোন উদ্দেশ্যের উপায় হিসাবে ভাবলে তার চাইতে মারাত্মক ভুন আর কিছু হতে পারে না। গোয়েটে তাই ঈশব, জাতি, সমাজ, রাষ্ট্র, সব কিছুর উপরে প্রধান করে ধরেছেন মামুষকে, ব্যক্তি-মামুষকে, যে ব্যক্তি-মামুষ সমাপ্তিহীন বিকাশের অভীপায় নিত্য সক্রিয়। "হিবল্হেল্ম মাইস্টারের ভ্রমণকাহিনীতে" গোয়েটে যাকে "দার্শনিকের ধর্ম" বলেছেন, তার মূল কথা হল সব মাত্র্যকে আপন মূল্যে মূল্যবান বলে ভাবতে শেখা। এই দার্শনিক তত্ত্বের ভিত্তিতেই গোয়েটে পেরেছিলেন কান্টের দঙ্গে দিদেরোকে মেলাতে, পেরেছিলেন একই সঙ্গে লিখতে "হিবল্ছেল্ম্ মাইস্টারের শিক্ষানবিশী" এবং "হারমান ডোরোতেয়ার" কাব্য-কাহিনী।

ব্যক্তির স্বকীয় মূল্য বিষয়ে বোধ রবীন্দ্রনাথের জীবনদর্শনেরও অন্ততম মূখ্য স্ত্র। তাঁর কাব্যে এটি হয়ত দব দময়ে তত স্পষ্ট নয়। কিন্তু রবীন্দ্রনাথের গল রচনায়, বিশেষ করে তাঁর বহু ছোট গল্পে এই বোধ যেমন গভীর, তেমনই প্রত্যক্ষ। আমার ধারণা, অল্য বৈশিষ্ট্য যদি নাও থাকত, শুধু এই শুণেই ছোট গল্পের লেখক রবীন্দ্রনাথ বাংলা দাহিত্যে কেন, বিশ্বদাহিত্যেও অমর হয়ে থাকবেন। কোন মান্ত্রই যে দামাল্ল নয়, প্রতি মান্ত্রের মধ্যেই যে অক্ষয় দম্পদের সন্তাবনা নিহিত আছে এবং দেই সন্তাবনা বিষয়ে দ্রেতন হওয়ার স্বারাই মান্ত্র্য আপনাকে সমৃদ্ধ করে তোলে—

মানবভদ্ধের এই মূল প্রভারটিকে রবীন্দ্রনাথ গোয়েটের মভই নানাভাবে, নানারূপে প্রকাশ করেছেন। তাঁর কাব্যগ্রন্থগুলির মধ্যে বিশেষ করে 'পরিশেষ' এবং 'পুনশ্চে' এই স্বৃটি প্রভাক্ষভাবে প্রধান। 'বাঁশি' কবিভার লিখেছেন,

হঠাৎ থবর পাই মনে আকবর বাদশার সঙ্গে

হরিপদ কেরানির কোনো ভেদ নেই।

এই জ্ঞান থেকেই সাহিত্যের জন্ম, জন্ম মানবভার। রবীন্দ্রনাথের যৌবনকালের রচনা "পঞ্ছতের ডায়েরী"র এক জায়গায় একটি ঠিকা মূহুরী যুবকের করুণ কাহিনী প্রসঙ্গে তিনি লিখেছিলেন, "ভীম, 'ড্রোণ, ভীমার্জ্জুন খুব মহৎ; তথাপি এই লোকটিরও মূল্য অল্প নহে। তাহার মূল্য কোন কবি অহুমান করে নাই, কোন পাঠক স্বীকার করে নাই, তাই বলিয়া সে মূল্য পৃথিবীতে অনাবিদ্ধত ছিল না—একটি জীবন আপনাকে তাহার জন্ত উৎসর্গ করিয়াছিল। কিন্তু থোরাক-পোষাক সমেত লোকটার বেতন ছিল আট টাকা, তাহাও বারো মাস নহে।" গোয়েটে তাঁর 'হিবল্ছেল্ম মাইস্টারের ভ্রমণ কাহিনী"তে লিথেছিলেন, "দার্শনিক সব মাতুষকেই নিজের সমান বলে ভাবতে পারেন, কোন মানুষকে তিনি তুচ্ছ মনে করেন না। জগতের প্রতিটি ব্যক্তিকেই তিনি অন্ত বলে স্বীকার করেন, তাই তিনি সত্যাগ্রহী।" রবীন্দ্রনাথের দার্শনিক রচনায় মানবধর্মের এই দিকটি সব মময় হয়ত অভটা স্পষ্ট স্বীকার লাভ করেনি—ব্যক্তির প্রাতিস্থিক অস্তিত্বের চাইতে মানবীয় এক্যের উপরে তিনি বেশী জোর দিয়েছেন—কিন্তু তাঁর গল্প কাহিনীতে এ বোধ যেমন গভীর তেমন ম্পষ্ট। রতন, রামকানাই, রাইচরণ, কাবুলীওয়ালা, চলরা, 'দিদি' গল্পের শশী, 'মাস্টার মশাই' গল্পের হরলাল-প্রতিটি চরিত্রই আপাতদৃষ্টিতে দামান্ত ব্যক্তির মধ্যে যে অসামান্ততা নিহিত থাকে, তারই উদাহরণ। 'সবুজ পত্রের' যুগের গল্পগুলিতে এই বোধ আরও প্রবল, আরও পরিক্ষুট। ধর্ম, সমাজ, পরিবার, প্রথা ইত্যাদির নির্বিবেক দাবির সামনে এদেশে যেভাবে ব্যক্তিকে সাজম্বরে বলি দেওয়া হয়ে থাকে, তার বিরুদ্ধে রবীন্দ্রনাথের প্রতিবাদ এই যুগের গল্প কাহিনীগুলিতে বিশেষ প্রাধান্ত লাভ করেছে। এই বলিদান যে কত নির্থক, বেদানাকরণ ব্যক্তের মাধ্যমে রবীজ্ঞনাথ বারবার তা উদ্যাটিত করেছেন। বাংলা দেশে রামমোহন এবং বিভাসাগরে যে বোধের ক্ষুর্ণ ঘটেছিল, বঙ্কিমচন্দ্রের কল্পনা যার ধারা কিছু পরিমাণে বিচলিত হলেও যাকে যথার্থভাবে গ্রহণ এবং পোষণ করতে পারেননি, রবীন্দ্রনাথের এ যুগের গছ কাহিনীতে তা সম্যক পুষ্টি এবং পরিণত প্রকাশ লাভ করেছে। 'হালদারগোগ্রী', 'হৈমস্তী', 'স্ত্রীর পত্র' ইত্যাদি এই যুগের রচনা। 'স্ত্রীর পত্তে'র মেজ বউ বিয়ের পনের বছর পরে তার স্বামীকে চিঠি লিখেছিল, "আমি তোমাদের মেন্সবউ। আজ পনের বছর পরে এই সমৃদ্রের ধারে দাঁড়িয়ে জানতে পেরেছি, আমার জগৎ এবং জগদীখরের দঙ্গে আমার অন্ত সম্বন্ধও আছে···আমি লুকিয়ে কবিতা লিখতুম। দে ছাই-পাঁশ ঘাই হোক না কেন দেখানে তোমাদের অন্দর-মহলের পাঁচিল ওঠেনি। দেইথানে আমার মুক্তি; দেইথানে আমি, আমি। ···তোমাদের অভ্যাদের অন্ধকারে আমাকে ঢেকে রেথে দিয়েছিলে ··বাইরে এদে দেখি, আমার গৌরব রাখবার আর জায়গা নেই।...এইবার মরেছে মেজবউ· আমি বাঁচলুম।"° এ দেই বাঁচা যে বাঁচার আহ্বান গোয়েটে তাঁর সমস্ত রচনায় ধ্বনিত করেছিলেন। এরই ডাকে ইব্দেনের নায়িকা তার পুতুল ঘর ছেড়ে বেরিয়ে এদেছিল। মাহুষ যে সমাজ পরিবারের ছাপমারা জীব মাত্র নয়, দে যে ব্যক্তি, দে যে বিশেষ, তার মধ্যে যে অসামান্ততা লুকিয়ে আছে, মহৎ সাহিত্য পাঠের ফলে এই ভুলে-যাওয়া সত্যকে আমরা ফিরে ফিরে আবিষ্কার করি। সাহিত্যিক "শ্রামলী"র সেই 'বাঁশিওয়ালা' যার ডাক ভনে

> একদিন ঘরপোষা নির্জীব মেয়ে অন্ধকার কোণ থেকে বেরিয়ে এল ঘোমটা-থদা নারী।

॥ औष्ट ॥

যুক্তিকে যাঁরা জীবনের কেন্দ্রে স্থাপিত করেছেন, ব্যক্তির মূল্য যাঁদের বিবেকে স্বভঃসিদ্ধ, তাঁদের পক্ষে কোন ক্ষুত্রতার গণ্ডির মধ্যে আপনাকে আবদ্ধ রাখা অসম্ভব। গোয়েটে এবং রবীন্দ্রনাথ তাই আপন সমাজের উজ্জীবনে

৫। প্রবন্ধের শেষে টীকা।

প্রধান অংশ নিয়েও আপন জাতিকে মানব জাতির চাইতে বড়ো বলে ভাবতে পারেননি। ছাতীয়তার সঙ্গে বিশ্বমানবতার বিরোধ যে কত গভীর, গোড়ার দিকে এঁদের হজনের কারো কাছেই দেটা খুব স্পষ্ট ছিল না। গোয়েটের জীবনে সে বোধ ববীন্দ্রনাথের চাইতে কিছু আগে এসেছিল। ফরাসীর কাছে ষার্মানীর পরাজয়কে তাই তিনি স্বাগত করতে পেরেছিলেন। সভ্যাশ্রম্বিভার জোরে ভিনি বুঝতে পেরেছিলেন যে ফরাসীর দিক থেকে মুখ ফিরিয়ে নয়, ফরাসীর কাছ থেকে গ্রহণ করে তবেই জার্মানী যথার্থ বড়ো হয়ে উঠতে পারবে। একথা বলার জন্ম দেদিন দেশবাসীর হাতে তাঁকে প্রচুর লাম্বনা সহু করতে হয়েছিল। কিন্তু তার জন্ম তিনি তাঁর নিজের গভীরতম প্রতায়কে গোপন করার বিন্দুমাত্র চেষ্টা করেননি। তিনি লিথেছিলেন, "মুক্তিই মাহুষের মূল সাধনা এবং সে সাধনার সামনে জাতিতে জাতিতে ভেদের শীমারেখা লোপ পেতে বাধ্য। এই দাধনার পথে মামুষের শ্রেষ্ঠ সৃষ্টি তার শিল্প এবং সাহিত্য, তার বিজ্ঞান এবং নীতিবোধ। এর কোনটিই ছাতীয় ভেদবৃদ্ধির দারা চিহ্নিত নয়; এদের মধ্যে পৃথিবীর সব যুগের সব মাহুষের মন এদে মিলিত হয়েছে।" অন্তত্র তিনি লিখেছেন. "বিজাতি-বিদ্বেষের উদ্ভব সঙ্কীর্ণ বুদ্ধি থেকে। মন যেখানে অপরিণত, এ মনোভাব দেখানে খুব প্রবল। ... মনের যত বিকাশ ঘটে, এ মনোভাব ততই হুর্বল হয়ে আদে। আমরা বুঝতে শিথি আমরা এবং আমাদের প্রতিবেশীরা একই মানবন্ধাতির অন্তর্গত; শিথি তাদের তুঃথতুর্দশাকে আমানের তুঃথতুর্দশা বলে ভাবতে।" গোয়েটে অবশ্রুই জার্মানীকে ভালবাসতেন, কিন্তু দান্তের মত তাঁরও দৃঢ় বিশাস ছিল যে সমস্ত পৃথিবীই তাঁর স্বদেশ। জার্মানীর চিৎ-প্রকর্ষের জন্ম ইংরেজ, ফরাসী, ইতালীয়, গ্রীক কারো কাছ থেকে সম্পদ সংগ্রহ করায় তাঁর সঙ্কোচহয়নি। "একরমানের সঙ্কে আলাপ"-এ তিনি বলেছেন, "কবির মন কোনো ভৌগোলিক সীমার মধ্যে বাঁধা পাকতে পারে না : যেখানে তার কাব্যের উপাদান মিলবে. সেথানে তার দেশ। ন্ধ্যাল পাৰীর মত আকাশ থেকে সে পৃথিবীকে দেখছে—শিকার পাওয়া নিয়ে তার ভাবনা, সে শিকার প্রশোষায় মিলল না সাক্সনিতে তাতে কি আসে যায়।"

জাতীয়তার মোহ থেকে মৃক্ত হতে গোয়েটের তুলনায় রবীন্দ্রনাথের কিছু বেশী দময় লেগেছিল, কিছ মৃক্ত যে তিনি হয়েছিলেন তার প্রমাণ তাঁর 'গোরা', উপস্থাস, 'কালান্তরের' প্রবন্ধাবলী, 'স্থাশস্থালিজ্ম্' 'মাহুষের ধর্ম' ইত্যাদি

বক্তৃতা, বিদেশ থেকে এণ্ড জ সাহেবকে লেখা চিঠিপত্ত এবং বিশেষ করে বিশ্বভারতী প্রতিষ্ঠান। এই শতাব্দীর স্বচনায় বাঙলাদেশে জাতীয়তাবাদী আন্দোলনের যথন প্রাবল্য ঘটে বরীন্দ্রনাথও তাতে একটি প্রধান অংশ গ্রহণ করেছিলেন। উনিশ শতকের শেষ কয়েক দশকে বহ্নিচন্দ্র, রাজানারায়ণ বস্তু, বিবেকানন্দ প্রভৃতির প্রভাবে বাঙালী জাতীয়তাবোধের মধ্যে হিন্দুত্বের ভাবটি বিশেষ প্রবল হয়ে উঠেছিল। তারপর এ শতকের গোড়ায় কাঁকুছো ওকাকুরা, কুমারস্বামী, নিবেদিতা ইত্যাদির ঘোষণার ফলে এশিয়ার সাংস্কৃতিক স্বাতস্ত্রা বিষয়ে ধারণা এই আন্দোলনকে আধুনিক পশ্চিমী সভ্যতার প্রতি বিমৃথ করে তোলে। রবীন্দ্রনাথও এ যুগে হিন্দু জাতীয়তার সমর্থনে প্রবন্ধ নিথেছিলেন। (यष्टेवा, ১৩০৮ माल्य वक्रमर्मात 'नकालय नाकाल', 'हिन्द्व' हेजामि श्रवस्त)। 'নৈবেছ'র অনেকগুলি কবিতা মূলত এই স্থবে বাঁধা; তাঁর অধিকাংশ স্বদেশী গান এই যুগের রচনা। ত্রিপুরার মহারাজকুমারকে ১৩০৮ সালের একটি চিঠিতে লিখেছেন: "বিদেশী মেচ্ছতাকে বরণ করা অপেক্ষা মৃত্যু শ্রেষ, ইহা হুদয়ে গাঁথিয়া রাথিও। স্বধর্মে নিধনং শ্রেয়: পরধর্মো ভয়াবহ।" কিন্তু এই সঙ্কীর্ণ মনোভাব তাঁকে বেশীদিন আচ্ছন্ন করে রাখতে পারে নি। এমন কি 'নৈবেছ'-র, (১৩০৮) মধ্যেই তিনি জাতীয়তার সন্ধীর্ণ রূপটির কথা উল্লেখ করেছেন।

> ছুটিয়াছে জাতিপ্রেম মৃত্যুর সন্ধানে বাহি স্বার্থতরী, গুপু পর্বতের পানে। (নৈবেছ, ৬৫)

অথবা

জাতিপ্রেম নাম ধরি প্রচণ্ড অক্যায় ধর্মেরে ভাদাতে চাহে বলের বক্যায়। (ঐ, ৬৪)

তবে এ যুগে যে-জাতিপ্রেমকে তিনি আক্রমণ করেছেন, দেটি ম্থ্যত ইয়োরোপীয় রাষ্ট্রদের জাতিপ্রেম যার বীভৎস প্রকাশ সাম্রাজ্যবাদে, বুয়র যুদ্ধে, চীন, ভারতবর্ষ প্রভৃতি হুর্বল দেশের উপরে পশ্চিমের নির্বিবেক অত্যাচারের মধ্যে।

কিন্তু বঙ্গভঙ্গের পর এদেশে স্বাজাত্যবোধের যে আত্মঘাতী রূপ ক্রমে প্রকট হয়ে উঠতে লাগল, তা লক্ষ্য করে রবীন্দ্রনাথের মত যুক্তিশীল এবং ব্যক্তি-স্বাধীনতায় বিশ্বাসী মাহুষের পক্ষে হিন্দুয়ানী-ঘেঁসা জাত্যভিমানকে আঁকড়ে ধাকা বেশীদিন সম্ভব হ'ল না। ১৩১৪-১৫ সালে তাঁর দৃষ্টিভঙ্গীতে স্পষ্ট

পরিবর্তনের স্থচনা চোখে পড়ে। ঐ সময়ে লেখা 'ব্যাধি ও প্রতিকার', 'পথ ও পাথেয়', 'সমস্তা', 'পূর্ব ও পশ্চিম' ইত্যাদি প্রবন্ধের মধ্যে যে নৃতন প্রত্যয় ক্রমে পরিষ্কৃট হয়ে উঠেছে, তার একদিকে 📺ছে ব্যক্তিমান্থবের প্রাতিস্বিক অন্তিত্বের প্রতি শ্রদ্ধা, অন্তদিকে সর্বমানবীয় ঐক্যে আছা। 'ব্যাধি ও প্রতিকার'-এ তিনি লিখেছেন, " ে যে কোনো একটি পল্লীর মাঝখানে বসিয়া যাহাকে কেহ কোনদিন ডাকিয়া কথা কহে শই তাহাকে জ্ঞান দাও, আশা দাও, তাহার দেবা করো, তাহাকে জানিতে দাও মাহুষ বলিয়া তাহার মাহাত্ম আছে।" অক্সদিকে ১৩১৯ দালে "দংগীত" প্রবন্ধে লিথেছেন, "য়ুরোপীয় সংগীতের সঙ্গে ভালো করিয়া পরিচয় হইলে তবেই আমাদের সংগীতকে আমরা সত্য করিয়া বড়ো করিয়া ব্যবহার করিতে শিথিব।" "আমাদের শিল্পকলায় সম্প্রতি যে উদ্বোধন দেখা যাইতেছে, তাহার মূলেও যুরোপের প্রাণশক্তির আঘাত রহিয়াছে।" 'গোরা' উপস্থাদ প্রকাশিত হয় ১৩১৪-১৬ দালে। বিবেকানন্দ-অরবিন্দ প্রবর্তিত হিন্দু জাতীয়তাবাদের স্থগভীর ব্যর্থতা এই বিরাট উপন্যাসটির মূল ভাবস্থত্ত। 'গোরা'র পর থেকে ক্রমেই রবীক্রনাথের চিন্তায় বিশ্বমানবতাবোধ ম্পষ্টতর হয়ে ওঠে। এই বোধের বলিষ্ঠতম প্রকাশ জাপান এবং আমেরিকায় ১৯১৬ সালে প্রদত্ত বকৃতাবলী। এই বকৃতাগুলি পরে ১৯১৭ সালে "তাশতালিজ্ম" এবং "পার্সোতালিটি" নামে প্রকাশিত হয়। ববীক্রনাথের অভ কোন লেখার সঙ্গে যদি আমাদের পরিচয় নাও থাকত, শুধু এই চুটি বইয়ের **জোরেই** আমরা নিশ্চিতভাবে বলতে পারতাম যে বিশ্বমানবিকতার ঐতিহে ববীন্দ্রনাথ গোয়েটের মহৎ উত্তরসাধক।

"খাশখালিজ্ম" প্রবন্ধমালায় রবীন্দ্রনাথ স্পষ্ট করে দেখালেন যে জাতীয়তা একদিকে মাহুষকে মাহুষ থেকে বিচ্ছিন্ন করে তার মহুখডকে গণ্ডিবদ্ধ করে, অন্থাদিকে এক কাল্পনিক সমষ্টির হাতে ব্যক্তিকে বলি দিয়ে মাহুষের সমস্ত সৃষ্টিশীল বিকাশের পথ রুদ্ধ করে দেয়। 'নেখন' যে ব্যক্তিকে শুধু যয়ে পরিণত করে তাই নয়, তার ভিত্তি ক্ষমতা এবং আতঙ্কের উপরে। রবীন্দ্রনাথ তাই বললেন, মানবতার থাতিরে আমাদের সোজা দাড়িয়ে সকলকে হঁ শিয়ার করে দিতে হবে যে, জাতীয়তা এক নিষ্ঠুর মহামারী, এই পাপ ব্যাধি আজ্মানবজগতে ছড়িয়ে পড়ে তার নৈতিক প্রাণশক্তিকে জীর্ণ করে ফেলছে। ("…for the sake of humanity, we must stand up and give warning to all that Nationalism is a cruel epidemic of evil

that is sweeping over the human world of the present age and eating into its moral vitality.")

জাতীয়তা যদি মহুশ্বত্বের বিরোধী হয়, তবে কোন বিকল্প প্রত্যয়ের ভিত্তিতে মাহুষের সমাজ গড়ে উঠবে ? এখানেও রবীন্দ্রনাথ স্পষ্টত গোয়েটের অমুগামী। সভ্যতার প্রথম ভিত্তি, ব্যক্তির ব্যক্তিম্বকে স্বীকার করা। রবীন্দ্রনাথ তাই বলেছেন, জাতির হাত থেকে মৃক্তি পাবার পর মাহুষের নৰজন্ম ঘটবে—বিমূৰ্ত কল্পনার অম্পষ্ট আবরণ থেকে আপন ব্যক্তিসন্তায় মাহুৰ মুক্তি পাবে। ("...man will have his new birth, in the freedom of his individuality, from the enveloping vagueness of abstraction.") "পার্গোন্তালিটি" বক্তৃতামালায় রবীন্দ্রনাথ নানা দিক থেকে এই ব্যক্তিসন্তার শ্বরূপ ব্যাখ্যা করেছেন। বিতীয়ত, ব্যক্তির ব্যক্তিম্বকে স্বীকার করার দক্ষে মামুষ মামুষে যে ঐক্যের দম্পর্ক তাকেও প্রতিষ্ঠিত করতে হবে। এই ঐক্য সাধিত হবে বুদ্ধি এবং প্রেম, শিল্প এবং বিজ্ঞান, দর্শন এবং শিক্ষার মধ্য দিয়ে। ১৯২০ সালে ২৫শে নবেম্বর এগুজ সাহেবকে একটি চিঠিতে তিনি লিখেছেন, আমাদের জায়গা করতে হবে মাহুষের জন্ম, যে মাহুষ এ যুগের অতিথি: জাতি যেন তার পথ আটকে না দাঁড়ায়। ("We must make room for MAN, the guest of this age, and let not the NATION of this age obstruct his path.") আর একটি চিঠিতে লিখছেন, "জাতিপ্রেমের অহকার তার বিপুলতাকে নিয়ে। যে প্রভেদ মৌলিক তাকেও সে মানতে চায় না। ... ক্ষমতার নির্ভর সংখ্যা এবং আয়তন। ... সে ঐক্যের কথা বলে কিন্তু ভুলে যায় যে মুক্তির মধ্যেই যথার্থ ঐক্য। সকলকে এক ছাঁচে ফেলে যে এক্য দে এক্য বন্ধনের। ("...patriotism is proud of its bulk. It would not acknowledge a difference which was fundamental...power lies in number and in extension... It talks of unity but forgets that true unity is that of freedom. Uniformity is unity in bondage.) তগোমেটের মত রবীন্দ্রনাথও হৃদয়ঙ্গম করেছিলেন, মাহুষের এক্য মাহুষের বৈচিত্তাকে স্বীকার করে তার মধ্যে দঙ্গতি ঘটিয়ে। রবীন্দ্রনাথের বিশ্বমানবতা তাই জাতীয়

৬। প্রবন্ধের শেষে টীকা।

সমষ্টিবাদের বৃহত্তর সংস্করণ নয়, তার ভিত্তি স্বাধীনতা এবং সহযোগ। এই তত্ত্ব তিনি বিশদভাবে ব্যাখ্যা করেন তাঁর ১৯২০-২১ সালে ইয়োরোপ এবং আমেরিকায় প্রদত্ত বক্তৃতাগুলিতে; পরে এগুলি Creative Unity নামে প্রকাশিত হয়। এই স্বষ্টিধর্মী ঐক্যের ভিত্তিতেই তিনি বিশ্বভারতীর পরিকল্পনা করেন।

ফলত রবীন্দ্রনাথ এবং গোয়েটে উভয়েই সাপন দেশ এবং দেশের মাহুষকে ভালবেদে সে দেশকে "ভৌগোলিক পৌতালকতার" উধের্ব তোলার চেষ্টা করেছিলেন। "আমরা বিশের মাতৃষ, কেবলমাত্র দেশের মাতৃষ নই।" (সবুজপত্র, ভান্র, ১৩২৮)। তাঁদের আপন আপন দেশবাদী কিন্তু তাঁদের এই মৃক্তবুদ্ধিকে স্বাগত করতে পারে নি। গোয়েটেকে সারাজীবন এজন্ত আক্রমণ সইতে হয়েছে; তবু তিনি নির্ভয়ে ঘোষণা করেছিলেন, "জাতীয়তা এবং সভ্যতা পরস্পরের আমরণ শক্ত।" দেশবাসীর দৃষ্টিকে স্বাজাত্যের উধ্বে তোলার চেষ্টায় রবীক্রনাথকেও কম বিরোধের সম্মুখীন হতে হয় নি। প্রথম যুগে ব্রহ্মবান্ধব উপাধ্যায়, স্থবেশ সমাজপতি, এমনকি সাময়িকভাবে চিত্তরঞ্জন দাশ, আচার্য প্রফুলচন্দ্র এবং মহাত্মা গান্ধী এবং তাঁর মৃত্যুর পরে বাঙ্লা দেশের কমিউনিস্টরা পর্যস্ত তাঁর বিশ্বমানবভাকে নানাভাবে সমালোচনা করেছেন। সম্পাম্যারিক জার্মানী গোয়েটেকে যথেষ্ট স্মীত করত. কিন্তু তার মন কেডেছিলেন আবেগবিলাদী দেশপ্রেমী কবি শিলার। বাঙলা দেশও রবীক্রনাথকে বিস্তর সম্মান দেখিয়েছে, কিছু সাধারণ শিক্ষিত বাঙালী ছেলেমেয়ের ভালবাসা যিনি পেয়েছিলেন তিনি "গোরা" কি "চার অধ্যায়"-এর ल्यक नन, जिनि "পথের দাবী"র লেখক শরৎচন্দ্র। শরৎচন্দ্রের এই সাফল্যের কারণ বুঝতে হলে রবীক্রনাথের "শিক্ষার মিলন" প্রবন্ধের পাশে শরৎচক্রের "শিক্ষার বিরোধ" প্রবন্ধটি পড়া দরকার। গোয়েটের মত রবীন্দ্রনাথও জানতেন তাঁর দেশের শিক্ষিত সম্প্রদায় তাঁর চিস্তাকে গ্রহণ করে নি এবং সঙ্গে সঙ্গে গোয়েটের মত একথাও তিনি বুঝেছিলেন, "আমি ভূগোলের প্রতিমার পাণ্ডাদের यि षाष मानत् विन जारत प्रामाद कां यात।" এ कांज-मिन्नीत, সত্যসন্ধের, মুক্তিসাধকের, মানবতন্ত্রীর জাত। এই জাতের কথা মনে রেথেই

৭। প্রবজের শেষে টীকা।

৮। প্রবন্ধের শেষে টীকা।

বলা তাঁর বিখ্যাত ঘোষণাপত্র লিখেছিলেন, "আমরা শুধু সত্যকেই সেবা করি. যে সত্য স্বাধীন, যার কোন ভোগোলিক দীমা নেই, কোন গণ্ডি নেই, কোন জাতিবর্ণের সংস্কার নেই।" এ ঘোষণাপত্র গোয়েটে এবং রবীক্রনাথেরও ঘোষণাপত্র।

I 巨羽 I

অর্থাৎ শুধু যে প্রতিভার বহুম্থিনভায় অথবা ঐতিহাসিক পটভূমির দিক থেকে গোয়েটের দক্ষে রবীক্সনাথের মিল আছে তাই নয়, বনেসাঁদের উত্তরদাধক হিদেবে তাঁরা মানবতন্ত্রী দাধনার ক্ষেত্রেও মিলিত হয়েছিলেন। সভাসন্ধিৎসা, ব্যক্তিস্বাভন্তাবোধ ও বিশ্বমানবভার প্রভায়ে তাঁদের সমধর্মিভার কণা আগেই বলেছি; ভাছাড়া মানবভন্ত্রী দর্শনের আরো কোনো কোনো মূল প্রতামের ক্ষেত্রেও তাঁদের মিলন ঘটেছিল। তাঁরা উভয়েই বিশ্বাদ করতেন মাহুষের মধ্যে যা যুক্তিশীলতারূপে বিভ্নমান তা আসলে বিশ্বপ্রকৃতির অন্তর্নিহিত শৃঙ্খলারই একটি দিক। অপরপক্ষে প্রকৃতির গতিশীলতা মামুষের মধ্যে মৃক্তিস্পৃহার আকার নিয়েছে। প্রকৃতির মধ্যে এত যে বিচিত্র রূপের বিবর্তন ঘটে তার পেছনে শৃঙ্খলা এবং গতি ছই ই সক্রিয়। মারুষের মধ্যেও তেমনি যুক্তি এবং মৃক্তি হয়ের প্রতিঘাত ও সমম্বয়ের ফলে বিকাশ এবং স্পষ্ট সম্ভব হয়। ফলে উভয়েরই বিশ্ববীক্ষায় ক্লাসিক ও রোমাণ্টিকের সমাক মিলন ঘটেছিল। তাছাড়া মাহুষের বিকাশ যে আত্মনিগ্রহের পথে নয়, স্কুষ্মিত সম্ভোগের পথে, জগৎ থেকে মূখ ফিরিয়ে নয়, জগতের দঙ্গে বিচিত্র দম্পর্ক স্থাপন করে, ইচ্দ্রিয়ের দার রুদ্ধ করে নয়, ইন্দ্রিয়বর্গের সৃন্ধতা সাধন করে—মানবভন্তী নীতিশাল্কের এই মূল কথাটি রবীন্দ্রনাথ ও গোয়েটের জীবন এবং সাহিত্যের ষ্মগুতম মূথ্য হুত্ত। গোয়েটে কাণ্টের কাছ থেকে শিথেছিলেন মাহুষ নিজেই নিজের উদ্দেশ্য, তার মূল্য স্বতঃসিদ্ধ। কিন্তু কাণ্ট যথন নিয়মাুহুগত্যের উপরে ষ্মতিরিক্ত জোর দিয়ে রনেসাঁসি সম্ভোগতত্ত্বে বিরুদ্ধে খ্রীষ্টান নিগ্রহতত্ত্বকে সমর্থন করলেন, তথন গোয়েটে তাঁর গুরুর নির্দেশ অস্বীকার করতে দ্বিধাবোধ করেন নি। জীবনের সার্থকতা বিকাশে এবং সম্ভোগ ছাড়া বিকাশ অসম্ভব-এ প্রতায় গোয়েটের জীবনশিল্পের একটি প্রধান স্থত্ত, তাঁর সমস্ক বচনার একটি মূল হ্ব। তাঁর ভক্তণ বয়সের অসমাপ্ত রচনা 'প্রমেথেয়ুস'-এ এ প্রভায়কে তিনি আশ্চর্য কাব্যরূপে ঘোষিত করেছিলেন; তারপর তাঁর বিরাট আছাভীবনীতে (যার নাম দিয়েছিলেন "ডিখ টুঙ্গ উন্ট্ হ্বার্হাইট"—কবিতা ও সত্য),
তাঁর "রোমিশে এলেগিয়েন্"-এ, "হ্বিল্হেল্ম্ মাইন্টার" এর তুথণ্ডে,
"হ্বিকেল্মানের জীবনী"তে, "ফাউন্ট" নাটকে, "পশ্চিম-পূব দিউয়ান"-এর
কবিতাগুলিতে, "একরমানের সঙ্গে আলাপে", বার বার তিনি নানাভাবে এ
সত্যকে ফুটিয়ে তুলেছেন। আমার বিশাস তিনি যে চেলিনি এবং দিদেরোর
লেখা জার্মান ভাষায় অহ্বাদ করেন তার কারণ বিশেষ করে এই প্রত্যায়ের
ক্ষেত্রে এঁরা ছিলেন তাঁর নিকট-আত্মীয় এবং এ প্রত্যায় যে বৃদ্ধকালেও তাঁকে
ত্যাগ করে নি তার প্রমাণ চুয়াত্তর বছর বয়দে উলবিকার প্রেমে পড়ার পরে
লেখা "মারীনবাড্-গাণা।"

অপরপক্ষে রবীন্দ্রনাথও বৈরাগ্যসাধনের মধ্যে মৃক্তির সন্ধান পান নি। কচ্ছুতাসাধনকে তিনি বলেছেন 'নেতিধর্ম'; মাহুষের পক্ষে এ নেতিধর্ম 'আত্মঘাতী'। রবীন্দ্রনাথের জীবনশিল্পে তাই প্রকৃতি এবং প্রেম এত উচুতে স্থান পেয়েছে; তাঁর শিক্ষা পরিকল্পনায় নৃত্য-গীত চিত্রকলার তাই এত প্রাধান্ত। রবীন্দ্রনাথ কোনদিন মোহমুদ্গেরের বৈরাগ্যতত্ত্ব অথবা গান্ধীজীর আত্মনিগ্রহ নীতিকে স্বাগত করতে পারেন নি। তিনি লিথেছেন, "মাহুষের চিত্ত যেথানে সবল থাকে সেখানে সে আপনার নিহিতার্থকে আপন শক্তির যোগে উলোধিত করে…মাহুষের সকলের চেয়ে বড় পরিচয় হচ্ছে, সে স্পষ্টিকর্তা।" এ যাঁর বিশ্বাস, নিগ্রহের নীতিকে তিনি কি করে মাহুষের ধর্ম বলে স্বীকার করবেন।

এ ছাড়া আরও এক ব্যাপারে রবীন্দ্রনাথ এবং গোয়েটের জীবনে কিছু মিল চোথে পড়ে। গোয়েটের যথন চল্লিশ বছর বয়দ (১৭৮৯) তথন ফরাদী দেশে বিপ্লব শুক হয়। কৃশ দেশে বিপ্লব শুক হবার সময় রবীন্দ্রনাথের বয়দ ছাপ্লায় (১৯১৭)। রনেসাঁদের পর আধুনিক ইতিহাসের এই তৃটিই সম্ভবত সবচাইতে শারণীয় ঘটনা। স্বভাবতই গোয়েটে এবং রবীন্দ্রনাথের মনে তাঁদের আপন আপন যুগের ঐতিহাদিক বিপ্লব গভীর অন্তরণন তুলেছিল। ফরাদী বিপ্লবের পূর্ববর্তী প্রায় অর্থশতান্দী কাল ধরে সে দেশে যে নবীন ভাবান্দোলন প্রবল হয়ে ওঠে, গোয়েটের প্রথম যুগের বিভিন্ন রচনার উপরে তার প্রভাব অত্যক্ত শাষ্ট।

ভামির যুদ্ধে জার্মানরা যখন ফরাসীদের কাছে হেরে যায়, তথন গোয়েটে তাঁর ম্বদেশবাদীকে উদ্দেশ্য করে বলেছিলেন, "জগতের ইতিহাদে আজ এক নতুন যুগের শুরু হল।" কিন্তু গোয়েটের যুক্তিবাদী মন ফরাসী বিপ্লবকে স্বাগত করেও তার মূল ত্রুটিকে লক্ষ্য করতে ভোলে নি। বল প্রয়োগের মধ্য দিয়ে যে বিপ্লব ঘটে, তা যে মাহুষের স্থায়ী কল্যাণদাধনে অপারগ, প্রথম থেকেই সে কথা তিনি বুঝতে পেরেছিলেন। সে বিপ্লবের প্রথম ফল বিশুদ্ধলা এবং তারই প্রতিক্রিয়ায় শেষ পর্যন্ত আনে জবরদন্তি। গোয়েটে জানতেন জ্ঞান এবং সহযোগিতার মধ্য দিয়েই মাকুষের যথার্থ বিকাশ সম্ভবপর হয়। আবেগের আতিশয্যে মামুষ বড়ো জোর ভাঙতে পারে, কিন্তু গড়ার জন্য চাই জ্ঞান, ধৈর্য, নিষ্ঠা, দায়িত্ববোধ। যে কারণে তিনি একদা রোমান্টিক আতিশয্যকে পরিহার করে ক্লাসিক সংযমের সঙ্গে রোমাণ্টিক অভীপার সমন্বয়ের মধ্যে মাকুষের বিকাশ সাধনার স্ত্র নির্দেশ করেছিলেন, সেই কারণেই ফরাসী বিপ্লবের ঐতিহাসিক মূল্য স্বীকার করে নিয়েও তিনি তার মূঢ বিক্ষোভকে সমর্থন করতে পারেন নি। তাঁর সমকালীন বিপ্লববাদীদের অনেকে এজন্য তাঁকে প্রতিক্রিয়াশীল, এমন কি বিশ্বাসঘাতক বলে আক্রমণ করেছিল। কিন্তু তাঁর দে সমালোচনার মধ্যে যে কতথানি দূরদর্শিতা ছিল, পরবর্তী কালে ফরাসী দেশের ইতিহাস তা বারবার প্রমাণ করেছে।

গোরেটের মত ববীন্দ্রনাথের মনকেও তার যুগের ঐতিহাসিক বিপ্লব গভীরভাবে নাড়া দিয়েছিল। ১৯৩০ সালে তিনি পক্ষকালের (১১-২৫ সেপ্টেম্বর) জন্ম রাষ্ট্রের অতিথি হিসেবে কশ দেশে যান; সেখানে তিনি যা দেখেন এবং দেখে তাঁর যা মনে হয়, মোটাম্টি তার থতিয়ান পাওয়া যায় 'রাশিয়ার চিঠি' বইটিতে। জড়তা, লোভ, প্রবল অসাম্য, অত্যাচার এবং জাতিগত ভেদবৃদ্ধির বন্ধন থেকে মাহুষকে মৃক্ত করার যে প্রতিশ্রুতি কশ বিপ্লবের মধ্যে ধ্বনিত হয়েছিল, তাঁর মত মানবতন্ত্রী যে তাকে অন্তর্ম থেকে অভিনন্দিত করবেন এটি প্রত্যাশিত। সে প্রতিশ্রুতির মধ্যে যে কতথানি অসত্য মেশানো আছে, প্রত্যক্ষভাবে তা জানবার হুযোগ তাঁর ছিল না। যে সময়ে তিনি কশ দেশে গিয়েছিলেন, তথন পর্যন্ত বিপ্লবের বীভৎস রূপ পুরোপুরি প্রকট হয়ে ওঠে নি। তাছাড়া সেথানে ছিলেন তিনি মাত্র ত্ সপ্তাহ, তাও সরকারের সন্মানিত অতিথি হিসেবে, সমস্ত সময় মস্কৌ শহরে। কশ ভাষা তিনি জানতেন না; তাছাড়া তাঁর নিজেরই কথায় তাঁর

"দেখবার প্রধান লক্ষ্য ছিল (বিপ্লবের) আলোর দিক।' ফলে গোয়েটের মত অতথানি প্রবল স্পষ্টতায় বিপ্লবের গলদ দেখিয়ে দেওয়া তাঁর পক্ষে সম্ভব হয় নি।

কিন্তু তার মানে এ নয় যে রবীক্রনাথের মানবতন্ত্রী অন্তদুষ্টি বিপ্লবের বিরাটতা দেখে একেবারে সংবিষ্ট হয়ে গিয়েছিল। বরং 'রাশিয়ার চিঠি' খোলামন নিয়ে পড়লে স্পষ্টই নজরে পড়ে, এই অতি অল্প সময়ের মধ্যেই কুশ বিপ্লবের অন্তনির্হিত ট্রাজেডীর অনেকটাই তিনি অমুভব করতে পেরেছিলেন। গোডার দিকের চিঠিগুলিতে যতটা নির্ভেঙ্গাল প্রশংসা আছে, শেষের চিঠিগুলিতে ক্রমেই তা সংশয়মিশ্রিত হয়ে উঠেছে। পঞ্চম চিঠিতেই তিনি আভাদ দিয়েছেন, বিপ্লবোত্তর কশে মাহুষের কোনো কোনো মৌলিক সমস্থাকে সমাধান করার নামে অস্বীকার করার চেষ্টা চলছে। "দে জন্তে জবরদক্তির সীমা নেই।" ত্রয়োদশ চিঠিতে খুব স্পষ্ট করেই বলেছেন, "মামুষের ব্যষ্টিগত এবং সমষ্টিগত সীমা এরা যে ঠিকমত ধরতে পেরেছে তা আমার বোধ হয় না। সে হিদাবে এরা ফ্যাসিস্ট দেবই মতো। এই কারণে সমষ্টির খাতিরে ব্যষ্টির প্রতি পীড়নে এরা কোনো বাধাই মানতে চায় না। ভুলে যায়, ব্যষ্টিকে তুর্বল করে সমষ্টিকে দবল করা যায় না, বাষ্টি যদি শুদ্খলিত হয়. তবে সমষ্টি স্বাধীন হতে পারে না। এখানে জবরদন্ত লোকের একনায়কত্ব চলচে।" পরিশেষে রুশ দেশ সম্বন্ধে তাঁর প্রশংসাবাচন পড়ে দেশবাসী যাতে ভুল দিদ্ধান্ত না করে, দেজক উপদংহারে অনেকটা বিস্তারিতভাবে তিনি ব্যাখ্যা করেছেন বিপ্লবের কোন দিকটি সদর্থক আর কোন দিকটি নঞর্থক। স্বভাবতই তিনি বেশী জোর দিয়েছিলেন সদর্থক দিকটির উপরে; কিন্তু বিপ্লবের নঞর্থক দিকটি যে তাঁকে কম পীড়িত করে নি, উপসংহার থেকে তু একটি উদ্ধৃতি দিলেই সেটি স্পষ্ট হবে। "সোভিয়েট বাশিয়ায় মার্কদীয় অর্থনীতি দম্বন্ধে সর্বদাধারণের বিচারবৃদ্ধিকে এক ছাঁচে ঢালবার একটা প্রবল প্রয়াস স্থপ্রতাক্ষ; সেই জেদের মুথে এ সম্বন্ধে স্বাধীন আলোচনার পথ জোর করে অবরুদ্ধ করে দেওয়া হয়েছে, এ অপবাদকে আমি সত্য বলে বিশাস করি। ... ওদের নির্মাণ-কার্ষের ভিতরটা যত শীঘ্র পাকা করা চাই, এজন্তে বলপ্রয়োগ করতে ওদের কোনো দ্বিধা নেই। কিন্তু গরজ যত জকরিই হোক, বল জিনিসটা একতরফা

৯। প্রবন্ধর শেষে টীকা

জিনিস। ওটাতে ভাঙ্গে, সৃষ্টি করে না। সৃষ্টিকার্যে তুই পক্ষ আছে; উপাদানকে স্বপক্ষে আনা চাই, মারধোর করে নয়, তার নিয়মকে স্বীকার করে। ... উপযুক্ত সময় নিয়ে অভাবের সঙ্গে রফা করবার তর সয় না যাদের তারা উৎপাতকে বিশ্বাস করে; অবশেষে লাঠিয়ে পিটিয়ে রাভারাতি যা গড়ে তোলে তার উপরে ভরদা রাখা চলে না, তার উপরে দীর্ঘকালের ভর দয় না।" উপসংহারের একেবারে শেষে লিথেছেন. "মানব সমাজে সামঞ্জস্ত ভেঙ্গে গেছে বলেই এই একটা অপ্রাকৃতিক বিপ্লবের প্রাত্তাব। সমষ্টির প্রতি ব্যষ্টির উপেক্ষা ক্রমশই বেডে উঠছিল বলেই সমষ্টির দোহাই দিয়ে আজ ব্যষ্টিকে বলি দেবার আত্মঘাতী প্রস্তাব উঠেছে। ... দেই ব্যষ্টিবর্জিত সমষ্টির অবাস্তবতা কখনোই মাহুষ চির্দিন সইবে না। সমাজ থেকে লোভের তুর্গগুলোকে জন্ম করে আয়ত্ত করতে হবে, কিন্তু ব্যক্তিকে বৈতরণী পার করে দিয়ে সমাজবক্ষা করবে কে।" এ যেন দেই প্রায় দেড়শ' বছর আগে ফরাসী বিপ্লব সম্বন্ধ গোয়েটের সাবধান বাণী। ববীন্দ্রনাথ এবং গোয়েটে উভয়েই গোষ্ঠীর চাইতে ব্যক্তিকে, শক্তির চাইতে শিক্ষাকে, রাষ্ট্র শাসনের চাইতে স্বেচ্ছারুত সমবায়-পদ্ধতিকে বেশী মূল্যবান বলে জানতেন। তাই রবীন্দ্রনাথের উপমা নিয়েই বলা চলে, আগ্নেয়গিরির উৎপাত দেখে তাঁরা সমুদ্রকেই একমাত্র বন্ধ বলে ঘোষণা করতে পারেন নি।

। সাত ।

এ পর্যন্ত আমরা গোয়েটের দক্ষে রবীক্রনাথের যেথানে মিল দে বিষয়েই আলোচনা করেছি। কিন্তু এঁদের মধ্যে মিল আছে বলে অমিলগু নেহাং কম নয়। এ অমিল শুধু যদি পার্থক্যের ব্যাপার হত তবে তা নিয়ে আলোচনা না করলেও চলতো। যে কোন ত্'জন মান্ত্রই যথন কোনো না কোনো জায়গায় পরস্পর থেকে পৃথক, তথন ছজন বিশেষভাবে বিকশিত মান্ত্রের মধ্যে যথেষ্ট পার্থক্য থাকবে বলাই বাহুল্য ৮ কিন্তু গোয়েটের সঙ্গে রবীক্রনাথের ভিতরে এক জায়গায় আমূল বিরোধ আছে এবং আমার ধারণা এই বিরোধের স্বরূপটা না ব্রুতে পারলে বিশ্বভূমিকায় রবীক্রনাথের প্রকৃত স্থান কি, তা যাচাই করা সম্ভব হবে না।

গোয়েটে এবং ববীক্রনাথের মধ্যে বিরোধের মূল কথাটা কি ? এক কথায়

বলা যায়, এ বিরোধ অন্তিঅভন্তীর দঙ্গে ভাববাদীর, সত্যসন্ধিৎস্থর সঙ্গে শান্তিকামীর। তার মানে অবশ্য এ নয় যে, রবীন্দ্রনাথ অন্তিত্বকে সরাসরি অগ্রাহ্ম করেছেন, অথবা সত্যর প্রতি তাঁর আগ্রহ কম ছিল। আমরা পূর্বেই দেখিয়েছি, রবীক্রনাথের মানবতন্ত্রী দৃষ্টিভঙ্গি কিভাবে তাঁকে গান্ধীদীর সমালোচক করে তুলেছিল। রামক্ষের চাইতে রামমোহন, বিবেকানন্দের চাইতে বিভাদাগর তাঁকে অনেক বেশী আরু ওকরেছেন। এসবই সভ্য। কিছা সঙ্গে প্রকথাও সম্ভবত বলা চলে যে মানবতন্ত্রী হয়েও রবীক্রনাথ মানবতন্ত্রের যেথানে চরম পরীক্ষা, দেথানে সদম্মানে উত্তীর্ণ হতে পারেন নি। তিনি স্বীকার করেছেন যে সত্যের মৃদ্য স্বত: সিদ্ধ, কিন্তু যথন সত্যাহুসন্ধানের পথে তুরারোহ দংশয় মাথা তুলেছে, তিনি অনেক সময়ে মানবতন্ত্রের কঠিন নির্দেশ ভূলে প্রাক্তন প্রত্যয়ের শাস্তিতে আশ্রয় নিয়েছেন। তিনি জানতেন, প্রতি মামুষ্ট অদামান্ত, অণচ তাঁর বহু রচনায় মানুষের প্রাতিম্বিকতা উচিত্য-বোধের চাপে খণ্ডিত এবং কিছুটা বিব্রত হয়েছে। অস্তিত্বের হুর্বহ জটিলতা এবং তঃসমাধেয় বিবোধের মুখোমুখি হয়ে তিনি বছ ক্ষেত্রে আড়াল খুঁজেছেন বিমূর্ত ভাবের সরল সমন্বয়ে। গোয়েটেও যে তা কথনও করেন নি তা নয়; কিন্তু সমগ্রভাবে ৰিচার করলে মনে হয় তাঁর জীবনবোধ এদিক থেকে রবীন্দ্রনাথের তুলনায় বেশী বলিষ্ঠ, পরিণত, দায়িত্বশীল। সমন্বয়ের শান্তি তিনিও চেয়েছেন, কিন্তু সত্যের পথ থেকে সরে যেয়ে নয়। ভাবের দাবীকে তিনি আগ্রহ্ম করেন নি. কিন্তু তার থাতিরে অস্তিত্বের সামাগ্রীকরণে তিনি অপারগ ছিলেন। ওচিতাবোধ তাঁর কিছু কম ছিল না, কিন্তু তার চাইতেও বেশী ছিল জীবনবোধ। আমার বিশ্বাদ, এই কারণে রনেসাঁদের উত্তরদাধক হিদেবে গোয়েটে যতথানি দার্থক, রবীন্দ্রনাথকে তা ঠিক বলা চলে না। রবীন্দ্রনাথের মানবতন্ত্র গোয়েটের মানবতন্ত্রের তুলনায় অস্তিত্বনিষ্ঠার ক্ষেত্রে অনেকটা হুর্বল। তাঁর কল্পনা মামুষের ভাবরূপকে নিয়েই ব্যস্ত; তার সমগ্র রূপটিকে স্বীকার করার প্রোঢ় ত্রংসাহস তিনি কচিৎ দেখিয়েছেন। এইখানেই বিশভূমিকায় রবীন্দ্রনাথের তুলনায় গোয়েটের শ্রেষ্ঠত্ব। এই মৌলিক ত্রুটি থাকার ফলে আধুনিক ভারতের শ্রেষ্ঠ লেখককে পৃথিবীর চিরকালের শ্রেষ্ঠ লেখকদের সমপ্র্যায়ে ফেলা চলে কিনা সন্দেহ।

ব্যাপারটাকে নানাদিক থেকে বিচার করা চলে। যিনি যথার্থ সত্যসন্ধ, কোন ঔচিত্যবোধের নির্দেশেই যা প্রকৃত তাকে তিনি চোথ ঠারতে বা চাপা দিতে পারেন না। অন্তিত্বের কোনো কোনো বিশেষ দিক তাঁর কাছে পীড়াদায়ক ঠেকতে পারে, কিন্তু পীড়াদায়ক বলেই তাকে তিনি অসত্য বলতে গ্রবাজী। যথন তিনি মামুষের কথা লিখতে বদেন, তথন একথা তিনি ভাবতে পারেন না যে মাকুষের ক্ষেত্রে মস্তিক্ষের ক্রিয়া প্রবল বলে তার বাকী দেহটা অপ্রাদঙ্গিক। মাহুষ যে শুধু জ্ঞানচর্চা করে না, সৌন্দর্য স্বষ্টি করে না, মহৎ আদর্শ কল্পনা করে তার খারা নিজেকে পরিচালিত করার চেষ্টা করে না. মাহষের যে আরও বহু দিক আছে, দে যে ক্ষ্ৎপিপাসার দারাও চালিত হয়, কোষ্ঠ পরিষ্কার না হলে কিম্বা সক্ষমে পরিতৃথ্যি না ঘটলে তার বিশ্ববীক্ষা যে ব্যাহত হতে পারে, যিনি সত্যসন্ধ, তিনি মানব-অস্তিত্বের এই জটিল, বিচিত্র বছমুথীতা বিষয়ে সর্বদাই জাগ্রত, নিয়ত কৌতুহলী। ভাববাদীদের বিশ্বাদ যে মাত্মধের এই সমগ্র রূপ উদন্বাটনের চেষ্টায় কোন ফায়দা নেই; তার মধ্যে শুধু যেটুকু শ্রেয় (তাঁদের বিচারে) সেটুকুকে ফুটিয়ে তোলাতেই জ্ঞানের সার্থকতা। অর্থাৎ তাঁরা শুরু করেন মামুষ সম্বন্ধে একটি কাল্পনিক আদর্শ নিয়ে এবং মাকুষের যেদব দিক এই পূর্বকল্পিত ধারণার অনুকৃলে শুধু দেগুলিকে প্রাধান্ত দিয়েই তাঁরা খুশি। এককালে পশ্চিম ইয়োরোপে এই দৃষ্টিভঙ্গির প্রধান প্রবক্তা ছিলেন প্লেটো। কিন্তু দেকালে অন্তত বিদগ্ধজনদের মধ্যে এ দৃষ্টিভঙ্গি সাধারণ স্বীকৃতি পায় নি। রোমক সভ্যতার পতনের যুগে ইয়োরোপ খ্রীষ্টধর্ম আশ্রয় করার পর থেকে প্রায় আট-ন'শো বছর ধরে পশ্চিমী মানস এই মনোভাবের দ্বারা অভিভূত থাকে। রনেসাঁসের যুগে চিন্তাশীল মাতুষরা আবার নতুন করে বুঝতে আরম্ভ করেন যে অবিমিশ্র ভাববাদ শত্যদন্ধিৎদার নিতান্ত পরিপন্থী, যথার্থ জ্ঞানের জন্য অন্তিত্বের জটিল সমগ্র রূপটির অমুধাবন প্রয়োজন। সমগ্রসত্যের অমুসন্ধান একদিকে যেমন মামুষের বিকাশ-সম্ভাবনার দিগন্তকে প্রসারিত করে দেয়, অন্তাদিকে তেমনি দেই বিকাশদাধনাকে প্রতিষ্ঠিত করে যথার্থতর জ্ঞানের নির্ভরযোগ্য ভিত্তির উপরে। লেওনার্দো, এরাজমুদ, শেক্সপীয়র এবং তাঁদের পরের যুগে দিদেরো প্রভৃতির মারফৎ রনেসাঁসের এই অস্কিত্বতান্ত্রিক দৃষ্টিভঙ্গি গোয়েটের উপরে বর্তায়। রবীন্দ্রনাথ মানবতন্ত্রের অক্সাক্ত প্রত্যয়ের দ্বারা অম্প্রাণিত হওয়া দত্তেও রনেসাঁদের এই দিকটিকে পুরোপুরি আত্মদাৎ করতে পারেন নি। এ দৃষ্টিভঙ্গি তাঁর কল্পনায় প্রভাব অবশুই ফেলেছিল, তাঁর নানা রচনায় (বিশেষ করে ছোটগল্পে) সে প্রভাবের কিছু কিছু ছাপ চোখে পড়ে। কিন্তু সমগ্রভাবে বিচার করলে সন্দেহ থাকে না, ভাববাদের সন্ধীর্ণ গণ্ডি সচেতনভাবে পুরোপুরি অতিক্রম করার সামর্থ্য শেষ পর্যস্ত তাঁর অনায়ত্ত রয়ে গিয়েছিল। ফলে তাঁর কাব্যে জীবনকে আচ্ছন্ন করে দাঁড়িয়েছে জীবনদেবতা; তার দর্শনে মাহুষের প্রাতিস্থিক অন্তিম্বের চাইতে বেশী মূল্য পেয়েছে তাঁর কাল্লনিক ব্রহ্মত্ব; তাঁর নাটক উপস্থাসে বিস্তর মহৎ ভাবের সমাবেশ ঘটা সত্তেও এমন চরিত্র তুর্লভ যারা শেক্সপীয়র, গোয়েটে অথবা ডস্টয়েভ্স্কীর চরিত্রদের মত জটিল এবং জীবস্ত।

রবীক্রনাথের এই ভাববাদী দৃষ্টিভঙ্গি তাঁর সাহিত্য বিষয়ক নানা প্রবন্ধে, 'মানুষের ধর্ম' বক্তৃতামালায় এবং তাঁর আত্মজীবনী জাতীয় নানা রচনায় খুব ম্পাষ্ট। গোয়েটে তাঁর বিরাট আত্মজীবনীতে নিজের সম্বন্ধে প্রায় কোন কিছুই গোপন করেন নি। এদিক থেকে তিনি রনেসাঁদের শিল্পী বেনভেত্ততো চেলিনির শিল্প। রবীক্রনাথের আত্মজীবনীমূলক রচনা গোয়েটের তুলনায় অনেক সংক্ষিপ্ত; যাও-বা লিখেছেন, তাতে নিজের আদর্শ রপটিকেই ফোটাবার চেষ্টা করেছেন, সমগ্র রপটিকে স্বীকার করেন নি। ফলে তাঁর এদব লেখা থেকে তিনি যা ছিলেন তার চাইতে তিনি যা হতে চেয়েছিলেন তার থবরই আমরা বেশী পাই। বস্তুত শ্বিষ, বিশ্বকবি, গুরুদেব ইত্যাদি আথ্যার আড়ালে মানুষ-রবীক্রনাথের ইতিহাস আজো আমাদের অনেকটাই অজানা। প্রভাতবাবুর 'রবীক্র জীবনী'তে কিছু কিছু আভাস আছে, কিন্তু তা শুধু আভাসমাত্র। এমনকি যে মানুষ সারা জীবন ভালবাসার উপরে এত গান, কবিতা, কাহিনী, নাটক লিখে গেলেন, তাঁর নিজের জীবনে প্রেমের অভিজ্ঞতার সংবাদ তিনি স্যত্নে প্রচ্ছর রেখেছেন। ১°

একথার প্রতিবাদে অবশ্রুই বলা যেতে পারে, তাতে কি আদে যায়?
মান্য-ববীক্রনাথের সঙ্গে আত্মীয়তা নাই হল, প্রষ্টা রবীক্রনাথ ত রয়েছেন, তাঁর স্পষ্টির মধ্যে তিনি যেটুকু প্রকাশিত করে রেখে গেছেন, তাইত যথেষ্ট। আসলে তাঁর স্পষ্টির জন্মই ত তিনি আমাদের কাছে মূল্যবান। শেক্ষপীয়রের জীবন সম্বন্ধেই বা আমরা কভটুকু জানি। প্রথম নজরে এটা খুব লাগসই জবাব মনে হতে পারে। কিন্তু একটু বিশ্লেষণ করে দেখলে দেখা যাবে এ যুক্তির গোড়াতে মন্ত একটা গলদ আছে। শেক্ষপীয়রের জীবনের ঘটনাবলী সম্বন্ধে বিশেষ কিছু জানি না বটে কিন্তু তাঁর রচনার মধ্যে জীবনের কোন অভিজ্ঞতাকেই তিনি কাল্লনিক আদর্শের খাতিরে খারিজ করেন নি। অপর পক্ষে রবীক্রনাথ যতই প্রকাশের দক্ষতা অর্জন করেছেন, ততই জীবনের নানা জটিল এবং তৃষ্প্রকাশ্র

প্রভিক্ততাকে আদর্শবাদী শুচিতার মোহে পাশ কাটানো মনোভাব তাঁর মধ্যে প্রবল হয়ে উঠেছে। এতে মাহ্ব হিসেবে তাঁর কতটা লাভ বা ক্ষতি হয়েছে জানি না, কিন্তু লেথক হিসেবে যা লোকসান হয়েছে, তা অপূর্ণীয়। জীবনকে সমগ্রভাবে স্বীকার করতে না শিথলে আর যা-ই হওয়া সম্ভব হোক, প্রথম শ্রেণীর সাহিত্যিক হওয়া অসম্ভব। ভাষার উপরে তাঁর যতই দথল থাক, ভাবনা তাঁর যতই মহৎ হোক, এই একটি জায়গায় ঘাটতি হলে কোনো কিছুর জোরেই তা পূরণ করা চলে না। রবীক্রনাথও তা পারেন নি। তাঁর জীবনের খুঁটিনাটি সম্বন্ধে আমরা যে বিশেষ কিছু জানি না, তাতে কিছু না যেতে আসতে পারে; কিন্তু অপ্রতিকর খুঁটিনাটিকে এড়িয়ে যাওয়ার যে মনোভাব তাঁর জীবন এবং সাহিত্যসাধনাকে প্রভাবিত করেছিল, তাঁর সাহিত্যে মৃল্য নির্ণয়ে সেটি মোটেই অবাস্তর নয়। এবং এ সিদ্ধান্ত বোধহয় যুক্তিসহ যে এই মনোভাবকে প্রভার দেওয়ার ফলেই অসামান্ত স্বষ্টি-ক্ষমতার অধিকারী হয়েও তিনি এমন কিছু লিথে যেতে পারলেন না, যা সাহিত্যমূল্যে "মহাভারত" অথবা "অভিসি", "ইন্ফর্নো" অথবা "কিং লীয়ার" "ফাউস্ট" বা "ওঅর আয়াণ্ড পীস"-এর সমত্বা।

রবীক্রনাথের এই গুঢ় হুর্বলতা বিশেষ করে তাঁর উপন্তাস এবং নাটকে পরিস্ফূট হয়ে উঠেছে। জীবনবিমুখ আদর্শবাদের শরণ না নিলে তিনি কি ধরনের ঔপক্তাসিক হতে পারতেন, তার আভাদ পাওয়া যায় তাঁর প্রথমদিকের লেথা বড় গল্প "নষ্ট নীড়" এবং উপতাদ "চোথের বালি"তে। এ ছটির রচনা কাল ১৯০১; ভাববাদের প্রভাব এথানে অপেক্ষাকৃত অপ্রবল। তবে এযুগে ববীক্রনাথের গভ রচনারীতি ততটা পরিণতি অর্জন করে নি: তা না হলে "নষ্ট নীড়" এবং "চোথের বালি" বাংলা সাহিত্যের ছটি শ্রেষ্ঠ রচনা বলে পরিগণিত হতে পারত। কিন্তু এহটির ক্ষেত্রেও ভাববাদী দৃষ্টিভঙ্গি অপ্রবন বলে একেবারে অমুপস্থিত নয়। বিশেষ করে "চোথের বালি"র কাহিনীকে শেষদিকে যেভারে ভালেগোলে মিলিয়ে দেওয়া হয়েছে, দেটি কাহিনীর দিক থেকে যেমন অদঙ্গত, জীবনের দিক থেকে তেমনি অবাস্তব। বিহারী-वित्मिनित ममन्त्रांत्र मधा मिरा लाथक कीवरनत य निका अथह किन রূপটিকে -ফোটাতে পারতেন, সামাজিক উচিত্যবোধের থাতিরে তাকে তিনি শেষ পর্যস্ত সরল এবং বিকৃত করে সে স্থযোগ স্বেচ্ছায় নষ্ট করেছেন। "নৌকাড়বি"তে এই অসঙ্গতি এবং অবাস্তবতা আরো স্পষ্ট; এটি বোধহয় রবীজ্ঞনাথের হুর্বলতম রচনা। "নৌকাড়ুবি"র (১৩১০-১২) পর প্রকাশিত হয় "গোরা" (১৩১৪-১৬); আকারে এটিই তাঁর সব চাইতে বড় উপজাস। "গোরা"র উপজীব্য ভাব যেমন মহৎ, এর গভারীতিও তেমনি পরিণত। তবু উপজাস হিসেবে "গোর"কে থুব উচুতে স্থান দেওয়া কঠিন। গোরা-চরিত্র লেখকের কল্পনায় একটি ভাব দপ হিসেবে দেখা দিয়েছে, পুরো মাহ্র্য হিসেবে বিকশিত হয়ে ওঠে নি। গোরার বক্তব্য আমাদের ভাবায় বটে, কিন্তু গোরার মহয়্যন্ত আমাদের কচিৎ স্পান করে। বরং উপজাস হিসেবে "চত্রক্র" (১৩২১) গোরার তুলনায় সার্থক; এখানে রবীন্দ্রনাথ জটিল সমগ্র রূপটিকে অনেক বেশী নিষ্ঠা এবং সাহসের সক্ষে কোটাবার চেষ্টা করেছেন। কিন্তু এখানেও প্রধান চারটি ভাবের কোঠা পেরিয়ে জীবনের ক্ষেত্রে মৃজিলাভ করে নি। পাউণ্ডের ভাষায় তারা পার্স্বনির, পার্গোনা; মাহ্র্য নয়, মুখোশ।

রবীন্দ্রনাথ যে কেন দার্থক ঔপস্থাসিক হতে পারেন নি, তার সব চাইতে প্রামাণিক ব্যাখ্যা মেলে "চতুরঙ্গে"র ঠিক পরেই প্রকাশিত "ঘরে বাইরে" (১৩২২) উপক্তাদে। রবীন্দ্রনাথের বিশিষ্ট গল্পরীতি এখানে পূর্ণ বিকাশলাভ করেছে; তাঁর মানবভন্ত্রী দৃষ্টিভঙ্কী এখানে অত্যস্ত স্পষ্ট। তবু হায়, "ঘরে বাইরে" একটি দীর্ঘ রূপককাহিনীর বেশী কিছু হতে পারল না। ভূপতি নিথিলেশে রূপাস্তরিত হয়ে মহত্ব নিশ্চয়ই অর্জন করেছে, কিন্তু তার ফলে সে বঞ্চিত হয়েছে মহয়তে। গোৱার মত নিথিলেশও প্রায় একটি জ্যামিতিক কল্পনা: তাকে জীবস্ত ব্যক্তি-মাহুষ ভাবা অসম্ভব। "ঘরে বাইরে"র প্রায় বারো বছর পরে "যোগাযোগ" (১৩৩৪ ৩৫) উপন্তাদে রবীন্দ্রনাথ আর একবার চেষ্টা করেছেন জীবনের তুষ্প্রসহ সত্যকে কল্পনায় স্বীকার করতে। "নষ্টনীড়" এবং "চোথের বালি"তে যে প্রতিশ্রুতি ছিল তা অনেকথানি সার্থকামিত হয়েছে "যোগাযোগে।" ববীন্দ্রনাথের সমগ্র রচনাবলীর মধ্যে মধুস্থদনের মত চরিত্র আর দ্বিতীয়টি আমার অন্তত চোথে পড়ে নি। মধুস্থদন এবং কুমুকে•মুখোমুখী দাঁড় করিয়ে রবীন্দ্রনাথ এখানে জীবনের একটি নিষ্ঠুরতম স্তাকে উদ্যাটিত করতে চেয়েছেন। আমার বিশাস, এই উপক্রাসটিই তাঁর সর্বশ্রেষ্ঠ রচনা। এখানে তিনি প্রায় শেক্সপীয়র. গোয়েটে, টল্স্টয়-এর সমপ্র্যায়ে পৌছেছেন। কিন্তু এক্ষেত্রেও তিনি শেষরক্ষা করতে পারেন নি। একদিকে তিনি মধুস্দনের রুঢ় সত্য থেকে আত্রয় থুঁজেছেন বিপ্রদাদের অপ্রষ্ট অশরীরী ভাব রূপে; অক্তদিকে কুম্র সমাধানহীন সমস্থার যন্ত্রণা সইতে না

পেরে তিনি মাঝপথেই কাহিনীতে ছেদ টেনেছেন। >> "যোগাযোগে" লেথক নিজের সাধ্যের অতিরিক্ত বিষয় নিয়ে লিখতে গিয়েছিলেন : ফলে "হামলেটের" মত এখানেও এক অনিৰ্দেশ্য অসম্পূৰ্ণতা পাঠককে একই দক্ষে লুব্ধ কবে, পীড়া দেয়। অবিনাশ ঘোষালের কাহিনী তাই শেষ পর্যন্ত আর কোনদিনই লেখা হল না। যে ভাববাদী দৃষ্টিভঙ্গী ইতিমধ্যেই তাঁর মনকে আচ্ছন্ন করেছিল, তা নিয়ে দে কাহিনী লেখা সম্ভব হত না। ফলে "চোখের বালি"র পরে যেমন "নৌকাডুবি", "চতুরঙ্গের" পরে যেমন "ঘরে বাইরে", "যোগাযোগের" পরে তেমনি তিনি আড়াল নিলেন "শেষের কবিতা"র জীবনবিমুথ ভাবোচছুাসে। "শেষের কবিতা" (১৩৩৫) যে "যোগাযোগে"র (১৩৩৪-৩৫) অন্যবহিত পরের রচনা, রবীক্র মানদের বিশ্লেষণে এটি বিশেষভাবে লক্ষণীয় ঘটনা। 'নৌকাড়বির' মত এখানেও শেষ পর্যন্ত জোড়ে জোড়ে পাত্রপাত্রীদের থাসা মিলিয়ে দেওয়া হয়েছে। তা দত্ত্বেও "শেষের কবিতা" যদি "নৌকাডুবি'র মত অত নিকৃষ্ট না ঠেকে, তার প্রধান কারণ ১৩৩৫এ রবীন্দ্রনাথের ভাষা এবং লিখনরীতি ১৩১০-১২ দালের তুলনায় অনেক বেশী পরিণত। কিন্তু জীবন-বোধের দিক থেকে "শেষের কবিতা" দরিত্র; চতুর অতি-কথনে দে দারিত্র্য ঢাকা না পড়ে আরও প্রকট হয়ে উঠেছে।

ভাববাদী দৃষ্টিভঙ্গীর এই মোলিক ক্রটি রবীক্রনাথের নাটকগুলিতে আরও প্রত্যক্ষ। তাঁর কোতৃকনাট্যগুলিতে এ দৃষ্টিভঙ্গির প্রভাব প্রথম পাঠে হয়ত চোথে পড়ে না; কিন্তু মোলিএর অথবা শেক্সপীয়রের পরিণত কালের কমেডিগুলির সঙ্গে তুলনা করে পড়লে নিঃসন্দেহে বোঝা যায়, রবীক্রনাথের এইজাতীয় রচনায় জীবনবোধ কত তুর্বল। "মেজার ফর মেজার" অথবা "ল্যু মিজাঁত্রোপ"-এর মত নাটক তিনি কোনো দিনই লিখতে পারেন নি। অপর পক্ষে তাঁর কাব্যনাট্য, গীতিনাট্য, নৃত্যনাট্য, ঋতুনাট্য অথবা তত্ত্বনাট্য—সব ক্ষেত্রেই চরিত্রস্থি নিতান্ত অপ্রধান রয়ে গেছে। এসব রচনায় রস অথবা ব্যঞ্জনার অভাব নেই, কিন্তু অভাব আছে জীবন্ত মাহুষের। এরা আমাদের আনন্দ দেয় বটে, কিন্তু 'কাথারসিস' ঘটায় না। নাচ, গান, ছন্দ, ভাষা এবং তত্ত্বের সম্পদে এ অভাব সাময়িকভাবে আমাদের দৃষ্টি এড়াতে পারে; কিন্তু এ অভাব বে কত বড় অভাব, তা আমরা তথনি বুঝতে পারি যথন রবীক্রনাথের নাটকের পাশে ইউরিপিদিন, শেক্সপীয়র অথবা ও'নীলের নাটক পড়ি। "রাজা"

১১। প্রবন্ধের শেবে টীকা।

"অচলায়তন", "শারদোৎদব", "বক্ত করবী", "ডাকঘর", "ফাল্কনী" এমনকি "বাশরী"তে পর্যন্ত এমন একটিও চরিত্র নেই যাকে জীবস্ত ব্যক্তিমাত্মর বলে মনে হতে পারে। কোনো কোনো নৃত্যনাট্যে জীবস্ত চরিত্রের কিছুটা আভাস মেলে—যেমন "চণ্ডালিকা", "খামা" এবং "চিত্রাক্ষদা"। আমার ধারণা নাটক ছিসেবে এ তিনটিই রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ রচনা। কিন্তু এদের ক্ষেত্রেও রবীন্দ্রনাথ আভাসের বেশী আর এগোন নি—মূল ভাবটিকে প্রাধান্ত দিয়ে ব্যক্তিচরিত্রের জটিলতাকে সরল করে এনেছেন।

অপচ নাটকে চরিত্রস্থির ক্ষমতা রবীন্দ্রনাথের যে একেবারে ছিল না তা নয়। অস্তত তাঁর প্রথম যুগের হুটি নাটকে—"রাজা ও রাণী" (১২৯৬) এবং "বিসর্জন" (১২৯৭)—এ ক্ষমতার যথেষ্ট প্রমাণ আছে। তথনো প^{র্যন্ত} তাঁর শাহিত্যশাধনা ভাববাদের কাছে আত্মসমর্পণ করে নি। বিক্রম এবং স্থমিত্রা, **রঘুণ**তি এবং গুণবতীর মত **জী**বস্ত চরিত্র রবীক্সনাথের পরবর্তীকালের লেথা আর কোনো নাটকে চোথে পড়ে না। ছভাগ্যবশত এ নাটক ছটি লেখার সময় পর্যস্ত রবীন্দ্রনাথ সাহিত্যের রীতি প্রকরণে যথেষ্ট নিপুণতা অর্জন করেন নি ; ফলে এদের মধ্যে বিশুর রূপগত ক্রটি বর্তমান। এদের মধ্যে মহৎ রচনার প্রতিশ্রুতি আছে কিন্তু তার ঠিক দার্থকায়ন ঘটেনি। দাহিত্য কর্মে দেই একান্ত প্রয়োজনীয় নিপুণতা যথন তাঁর আয়তে এল, তার আগেই তাঁর মন ভাববাদী ভীক্বতার দ্বারা আক্রাস্ত হয়েছে। বৃদ্ধবয়দে "রাজা ও রাণী" কাহিনীটিকে ভেঙ্গেচুরে ঘষেমে**জে** যথন তিনি "তপতী" (১^৩৩৬) রচনা করলেন, তথন দে নতুন নাটকে মূল বচনার যা ছিল বৈশিষ্ট্য প্রথমেই তা বাদ পড়ল। নাট্যকারের পক্ষে ভাববাদ যে কত মারাত্মক "রাজা ও রাণী"র বিক্রম-স্থমিত্রার দক্ষে "তপতী"র বিক্রম-স্থমিত্রার তুলনা করলেই দেটি ধরা পড়বে। যারা ছিল জীবস্ত নরনারী, তারা পর্যবসিত হয়েছে তত্ত্বকল্পনায়। বাংলা ভাষায় "ইফিগেনী", "ওথেলো" অথবা "ফাউন্টের" মত নাটক আজো তাই লেখা হল না।

। আট ।

ভাববাদী দৃষ্টিভঙ্গীর ফলে সাহিত্যিক শুধু যে অস্তিত্বের জটিল সমগ্র রূপ থেকে মূথ ফিরিয়ে তত্ত্বের থণ্ডিত সারল্যে আশ্রয় নেন তাই নয়; অস্তিত্বের মধ্যে যথনই কোনো তুঃসমাধেয় সমস্থা অথবা ত্রতিক্রম্য বিরোধ প্রকৃট হয়ে ওঠে তথনই তিনি সমন্বয়ের শাস্তির জন্ম ব্যাকুল হয়ে ওঠেন। সমন্বয়ের আবিষ্ঠিকতা অনস্বীকার্য; কিন্তু সমন্বয়ের প্রয়োজনে যদি বিরোধের গভীরতাকে অপ্রধান বলে উড়িয়ে দিই, তাহলে যে সমন্বয় আমরা কল্পনা করব তাতে মানসিক শাস্তি হয়ত মিলতে পারে, কিন্তু তাতে সত্যের ঘাটতি হওয়ায় তার উপরে নির্ভর করা চলবে না। এ ধরনের সমন্বয়ের শাস্তিকে লক্ষ্য করেই "ইন্ট কোকার"এ এলিয়ট লিথেছেন:

The serenity only a deliberate hebetude,

The wisdom only the knowledge of dead secrets

Useless in the darkness into which they peezed

Or from which they turned their eyes.

কি জীবনে কি সাহিত্যে এ ধরনের সমন্বয় যেমন স্থলভ, তেমনি স্বল্পমূল্য। এর উপরে দাঁড়িয়ে টেনিসনের মত লেথক হয়ত লিথতে পারেন, কিন্তু গোয়েটের মত লেথক পারেন না। মহৎ জীবন এবং মহৎ সাহিত্য বিরোধের মূলে পৌছে সমন্বয়ের সন্ধান করে; লাইব্নিট্স্-এর সর্বশুভ তত্ত্বের চাইতে অলবেয়ার কাম্য-র আর্ত অনুসন্ধান তাই অনেক বেশী অর্থসমূদ্ধ। ১২

ববীক্রনাথ একথা জানতেন, কিন্তু সে জ্ঞান তাঁকে সর্বদা ভাববাদী প্রলোভনের হাত থেকে রক্ষা করে নি। তাঁর দর্শনচিন্তায় শান্তির চাইতে সভ্যকে অনেক সময়েই বড় বলে স্বীকায় করা হয়েছে বটে, কিন্তু তাঁর সাহিত্য স্পষ্টির মধ্যে সে স্বীকার বেশীর ভাগ ক্ষেত্রে তার ক্যায়সঙ্গত পরিণতি লাভ করে নি। বিরোধকে তিনি প্রায়শই বাইরের ব্যাপার বলে দেখিয়েছেন; অন্তিম্বের গভীরতম স্তর থেকে যে বিরোধের উত্তর, তার সঙ্গে সভ্যবত তাঁর অন্তরঙ্গ পরিচয় ছিল না। অথবা হয়ত পরিচয় ছিল, কিন্তু চেতনার স্তরে তাকে স্বীকার করার সাহস এবং সামর্থ্য ছিল না। ভালো এবং মন্দের পার্থক্য তাই তাঁর অনেক রচনায় অতিমাত্রায় স্পষ্ট, কিন্তু অন্তিম্বের সমগ্র রূপের মধ্যে ভালো আর মন্দ যে কি অচ্ছেন্ত বন্ধনে পরস্পরের সঙ্গে জড়িত সেটি তাঁর লেখায় বিশেষ ধরা পড়ল না। নিথিলেশ, বিপ্রাদান, অতীন নিছক ভালো; আর সন্দীপ, মধুস্থদন, বটু নিথাদ মন্দ। এ বিশুদ্ধতা নীতিশাপ্তে হয়ত চলতে পারে, কিন্তু জীবনে এবং সে কারণে সাহিত্যে এ কল্পনা নিতান্তই খণ্ডসত্য। শেক্সপীয়রের হামলেট বা ওথেলো যে রবীক্রনাথের যে কোনো পাত্র-পাত্রীর

চাইতে প্রাণবস্ত তার কারণ স্রষ্টা এদের ক্ষেত্রে মাহুষের আদর্শ গুণাবলীকে বিরংসা, ক্ষমতাস্পৃহা, সন্দিশ্বতা, নিষ্ঠুরতা ইত্যাদি আদিম বৃত্তি থেকে ছাঁকাই করে আলাদা পরিবেশন করেন নি।

গোয়েটের ফাউন্ট প্রতি মৃহুর্তে আপনার সঙ্গে আপনি সংগ্রাম করছে। লালসা এবং মমতা, সত্যাহ্মসন্ধান এবং সন্জোগাসজি, আত্মপ্রত্যয় এবং আত্ম তার চরিত্রে নিয়ত যুধ্যমান। আত্মবিরোধের হাত থেকে সে পালাতে চায় নি, তার মধ্য দিয়ে সে মৃজির সাধনা করেছে। ফাউন্ট এবং মেফিন্টোর সম্পর্ক তাই শাদার সঙ্গে কালোর সম্পর্ক নয়; তারা একই সঙ্গে পরম্পরের বিরোধী এবং পরম্পরের আত্মীয়। মেফিন্টো যদি ফাউন্টের অন্তিত্বের মূলে না বাসা বাঁধত, তবে ফাউন্টের পক্ষে মৃজির জন্যে সাধনা করাই সন্তব হত না। নিথিলেশদের অন্তরে কোনো যথার্থ বিরোধ নেই; তাদের বিরোধ বাইরের সঙ্গে। তাই তাদের মধ্যে না আছে ট্রাজেডির স্বাদ, না মৃজির। গোয়েটের নায়ক যে আর্ত আননন্দের সজ্যেকা (Dem Taumel Weih' ich mich, dem schmerzlichen Genuss) রবীন্দ্রনাথের অধিকাংশ পাত্রপাত্রীই সে বিষয়ে প্রায় সম্পূর্ণ অনভিজ্ঞ।

সাহিত্যে ভাববাদী দৃষ্টিভঙ্গী প্রাধান্ত পেলে এসব ছাড়া আরো একটি বিপদের সম্ভাবনা আছে। সেটি হল ভাষার ক্ষেত্রে শুচিবায়্গ্রস্থতার বিপদ। এ বিপদ সম্বন্ধে অন্ত প্রবন্ধে আলোচনা করেছি। ক্রটিটা ভাষার ক্ষেত্রে প্রকট হলেও তার প্রকৃত উৎস ভাবের ক্ষেত্র। জীবনকে আদর্শ অন্থ্যায়ী কোনো ছকের মধ্যে ফেলে সাহিত্যিক ষথন তাকে ফুটিয়ে তুলতে চান, তথন তাঁর ভাষাও আর সেই ছকের বন্ধন কাটাতে পারে না। ভাবের থাতিরে ভাষাকেও তথন ধোপত্রস্ত রাথতে হয়। রবীক্রনাথ যতদিন ভাববাদের প্রোপুরি থপ্পরে পড়েন নি, ততদিন তাঁর ভাষায় অন্ত দোষ হয়ত ছিল, কিন্তু ক্রত্রিমতা এবং অক্ষছতা ছিল না। ক্রমে যত তিনি ভাববাদী শুচিতার দিকে ঝুঁকেছেন, ততই তাঁর ভাষা সাধারণ মান্থবের আটপোরে ভাষা থেকে সরে গেছে। তাঁর অনেক মূল্যবান চিস্তা যে সাধারণ বাঙ্গালী পাঠকদের মনে বিশেষ কোনো ছাপ রাথতে পারে নি, তার হয়ত একটা কারণ তাঁর পরিণত রচনার, বিশেষ করে গছ বচনার, এই ভাষাগত অনাত্মীয়তা। এ মনোভাবের স্বচাইতে উগ্র প্রকাশ ঘটেছে "শেষের কবিতা'য়; কাহিনী, পাত্রপাত্রী, ভাষা সব দিক থেকে এই বইটির জীবনবিম্থতার তুলনা নেই। তা সত্বেও এ বই

যে আমাদের চোথ ধাঁধায়, তার কারণ এর উপাদান এবং উপজীব্য স্থাম্লা হলেও শিল্পনৈপুণ্যে বইটি অসামান্ত। কিন্তু মহৎ সাহিত্য স্টের জন্ত শুধু শিল্পনৈপুণ্যই যথেষ্ট নয়। ববীক্রনাথ ভাষার ক্ষেত্রেও ক্রমে ভাববাদী হওয়ার ফলে এক দিকে তাঁর কল্পনার জগৎ থেকে জীবনের অনেক দিককে বাদ দিতে হয়েছে; অপরপক্ষে যে দিকগুলিকে তিনি বেছে নিয়েছেন, দেগুলির রূপায়ণের মধ্যেও অনেক সময় অস্বচ্ছতা এবং অবাস্তবতা রয়ে গেছে। ফাউন্ট অথবা মার্গারেটার মত চরিত্র তাঁর কল্পনায় কোনো দিন ধরা পড়ল না। 'মা আমার বেশ্রা, বাপ আমার ঠগ' (Meine Mutter die Hur…Mein Vater der Schelm) রবীক্রনাথের কোন নায়িকা কি বলতে পারত ? অন্ত দিকে নিথিলেশ, দন্দীপ, বিমলারা হয়ে বইল কল্পলোকের ছায়াময় অধিবাসী। মৃত্যুর কয়েক মাস পূর্বে রচিত একটি কবিতায় তিনি তৃঃথ করে বলেছিলেন, আপন অন্তর্গলে বাস করে যে মানুষ, তার অস্তবের মধ্যে প্রবেশের ছার তিনি স্বত্র পান নি।

আমার কবিতা, জানি আমি,

গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী

এ স্বীকারোক্তির মধ্যে অনেকথানি বিনয় মেশানো ছিল। কিন্তু বিনয় 'বাদ দিয়ে এ কথার মধ্যে যে কতথানি নিষ্ঠুর সত্য বর্তমান, তা বোধ হয় কবি নিচ্ছেও বোঝেন নি। তিনি যে ক্বধাণের জীবনের শরিক হতে পারেন নি এটি তাঁর হুরের প্রধান অপূর্ণতা নয়। যাঁদের সঙ্গে তাঁর অন্তরের পরিচয় আছে বলে তিনি মনে করেছিলেন, তাদের কথাও যে তিনি বহু ক্ষেত্রে সত্য করে বলতে পারলেন না, এটিই তাঁর সাহিত্যের দব চাইতে বড় ত্রুটি। না পারার একটি প্রধান কারণ হল তাঁর ভাববাদ পুষ্ট ক্রচি। সাধারণ মামুষ--ভধু ক্লবাণ মজুরই নয়, উচ্চশিক্ষিত, অর্ধশিক্ষিত, মধ্যবিত্ত, স্লল্লবিত্ত ঘরের ছেলেমেয়েরাও—যে ভাষায় সচরাচর ভাবে, আলাপ করে, তাদের স্থব ছঃখ, রাগবিদ্বের প্রকাশ করে, এ কচি ক্রমেই তাঁকে সে ভাষার জ্বগৎ থেকে বিচ্ছিন্ন করে এনেছিল। অমিত, অতীন অথবা বাশ্রীর ভাষায় তিনি ভুধু তাঁর কল্পলোকের নায়কনায়িকা ছাড়া আর কোন্ স্ত্রী-পুরুষেরই বা আত্মীয়তা অর্জন করতে পারতেন? মানবতন্ত্রী হয়েও তাই তিনি শেষ পর্যস্ত একথা বলতে পারলেন না, আমি মাতৃষ স্থতরাং মাতৃষের কোনো কিছুই আমার অনাত্মীয় নয়। মানবতন্ত্র এবং মাহুষের মাঝখানে ভাববাদী শুচিতা হুর্লজ্বা প্রাচীর হয়ে দাড়িয়ে রইল।

। नम्र ।

পাঁচিল কি গোয়েটেরই ছিল না! তবে দে পাঁচিল তিনি টপকাতে পেরেছিলেন। ভাবের পাঁচিল, নীতির পাঁচিল, ভাষার পাঁচিল। প্রেম তাঁকে সাহায্য করেছিল। প্রথম বয়দে কাটারীনা এবং ফ্রিডেরিকা থেকে শুরু করে শেষ পর্যস্ত সমাজের প্রবল প্রতিরোধ সভেও যাকে তিনি বিয়ে করলেন সেই ক্রিষ্টিয়ানা.—বহুবল্লভ গোয়েটের জীবনে এবং দাহিত্যে যে মেয়েরা সক্ষয় স্বাক্ষর রেথে গেছে তাদের অনেকেই সমাজের নীচের তলার মাত্রষ। তিনি নিজেই লিখেছেন. কাটারীনার প্রেমে পড়ে তিনি প্রথম বুঝতে শেথেন ধর্ম, নীতি, লোকাচারের ভিত্তি কত অগভীর, আবিষ্কার করেন সমাজ-কাঠামোর অস্তরালে জীবনের যত ভয়াবহ অন্ধকার স্বড়ঙ্গ। রবীক্রনাথ তত্ত্বে ক্ষেত্রে মানব-প্রেমী হয়েও জীবনের ক্ষেত্রে বন্দী রইলেন আভিজ্ঞাত্যের হুর্গে। কামনা গোয়েটেকে সে তুর্গ থেকে টেনে বার করেছিল। ১৬ তাঁর যৌবনের উচ্ছুঙ্খল দিনগুলি বার্থ হয়ে যায় নি। একদিকে যেমন গ্রীক ল্যাটিন পড়েছেন, অক্তদিকে তেমনি দিনের পর দিন বাতের পর বাত কাটিয়েছেন ভ ড়িথানায়, বস্তিতে, বেশ্যালয়ে, সমান আনন্দে মিশেছেন ধার্মিক লাফাটর আর মাতাল প্রকৃতিবাদী বাজেডভ্-এর সঙ্গে, বন্ধুত্ব পাতিয়েছেন নেতিপন্থী মার্ক আর যুক্তিভীক যাকোবির দক্ষে, গরীব গেঁয়ো পুরুতের মেয়ে ফ্রিডেরিকার দঙ্গে প্রেমলীলা ফুরোতে না ফুরোতেই বন্ধুর বাগ্দন্তা শার্লোটে বুফ্-এর সঙ্গে জট পাকিয়েছেন। ঝডঝাপটা যুগের আবহাওয়াও হয়ত তাঁকে সাহায্য করেছিল। তবে আমার বিশ্বাস এই পাঁচিল টপকানোর ব্যাপারে তিনি সব চাইতে নির্ভর্যোগ্য সমর্থন পেয়েছিলেন তাঁর আপন প্রকৃতির মধ্যে। তাঁর যৌবন কালের বন্ধু মার্ক তাঁকে লিখেছিলেন, কাল্পনিক সৌন্দর্যের সাধনা তোমার ধর্ম নয়, বাস্তবকে উদ্যাটিত করার মধ্যেই তোমার দার্থকতা। গোয়েটে দম্বন্ধে এর চাইতে দত্যকথা আর কেউ বলেছেন বলে আমার অস্তত জানা নেই।

ফলত গোয়েটে সাধনা করেছিলেন মৃক্ত মন দিয়ে অস্তিত্বের সমগ্র রূপকে বুঝতে, আর সেই বোঝাকে প্রকাশ করতে বিজ্ঞানে, সাহিত্যে, নিজের জীবনে। 'আমি হতে চাই প্রকৃতির মত, ক্বত্রিমতামৃক্ত, ভালোয় মন্দয় মেশানো, সব সামাজিক উচিত্য বন্ধনের উধ্বে। এ তাঁর প্রথম যৌবনের ঘোষণা। বৃদ্ধ ব্য়দে একরমানের সঙ্গে আলাপেও বার বার তিনি সেই একই প্রত্যয়ের উল্লেখ

করেছেন। 'শিল্পীকে বিম্র্ড সামান্ত ভাবের মোহ এড়িয়ে দেহাপ্রিত বিশেষের মধ্যে প্রবেশ করতে হবে।' 'যার জীবনে মতবাদ যত প্রবল, সে তত থারাপ লেখে; বাস্তবজীবনে অভিনিবিষ্ট হতে পারলে তবেই থাটি লেখক হওয়া সম্ভব।' 'শীলতাবোধ সাহিত্য স্পষ্টির অন্তরায়—শিশুদের জন্ত বিচ্চালয়, পরিণতবয়স্কদের জন্ত রক্তমঞ্চ।' 'আমার কাব্যে কখনো কোনো তত্ত্বকথাকে রূপ দেবার চেষ্টা করি নি।' 'সত্যের চাইতে কোনো কিছুই বড় নয়।' 'প্রতিভার কাছে আমাদের প্রথম এবং শেষ দাবি সত্যামুগত্য।' উগোর লেখা তাই তাঁর মনে বিভ্ষণের সঞ্চার করেছিল। এই মানদণ্ডে বিচার করেই তিনি গোল্ড্মিথ্ এবং দিদেরোকে লেখক হিদেবে অনেক উচ্চতে আসন দিয়েছেন।

গোয়েটের এসব উক্তি যে কথার কথা নয় তাঁর দীর্ঘজীবনের রচনাবলী তারই প্রমাণ। বিশদ আলোচনার এথানে অবকাশ নেই; একটি-ছটি উদাহরণ দেওয়া যেতে পারে। যে প্রচীন কাহিনী থেকে গোয়েটে তাঁর "ফাউন্ট" নাটকের গল্পটি সংগ্রহ করেন তার নায়িকা ছিল গ্রীক মহাকাব্যের বিখ্যাত রূপদী হেলেন। ১৫৮৭ দালে প্রকাশিত স্পীজ্-এর "ফাউস্ট-বুথ্"-এ আছে ফাউস্ট্ৰ যাত্ৰিভাৱ জোৱে হেলেনকে প্ৰেতলোক থেকে টেনে আনে এবং তার প্রেমে পড়ে। ফাউন্ট সংক্রান্ত অন্তান্ত প্রাচীন এবং মধ্যমুগীয় গল্পেও হেলেনের সঙ্গে তার প্রেমের উল্লেখ আছে। গোয়েটে যথন প্রথম "ফাউস্ট" নাটক লিখতে শুরু করেন তখন তিনিও হেলেনকেই নায়িকা করবেন ভেবেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তাঁর অস্তিত্বতন্ত্রী শিল্পী-প্রকৃতিই জয়ী হল। হেলেন রূপান্তরিত হল গ্রেট্থেনে—যে গ্রেট্থেনে দেবতার অংশ কিছুই নেই— যে বেখার মেয়ে, গরীব, অশিক্ষিত, নির্বোধ। পারিদের প্রেমিকাকে গোয়েটে দেখেন নি; কিন্তু কেট্থেন শোয়েনকফ তাঁকে হাত ধরে শিথিয়েছিল কামনার মধ্যে উদ্ধাম আনন্দ আর অসহ যন্ত্রণা কি ভাবে মেশানো থাকে; অস্ত দিকে নিষ্পাপ ফ্রিডেরিকাকে ভালবেদে ত্যাগ করার গ্লানি তিনি কোনোদিন ভুলতে পারেননি। তাঁর কল্পনা বড় জোর পৌরাণিক হেলেনের উপরেই কিছু কারিগরি করতে পারত; তাঁর জীবনের অভিজ্ঞতা জন্ম দিল মার্গারেটাকে। মার্গারেটা তাই অমর হল, অন্ত কেউ দূরে থাক স্বয়ং গোয়েটেও এমন আর একটি চরিত্র স্বষ্ট করতে পারেন নি। পরবর্তীকালে "ফাউস্ট" দ্বিতীয় থণ্ডে গোয়েটে অবশ্র হেলেনকে নিজের অধিকারে নাটকে স্থান দিয়েছেন; দিতীয় খণ্ডের পুরো তৃতীয় অঙ্কটি হেলেনকে নিয়ে লেখা। এখানে কাব্যগুণের

অভাব নেই, যেমন নেই রবীন্দ্রনাথের পরিণত কাব্যরচনায়। কিন্তু প্রথমত, হেলেনের দক্ষে নাটকের কোনো যোগ নেই (তৃতীয় অন্ধটি প্রথমে স্বতম্ত্র একটি রচনা হিদেবেই প্রকাশিত হয়েছিল); আ্যারিস্টটলের ভাষায় এটি এপিদোড মাত্র। দ্বিতীয়ত, চরিত্র হিদেবে হেলেন একেবারেই অবাস্তব, মার্গারেটার দক্ষে তার কোনো তুলনা হয় না। গোয়েটে এখানে নিজের প্রকৃতিকে থর্ব করে নিজের এবং আমাদের লোকসন ঘটিয়েছেন। "ফাউস্ট" দ্বিতীয় থণ্ড তাই প্রথম থণ্ডের মত অমরত্ব অর্জন করতে পারল না।

নাটকের ক্ষেত্রে যেমন উপক্যাদ এবং গল্পের ক্ষেত্রেও তেমনি এই স্থগভীর জীবনস্বীকৃতি গোঁয়েটের বৈশিষ্ট্য "ছেবর্টবের হু:খ" কাঁচা হাতের লেখা; কিন্তু সেই ঝড়ঝাপটার যুগেও গোয়েটে ভাববাদের মোহে কখনো ভোলেন নি তাঁর নায়ক-নায়িকা মাহুষ, দে কারণে জটিল, দ্বিধাবিভক্ত, কোনো ভাবরূপের দেহায়ন নয়। তাঁর সব চাইতে ত্ব:সাহসী এবং পরিণত উপক্রাস হ্বাহ স্ফার-হ্বান্ট শাফ্টেন্-এ (এর সঠিক বাংলা তর্জমা কি হতে পারে ভেবে পাই নি— ইংবেজী তর্জমায় ইলেক্টিভ্ অ্যাফিনিটিজ্) এই চেতনা বিচিত্র ফদলে সার্থকতা লাভ করেছে। এ বই পড়ে বায়রন গোয়েটেকে বলেছিলেন "বুড়ো শেয়াল।" ববিঠাকুর সম্বন্ধে এ কথা মুখে আনা দূরের কথা তাঁর অতি বিরূপ সমালোচকও মনে পর্যন্ত আনতে পারবেন না। কিন্তু লেখক হিসাবে তাতে লোকসানটা कांत्र रुन ? अघि रुरत्र दवीन्त्रनाथ कि भादत्नन এডুग्नार्ड, भार्त्नार्टे ज्यवा ওটিলীর মত চরিত্র সৃষ্টি করতে? ঋষি হবার আগে তবু বিনোদিনী মহেক্তের কথা ভাবতে পেরেছিলেন। ঋষি হবার পর সে জীবনবোধ কোথায় গেল ? কোপায় সেই গভীরতা, বিস্তৃতি, বৈচিত্র্যা, সংঘাত, প্রাণৈশ্বর্য ? রবীন্দ্রনাথের পরিণত কালের রচনার পাশাপাশি গোয়েটের পরিণত রচনা পড়লে হাদয়ক্ষম হয় ভাববাদের গণ্ডী পেরোতে পারার ফলে জার্মান লেথকের জীবনবোধ ব্যাপ্তি এবং গভীরতায় বাঙালী লেথকের চাইতে সমৃদ্ধি অর্জন করেছিল। শুধু 'হ্বিল্হেল্ম্ মাইস্টারের শিক্ষানবিশী' উপস্তাদে গোয়েটে যত বিচিত্র স্তরের এবং প্রকৃতির চরিত্র সৃষ্টি করেছেন—মারিয়ানা, মেলিনা, ফিঙ্গিন, লেয়র্টেস্, মিগ্নন, হার্প-বাজিয়ে বুড়ো, আউরেলিয়া, জার্নো, ফেলিকা, লোটারিও, লিডিয়া, টেরেসা, বার্বারা, হ্বার্নর, নাটালিয়া ফ্রিডেরিক-রবীক্রনাথের সমস্ত উপ্যাস মিলিয়েও তার তুলনা হয় না। শুধু তাই নয়, তারা প্রত্যেকেই বিশিষ্ট জটিল জীবন্ত, পরিবর্তনশীল।

অপরপক্ষে অন্তিখের মূলে যে সংঘাত, ভালোমন্দের যে তুঃসমাধের সমস্থা. গোরেটে তাকে আদর্শ বা নীতির নামে সরল বা সহনীয় করার চেষ্টা করেন নি । মেফিন্টোর দঙ্গে চুক্তি হবার পর ফাউন্ট বলেছিল, মাহুষের ভাগ্যে যত যন্ত্রণা আছে আমাদের অন্তিখ দিয়ে তার সব আমি জানব, আমার আত্মা দিয়ে ছোঁব তাদের উচ্চতম চূড়া আর নিম্নতম গহুর, আমার বুকে টেনে নেব তাদের সব আনন্দ বেদনা, আমার দত্যা ছড়িয়ে যাবে তাদের সকলের সতায়।

Und was der ganzen Menschheit zugeteilt ist, Will ich mit meinem inneren Selbst geniessen, Mit meinem Geist das Hochst und Tiefste greifen, Ihr Wohl und Weh auf meinen Busen haufen, Und so mein eigen Selbst zu ihrem Selbst erweitern.

এ শুধু ফাউন্ট চরিত্রের মূল কথা নয়, "ফাউন্ট" নাটক এবং গোয়েটের জীবন এবং সাহিত্যসাধনারও মূলকথা। একথা যিনি বলতে পারেন তাঁর পক্ষে নিথিলেশ-সন্দীপের বিরোধকেই অন্তিত্বের চরম বিরোধ ভাবা সম্ভব নয়। তিনি জানেন যে মেফিন্টোফেলিস ফাউন্টকে বাইরে থেকে প্রলুদ্ধ করে নি, ফাউন্টের সমগ্র অন্তিত্ব থেকেই তার উদ্ভব। ভালোমন্দর বিরোধ অন্তিত্বের মূলে; সে বিরোধের যন্ত্রণা বে জানে না, অন্তিত্বের উচ্চতম শিথরও তার অনায়ন্ত। এই বোধ থেকে জন্ম নিয়েছে টাসো, ইফিগেনী, হিল্হেল্ম, ওটিলী, ফাউন্ট, মেফিন্টোফেলিস এবং মার্গারেটা। গোয়েটে এই বোধের জােরে হোমার, বেদবাাস, লেওনার্দো, শেক্সপীয়রের সমকক্ষ স্রস্টা। মহর্ষি দেবেন্দ্রনাথের পুত্র মহৎ প্রতিভা সত্বেও সে কক্ষে স্থান পাবার ছাড়পত্র সংগ্রহ করতে পেরেছিলেন কিনা, তা আমার মনে হয় প্রশ্নসাপেক্ষ।

ভাষার দিক থেকেও গোয়েটের মন শেক্সপীয়রের মত সংস্কারমূক। 'ফাউন্ট' নাটকের প্রথম থসড়ার একটি বিখ্যাত চরণে তিনি লিখেছিলেন: 'বাক্চাত্রী! পুত্লনাচের সঙ্গেই ওটা মানায়।' (Was Vortrag! Das ist gut furs Puppenspiel)। কোমলকান্ত পদাবলীতে তিনি দিল্ল ছিলেন; ধীরোদাত্ত ভাষাও তার আয়ত্তে ছিল। কিন্তু তার জত্যে তিনি হাটবাটের ভাষাকে অবহেলা করেন নি, ভোলেন নি ইতরজনের ভাষার মধ্যেও অসামান্ত ব্যঞ্জনার সন্তাবনা নিহিত থাকে। ' বি বি কথা অস্কীল্তার

১৪। প্রবন্ধের শেবে টীকা।

ভয়ে তিনি কখনো ভাষাকে ক্লব্রিম বা অম্বচ্ছ করে তোলেন নি। ভাষা বিষয়ে গোয়েটের এই মৃক্তবৃদ্ধির সবচাইতে সার্থক উদাহরণ 'ফাউন্ট'। এথানে তিনি শ্লীল-অশ্লীল, অভিজ্ঞাত-ইতর, কোমল-ক্লুফ, বিচিত্র স্তর এবং প্রকৃতির ভাষায় যে আশ্চর্য ঐক্যতান স্পষ্ট করেছেন শেক্সপীয়রের নাটকের বাইরে তার তুলনা আর কোথাও পাওয়া যায় বলে আমার অস্তত জ্ঞানা নেই।

ববীন্দ্রনাথের কাছে আমাদের ঋণের শেষ নেই; সে ঋণকে ছোট করে দেখানো ঘোর নির্ক্তি। ববীন্দ্রনাথের দাক্ষিণ্যে পৃষ্ট হয়েছি বলেই আজ আমরা বিশ্বভূমিকায় তাঁকে বিচার করার কথা ভাবতে পারি। অসামাশ্র স্ক্তনশক্তি এবং মানবতন্ত্রী দৃষ্টিভঙ্গীর অধিকারী হয়েও তিনি যদি গোয়েটে এবং শেক্ষপীয়রের পর্যায়ে না পেঁছিতে পেরে থাকেন, তবে তার জন্ম তিনি যতথানি দায়ী এদেশের সামাজিক সাংস্কৃতিক পরিবেশ তার চাইতে কম দায়ী নয়। ব্যক্তিত্বের বিকাশের জন্ম দে পরিবেশের রূপান্তর যে কত প্রয়োজন রবীন্দ্রনাথ তাঁর নিজের মহৎ ব্যর্থতার দ্বারা তা প্রমাণ করে গেলেন। কৃতজ্ঞতাজাত ভক্তির আতিশয়ে দে কথা যদি আমরা না বুঝতে পারি তবে তাঁর দাক্ষিণ্যের ঋণ কি করে শুধব ?

- ১। এই প্রবন্ধটি 'দেশ' পত্রিকায় প্রকাশিত হওয়ার পর মাস ছয়েক ধরে ভার নানা প্রতিবাদ বেরোয়। রবীল্রভক্তের। স্বচাইতে উত্তেজিত হয়েছিলেন আমার উপরোক্ত প্রশ্নে। এখন মনে হয় প্রশ্নটিকে আমি ঠিকভাবে উপস্থিত কয়তে পারিনি। রবীল্রনাথের কবিতায় হগভীর অমুভবের সন্ধান অবশুই মেলে। কিন্তু সেখানে যা গুলভ তা এক বিশেষ প্রকৃতির অমুভব— অনভিক্রমা শৃষ্ঠভার, আভোগলীর আশজাভ্যের, ট্রাজিক বিষক্ষের। এমনকি তার শেষযুগের কবিতার অধিকাংশ ক্ষেত্রে আন্তিক্যিচিহ্নত। আনন্দ ও উৎকাজনা, বিরহ ও প্রতীক্ষা তার কবিতায়, গানে বিচিত্র প্রকাশ লাভ করেছে। কিন্তু নিরুপয় পুরুষের বন্ত্রণা, আপত্রিক অন্তিত্বের নির্বেদ? রবীল্রনাথের কাছে আমাদের প্রভ্যাশা যদি অল হত তাহলে বা তার কাছে পাইনা সে সম্পর্কে আমাদের সচেতন হবার প্রয়োজন ঘটত না। যা তিনি দিয়েছেন তা প্রচুর। বা তিনি দিতে পারে নি তার জন্ম আমরা বাই বোদলেয়ার, রাঁনবো, রিল্কে, ইয়েট্স্, এলিয়েটের কাছে।
- ২। অনেকের ধারণা রিদর্মেশ্যন রনেসাঁদেরই একটা দিক। ইংরেজ ঐতিহাসিকরা অধিকাংশ ক্ষেত্রেই প্রটেষ্ট্যান্ট হওয়ার ফলে তাঁদের ইতিহাস ব্যাখ্যার রিদর্মেশ্যনের প্রতিক্রিয়াশীল দিকটি খুলে দেখানো হয়নি। এবং বেহেতু আমরা ইংরেজের লেখা ইতিহাস পড়ে ইয়োরোপ সম্বন্ধে জ্ঞান অর্জন করেছি, দেকারণে আমাদের অধিকাংশ শিকিত লোকের ধারণা রনেসাঁদ জার

মিলের চাইতে বিরোধ অনেক বেলী। বিফর্মেগুনের অভাবাত্মক দিকটি বিবরে বাঁরা জানতে চান তাঁদের বিশেষ করে এরিথ জোন সাহেবের "দি ফিয়ার অব্ ফ্রিড্ন্" (পৃ: ৽০০-৮৮) এবং নানবেক্রনাথ রায়ের 'রীজ্ন, রোমান্টিসিজ্ম আগেও রেভোলিউগ্লন,'' প্রথম থগু (পৃ: ১০০-১০১) পড়তে অমুরোধ করি। গোরেটে অনেক আগেই ব্রতে পেরেছিলেন প্রটেষ্টান্টিজ্ম জার্মানীর কতথানি ক্ষতি করছে। তাঁর এই চরণ ছটি থ্ব বিখ্যাত:

Franztum drangt in diesen verworrenen Tagen, wie einstmals

Luthertum ist getan, ruhige Bildung Zuruck.

"শান্ত সংস্কৃতি পূর্বে যেমন ল্থারের দারা পীড়িত হয়েছিল, আমাদের এই কুরু যুগে তেমনি ফ্রান্সের দারা তাড়িত হয়ে পিতু হউছে।" এই কারণেই তিনি হ্লিক্রেল্মানের প্রটেস্ট্রাণ্ট ধর্ম ত্যাগ করে ক্যাথলিক ধর্ম গ্রহণ করার মধ্যে কোনো দোষ নেথতে পাননি। বরং তিনি বিশদভাবে দেখিয়েছেন যে হ্লিক্রেল্মান্ আমলে প্রটেস্ট্যাণ্টও নন, ক্যাথলিকও নন, তিনি একান্ত ভাবেই প্রকৃতিপন্থী। "হ্লিকেল্মানের জীবনী" পড়ে প্লেগেল তাই বলেছিলেন, এ বই যে লিথেছে সে স্বিরন্দোহী।

- (৩) গুধু "সভ্যের আহ্বান"-এ নয়, আরও অনেক প্রবন্ধে রবীন্দ্রনাথ গান্ধীর কঠোর সমালেচেনা করেছেন। অথচ গান্ধাকে তিনি অন্তর থেকে শ্রদ্ধা করতেন; তার সভতা আত্মপ্রতার, মানবপ্রেম, নিষ্ঠা এসব চুর্লভগুণের জন্ম তাঁকে তিনি বারবার শ্রদ্ধা জানিয়েছেন। কিন্তু যেথানে গান্ধীর দঙ্গে তার মতে মেলেনি, দেখানে দে অমিলের কথা তিনি সোজাহাজি স্বীকার করেছেন। থিলাকৎ, চরকা, ম্বরাজ, অসহযোগ, পশ্চিম-বিমূথ মনোভাব, আত্মনিগ্রহ, জাতীয়তাবাদ, ঐশী নির্দেশ ইত্যাদি অনেক ব্যাপারেই তিনি গান্ধীজির বিরোধিতা করেছেন। প্রতিক্ষেত্রেই কবি যে দৃষ্টিভঙ্গী নিয়ে গান্ধীর সমালোচনা করেছেন সেটি স্পষ্টতই মানবতন্ত্রী দৃষ্টিভঙ্গী। কৌতূহলী পাঠক এ প্রদক্ষে রবীক্রনাথের নিম্নোক্ত লেখাগুলি পড়ে দেখতে পারেন: ১৯২০-২১ সালে বিদেশ থেকে এণ্ডুজ্ সাহেবকে লেখা পত্ৰাৰলী; বরদৌলী সত্যাগ্রহ সম্বন্ধে লাল দলপত রামকে লেখা থোলা "সমস্থা", "সমাধান" ''চরকা". ''বরাজ চিঠি: "শিক্ষার মিলন", "সত্যের আহ্বান", সাধন"; ১৯৩০ সালে বিলেতে স্পেক্টেটর পত্রিকায় (১৫ নভেম্বর) গোলটেবিল বৈঠকের প্রস্তাব সম্বন্ধে চিঠি; ১৯৩৪ সালে বিহার ভূমিকম্পের পরে গান্ধীজির বক্তব্যের প্রতিবাদ করে চিঠি। চিঠিগুলি ছাড়। ৰাকী প্ৰবন্ধগুলি রবীল্র-রচনাবলী, চতুবিংশ খণ্ডে "কালান্তর" এবং তার ''সংযোজনে'' মিলবে। Gandhi, India and the world নামক আমার সম্পাদিত গ্রন্থে এ সম্পর্কে একটি প্রবন্ধে বিস্তারিত আলোচনা করেছি।
- (৪) এই প্রসঙ্গে সারণীয় যে রবীক্রনাথ এবং বিবেকানন্দ একই সময়ের মানুষ হ'য়েও পরস্পারকে আগাগোড়া এড়িয়ে গেছেন। রবীক্রনাথের জন্ম ১৮৬১তে; বিবেকানন্দের ১৮৬৩। প্রথম যৌবনে বিবেকানন্দ রাক্ষসমাজে যাতারাত করেছেন। বিবেকানন্দ যথন মারা যান (১৯০২) রবীক্রনাথ তথন লক্ষপ্রতিষ্ঠ লেখক। তার "চোথের বালি" উপস্থাদ তথন প্রকাশিত হচ্ছে। অথচ বিবেকানন্দের লেখায় রবীক্রনাথের উল্লেখ নেই: এবং বিবেকানন্দের জীবিতকালে রবীক্রনাথের রচনার তাঁর সম্বন্ধে যে সামাস্য উল্লেখ আছে তাতে ব্যক্ষের ভাব থুব প্রচ্ছের নয়। বিক্সমর্শন,

"সমাজভেদ", ১৩০৮, আবাঢ়।) পরবতীকালেও কবি তাঁর লেখায় রামকৃষ্ণ বা বিবেকানন্দকে বিশেষ আমল দেননি। অথচ রামমোহন এবং বিছাসাগর সম্বল্ধে তাঁর মত শ্রদ্ধাশীল এবং অক্টেদ্পিসম্পন্ন রচনা আজ পর্যস্থ আর কেউ লেখেননি।

- ৫। একথা বলার জন্ম রবীন্দ্রনাথকে কম আক্রমণ সইতে হয়নি। প্রগতিপন্থী ''সবুজপ্ত্র''-র সমকালীন প্রধান প্রতিদ্বন্দী ছিল চিত্তরপ্রন দাসের রক্ষণশীল পত্রিকা ''ল্লীর পত্র'কে বিদ্রেপ করে স্বামীয় ভরফ থেকে প'ন্টা জবা প্রকাশিত হয়—তার লেথক সম্ভবত বিপিনচন্দ্র পাল।
- (৬) এথানে সব কটি ইংরেজী উদ্ধৃতি রবীন্দ্রনাথের নিজের রচনা থেকে নেওয়া; ছঃসাহসে ভব্ন ক'বে সেগুলির যউদুর সম্ভব মূলানুগ বাংলা তর্জমা করার চেষ্টা করেছি।
- (৭) ''মানুষের সক্ষে মানুষে যে একত্র হয়েছে এই মহৎ ঘটনাকে আমরা আজও সত্য বলে অমুভব করতে পারছি নে। তাই আমাদের শিক্ষাদীক্ষায় সেই প্রাচীন অভ্যাসটাকে মনের মধ্যে পাকা ক'রে তোলবার চেষ্টা এখনও চলেছে, তাই আজাত্যের অভিমান ে অতিশয় ক'রে তোলাকেই আমরা কর্তব্য বলে স্থির করেছি। এমন অবস্থায় কোনো এক জারগায় আজ সেই বাণী-ঘোষণার কেন্দ্র থাকা চাই, যে-বাণী অতীত কালের বাণী নর, ষে-বাণী ভবিয়তের বিরাট মুক্তিক্তেরের বাণী।'' বিখভারতী উদ্বোধনের আগের দিন পৌব উৎসবের ভাষণ।

"কোনো জাতি যদি সাজাত্যের উদ্ধতাবশত আপন ধর্ম ও সম্পদ্ধক একান্ত আপন বলে মনে করে, তবে সেই অহংকারের প্রাচীর দিয়ে সে তার সত্য সম্পদ্ধক বেষ্টন করে রাধতে পারবে না।… আমরা কি এ কথাই বলব যে মানবের বড়ো অভিপ্রায়কে দূরে রেখে কুড় অভিপ্রায় নিয়ে আমরা খাকতে চাই। তবে কি আমরা মানুবের যে গৌরব তার থেকে বঞ্চিত হব না? স্বজাতির অচল সীমানার মধ্যে আপনাকে সংকীর্ণভাবে উপলব্ধি করাই কি সব চেড়ে বড়ো গৌরব? এই বিশ্বভারতী ভারতবর্ষের জিনিস হলেও এ'কে সমন্ত মানবের তপস্তার ক্ষেত্র করতে হবে।" বিশ্বভারতীর উঘোধন ভাবণ।

- (৮) ১৯৪৯ সালের একটি ঘটনা মনে পড়ে। একটি ছাত্র-সভার অধ্যাপক হীরেন্দ্রনাধ মুধোপাধ্যায় এবং আমি আহুত হয়ে যাই। তরুণ মনে রবীন্দ্রনাধের বিষমানবতার আবেদন সম্পর্কে আমি কিছু বলি; প্রতিবাদে হীরেন বাবু ঘোষণা করেন রামমোহন থেকে রবীন্দ্রনাধ "bastard culture"—এর প্রতিভূ (তিনি ইংরেজিতে বক্তৃতা দিয়েছিলেন)। তৎকালে এটিই ছিল কম্যানিষ্টদের সরকারী মত। পরে কম্যানিষ্টদের এই সিদ্ধান্ত বদলার, হীরেন বাবুরও দৃষ্টিভঙ্গী বদলেছে। সম্প্রতিকালে ভারতীর কম্যানিষ্টদের মধ্যে নক্ষালপহীরা এই মত অবলম্বন করেছেন।
- (৯) এ প্রদক্ষে পাঠককে স্মরণ করতে অনুরোধ করি যে কবি যথন ১৯২৬ সালে ম্সোলিনীর অতিথি হয়ে ইতালি যান, তথন সেথানেও এই একই কারণে ম্সোলিনীর প্রভৃত প্রশন্তিবাচন করেছিলেন। ইতালিতে তিনি ছিলেন সপ্তাহ তিনেকের মত (৩০ মে—২২ শে জুন) এবং শুধু রোমে আটকা না থেকে অনেকগুলি শহর যুরেছিলেন। তা সত্তেও ফাসিজ্ম্-এর বীভৎস স্বরূপ পোডাতে তার চোথে পড়ে নি। পরে ইতালি থেকে কেরার পথে র লা, সালভালোরির স্ত্রী প্রভৃতির সক্তে আলাপের ফলে বুঝতে পারেন, কি আদর্শে কি ক্রিয়াকর্মে ফাসিজ্ম্ মানবতার আমূল বিরোধী। তথন তিনি ফাসিজ্ম্-এর তীত্র সমালোচনা করে এগু,জ সাহেষকে এক চিটি লেখেন

এবং সে চিটি ১৯২৬এর ৪ আগস্ট বিলেতের ম্যাঞ্চোর গার্ডিরানে প্রকাশিত হয়। কম্যুনিজ্ম এবং রাশিয়া সম্বন্ধে ঐ ধরনের থাঁটি ধবর দেনেওয়ালা কোনো লোকের সঙ্গে কবির আলোচনা হয়েছিল বলে জানা নেই।

- (১০) অবশ্য নানা সত্র থেকে স্পষ্ট তার জীবনে অন্তত ত্বার প্রবলভাবে প্রেমের আবির্ভাব ঘটেছিল। একবার তরুণ বরসে যার ট্রাজিক পরিসমাপ্তি ঘটে যাঁকে ভালবেসেছিলেন তাঁর আত্মহত্যার মধ্যে: বিতীয়বার প্রোচ বরসে আর্জেন্টিনার প্রবাসকালে। প্রথম অভিজ্ঞতাটি নিয়ে অত্যন্ত মূল্যবান আলোচনা করেছেন অধ্যাপক জগনীশ ভট্টাচার্য তাঁর ''কবিমানসী'' গ্রন্থে।
- (>>) 'যোগাযোগ' সম্বন্ধে শরৎচন্দ্রের ব্যঙ্গোক্তি শুধু ঈর্ধাপ্রস্ত বলে উড়িয়ে দেওর। শক্ত। "যোগাযোগ বইথানা যথন 'বিচিত্রা'র চলছিল এবং অধ্যায়ের পর অধ্যায় কুমু যে হালামা বাধিয়েছিল, আমি ত ভেবেই পেতুম না ঐ হুর্ধ্ব প্রবল-পরাক্রান্ত মধুফানের সঙ্গে তার টার্গ-শ্বর-গুরারের শেব হবে কি করে? কিন্তু কে জানতো সমস্তা এত সহজ ছিল—লেডি ডাক্তার মীমংসা করে দেবেন এক মুহুর্ত্তে এসে।" (ব্রজেক্রনাথ বন্দ্যোপাধ্যায় সঙ্কলিত "শরৎচক্রের পত্রাবলী" পৃ: ১৪৯)। শরৎচক্র "যোগাযোগে"র মত কোনো উপস্থাস লিখতে পারেন নি বলে 'বোগাযোগ' সম্বন্ধে তাঁর অভিযোগ অযৌক্রিক বলা চলে না।
 - (১২) Quest পত্রিকার (এপ্রিল-জুন, ১৯৬০) লেখকের প্রবন্ধ Albert Camus দুষ্টব্য ।
- (১৩) রবীন্দ্রনাথ সতের বছর য়য়য়ে "ভারতী" পত্রিকায় (কাতিক, ১২৮৫) 'গেটে ও তাঁহার প্রণমিণীগণ' নামে একটি প্রবন্ধ লেখন। অল্পবয়নে লেখা হলেও প্রবন্ধটি তাৎপর্যপূর্ণ। গোয়েটেকে তাঁর পছল্ব হয়নি তার কারণ গোয়েটের "প্রেম পার্থিব অর্থাৎ সাধারণ।" গোয়েটে "তাঁহার পঞ্চল্ব বয়স কইতে মৃত্যুকাল পর্যন্ত ভালবাসিয়া আসিয়ছেন, অথচ বিয়াত্রীচে বা লয়ার স্থায় তাঁহার একটি প্রণয়িণীর নাম করিতে পারিলাম না।" 'অর্থাৎ প্রেমিক হিসেবে গোয়েটে না আদর্শবাদী না একনিষ্ঠ।" 'প্রেম তাঁহার ইচ্ছাধীন, প্রয়োজন অত্রীত হইলেই সেপ্রেম দূর করিতে তাঁহার বড় একটা কষ্ট পাইতে হয় নাই।" তরুণ সমালোচকের মতে গোয়েটে তাঁর জীবনে এক একটি প্রেম-আখান শেষ হইলে অমনি তাহা লইয়। তিনি নাটক রচনা করিতেন, দান্তে বা পিত্রার্কার স্থায় কবিতা লিখিতেন না। বাস্তব ঘটনাই নাটকের প্রাণ, আদর্শ জগৎই কবিতার বিলাসভূমি।" প্রেম এবং কবিতা সম্পর্কে এই প্রতিশ্বাস রবীন্দ্রনাথ পরবর্তীকালেও ছাড়তে পারেন নি।
- (১৪) গোরেটে জন্মছিলেন শিক্ষিত অবস্থাপন্ন পরিবারে, লেথাপড়া শিথেছিলেন লাইপ, টুজীগ্ এবং স্টাসবুর্গ বিশ্ববিভালয়ে অল্প কিছুকাল আইনজীবীর কাজ করার পর হ্রাইমার সরকারের একজন মন্ত্রী হন। স্বতরাং জনসাধারণের জীবন এবং ভাষা থেকে তাঁর বিচ্ছিন্ন হবার যথেষ্ট সম্ভাবনা ছিল। বাইরের দিক থেকে দেখলে মনে হতে পারে খ্যাতিপ্রতিপত্তি অর্জনের পর তিনি সর্বসাধারণ থেকে সরে এসেছেন। কিন্তু আসলে মনের দিক থেকে তিনি বে মোটেই বিচ্ছিন্ন হননি ছথও 'কাটস্ট' নাটকের ভাষা থেকেই তার বছ উদাহরণ দেখানো যায়। ইতর জনের ভাষা বে সাহিত্যে মোটেই অপাংক্রের নর, সাহিত্য চর্চার প্রথম যুগেই একথা তিনি বুঝতে পেরেছিলেন। ''হানস্ হ্রুর্স্টস্ হথ্ৎজাইট্'' নামে তার প্রথম যৌবনের রচনা অসমাপ্ত ব্যঙ্গকাব্যটি প্রায় আসাগোড়াই থিন্তির ভাষার লেখা। এটির সাহিত্যগুণ খুব বেশী নর সত্য, কিন্তু সঙ্গে মনে

রাখা দরকার বে গোরেটে বখন এটি লিখছেন ঠিক তখনি তার পাশাপাশি হার করেছেন 'কাউট'' প্রথম খণ্ডের থস্ডা। টমাস মান দেখিয়েছেন, পরিণত অবস্থাতেও ''কাউটের'' ভাষার মধ্যে বছ বারগার ''হান্দ্"-এর প্রতিধ্বনি শোনা বার। ''হান্দের বিরে'' কাঁচা লেখা কিন্তু তার কাহিনী এবং ভাষার মধ্যে কবি বে সংক্ষারমুক্ত মনের পরিচর দিয়েছেন সেটিকে বাঁচিরে না রাখতে পারলে 'কাউট'' কোনো দিনই লেখা সম্ভব হতনা। এই সংক্ষারমুক্ত মনোভাব গোরেটে শেবদিন পর্যন্ত বজার রাখতে পেরেছিলেন। প্রমাণ ''হ্বাল্ফারহ্বান্ট, শাক্টেন''-এর কাহিনী, চুরাত্তর বছর বরুসে উলরিকার প্রেমে পড়ে লেখা ''মারীনবাড'' গাম; তাঁর জীবদ্দশার অপ্রকাশিত ''রোজনামচা'' নামে দীর্ঘ কবিতা। শেবোক্ত রচনাটিতে গুডুসংহার এবং মোহমূলার বেন হাত ধরাধরি করে দাঁড়িয়ৈছে। ''বুড়ো শেরাল'ই বটে! অথবা মেকিয়াভেলির অমুকরণ করে বলা যার, শৃগাল এবং সিংহের সমব্র। কারণ ইতরকে আত্মন্ত করার ফলে তাঁর আভিজাত্য মোটেই প্রাস্বাননি।

চিত্রশিল্পী রবীক্রমাথ

রবীক্রনাথের ছবি সম্বন্ধে আলোচনা করার পথে ছটি মন্ত বাধা আছে। প্রথমত, সাধারণ রবীক্রাহ্মরাগীদের মধ্যে খুব কম লোক তাঁর ছবির সঙ্কেপরিচিত। ফলে তাঁর বিশেষ বিশেষ ছবি নিয়ে আলোচনা করলে অনেকের কাছেই তা আবোধ্য ঠেকবে। দিতীয়ত, এই কর্তাভদ্ধার দেশে তাঁর সম্বন্ধে এমন একটি বিচারবিম্থ ভক্তিগদগদ ভাব গড়ে উঠেছে যেটি অন্তত তাঁর আকা ছবিগুলি নিয়ে আলোচনা করার পক্ষে মোটেই উপযোগী নয়। কেননা, ছবি-আঁকিয়ে রবিঠাকুর আমাদের চোথে যতই চমক লাগান না কেন, স্বীকার না করে উপায় নেই তাঁর আঁকা ছবি কারো মনে ভক্তিভাবের উদ্রেক করে না। ছবি-আঁকিয়ে রবিঠাকুর আর যা-ই হোন ঋষি নন। অথচ রবীক্রনাথ যে ঋষি দেশীবিদেশী পণ্ডিতদের মুথে বারবার একথা শুনে এ বিষয়ে আমাদের মনে একটা আদ্ধ বিশাস দাঁড়িয়ে গেছে। ফলে তাঁর ছবি সম্বন্ধে কোনো যথার্থ আলোচনা করতে হলে প্রথমেই এই অন্ধ বিশ্বাসের ভিত্তিতে আঘাত হানতে হয়। আর অন্ধ বিশ্বাসের বিরোধিতা করা যে কি সাংঘাতিক কাজ দোক্রেটিস থেকে রামমোহন রায় তার ভূবি ভূবি প্রমাণ রেথে গেছেন।

তবু সেই কারণেই আমার বিশাদ রবীক্রনাথের আঁকা ছবিগুলি বিষয়ে আলোচনা করার বিশেষ প্রয়োজন আছে। এ আলোচনা থেকে চিত্রকর বা চিত্রাম্রাগীরা কতটা লাভবান হবেন বলা শক্ত, কিন্তু এর ফলে রবীক্রপ্রতিভা দম্বন্ধে আমাদের বোধ যে আরো গভীর এবং যথার্থ হয়ে উঠবে তাতে আমার এতটুকু দন্দেহ নেই। কেননা এ ছবিগুলি থেকে শুধু একথাই জানা যায় না যে লেওনার্দো কি মিকেলাঞ্জেলোর মত রবীক্রনাথের প্রতিভাও বহুম্থী ছিল; এরা এ সংবাদও বহন করে যে রবীক্রনাথের প্রান্ধিদের মুগ্ধ কল্পনায় যতথানি নিটোল, কন্থবিহীন, দম্পূর্ণ বলে প্রতিভাও হয়ে এসেছে ঠিক ততথানি তা ছিল না। লেওনার্দোর মত রবীক্রনাথের প্রতিভাও যে বহুম্থী ছিল, একথা স্বারই জানা। কিন্তু দে প্রতিভাও যে পুরোপুরি অন্তর্বিরোধের হাত এড়াতে পারে নি এ সত্য খ্র কম রবীক্রাম্বরাগীরই নজরে পড়েছে। অথচ

রবীক্রনাথকে যদি আমরা নির্ভেজাল ব্রহ্মজ্ঞানী বানিয়ে আমাদের জীবন থেকে বিদায় দিতে না চাই, অস্তর্ক্বতাহীন অমর্থকেই যদি আমরা শিল্পপ্রতিভার চরম প্রস্থার মনে না করি, রবীক্রনাথ এবং আধুনিক মনের মধ্যে যোগদাধন যদি আমাদের নিস্তার্গ্জন না মনে হয়, তবে রবীক্রপ্রাভভার মধ্যে অস্তর্বিরোধের যে আভাদ এই ছবিগুলির মধ্যে পাওয়া যায় তার প্রতি উদাদীন থাকা আমাদের পক্ষে ঘোরতর নির্ক্তিগার কাজ হবে। স্বীকার করি এই বিরোধ রবীক্রপ্রতিভার প্রধান বৈশিষ্ট্য নয়। এই দিক থেকে তিনি শেক্স্পীয়র, গোয়েটে বা ডক্টয়েভ্স্থির উত্তর্জাধক নন। তিনি মূলত শান্তির, প্রেমের, প্রত্যায়ের কবি। তবু তাঁর জীবনে এবং শিল্প সাধনায় অন্তর্জন্মের অভিজ্ঞতা যে একবারে অবর্তমান ছিল না, জীবনের কোনো একটি অধ্যায়ে তাঁর চেতনা সমসাময়িক অন্যাম্ম বাঙলী শিল্পী-সাহিত্যিকদের তুলনায় আধুনিক মনের অনেক বেশী নিকটবর্তী হয়েছিল, ছবিগুলির আলোয় তাঁর রচনাবলী ফিরে পড়লে রবীক্রনাথের ছবি নিয়ে আলোচনা ককন বা নাই ককন সৎ রবীক্রামূরাগী মাত্রেরই এদিকে অবহিত হবার প্রয়োজন আছে।ই

। छुटे ।

তাঁর মৃত্যুর পরে আবিদ্ধৃত "দেলার জন্ম জর্ণালে" তীন স্থইফ্টের যে চেহারাটি ধরা পড়েছিল তা যেমন অপরিচিত তেমনি অপ্রত্যাশিত। তাঁর জীবিতকালে সমসাময়িক ইয়াল্-রা তাঁর শাণিত বিদ্রুপকেই চিরদিন ভয় করে এসেছে। কে জান্ত এই মাহুষই সসঙ্কোচ জর্নালের পাতায় পাতায় এত মমতা আর অহুরাগ, এত স্বপ্ন আর বেদনা সংগোপনে সঞ্চিত করে রেথেছিল। তাঁর শিল্প যেন কোন জিঘাংস্ক মনের উন্মত খড়্গ। আর জর্নালের পাতায় লুকিয়ে আছে এক আর্ত আহত শিশুম্থ—একান্তভাবে সে ভালবাসতে চায়, চায় ভালবাসা পেতে।

সংসারে যারা স্থ্রিক্টের মত তীক্ষ অন্তভ্তিশীল মান্থ—আর কি সে সংসার! সন্দেহ, ভয় আর নিষেধকে দেবতা বলে পূজা করাই যার ধর্ম।—

২। প্রবজ্জের শেবে দ্বিতীয় টীকা।

অনেক সময়েই তারা তাদের জীবনকে এক অবোধ্য, অস্বচ্ছ, স্ববিরোধী উপাথ্যান করে তোলে। যাঁরা প্রাক্ত তাঁরাই শুধু নিজেদের ভিতরকার পরম্পরবিরোধী বৃত্তিকে চিনতে পারেন, জানতে পারেন, জটিল এবং জঙ্গন সমগ্রতায় মেলাবার সাধনা করতে পারেন। শ্রেয়-র নামে প্রেয়-কে বলি দেবার বিবেকী প্রলোভনে তাঁরা ধরা দেন না। গোয়েটের জীবন সন্তার এই সমগ্রতা অর্জনের এক আশ্চর্য সাধনা: ফাউন্টের মত মেফিন্টোফেলিস্-ও তাঁরই সন্তার অপর রূপ। টল্ট্যুও একদিন এ চেষ্টা করেছিলেন। কিন্তু পরিণত বন্ধসে এক-মনের অসহিঞ্ছ দাবি মেটাতে গিয়ে তাঁকে নির্মম অধ্যবসায়ে অপর-মনকে মৃছে ফেলতে হয়েছিল।

আমাদের যুগের সার্থকতম জীবন শিল্পী রবীক্রনাথের মধ্যেও যে এমনিতর প্রচ্ছন্ন তবু গভীর আত্মবিরোধ নিহিত ছিল, তাঁর অত্মবাগীর্ন্দ সাধারণত তা শীকার করেন না। তিনি নিজেও সে বিষয়ে সম্ভবত সচেতন ছিলেন না। অস্তত তাঁর প্রকাশ্য জীবনে—আর সাধারণ শীক্ষতি লাভের পর থেকে তাঁর জীবনের বেশীটাই ত প্রকাশ্য—এবং সাহিত্যস্প্তিতে এ ধরনের আভ্যস্তরীণ বিরোধবোধের চিহ্ন আপাতদৃষ্টিতে বড় একটা চোথে পড়ে না। তবু তাঁর বিচিত্রম্থী প্রয়াসের বিশেষ একটি ক্ষেত্রে এই বিরোধের উপস্থিতি প্রবলভাবেই স্পষ্ট—আমি তাঁর আঁকা চিত্র এবং স্বেচ্গুলির কথা বলছি। এদের মধ্যে যে মুথের আদল ধরা পড়েছে, আমাদের সকলের বিশ্বিত বিমৃদ্ধ চেনাজানার আপোলোনিয়ান মুখশ্রীর সঙ্গে তার স্থদ্রতম সাদৃশ্যও আবিক্বার করা কঠিন। তাঁর পরিণত জীবন এবং শিল্পম্ভিকে আমরা সত্যশিবক্ষণের বা হেলেনিক "টো-আগাথন"-এর নিকটতম রূপায়ণ বলেই জেনে এসেছি। কিন্তু এই ছবিগুলির মধ্যে যাঁকে দেখা গেল তাঁর মেজাজ নিতান্তই ডায়োনিদিয়ান—আদিম এবং গ্রোটেস্ক্—সে মুথের রেথাকৃতি জ্যামিতিক স্থ্যমার প্রতিবাদী, তা স্থল, গুরুভার, অস্বচ্ছ, জান্তব আবেগে ধরথর।

এই ছবিগুলির আড়ালে কোনো এক প্রবল এবং প্রাক্চেতন অম্বস্তি যেন ৪৭ পেতে আছে। প্লেটো দেখলে বলতেন এদের প্রকাষিত সংদর্গ অম্বাদ্ধ্যকর, বৃদ্ধির গোড়ায় পচ ধরতে পারে। সময়ের যে নগণ্য থণ্ডের নাম সভ্যতার ইতিহাস, এদের জগৎ তা থেকে প্রাচীন, এদের উত্তব মানবসতার প্রাক্-সাংস্কৃতিক স্তরের গভীরে। চৈতন্তের সাধনা হল এই গভীরকে আলোকিত করা, আমাদের অদ্ধ দ্বৈ বৃত্তিগুলিকে স্ক্ষমিত করে সন্তার সামগ্রিক বিকাশের মধ্যে মৃক্তি দেওয়া। এ ছবিগুলিতে সে সাধনা শুধু অমুপস্থিত নয়, অস্বীকৃত। এদের আবহাওয়া ভিজে, ভয় দেখানো, বক্ত বললেও বুঝি ভুল হয় না,—খাসরোধী, স্থবিহীন। দালি কিম্বা আর্ন্স কিম্বা মাঝ-বয়েসী পিকাসোর সচেতন (আর সেই কারণে স্ব-বিরোধী) ছবিগুলির চাইতেও এরা একাস্ত এবং মারাত্মকভাবে স্বর্রেয়ালিস্ত্।

আমি জানি আমার এ প্রস্তাব ববীক্রভকেরা উন্মিত উপেক্ষায় নাকচ করতে চাইবেন। এবং যেহেতু রবীন্দ্রনাথের মহত্ব থর্বিত করার অভিপ্রায় আমার নেই, এ জাতীয় ভাবাবেগকে তাই আমি অশ্রদ্ধেয় ভাবতে পারি নে। কিন্তু ভক্তিতে যদি বা রুফ মেলেন, প্রত্যক্ষের অম্বীকারে জ্ঞান মেলে না। আর দার্শনিক ও শক্ষশিল্পী রবীন্দ্রনাথ এবং ছবি আঁকিয়ে রবিঠাকুরের মাঝখানে একটা মস্ত চওডা থাদের উপস্থিতি বেখাপ্লা চমক্লাগানো ভাবেই প্রত্যক্ষ। শুধু চোথ ঠেরে সে থাদের ওপরে সেতু গড়বার ভরসা সামাক্ত। খাদটা যে অন্তত প্রত্যক্ষ, এটা না মানলে সেতু গড়ার কথাই উঠতে পারে না। দেটা আদলে বাহা, না, তাঁর পরিণত সন্তার অনপনেয় চারিত্রিক, তাঁর অন্তর্জীবনের অধিকাংশ প্রয়োজনীয় সত্য সংগৃহীত না হওয়া পর্যস্ত এ প্রশ্নের সার্থক বিচার সম্ভবপর নয়। সে কাজ এখনো শুরু পর্যস্ত হয় নি। জীবনী এবং শ্বতিকথা নামে যেসব মালমশলা বই অথবা প্রবন্ধ আকারে উপস্থিত করা হয়েছে, তাতে প্রধানত: কিছু ঘটনার বহিরঙ্গ সম্বন্ধে খোঁজ মেলে। আমাদের সমসাময়িক বা ভবিশ্বৎকালের যে শিল্পী রবীন্দ্রনাথের সমগ্র সন্তার এই অন্তরকাহিনী লিখবেন, মহৎস্টির অমরতা যে তাঁর প্রাপ্য পুরস্কার কোন সন্দেহ নেই।

ইতিমধ্যে যতদিন না সে তথ্যাবলীর সংগ্রহ, বিচার এবং স্থমতি বিশ্বাস ঘটছে ততদিন এই প্রত্যক্ষ স্থবিরোধ সম্বন্ধে নানা রকম আন্দান্ধ পেশ করবার হয়ত কিছু সার্থকতা আছে। এটা মোটাম্টি জানা যে অঙ্কন শিল্পরীতিতে রবীক্রনাথ বিশেষ কোন শিক্ষালাভ করেন নি। যদি বা মাঝ বয়সে শথ করে ছ-দশখানা ছবি আঁকার জন্মে অধ্যবসায় করেও থাকেন, সে চেষ্টা মূলত অপরের চিত্রকে মডেল করে ব্যর্থ অন্তকরণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। তাঁর বৃদ্ধবয়সের স্থকীয় অঙ্কনরীতির উদ্ভব বাহাত এক ধরনের থেয়াল-থেলার মধ্য থেকে। নিজের নানা রচনার প্রথম খদড়া লেখার সময়ে পাণ্ড্লিপিতে যখনি কিছু কাটাকৃটি মার্জনার দরকার পড়ত, তথন এই শৌথীন মান্তব্টি অনেক

সময়ে অনবগত মনে সেই কাঁটাক্টিগুলিকে মোটা রেথায় একত্র সন্নদ্ধ করে দিতেন, আর তারই ভিতর থেকে কথনো কথনো বা নানা অভুত আকার গড়ে উঠত। এর উদ্দেশ্য আর যাই হোক ছবি আঁকা ছিল না। কাটাক্টির এই ডিজাইনগুলি ছিল শন্ধশিল্পীর প্রকাশ সাধনার মাঝে মাঝে ফাঁকভরানোর চিহুমাত্র।

কিন্তু গোড়াতে যা ছিল অবসর বিনোদন, ক্রমেই তার সম্ভাবনা-সম্পদ প্রবল প্রলোভনের বিষয় হয়ে উঠল; অবশেষে ভালো লাগার থেলা হল ভালবাসার আসক্তি। প্রথম প্রথম প্রবীণ শব্দশিল্পী তাঁর এই নিতান্ত অপরিণত প্রণয় নিয়ে বিশেষ বিব্রত বোধ করতেন—এমন কি অন্তরঙ্গ ভক্তদের কাছেও এই নতুন মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষার ফলাফল উপস্থিত করতে তাঁর রীতিমত উদ্বেগ ও সঙ্গোচ লাগত। পরে অবশ্য, অন্তত কয়েক বছরের মত, এই নতুন প্রণয়ের হাতে নিজেকে তিনি বেপরোয়াভাবে ছেড়ে দেন—আর এই সময়টায় তাঁর নানা উদ্ভট কাহিনী ও ছড়ার সঙ্গে অজম্ম এলোমোলো স্কেচ আকা ছাড়াও বিশেষ অভিনিবেশের সঙ্গে নিয়মিতভাবে বছসংখ্যক রঙ্গীন ছবিও তিনি আঁকেন। শেষ পর্যন্ত বোধহয় এই বেয়াড়া আসক্তিতে তাঁর ক্লান্তি এসেছিল। সে কি এই অপরিচিত মাধ্যমের অন্তর্লোকে কোনোদিনই প্রবেশ করতে পারলেন না, সে কারণে? অথবা যে সব প্রাক্চতেনিক তাগিদ তাঁকে ভাষার সচেতন জগৎ থেকে চিত্র পটের অর্ধচেতন জগতের দিকে ঠেলেছে, তারা শেষ পর্যন্ত হ্রল, অবসিত হয়ে গিয়েছিল?

॥ তিন ॥

নৃতাত্ত্বিকদের অসীম অধ্যবসায়ী গবেষণার ফলে এটুকু নি:সন্দেহে প্রমাণিত হয়েছে যে আজ হতে তিরিশ হাজার বছর আগেও মাহুষ ছবি আঁকত। এ থেকে বোঝা যায় যে প্রায় প্রথম থেকেই মাহুষ অগ্য জীবদের মত শুধু টি কৈ থাকার লড়াইকে নিজের নিয়তি বলে মেনে নিতে পারে নি, সে লড়াইকে আত্মপ্রকাশের সাধনায় রূপাস্তরিত করতে চেয়েছে। এই সাধনারই অগ্যতম ফল শিল্প। প্রতি শিল্পেরই নিজম্ব মাধ্যম এবং বীতি-

৩। প্রবন্ধের শেষে তৃতীয় টীকা।

৪। প্রবন্ধের শেষে চতুর্থ টীকা।

প্রক্রিয়া আছে। যেমন হারের মাধ্যম ধ্বনি, চিত্রের মাধ্যম বং এবং রেখা, সাহিত্যের মাধ্যম ভাষা। এর মধ্যে হ্বরের ক্ষেত্রে ব্যক্তি এবং মাধ্যমের সম্পর্ক দব চাইতে অপরোক্ষ এবং দে কারণে সঙ্গীতে স্ববিরোধ এবং আত্মনচেতনতা দবচাইতে কম। অপর পক্ষে যেহেতু ভাষা সমাজ-নির্ভর, দে কারণে সাহিত্যে, বিশেষ করে গভ সাহিত্যে, শিল্পী এবং মাধ্যমের সম্বন্ধ ম্পেষ্টত পরোক্ষ এবং ফলে সাহিত্য-কল্পনায় শ-বিরোধ এবং আত্মনচেতনতা এক রকম অনিবার্ষ। চিত্র শিল্পের প্রকৃতি সন্তব্ত এ তু'এর মধ্বতী।

আলতামিরার গুহায় আঁকা জীবজন্তর যুগ থেকে শুরু করে আধুনিক কালের মার্ক শাগাল্ কি যামিনী রায় পর্যন্ত নানা দেশের চিত্রশিল্পীরা যে নানা মেজাজে নানা রীতিতে ছবি এঁকেছেন, মোটম্টি তা থেকে চিত্রশিল্পের তিনটি মূল ধারার সন্ধান পাওয়া যায়। প্রথম ধারাটি ছন্দপ্রধান, দ্বিতীয়টি রূপপ্রধান এবং তৃতীয়টি সাদৃশুপ্রধান। অবশু অধিকাংশ সৎ ছবিতেই ছন্দ, রূপ এবং সাদৃশু তিনটি লক্ষণই মিলেমিশে কমবেশী উপস্থিত থাকে। তবে কারো সমগ্রতা ছন্দের উপরে বিশেষভাবে নির্ভর করে, কারো-বা রূপের উপরে, কারো-বা সাদৃশ্রের। কথার সাহায্যে এ পার্থক্য ব্যাখ্যা করা কঠিন, তবে উদাহরণ দিলে হয়ত প্রভেদটা স্পষ্টতর হবে। চীনে-ছবি বিশেষ করে ছন্দ-প্রধান, ভারতীয় ছবি অজন্তা বাদ থেকে মধ্যযুগ পর্যন্ত রূপ-প্রধান এবং রনেসাঁস থেকে উনিশ শতকের মাঝামাঝি পর্যন্ত পশ্চিম ইয়োরোপের চিত্রকলা ম্থ্যত সাদৃশ্র প্রধান। প্রত্যেক ক্ষেত্রেই অবশ্র উপরোক্ত বিবরণের ব্যতিক্রম আছে। তবে ব্যতিক্রমের দ্বারা সাধারণ প্রস্ভাব বাতিল হয় না, মার্জিত হয় মাত্র।

প্রাচীন চীনদেশের শিল্প-শাস্ত্রে ছন্দকে শিল্পের প্রথম এবং প্রধান অঙ্গ বলে উল্লেখ করা হয়েছে। সিয়েহ হো একেই বলেছেন চি-ইয়ুন্ শেঙ্-টুঙ্্। পেক্রুচ্চি একে অমুবাদ করেছেন la consonance de l'esprit engendre le mouvement বলে। ওকাকুরা আরো স্পষ্ট এবং সরল ভাষায় একে বলেছেন rhythmic vitality. অপর পক্ষে ভারতীয় বৌদ্ধ এবং হিন্দু শিল্পী ও শিল্পাচার্যদের আলেখ্যে এবং শিল্পালোচনায় রূপের দিক্টিই বড় হয়ে দেখা দিয়েছে। হিন্দু শিল্প-শাস্ত্রে বিশ্বদ বর্ণনা আছে কি ভাবে শিল্পী আকাশ থেকে বস্তু-সম্পর্কহীন বা আ্যাবস্ত্র্যাকট্ রূপকে ধ্যানযোগে আরুষ্ট করে বাহ্ন মাধ্যমে আকার দান করেন। এ কল্পনার সঙ্গে পিথাগোরাস এবং

^{ে।} প্রবন্ধের শেষে পঞ্চম টীকা।

প্রেটোর দর্শনের মিল সহজেই চোথে পড়ে। পরবর্তী কালে যশোধর পণ্ডিত কামস্থেরের টীকা করতে যেয়ে চিত্রের যে ষড়ঙ্গের উল্লেখ করেছেন তার মধ্যে অস্কৃত চারটি অঙ্গ ম্থ্যত রূপ সংক্রাস্ত: রূপভেদ, প্রমাণ, সাদৃশ্য এবং বর্ণিকাভঙ্গ। এ দেশের ছবিতেও অবশুই ছন্দ আছে—ছন্দ ছাড়া কোন শিল্পই সম্ভব নয়—কিন্তু তার ঝোঁকটা রূপের উপরে। অপর পক্ষে পশ্চিম ইয়োরোপে পঞ্চদশ শতানী থেকে শুক্র করে পরবর্তী প্রায় চারশ' বছর ধরে যে শিল্পরীতি বিকশিত হয়ে উঠেছিল, তার সবচাইতে বিশিষ্ট লক্ষণ হোল verisimilitude বা সাদৃশ্যসত্য গুণ; উচ্চেলোর আলেথ্যে কি পিসানেলোর রেথান্থনে ছন্দ এবং রূপ তৃইই আছে। কিন্তু যে গুণটি বিশেষ করে এই দাদৃশ্য সাধান বিভিন্ন ধারায় আশ্চর্য পরিণতি লাভ করেছে ডুয়েরার, কবেন্স, রেম্বান্ট ইত্যাদির ছবিতে।

এখন ববীক্রনাথের ছবি এই তিনটি মূল ধারার কোনটির মধ্যেই পড়ে না।
তাঁর বহু ছবিতেই প্রাণ আছে, কিন্তু অধিকাংশ ছবিতেই প্রচলিত অর্থে ছন্দ
অবর্তমান। যাঁর ব্যক্তিত্বের আর দব রকম প্রকাশের মধ্যে ছন্দ ছিল, তাঁর
ছবিতে ছন্দ নেই, একথা বললে ভক্তরা নিশ্চয়ই আমার বক্তব্যকে দঙ্গে দঙ্গে
খারিজ করে দেবেন। তবু যদি কেউ খোলা চোথে তাঁর ছবির পাশে স্কর্প
যুগের যে কোনো চীনা চিত্রকরের ছবি দেখেন তা হলে আমার কথাটি হয়ত
একেবারে নিরর্থক ঠেকবে না। এ তুলনা যদি অসক্ষত ঠেকে তবে তাঁর প্রায়
সমসাময়িক শিল্পী মার্ক শাগালের ছবির সঙ্গে তাঁর ছবি মিলিয়ে দেখতে
অম্বরাধ করি। ছজনেরই চিত্রকল্পনায় পুতুল, পাথী, পশু, অপ্রলোকের
কিস্তৃত্বিমাকারেরা আদর জমিয়েছে; কিন্তু শাগালের হাতে তারা হয়ে উঠেছে
ছন্দময়। শাগালের ছবির যেটি বিশেষ লক্ষণ, রেনি শ্ব্ যাকে বলেছেন,
"ভালবাসা", হর্বট রীড যাকে বলেছেন গীতধর্ম, রবীক্রনাথের ছবিতে তার
বিশেষ আভাদ মেলে না।

ছন্দ নেই, কিন্তু রূপ ? না, বং এবং রেখার উপাদানে রূপের সাধনাকে রবীক্রনাথ আত্মন্থ করতে পারেন নি। রূপের সাধনায় রেখাই প্রধান, বং দিতীয়। রবীক্রনাথের রেখার হাত কাঁচা। কত কাঁচা পাকা শিল্পীদের কথা ছেড়ে দিয়ে শুধু প্রিমিটিভ্ শিল্পের সঙ্গে তুলনা করলেই বোঝা যায়। আমাদের শিল্পাচার্যরা যাকে বলেছেন রূপভেদ, রবীক্রনাথ তাকে কোনদিনই আয়ত্তে আনতে পারেন নি। অপর পক্ষে ছ' একটি ছবি বাদ দিলে তাঁর অধিকাংশ ছবির বর্ণিকাভঙ্গ স্থুল এবং সীমাবদ্ধ। তাতে না আছে মাতিসের বিশুদ্ধ বর্ণ-প্রয়োগ সঞ্জাত উজ্জ্বলতা, না আছে অবনীন্দ্রনাথের স্কম্ম বং-মেশানোর ব্যঞ্জনা। ফলে রং এবং রেখাকে আশ্রয় করে যে লাবণ্য দেখা দেয় রবীন্দ্রনাথের পটে তার কচিৎ সঞ্চার ঘটেছে।

আর দাদৃশ্য সত্যের অমুদদ্ধান এবং চর্চা যে চিত্রশিল্পী রবীন্দ্রনাথের দাধনার বিষয় ছিল না. তাঁর কিছু ছবিও যিনি একবার দেখেছেন তিনিই জানেন। এদিক থেকে তাঁর ছবির মেজাজ নিতান্ত আধুনিক। তবে আধুনিকদের সঙ্গে তফাৎটা শুধু এই যে আধুনিকেরা বস্তুরূপ দম্বদ্ধে যথেষ্ট প্রমা অর্জন করে স্বেচ্ছায় সাদৃশ্য চিত্রণের পথ ত্যাগ করেছেন—আর তার জায়গায় ঝোঁক দিয়েছেন ছন্দ এবং রূপের উপরে। রবীন্দ্রনাথের ছবিতে প্রমা এবং পরিপ্রেক্ষিতের একাস্ত অভাব; কিন্তু ছন্দ অথবা রূপের ছারা দে অভাব পূর্ণ হয় নি।

। ठांत्र ।

স্থাতরাং একথা এক রকম নিশ্চিত করেই বলা যায় যে চিত্রশিল্পের স্বকীয় সাধনা রবীন্দ্রনাথের স্বধর্ম ছিল না। তবে তাঁর এই ছবি এবং স্কেচগুলিতে এত গুরুত্ব দেবার প্রয়োজন কি? মহৎ প্রতিভার সাময়িক স্ববসর বিনোদন বলে তাদের বর্থাস্ত করলেই ত হয়।

না, তা হয় না। হাজার অস্পষ্টতা সত্ত্বেও এই ছবি এবং স্কেচগুলির মধ্যে এক প্রবল হর্বোধ্য শক্তির উপস্থিতি আমাদের সন্তাকে আলোড়িত করে। যদি নাও জানা থাকত যে এদের স্রষ্টা একজন মহাকবি, তবু এরা নিজেরাই এদের বোবা বিক্ষোভের জোরে আমাদের আরুষ্ট কর্ত। রবীন্দ্রনাথের যৌবন এবং প্রথম প্রোট্ বয়দের বহু গভ-পভ রচনায় যার আভাস পাই নে এই ছবিগুলিতে সেই ব্যক্তিত্বের উপস্থিতি অনস্বীকার্য। এরা বোবা তবু জীবস্ত। আর যাই সম্ভব হোক এদের নির্বর্থ বলে অবহেলা করা কঠিন।

যে ঐতিহের মধ্যে ববীক্সনাথের জন্ম এবং বয়:প্রাপ্তি ঘটেছে, তার নানা গুণ থাকা সত্ত্বেও একটা জায়গায় মস্ত হুর্বলতা ছিল। মাহুষের কতকগুলি মৌল বৃত্তি, তাগিদ এবং জৈব ক্রিয়াকে পরম যত্নে অবদমিত করাকেই সে

ঐতিহ্য আত্মসংস্থারের পরাকাষ্ঠা বলে বিশ্বাদ কর্ত। অথচ আমাদের মননশক্তি কিম্বা প্রতীকী দাধনার তুলনায় এই জৈব বুতিগুলি কিছু আরু ব্যক্তি-সত্তার কম গভীরে ওতপ্রোত নয়। ফলে কোন সংস্কৃতিই এদের উচ্ছেদ করতে পারে না, কিন্তু চেতনার স্তরে এদের প্রতি সঙ্কোচ স্ঠ করতে পারে। সাধারণ ক্ষেত্রে জৈব বুত্তির এই অবদমন, নীতি এবং কর্তব্যের নামে সমর্থিত হয়ে থাকে। আর এই অবদ্মনকে মেনে নেওয়ার নামকরণ হয় বিবেক। স্ক্রবোধ সম্পন্ন মাহুষেরা অনেক সময় নীতি বিবেকের বদলে সৌন্দর্য এবং পরিমিতি বোধের তাগিদে এই অবদমনকে প্রশ্রেষ দিয়ে থাকেন। রবীক্রনাথের কেত্রে খদেশী আত্মনিগ্রহাশ্রয়ী ঐতিহের দকে যোগ দিয়েছিল ভিক্টোরিয় শীলতা ব্যাধি, ব্রাক্ষ পিউরিট্যানিজ্ম এবং উপনিষ্দী ব্রহ্মতত্ত্ব, শিল্পের গ্রুপদী আদর্শ আর বিশুদ্ধ সৌন্দর্যস্প্রীর রোমাণ্টিক অভীপা। এই সমবেত ধারাগুলির রসে রবীক্রনাথের চরিত্র পুষ্টি লাভ করেছে। তাঁর জীবনশিল্পে বাস্তবের অহন্দর দিকগুলি ক্রমশই সযত্ন-বর্জিত। যে ধ্বনি স্থরের সঙ্গতিতে বিদ্ন ঘটায়, যে আবেগ ব্যঞ্জনার স্থমিতিতে রসবস্থ হয়ে ওঠে না, যে বিক্ষোভ কল্পনার কাঠামোয় ভাঙ্গন আনে—তাঁর রূপসাধনায় তারা অপাংক্তেয়। বাইরে থেকে তাদের তিনি সংযত করতে চেয়েছেন, ভিতর থেকে তাদের তিনি বুঝতে **(**इहा करत्रन नि ।

কিন্তু সব জৈবরূপের মতই বাক্তি-অন্তিত্বেরও একটা সামগ্রিক সত্তা আছে।
এই সমগ্রতায় যা ওতঃপ্রোত কোনো উপায়েই তাকে সম্পূর্ণভাবে উৎপাটিত
করা যায় না। সে উৎপাটনের চেষ্টায় সমগ্রতারই বিনাশ ঘটে। আর
যেহেতু মাছবের ক্ষেত্রে এই সমগ্রতাকে প্রতিষ্ঠিত, পৃষ্ট এবং বিকাশের দিকে
পরিচালিত করার বিশেষ মাধ্যম তার চৈতন্ত, সে কারণে তার জৈব সন্তার
সবকটি মূল ধারাই প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে তার চৈতন্তের উপরে নিয়ত
ক্রিয়াশীল। সে ক্ষেত্রে হয় ব্যক্তিমায়্র এই সব ধারাকে চেতনার স্তরে স্বীকার
করে নিয়ে বিভিন্ন উপায়ে নিজের সামগ্রিক বিকাশে তাদের ফ্র্তির ব্যবস্থা
করে, নয়ত চেতনার স্তরে অস্বীকৃত ধারাগ্রলি প্রাক্তচেতনিক প্রক্রিয়ায়
মাধ্যমে ব্যক্তির সচেতন বিকাশ-সাধনাকে পদে পদে ব্যাহত করতে থাকে।
বিশেষ সাংস্কৃতিক ঐতিহে গড়ে ওঠা রবীক্রনাথের কচি জৈব সন্তার এই
সামগ্রিক সত্যকে পরিপূর্ণভাবে স্বীকার করতে পারে নি। এ হিসাবে
ববীক্রনাথের কল্পনা গোয়েটের তুলনায় অসম্পূর্ণ। তার জীবন-শিক্সে

মেফিস্টোফেলিস ফাউস্টের মত স্বীকৃত আত্মীয় নয়। গোয়েটে যে "অন্ধকার আকৃতি"কে (ডুঙ্ক্লেন ড্রাঙ্গে) বোঝবার জন্ম সারাজীবন সাধনা করেছেন, রবীন্দ্রনাথের দৃষ্টিতে তা আমাদের মহায়ত্ত্বের সাময়িক স্থালন মাত্র।

কিন্তু চেতনার স্তর থেকে নির্বাসন দিলেই কিছু এই সব প্রাকচেতন দ্বৈব বৃত্তি নিচ্ছিয় বা প্রশমিত হয়ে যায় না। তারা নানাভাবে নিজেদের প্রকাশ मावि करत, वावहारत कन्ननाम क्रमांगंडहे अस्तरिंदांध आरन, आमर्न वारध একটু শিথিলসমাধিত ঘটলেই চৈতন্তের ডিজাইনে ওলটপালট ঘটায়। আমার শন্দেহ হয় রবীন্দ্রনাথের চিত্রচর্চার মধ্যে তাঁর স্বত্ব নিরুদ্ধ প্রাক্চেত্রনিক স্ক্রা এমনিতর কোন অপ্রস্তুত প্রকাশ লাভ করেছে। তাঁর জীবনের ঐ বিশেষ অধ্যায়ে কেন এই বিক্ষোৱণ ঘটল, যথেষ্ট তথ্য সংগৃহীত না হওয়া পর্যন্ত তা বলা কঠিন। হয়ত ঐ বিশেষ বয়দে তাঁর অপ্রকাশ্য জীবনে এমন কোনো প্রবল আলোডন সংঘাত উপস্থিত হয়েছিল যাকে তিনি গোয়েটের মত করে ভাবাশ্রমী চিন্তার মাধ্যমে প্রকাশ করতে সঙ্কোচ বোধ করেছিলেন। হয়ত বা যুদ্ধ, বিপ্লব এবং মানব সভ্যতার বিশ্বব্যাপী আত্যম্ভিক সম্কটের শুভনাম্ভিক সামিধ্যে সাময়িকভাবে তাঁর শ্রেয় বোধে শৈথিল্য এসেছিল। ছবির ভিতর দিয়ে তিনি কি দেই হঃসহ বিক্ষোভের হাত থেকে মৃক্তি খুঁজেছিলেন? তাঁর ছবির মধ্যে যে প্রবল প্রাণশক্তি আমাদের মনে আলোড়ন আনে, এই অন্ধ বিক্ষোভই কি তার উৎস ? চৈতন্তের স্বীকারে আলোকিত নয় বলেই কি সে ছবির জগতে এত গুমোট অন্ধকার ?

এ চিত্রচর্চার উৎস যে প্রাক্চেতনিক শুধু বাইরের লক্ষণগুলি থেকে তা অহ্মান করা যায়। তাঁর রঙে আলোর আভাস কচিৎ। অনেক ক্ষেত্রেই তা এক ধরনের আধার সবৃজ্বের কাছ ঘেঁষা, যেন গভীর অরণ্যের নিভ্তে হুর্যস্পর্শ-হীন শুলের মত। প্রথম দৃষ্টিতে মনে হতে পারে ফাভিন্ত বর্ণপ্ররোগরীতির সঙ্গে বৃথি বা কিছু আত্মীয়তা আছে। কিন্তু এখানে রঙের মধ্যে মৃথ্য বিশ্ময়ের কোন আভাস নেই। বরং গুমোট অন্বন্তির ভাবটাই প্রবল। তাঁর ছবির রঙে বৈচিত্র্য সামান্ত, বিভঙ্গে পরিচ্ছন্নতার অভাব। পশু পাথীর প্রতীকী নক্ষা একটা বড় অংশ জুড়ে আছে। যেখানে মাহুষের মৃথাকৃতি আকার চেষ্টা করেছেন সেখানেও মনে হয় সে মাহুষেরা যেন আলো-হাওয়া-আকাশের থবর রাথে না। তাদের বাইরের রেথাবিত্যাসে ছন্দ সঞ্চার কচিৎ, তাদের অন্ত লোকে আনন্দের স্থাদ নেই। তাঁর কালিতে আঁকা রেথাচিত্রগুলিতে

প্রায়শই রেখার বাহুল্য আছে, বিশ্বাদ নেই; তাদের অধিকাংশেরই পশ্চাৎপটে রেখার অরণ্য, কখনো বা তা এগিয়ে এদে ছবিকেই গ্রাদ করেছে। তাঁর অধিকাংশ ছবিই প্রাণশক্তিতে প্রবল; কিন্তু দে প্রাবল্য মননের হারা সংস্কৃত নয়। তাই তার প্রকাশ শুধু অন্ধ বিক্ষোভে।

কল্পনা করতে কোতৃহল হয়, রবীন্দ্রনাথ যদি তাঁর প্রাক্তিতনিক সন্তাকে অবদমিত না করে চৈতন্তের স্তরে তাকে শিল্পধ্যানের উপজীব্য করতে পারতেন, তাহলে তার শিল্প সাধনা কোন ধারায় বিকশিত হোত। সে ক্ষেত্রে সম্ভবত চিত্রের মাধ্যমে নিক্ষল অধ্যবসায়ে অবক্তব্যকে আকার দেবার প্রয়োজন ঘটত না। হয়ত শব্দশিল্পে তাঁর তুর্লভ ক্ষমতার ফলে তিনি প্রাক্তেনকে প্রতীকী প্রকাশ দেবার উপযোগী কোন অভিনব রচনারীতির উদ্ভব করতেন। ইংবেজী সাহিত্যে জয়েদ তাঁর অসমাপ্ত এপিক উপক্রাদ "ফিনেগানদ ওয়েক-এ" যে অকল্পিকপূর্ব সাহিত্য রূপের অক্ষান্ত ক্রনায় তা কি কোন সার্থকতর পরীক্ষাননিরীক্ষায় প্রকাশ পেত ? হয়ত এ প্রশ্ন নিতান্তই অবাস্তর। মোটের উপর চেতনার স্তরে স্বীকৃত গ্রুপদী বিবেকের নির্দেশ লঙ্ঘন করায় তাঁর কোন আগ্রহ ছিল না। চিত্রচর্চার ভিতর দিয়ে তিনি শুধু সাময়িকভাবে সে নির্দেশকে সমন্ধাতে এড়িয়ে গিয়েছিলেন। ভ

৬। প্রবক্ষের শেষ ষষ্ঠ টীকা।

১। এই প্রবন্ধটির প্রথম থদড়া প্রকাশিত হয় ১৯৪৬ স'লে। সে সময়ে অ্যালবাম আকারে পাওয়া যেত রবীন্দ্রনাথের ''চিত্রলিপি''। তাছাড়া ১৯৬২ সালে রবীন্দ্র-চিত্রপ্রদর্শনীর একটি ক্যাটালগ বার করেছিলেন কলকাতার সরকারী আর্ট স্কুল। ১৯৪৯ সালে শ্রীযুক্ত মনোরঞ্জন শুপ্তের ''রবীন্দ্রচিত্রকলা'' প্রকাশিত হয়। পরে ১৯৪৬ সালে রবীন্দ্র জন্ম শতবাধিকী উপলক্ষ্যে দিল্লীর ললিত কলা আকাদেমি Drawings and Painting of Rabindranath Tagore বার করেন। এদব থেকে তাঁর চিত্রকর্মের অভিক্ষ্মে ভগ্নাংশের পরিচয় মেলে। আমি তাঁর মূল ছবির আংশিক সংগ্রহ দেখেছিলাম রবীন্দ্রভবনে।

২। পারীতে রবীক্রনাথের প্রদর্শনীর রিহ্নিয়ু লেখেন আঁরি বিহু; সেটি প্রকাশিত হয় ''রূপম্'' পত্রিকার ১৯৩০ সালে। তারপর থেকে তার ছবি সম্পর্কে মাঝে মাঝে আলোচনা হয়েছে। তাদের ভিতরে বিশেব ভাবে উল্লেখ্য: স্টেলা ক্রামরিশ (বিশ্বভারতী কোয়ার্টার্লি, ১৯৪১), এবং ললিতকলা কণ্টেম্পোরারি, ১৯৪৬), বিনােদবিহারী মুখোগাধ্যায় (রপলেখা, ১৯৫২), বিশ্ব দে (বিশ্বভারতী কোয়ার্টারলি, ১৯৫৮), উইলিয়ম আর্চার, ইণ্ডিয়া এটাও মডার্প আর্টি (১৯৫৯) এবং মুল্কু রাজ আনন্দ (মার্গ, ১৯৪৬)

- ৩। ''তোমাদের বাল, কেমন করে আমি আঁকা হৃদ্ধ করলুম। কবিতা লিখতে কাটাকুটি করতুম, দেই কাটাকুটি গুলো যেন রূপ নিতে চাইতো, তারা হতে চাইতো, জন্ম নিতে চাইতো। তাদের সে দাবী আমি অগ্রাহ্ম করতে পারতুম না। প'ড়ে থাকত লেখা, দেই কাটাকুটিগুলোকে রূপ কর্লাতুম, পারতুম না তাদের প্রেতগোকে কেলে রাখতে। এই ভাবে আমার ছবি শুক্ল।''
- 8। ১৯২৫-২৬ থেকে ১৯৩৭-৩৮ এই বছর বারোর মধ্যে তিনি তাঁর বেশীর ভাগ ছবি আঁকেন। নেহাৎ কম ছবি আঁকেননি, প্রায় হাজার তিনেক হবে। ১ পলাল বস্থ লিথেছেন: "প্রায় দশ-বারো বছরের মধ্যেই বে সব ছবি তিনি এঁকেছেন, তার সংখ্যা গত পঞ্চাল বংগরে ব'লোদেশের সমস্ত নামকরাচিত্রশিলীরা মিলে যত ছবি এঁকেছেন তার চেয়ে বেশী।" তাঁর কল্পংখ্যক ছবির মধ্যে ১৫০০ এর বেশী ছবি রবাক্সভবনে রক্ষিত আছে] (প্রভাত ম্থোপাধ্যায় রবীক্রজীবনী, ৩য় থণ্ড, পৃ: ২৯০।)
- ে। দুইবা: A.K. Coomaraswamy, The transformation oi Nature in Art. সংরক্তনাথ শাসগুপ্তের Fundamentals of Indian Art প্রবাদ্ধবলীতেও এসম্পর্কে মুল্যবান বিচার আছে।
- ৬। আমার অমুমান রবীন্দ্রনাথের ছবি আঁকো এবং তাঁর ছবির যে বিশিষ্টতার উল্লেখ করেছি তার সঙ্গে তাঁর জীবনের হটি প্রধান অভিজ্ঞতার নিগৃঢ় সম্পর্ক আছে। তাঁর বখন তেইশ বছর বরস তখন কাদম্বরী দেবী আত্মহত্যা করেন (১৮৮৪); এবং এই মৃত্যু ভালবাসা সম্পর্কেরবীন্দ্রনাথের প্রতিষ্ঠানের উপরে গভীর প্রভাব কেলে। তৈতক্তের স্তরে কামনার স্থচেষ্টিত অবদমন সম্ভবত এই ট্রাজিক অভিজ্ঞতার কল। কিন্তু নতুন বৌঠানকে তিনি কোনোদিনই ভুলতে পারেন নি। ১৯২৪ সালে আর্জেন্টিনাতে অম্বন্ধ অবস্থায় ভিক্টোরিধার সঙ্গে তাঁর পরিচর বটে—তাঁর মধ্যে তিনি দেখেছিলেন ''অমুরাগের আগুন''। এই আগুনেই কি দীর্ঘদিনের টাব্ কিছুটা পুড়েছিল? প্রাণের যে ''কুর ডাক'' ভাষায় এবং ব্যবহারে তব্ও প্রকাশ করা পেল না তারি তাড়না থেকেই কি ছবিদের জন্ম ? তাঁর ছবির জগতের এক অক্ষ কি নতুন বৌঠানের আত্মহা্যা-জাত অন্ধকার পাপবাদ, এবং বন্ত অক্ষ বিজয়ার ভাষাহান ভালবাদা ?

রবীক্রনাথ ও আধুনিক মন

রবীন্দ্রনাথের মৃত্যুর পর গত তিন দশকের মধ্যে বাংলাদেশে পঁচিশে বৈশাথের পূজা-অহঠান আড়ম্বরে এবং সংখ্যাধিক্যে হুর্গাপূজাকেও প্রায় হার মানাতে বদেছে। কলকাতার তো কথাই নেই—এখানে পার্কে, মাঠে, অলিগলিতে "সর্বজনীন" রবীন্দ্রোৎসবের ঘটা। সম্প্রতি মফম্বলেও এই রোজদ্বশ্ব এবং লবণাক্ত মাসের বিরূপতাকে অগ্রাহ্ম করে উৎসাহী নাগরিকরা নাচগান-থিয়েটারের মারফত কবির জন্মবার্ষিকী উদ্যাপনে অতিশন্ধ ব্যস্ত। প্রাচীন অথবা অর্বাচীন কোনও পত্ত-পত্রিকার পক্ষেই এ উপলক্ষে বিশেষ রবীন্দ্রসংখ্যা বার না করে উপান্ন নেই। ফলে রবীন্দ্রপূজার যাঁরা সনদ্প্রাপ্ত (তাঁদের মধ্যে কেউ-বা বক্তা, কেউ-বা লেখক. কেউ হন্ধতো অভিনেতা কি গাইয়ে, অর্থাৎ উত্যোক্তাদের ভাষার "আর্টিস্ট"), তাঁদের বাজার সম্প্রতি সরগরম।

এ থেকে মনে হতে পারে যে বাংলাদেশের "জনগণ"-এর উপরে ববীক্রনাথের প্রভাব গত তিন দশক ধরে বৃঝি-বা বেড়ে চলেছে। কিন্তু শাঁথ-ঘণ্টা বাজিয়ে কোনও ব্যক্তির প্রতিকৃতিতে মালা ঝোলানো আর তাঁর জীবনব্যাপী সাধনার উত্তরাধিকারে নিজেকে সমৃদ্ধ করা ঠিক এক ব্যাপার নয়। বৃদ্ধদেব তাঁর মৃত্যুকালে সমাগত বিমর্থ শিশ্ব-প্রশিশ্বদের শেষবারের মত শ্বরণ করিয়ে দিয়েছিলেন যে প্রকৃত বৌদ্ধ তাঁকেই বলা যায় যিনি নিজের অন্তর্নিহিত অগ্নিশিখার আলোকে পথ চলতে সক্ষম, তিনি পথনির্দেশের জন্ম অন্তের উপরে নির্ভর করেন না। প্রকৃত বৌদ্ধের পক্ষে বৃদ্ধকে উপাসনা করা শুর্থ নিশ্রমাজন নয়, তার দ্বারা বৃদ্ধের আজীবন প্রয়াসকে ব্যর্থ প্রতিপন্ন করা হয়। এই সতর্কবাণী সত্ত্বেও বৃদ্ধক্তকেদের একটি প্রধান অংশ উক্ত নির্বাণসাধক জ্ঞানীপুরুষকে দেবতায় পর্যবসিত করতে দ্বিধা বোধ করেননি। রবীক্রনাথকে নিয়ে আমাদের দেশে এই একই ট্রাজেভির পুনরাবৃত্তি দেখা যাচেছ।

আমার এই অভিযোগের মধ্যে যে কিছুমাত্র অতিশয়োক্তি নেই, রাবীক্রিক উত্তরাধিকারের সঙ্গে রবীক্রজন্মোৎসব অফুষ্ঠানগুলির একটু তুলনা করলেই সে

^{)।} श्रवस्त्रत (भरव श्रथम ग्रीका।

বিষয়ে কোন সন্দেহ থাকে না। যিনি সারাজীবন সৌন্দর্য এবং শুচিতার সাধনা করে গেলেন, তাঁকে শ্রদ্ধাজ্ঞাপন করতে গিয়ে উছ্যোক্তারা নিচ্ছেদের যে ক্রচিকে প্রকটিত করেন তাতে স্থমা দ্রের কথা, পরিচ্ছন্নতাবোধের আভাদ পর্যন্ত তুর্লভ। বিরাট প্যাণ্ডালের নীচে হৈহুল্লোড়লোভী জনতার ঘর্মাক্ত সমাবেশ; "তাাকাদের" ভাড়া করার জন্ত বেহায়া প্রতিয়োগিতা; লাউডম্পীকারের প্রচণ্ড ওচ্চনাদ; মন্ত্রী, উপমন্ত্রী, নিদেনপক্ষে লক্ষীমন্ত, ব্যবসায়ী অথবা শক্তিমান দলীয় মাতব্বরদের (যাঁরা জীবনেও 'ববীক্সবচনাবলী'র পাতা উলটে দেখেছেন কিনা সন্দেহ) পৃষ্ঠপোষণা পাবার জন্ত প্রাণান্ত পরিশ্রম; অহুষ্ঠানের বিবরণ (সম্ভব হলে ছবিসমেত) কাগজে বার করার জন্য দৈনিক সংবাদপত্তের কর্তৃপক্ষের পায়ে অপর্যাপ্ত তৈলনিষেক—ববীক্রনাথের স্মৃতিকে অপমান করার জন্য এর চাইতে বেশী আর কি ব্যবস্থা করা চলত, তা তো আমি জানি নে। যে মহাশিল্পীর অমিত কল্পনা প্রায় দীর্ঘ ত্রিপাদশতাব্দী কাল ধরে নিত্য নৃতন রূপের জন্ম দিয়েছিল, তাঁকে শ্বরণ করতে গিয়ে ভক্তরা বছরের পর বছর গতাহুগতিক একই কর্মস্চী অনুসরণ করা ছাড়া উপায় খুঁজে পান না। যিনি সত্যনিষ্ঠার প্রয়োজনে গান্ধীজির বিজ্ঞানবিমূথ আদর্শবাদের প্রথর সমালোচনা করে একদা এদেশে প্রচুর অপ্রিয়তা অর্জন করেছিলেন, তাঁর সম্বন্ধে কিছু বলতে অথবা লিখতে গেলে এখনকার ব্যাখ্যাতারা শুরু থেকেই ভক্তিতে গদগদ হয়ে ওঠেন। যিনি এদেশে বিশ্ব-নাগরিকতার প্রধান প্রবক্তা এবং প্রতিভূ, তাঁকে আমরা হ্রম্বকায়, বাঙালীত্ব নিয়ে উৎফুল্ল হয়ে উঠি। "স্ত্রীর পত্র" থেকে "নামঞ্র গল্প" এবং "ল্যাব্রেটরী"র প্রোজ্জ্ল ব্যক্তিত্বসম্পন্ন লেথককে আমরা ঘ্যেমেজে মস্ত্র ডিম্বাকৃতি শালগ্রামশিলায় রূপাস্তবিত করে নিয়েছি। এখন বুঝি-বা চরণামৃত পানে মোক্ষপ্রাপ্তিই আমাদের একমাত্র কাম্য।

। पूरे ।

ফলত বাঙালী জনসাধারণের উপরে গত তিন দশকে রাবীক্রিক সাধনার বিশেষ প্রভাব পড়েছে, এ কথা কোন ক্রমেই মানা চলে না। বরং উলটে বলা যায় যে তাঁকে নিয়ে যুথবদ্ধ অমুষ্ঠানের ঘটা যত বাড়ছে, বাঙালী ততই তাঁর মানসলোকের দারিধ্য থেকে চ্যুত হচ্ছে। এতে রবীক্রনাথের অবশ্য কোন ক্ষতিরৃদ্ধি হবার আশন্ধা নেই। অতীতের আরও অনেক মহাপ্রতিভার মত তাঁকেও হয়তো অন্যদেশ এবং অন্যকালের অন্থিই পাঠকপাঠিকারা নতুন করে আবিকার করবেন। বাক্রমান একাস্তভাবেই আমাদের। জার্মানী যেমন গোয়েটের উত্তরাধিকারকে বিদর্জন দিয়ে শেষ পর্যন্ত হিট্লার নামে এক অর্ধোনাদের প্ররোচনায় দার্বিক বিনাশের পথ অবলম্বন করেছিল, আমাদের ক্ষেত্রেও তেমন আশন্ধা হয়তো একেবারে কই-কল্পনা নয়। অন্তত সম্প্রতি কালে আমাদের যে রেকর্ড, তা তো এই ধরণের ভয়াবহ ভবিশ্বতেরই ইঞ্কিত করে।

যা-ই হোক বাংলার জনগণের উপরে রবীক্রনাথের প্রভাবের বার্থতা এই প্রবন্ধের আলোচ্য বিষয় নয়। আমার ধারণা যে বাংলাদেশে রবীক্রোকর यूरगद याँचा अधान मनीधी अवर मिल्ली, जाँक्ति मह्म छ दवीक्तनार्यद वादधान গত তিরিশ বছরে অনেক বেশী বিস্তৃত এবং সে কারণে প্রকট হয়ে উঠেছে। হুজুগবাজ রবীন্দ্রপূঞ্চারীদের বিক্রদ্ধে যে তামদিক স্থূলতা এবং মৃঢ়তার অভিযোগ আমি করেছি, এঁদের সম্পর্কে তেমন কোন অভিযোগ অকল্পনীয়। এঁদের মধ্যে অনেকে ববীক্রনাথের জীবন্দশায় তিরিশের দশকে বাংলা সাহিত্যের ক্ষেত্রে অবতীর্ণ হন। প্রতিভার দিক থেকে অবশ্য এঁদের সঙ্গে রবীন্দ্রনাথের তুলনা করা চলে না। তা দত্ত্বে এঁরাপ্রত্যেকেই শক্তিমান এবং স্বাতস্ত্রা সমন্বিত লেথক ও ভাবুক। এঁদের রচনার মধ্যে যে মনোজগৎ প্রকাশ লাভ করেছে তা একাস্তভাবে আধুনিক, এবং দে-মনের সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্ক অত্যন্ত ক্ষীণ। সভ্য বটে, রবীক্রনাথ তাঁর অপূর্ব উদ্ভাবনা এবং জীবনব্যাপী অধ্যবদায়ের ছারা বাংলা ভাষার যে সমৃদ্ধি-দাধন করে গেছেন, তার উপস্থিতি ব্যতিরেকে এঁদের পক্ষে আত্মপ্রকাশ অমন্তব হত। কিন্তু দেই ভাষার মাধ্যমে এঁবা যে ভাব এবং ভাবনাকে রূপ দিয়েছেন, 'ববীজ্ৰ-বচনাবলী'র মধ্যে তার হত্ত মেলে না।

ববীন্দ্রনাথ হটি সম্পন্ন ঐতিহের ভিতরে মিলন ঘটিয়েছিলেন। তার প্রথমটি হল ভারতবর্ষের ঔপনিষ্দিক ঐতিহা। ঋষিদের মত তিনিও অহভব করেছিলেন যে এই বিশ্বজ্ঞাৎ কোন কল্যাণমন্ন উপস্থিতির বিচিত্র বহিঃপ্রকাশ মাত্র, যে সংসারের সমস্ত হ'থ, সংঘাত, ভাঙাচোরার অস্তরালে এমন কোন

२। প্রবদ্ধের শেষে বিভীর দীকা।

চৈতশ্যময় পুরুষ বর্তমান যিনি দব কিছুতেই নিয়ত স্থামা এবং সংগতি দান করছেন। স্বতরাং যে ফুল না ফুটে ঝরে যায় সে-ও নাকি বার্থ নয়; যে মাহ্ব অশেষ যন্ত্রণা দহু করে অকালে মারা গেল, তার জীবনেও নাকি কোন মহৎ উদ্দেশ্য গোপনে সার্থকতা লাভ করেছে। বলা বাহুল্য, এ জাতীয় বিশাসের যাথার্থ্য হুক্তি দিয়ে প্রমাণ করা যায় না। তবে যারা আস্তরিকভাবে এই তত্ত্বে বিশাসী তাঁদের পক্ষে একদিকে যেমন হগৎকে মধুময় বলে কল্পনা করা সহজ, অশুদিকে তেমনি বিশ্ববন্ধাণ্ডের ধর্মরপে কল্পিত এই স্থমিতি এবং কল্যাণবাধকে ব্যক্তির জীবনে স্থপ্রতিষ্ঠিত করে তোলার চেষ্টা স্বাভাবিক। তাঁদের এই বিশ্বাসের দার্শনিক ভিত্তি বিশেষ মজবুত নয় বটে; ভা সত্ত্বেও একথা স্বীকার্য যে এই বিশ্বাস অনেকের মনে প্রকৃতি-প্রেম, করুণা, ধর্ম, প্রীতি, সৌন্দর্যচেতনা, নির্ভীকতা ইত্যাদি নানা মানবীয় সদ্গুণের বিকাশে সাহায্য করে। রবীন্দ্রনাথের গান এবং কবিতার একটা বড় অংশ স্থশ্পইভাবে এই বিশ্বাসের হারা উদ্বৃদ্ধ। তাঁর গল্প, উপন্যাস, নাটক এবং বছ প্রবন্ধের মধ্যেও এই উপনিষ্টিক ঐতিহের ফলপ্রস্থ প্রভাব লক্ষণীয়।

রবীক্রপ্রতিভাব ভিতরে অপর যে মহৎ ঐতিহের স্বীকরণ ঘটেছিল সেটি হ'ল রনেসাঁদ-উত্তর পশ্চিমের মানবভন্ত্রী ঐতিহা। মানবভন্ত্রীরা জডজগতের পিছনে কোন এশবিক অন্তিত্বের কল্পনা ছাড়াই একদিকে ইন্দ্রিয়গ্রাহ্ প্রকৃতি সম্বন্ধে গভীরভাবে কোতৃহলী, এবং অপরদিকে মহয়তত্ত্বের বিচিত্র সস্তাবনা আবিষ্কার করে উৎফুল। এঁরা প্রতিটি মাহুষের অনক্ততা এবং স্বত:সিদ্ধ মূল্যে বিশাসী। এঁদের উপলব্ধিতে মাত্র্যমাত্রেই স্ঞ্জনক্ষম এবং দেকারণে আপন ভাগ্যবিধাতা; এবং মারুষের মধ্যে যে বিচারশক্তি বর্তমান তারই বিকাশের খারা সত্য-মিথ্যা, স্থন্দর-অস্থন্দর, উচিত-অমুচিতের পার্থক্য নির্ণয় করা সম্ভবপর। মামুষের সর্বাঙ্গীণ বিকাশ এঁদের কাম্য; এবং তার জন্ম এঁরা यमन এক দিকে ব্যক্তির চরিত্রে নানা পরস্পরবিরোধী বৃত্তির মধ্যে সৌষম্য অর্জনে উত্যোগী, অপর দিকে তেমনি বিভিন্ন ব্যক্তির ভাবনা, কামনা এবং ব্যবহারের মধ্যে সহযোগিতা এবং সহনশীলতার ভিত্তিতে বছবাচনিক এক্য বচনায় সচেষ্ট। এই ব্যক্তিজীবনের স্থম্মা এবং সর্বমানবীয় সঙ্গতি তোলার জন্ম এঁদের প্রধান নির্ভর হল শিক্ষা। শিক্ষার ফলে মাতুষের যুক্তি-সামৰ্থ্য বিকশিত হয়, স্ষ্টির ক্ষমতা বুদ্ধি পায়, অমুভূতি স্ক্ষতা লাভ করে, বিবেকবোধ বলিষ্ঠ হয়ে ওঠে, হৃদয়বৃত্তি পরিপুষ্ট এবং মার্জিত হয়। এই মানবতন্ত্রী জীবনদর্শন বনেসাঁলের সময়ে পশ্চিম ইয়োরোপের বহু মনীধীর জীবনে, চিস্তায় এবং ক্রিয়াকলাপের মধ্যে প্রকাশ লাভ করে, এবং পরবর্তীকালে মুখতে এবই প্রেবণায় প্রথমে ইয়োরোপে এবং পরে অন্তান্ত দেশেও উদারভন্ত্রী সমাজসংস্কৃতি বিকশিত হয়ে ওঠে। উনিশ শতকে ইংরেদ্ধী শিক্ষার মারফত এই জীবনদর্শনের সঙ্গে বাঙ্গালী-ভাবুকদের পরিচয় ঘটে এবং তার ফলে এদেশে মনস্বিতা, কল্পনা এবং বিবেকবোধের নৈদর্গিক পুনক্রেষ দেখা যায়।

রবীক্রনাথের কল্পনায় এই তুই ধারা পরম্পরে যুক্ত হয়েছিল। তাঁর অধিকাংশ গানে এবং দার্শনিক রচনার মধ্যে ঔপনিষদিক ধারার প্রভাব বেশী স্পষ্ট। তাঁর গল্প, উপত্থাস, নাটক, সামাজিক প্রবন্ধাদিতে রনেসাঁসী মানবতন্ত্রের বীজ আশ্চর্য ফদলে সার্থকতা লাভ করেছে। কিন্তু রবীক্রনাথের ऋषीर्घ कीवनकारलय स्पर्व भारत वहरवय मर्था श्रविवीय मानव हे जिहारम अक নৈসর্গিক বিপর্যয় ঘটে। একদিকে তুই মহাযুদ্ধ এবং বিভিন্ন দেশে সার্বিক ডিক্টেটরশিপের অভিজ্ঞতা, অন্তদিকে মানবচরিত্রের আত্মঘাতী-প্রবণতা বিষয়ে বিস্তারিত জ্ঞান চিস্তাশীল মানুষদের মনেও শুভনাস্তিক্যের ভাবকে প্রবল করে তোলে। গত পঞ্চাশ বছরের মধ্যে পৃথিবীর নানা দেশে শিল্প, সাহিত্য অথবা দর্শনের ক্ষেত্রে যাঁরা ক্রতিত্ব দেখিয়েছেন, তাঁদের লেখায় এই বিপর্যয়ের চেতনা প্রবলভাবে প্রকাশ পেয়েছে। বিশ্বজ্ঞগৎ কোন মঙ্গলময় ঈশ্বরের ছারা স্থাজিত এবং পরিচালিত, এ কথায় বিশ্বাস রাথেন এমন ভাবুক অথবা লেথক আজকের দিনে নিতান্ত তুর্লভ। অপরপক্ষে স্থয়ার দাধনা যে মানবপ্রকৃতির সামান্ত লক্ষণ, নিজের চেষ্টায় নিজেকে গড়ে তোলা যে প্রতিটি মামুষেরই সাধ্যায়ত্ত, লুবিয়ান্ধা, বেল্সেন কিংবা হিরোশিমার অভিজ্ঞতার পর এবংবিধ মানবতন্ত্রী প্রত্যয়ে অবিচলিত থাকা আজ স্থকঠিন। ফলত আধুনিক মন উপনিষদ এবং রনেসাঁদী মানবতন্ত্র—উভয় ঐতিহ্য থেকেই বিযুক্ত। এবং এই আর্ত, দ্বিধাগ্রস্ত, নৈরাশ্যবাদী মনের প্রভাব আত্ম শুধু পশ্চিমে আবদ্ধ নেই, বাংলা দেশের নব্য ভাবুক এবং লেথকদের উপরেও তার প্রভাব জ্রুতবর্ধমান।

। ডিন।

ফলে যদিও রবীক্রনাথের মৃত্যুর পর এখনও পুরো পঁরত্রিশ বছর অতিক্রাস্ত হয় নি, তবু তাঁর মানদলোকের সঙ্গে আমাদের যোগ আজ অত্যস্ত তুর্বল। অমাস্বা যারা হই মহাযুদ্ধের মাঝখানে বড় হয়েছি, তাদের কাছে রবীক্রনাধ গোয়েটের মতই দ্রলোকের অনাত্মীয় নক্ষত্র। বলতে কি, গোয়েটের চাইতেও তিনি দ্রবর্তী। কারণ আউফ্ ক্লেক্স-এর ওই মহাকবির কল্পনায় আমাদের আতির কিছুটা অন্তত আভাস দেখা দিয়েছিল। উনিশ শতকের মধ্যভাগে বোদ্লেয়র এবং ডক্টয়েভস্কি থেকে শুকু করে বর্তনান কালে কাফ্কা, এলিয়ট, সার্ভর্ প্রম্থ ভাবুক সাহিত্যকদের রচনায় রনেসাঁনী সংস্কৃতির যে আত্মক্ষর-চেতনা ক্রমে প্রথর হয়ে উঠেছে, "ফাউন্ট" মহাকাব্যে তার নিগৃত্ ইঙ্গিত চোথে পড়ে কিন্তু রবীন্দ্রনাথ গোয়েটের মেফিন্টোফেলিস-তত্ত্বে পারদর্শী ছিলেন না। তাঁর শেষ বয়সের কোন কোন সমসাময়িক লেথককে তিনি সকোত্রক স্নেহে স্থাগত জানিয়েছেন বটে, কিন্তু তাঁদের অন্তর্ম্ব সাধনার স্বর্মটি তিনি অন্থান করতে পারেন নি। আসলে আন্তঃসামরিক আধুনিকদের সঙ্গে তাঁর শেষ পর্যন্তর নয়, মেজাজেরও অলজ্য ব্যবধান ছিল। এঁদের মধ্যে যাঁরা শেষ পর্যন্ত তাঁর সঙ্গে বিশেষ পরিচয়-সম্বন্ধের স্থযোগ পেয়েছিলেন, তাঁরাও এ ব্যবধান পেরিয়ে তাঁর ঐতিহ্বের অংশভাক্ হতে পারেন নি। আধুনিকদের কাছে রবীন্দ্রনাথ তাই মহাকাব্যের নায়কের মতই অনাত্মীয়, প্রায় গোরীশঙ্কর চুড়ার মতই অনারোহ। শ্রেছায় বিশ্বয়ে মাথা নত হয়, কিন্তু মন সঙ্গ পায় না।

শুধু একটি ক্ষেত্রে এর ব্যক্তিক্রম ঘটেছে। দে হল চিত্রকলার মাধ্যমে তাঁর শেষ বয়দের পরীক্ষা-নিরীক্ষায়। সত্তার অস্বীকৃত অন্ধকারলোক থেকে এ ছবিগুলির জন্ম। এদের জগতের সঙ্গে আধুনিক মেজাজের যে আত্মীয়তা আছে, রবীক্রনাথের অন্ত কোন রচনার সঙ্গেই সে আত্মীয়তা নেই। এথানে মহাকবি অজ্ঞাতে স্বধর্মপ্রোহিতা করেছেন। ফলে এথানে শুধু যে তাঁর শিল্পের হাতই অপটু তা নয়, তাঁর কল্পনায় ধ্যানের ঐকান্তিকতাও অবর্তমান। অথচ এদের মধ্যে এমন একটা বিক্ষ্ম প্রাণ-শক্তি আছে যে এদের কিছুতেই অবহেলা করা যায় না। কিন্তু কবি তাঁর এই বিক্ষোভকে ভাষার আত্মচেতন শুরে পরিণতি পেতে দিলেন না। যদি দিতেন, অন্তত যদি চেষ্টাও করতেন, তবে হয়তো তাঁর পরিপূর্ণতা আর আমাদের আতির মাঝখানে মনজানাজানির এক সেতৃবন্ধ গড়ে উঠত। মধ্যযুগ আর রনেসাঁসের মাঝখানে সেই সেতৃবন্ধ গড়েছিলেন দাস্তে, রনেসাঁস আর আমাদের কালের মাঝখানে সেতৃর কিছুটা গড়ে গেছেন গোয়েটে। তাঁরা শুধু আপনকালের কবি নন, এমন কি শুধু নিত্যকালের কবি নন—তাঁরা যুগান্তরের কবি। রবীক্রনাথ বিংশ শতাকীক অন্তত্তম মহাপ্রতিভাবান কবি হয়েও "ভিভাইন কমেডি" বা "ফাউস্ট"-এর মড

কোন মহাকাব্য রচনা করেন নি। সব সংকাব্যের মত। তাঁর কাব্যেও নিত্যকালের আবেদন আছে। কিন্তু আমাদের এই বিশেষকালের রূপটি তাঁর স্বাষ্টিতে ধরা পড়ল ন।।

। ठांत्र ।

আর ঠিক এই কারণেই এমন অতুল এশর্য, অমিত উদ্ভাবনাশক্তি, তুর্নন্ত চিৎপ্রকর্ষ দল্লেও রবীন্দ্রনাথ আমাদের কাছে আজ অগমদেশের বার্তাবহু আগন্তক। তাঁর স্ষ্টেকে আমরা জানি, কিন্তু প্রষ্টা শেষ পর্যন্ত বয়ে গেলেন আমাদের ধরাছোঁয়ার বাইরে। জীবনের যে-দব অন্ধকার রাতে আয়োদ্যাটনের আতন্ধিত নীল বিহাতে মুখনীর অন্তরালকার দয়ত্ব-আচ্ছাদিত আয়া আর্ত বিক্ষোরণে প্রকাশিত হয়, তাঁর জীবনে তেমনতর রাত কি কথনো আদে নি? নিটোল, নিটোল, আশ্চর্য অক্ষত তাঁর কল্পনার কোমার্য, হাইনের ভাষায় বলতে হয়: So hold und schoen und rein (এত মধুর আর স্থল্পর আর নিজলঙ্ক)। হয়তো দব দময়েই মধুর নয়, কিন্তু দব দময়েই স্থল্পর, দব দময়েই নিজলঙ্ক। অন্ধাশন্ধর রায় তাঁকে জীবনশিল্পী বলেছেন। আমরাও দেকথা মানি। গ্রুপদী, প্রায় নৈর্যাক্তিক দে শিল্প, কোথাও স্থমিতির দীমা লঙ্খন করে না। অলন্ধারশাল্পে যাকে ব্রন্ধাশাদ্ব বলেছে, এ শতান্ধীর কোনও কবির স্ক্টিতে যদি তার দন্ধান করতে হয় তবে দেকবি নিশ্চয়ই রবীক্রনাথ।

কিন্তু আজকের দিনের যাঁরা অন্ত্তিশীল লেখ ছ এবং পাঠক, যাঁদের মন ছই যুদ্ধের মাঝখানে গড়ে উঠেছে, তাঁদের জীবনে ব্রহ্মের কি আর কোন অর্থ আছে? আমি শুধু ধর্মে অবিশাদের কথা বলছি না—এ নান্তিকা দর্বগ্রাদী। এ-ঘুগের পরিণত মনে ব্রহ্মপ্রতায় নিভান্তই প্রাক্তন স্থিতি। প্রথম মহাযুদ্ধের পরবর্তীকালের যাঁরা নব্য ভাবুক তাঁরা শুধু অর্গ-সান্তনা থেকেই বঞ্চিত নন; কোন মুল্যবিচারের ক্ষেত্রে শাশত, চিরন্তন, দর্বমানবীয় এদব বিশেষণ প্রয়োগে পর্যন্ত তাঁদের অনীহা আত্যন্তিক। এক কথায় এ যুগের বিদেশ্ব সমাজের দৃষ্টিভঙ্গী আপেক্ষিকতানির্ভর। অভ্যাদাশ্রী মনের পক্ষে এই অন্তিক্রম্য আপেক্ষিকতা-বোধ যে কী হৃ:দহ যন্ত্রণা তা অভিক্র ব্যক্তিমাত্রই জানেন। যে দব নৈতিক নির্দেশকে বিনা বিতর্কে শ্রেষ বলে জেনে মাইবের বিবেক এতকাল আশ্রা পেয়ে এণেছে, আজ নৃত্ত্ব, তুলনা-মূলক সমাজত্ব

এবং দব থেকে বেশী মনোবিকলনতত্ত্বের আঘাতে শিক্ষিত জীবনে তারা শিথিলমূল। ফলে এ যুগের চিস্তায়, ব্যবহারে, শিল্পকল্পনায় যে ব্যাপক শুভনান্তিক্য দেখা দিয়েছে, তাতে হৃ:থ পেলেও আশ্চর্য হবার কিছু নেই। যে কার্তেসীয় আত্মপ্রতায়ের ভিত্তির উপরে উদারতন্ত্রের সমৃদ্ধ সংস্কৃতি গড়ে উঠেছিল, আজ সেখানে পর্যন্ত ভাঙন প্রকট হয়ে উঠেছে। আমরা আতত্তে নিজেদের প্রশ্ন করছি, আত্মার ঐক্যও কি ব্রহ্মকল্পনার মত একটা ব্যবহারিক অভ্যাস ছাড়া আর কিছু নয়? নবলন্ধ জ্ঞানের আ খনে পুড়ে আমাদের আর্ক্ত অবশিষ্ট রইল? একরাশ প্রাণহীন যন্ত্রের স্কুপ, নির্বোধদের জন্য দীর্ঘদিনের সঞ্চিত মিথ্যা সংস্কার আর অভ্যাস, সকলের জন্য কতকগুলি আদিম অন্ধ বৃত্তি—আর প্রাক্তজনের জন্য নিশ্চিতির স্বর্গ থেকে নির্বাদনের নিষ্ঠুর চেত্না?

এই-যে বিশিষ্টভাবে সমকালীন মেজাজ, এরই প্রতিনিধি এলিয়টের স্থানীন আর টাইরেসিয়াস, হাক্সলির থিয়োডোর গিদ্বাল আর সার্ত্ব-এর অধ্যাপক ম্যাথিউ। এরই পূর্বাভাস বোদলেয়ারের কাব্যে ডস্টয়েভস্কির উপস্থাসে। রিল্কের পুতুলেরা এরই অন্ধকার গর্ভের জ্রন। প্রুস্ত কাফ্কা এবং জয়েসের উপস্থাস বিভিন্ন দিক থেকে এই মেজাজেরই কাহিনী। প্রাচীন ভারতের উপনিষ্দিক উপলব্ধি অথবা পশ্চিম ইয়োরোপের রনেসাঁস কিংবা আউফ্রেক্সেক্সের ঐতিহ্যে একে বোঝা যাবে না। এথানে এক আশ্চর্য যুগের স্বমাপ্তি। হয়তো-বা (তার বেশী কি বলতে পারি!) অভিনব কোন ভবিশ্বৎ যুগের ভূমিকা।

। औष्ट ।

এই রূপান্তরের অভিজ্ঞতা রবীক্রনাথের কল্পনাকে আলোড়িত করে নি।
তার মানে অবশ্য এ নয় যে তাঁর মনে কখনও সল্লেহ আসে নি অথবা
অনিশ্চিতি কখনও তাঁর চেতনায় ছায়া ফেলে নি। কিন্তু তাঁর মনের প্রত্যায়ী
সমগ্রতাকে তিনি সব সংশয় শক্ষার উপ্লের রাখতে পেরেছিলেন। শ্রীমতী
বোভোয়া যাকে বলেছেন "অন্তিত্বের মৌলিক অম্পষ্টতা", যার ফলে নাকি
আমাদের কোনও জ্ঞান, বিচার, সিদ্ধান্তই আপেক্ষিক যাথার্থ্যের বেশী কিছু
দাবি করতে পারে না, তার খবর তিনি রাখতেন না। ব্রহ্মসত্য এবং বিশ্বমানবিকতায় তাঁর অটুট আশ্বা ছিল। সং-অসং, সত্য-মিধ্যা, স্কল্ব-কুৎসিতের

৩। প্রবন্ধের শেবে তৃতীয় টীকা।

স্থান্থ পার্থক্যে তিনি বিশ্বাদ করতেন। এ পার্থক্যবাধে তাঁর কাব্যের আলোআধারিতেও এতটুকু শিথিলমূল হয় নি। এই নি:সঙ্কোচ আত্মপ্রত্যয় ছিল
বলেই তাঁর প্রকাশ প্রচারের মাত্রাচ্যুতি থেকে মৃক্ত, তাঁর লিরিক-প্রেরণা
বিতর্কবিভৃষিত নয়। উনিশ শতকের প্রথমার্ধেই ভ্যানিশ দার্শনিক কীর্কেগাআর্ড্ যে অসমাধেয় বিকল্প-সমস্রাকে দব দর্শনের মূল উপদ্ধীব্য বলে
উপস্থিত করেছিলেন, যার স্থকঠিন চেতনার পীভাতে তাঁর জ্লের প্রায় একশো
বছর পরে আন্তঃসামরিক মনের বয়:সদ্ধি ঘটেছে, যার ছাপ বিশিষ্টভাবে এ যুগের
সমস্ত চিস্তায়, শিল্লে, সমাজ-জীবনে—রবীক্রনাথের দীর্ঘ জীবনের দব রচনায়
আতিপাঁতি করে খুঁজলেও তার আভাস মিলবে না। রিল্পের দ্র্নালের পাতায়
পাতায় যে গ্লানির স্বাক্ষর, কাফ্কার উপস্থাদে যে নিরাশ্বাস আতঙ্কের
কাহিনী, জয়েস্-হাল্প্লীর নায়কদের যে অনতিক্রম্য নৈ:সন্ধ্য—আন্তর্ম, এঁদের
সমসাময়িক মহাকবির কল্পনাতে তার সামান্ততম ছায়াটুকুও পড়ে নি।

এ রূপান্তর ইয়েরেরেপের দাহিত্যে প্রথম মহায়ুদ্ধের পরই স্থান্তই হয়ে ওঠে।
বাংলা দাহিত্যে এর স্টনা ঘটেছে আরও বছর দশেক পরে—স্থীন্দ্রনাথ দত্ত,
বিষ্ণু দে প্রভৃতির কবিতায়, ধূর্জটিপ্রদাদ মুথোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়
প্রভৃতির উপত্যাদে। রবীন্দ্রনাথের তুলনায় এঁদের শিল্পপ্রতিভা অনেক সীমাবদ্ধ;
তবু নিতান্ত নির্বোধ ছাড়া বোধ হয় সকলেই স্বীকার করবেন যে এঁদের জগৎ
তাঁর জগৎ থেকে সম্পূর্ণ স্বতম্ত্র। বাংলা দাহিত্যের আধুনিকদের মধ্যে
অনেকের প্রেরণা এখন অবদিত—হয়তো বা য়ুগান্তরের মনকে শিল্পে প্রকাশ
করার দামর্থ্য তাঁদের ছিল না বলেই এত ক্রত তাঁরা ফুরিয়ে গেলেন। কিন্তু
জ্ঞানরক্ষের ফল আমরা থেয়েছি, প্রাক্তনস্থর্গের নিম্পাপ নিশ্চিভিতে আর
আমাদের ফেরার উপায় নেই। যাঁরা বৃদ্ধিমান এবং নিজেদের অসামর্থ্য
বিষয়ের সচেতন, তাঁরা অনেকে মৌন অবশ্বন করেছেন। কেউ কেউবা
মাক্সবিদের আন্তিক্য আঁকড়ে দান্তনা পাবার চেষ্টা করছেন। কিন্তু দে আন্তিক্যে
আফ্রালন বেশী, প্রত্যেরের স্থমিতি এবং লাবণ্য ক্রিছিৎ চোথে পড়ে।

হয়তো তাঁর জীবনের শেষ অধ্যায়ে রবীন্দ্রনাথও এই রূপান্তরকে অস্পষ্টভাবে অমুভব করেছিলেন। তাঁর এই যুগের কবিতায় মাঝে মাঝে একটা নিরাভরণ কাঠিন্য অপ্রত্যাশিতভাবে মনে যা মারে। কথন কথন কোন কোন গল্পে এবং প্রবন্ধেও একটা অনভ্যন্ত সংশয়ের ছায়া পড়েছে। আমার বিশাস, এই অস্পৃত্তির সঙ্গে তাঁর কিস্তৃত্তিমাকার স্কেচ এবং ছবিগুলির যোগ

আছে। কিন্তু কবি তাঁর এই অমুভূতিকে কখনও স্থন্ত চেতনার স্তরে তুলে তার মুখোমুথি হলেন না। হয়তো সেটা তাঁর প্রাজ্ঞতারই পরিচয়। অনভ্যস্ত অমুভূতির অমুসরণ করে সাধ্যের সীমানা তিনি লঙ্খন করেন নি। উত্তর-পুক্ষের হু:সহ আত্মগানির হাত থেকে তিনি তাঁর কল্পনাকে মৃক্ত রেখেছিলেন। আর নিজের সামর্থ্যের স্থমিতি মেনে যে চলতে পারে, সেই তো প্রাক্ত।

। इय ।

প্রশ্ন ওঠে, তবে কি আধুনিক পাঠকপাঠিকার কাছে রবীন্দ্রনাথের আবেদন ক্রমে আরও ক্ষীণ হয়ে আসবে? বঙ্গদেশীয় স্থূলবুদ্ধি উপাসকগোষ্ঠী তাঁর লেখা না পড়ে, অথবা না বুঝে, দলবেঁধে হৈচৈ করার প্রয়োজনে তাঁর স্থৃতিকে কাজে লাগাতে থাকবে? আর অহুভূতিশীল নব্য লেখক এবং পাঠক তাঁর রচনাবলীর মধ্যে নিজেদের স্থগভীর নৈরাশ্রের আভাসমাত্র না খুঁজে পেয়ে অক্সত্র সংবেদনার সন্ধান করবে? আমার অন্তত তা মনে হয় না। কেন মনে হয় না, তার ছটি প্রধান কারণ উল্লেখ করে এই আলোচনায় আপাতত যতি টানব।

প্রথমত, প্রত্যয়গত মিল ছাড়াও সাহিত্যের আবেদনের আরও অনেকগুলি সত্ত্র আছে। টমাদ আকীনাদের দর্শন আমার বিচারে গ্রহণযোগ্য না ঠেকলেও দাস্তের মহাকাব্য আমার বিশেষ প্রিয়। বৈষ্ণবদাধনা আমাকে কিছুমাত্র আরুষ্ট করে না, কিন্তু চণ্ডীদাদ এবং বিভাপতির পদাবলীর আমি গভীর অমুরাগী। কম্যুনিজ্মে আতান্তিক অনাস্থা দত্ত্বেও ব্রেখ্ ট্-এর নাটক গামি গভীর অমুরাগী। কম্যুনিজ্মে আতান্তিক অনাস্থা দত্তেও ব্রেখ্ ট্-এর নাটক গামির, ব্যক্তনা, এমন কবিতা আমার বিশেষ ভাল লাগে। ছন্দ, শব্দতিত্র, অলঙ্কার, ব্যক্তনা, এমন কি কাহিনী এবং কল্লিত পাত্রপাত্রীর যে আবেদন, তা তো লেখক এবং পাঠকের মধ্যে প্রত্যয়গত ঐক্যের ওপরে নির্ভর করে না। তা ছাড়া বিভাব, অমুভাব এবং দঞ্চারীভাবের দঙ্গে যুক্ত হয়ে যে দমস্ত স্থায়ীভাব রদ উৎপন্ন করে তারা দর্বপ্রাণিসাধারণ। জগতের কেন্দ্রে কোন কল্যাণময় পুরুষের অস্তিত্ব থাক্ বা না থাক্, সত্য-মিথ্যা ল্যায়-অন্যায়ের কোন স্থায়ী মানদণ্ড আবিষ্কৃত হোক বা না হোক, ভালবাদা, করুণা, ভয়, ক্রোধ, য়্বণা, বিশ্বয় ইত্যাদি চিত্তবৃত্তি আমাদের সকলের মনেই আবেগ সঞ্চার করে থাকে। এদের

৪। প্রবন্ধের শেষে চতুর্থ টীকা।

অবলম্বন করে সাহিত্যে রদের সঞ্চার হয়। এখন সাহিত্যের এইসব সম্পদে রবীন্দ্র-রচনাবলী অসামান্ত রকমে সমৃদ্ধ; শুধু বাংলায় কেন অন্ত ভাষাতেও তাঁর তুল্য সম্পন্ন কল্পনা তুর্লভ। ফলে যে কারণে আমরা অন্ত দেশ-কালের ভিন্ন ঐতিহাবলম্বী শক্তিমান সাহিত্যিকের রচনা উপভোগ করি, সেই কারণেই রাবীন্দ্রিক জীবন-দর্শনে অংশভাক না হয়েও তাঁর শিল্পস্থিই থেকে আনন্দের মাদ পাওয়া আমাদের সাধ্যায়ত্ত। সাহিত্যের বোধ যদি পৃথিবী থেকে লোপ না পায়, তা হলে মেজাজের গভীর পার্থক্য সত্তেও রবীন্দ্রনাথের বিদ্যা সম্ভোক্তা এদেশে এবং অন্য দেশে চিরদিন জুটবে।

ষিতীয়ত, আমার দৃঢ় বিশ্বাস যে-শৃত্যতাকে মানুষ শেষ কথা বলে বেশীদিন মেনে নিতে পারে না। আমাদের যুগের নিরাশ্বাস, ছন্দ্র বা প্লানিকে পাশ কাটিয়ে দায়, তারই অভিজ্ঞতায় অভিজ্ঞ হয়ে আমরা অথবা আমাদের পরবর্তী কালের মানুষ নতুন করে আবার নিজের স্কুলনসামর্থ্য আবিষ্কার করবে। বিশ্বজগতে অন্ত কোথাও যদি অর্থের সন্ধান না মেলে, তবু মানুষের সাংস্কৃতিক উত্তরাধিকার এবং ব্যক্তির অপরোক্ষামূভ্তির মধ্যে সেই সন্ধানের সমর্থন পাওয়া যাবে। এবং এ আশা যদি অসঙ্গত না হয়, তবে মানবীয় মূল্যবোধের সেই প্নক্জীবনের কালে রবীক্রনাথকে শুধু শিল্পীরূপে নয়, ভাবুক রূপেও আমরা আবার নতুন করে আবিষ্কার করব। তাঁর জীবনদর্শনের অনেকটাই হয়তো টি কবে না; কিন্তু যেটুকু টি কবে, আমার ধারণা, তার মূল্যও নিভান্ত অল্প নয়।

১। দুইবা: T. W. Rhys Davids, Dialogues of the Buddha, III, পৃ: ১০৮

২। আমার একটি ছাত্রী, এলিজাবেধ বাচ্কোভন্ধি, কিছুকাল যাবৎ রবীক্রনাধের উপরে গবেষণা করছেন। জন্মপত্রে ইনি হাঙ্গেরিয়ান। বিভিন্ন সেমিনারে রবীক্রনাধের কলজগৎ সম্পর্কে এঁর আলোচনা শুনে বিশ্বিত হয়েছি। ইনি বিশেষ যত্ন-সহকারে বাংলা শিখেছেন। এঁর গবেষণার ফল প্রকাশিত হলে আমরা সকলেই লাভবান হব। এই ধরনের কাজ অক্যাক্ত দেশেও হছে।

Simone de Beauvoir, The Ethics of Ambiguity (tr by Bernard Frechtman)

৪। আমার "নারকের মৃত্যু" গ্রন্থে ত্রেখট্-এর উপর প্রবন্ধ দ্রষ্টব্য।

বাঙালি শিক্ষিত হিন্দু ও আধুনিকতা

। जक।

যেহেত্ বামমোহন বাগ ভারতবর্ষে নব্যাইন্তার প্রথম প্রবক্তা, ববীক্রনাথ এদেশের সবেধন নীলমণি নোবেল প্রস্কার- শগুয়া কবি, এবং রবিশঙ্কর ও সত্যজিৎ রায় বিদেশে সমকালীন ভারতীয় সংস্কৃতির সবচাইতে পরিচিত প্রতিনিধি, সেহেত্ আধুনিকতায় বঙ্গভূমির নির্ব্যু স্বন্ধ সম্পর্কে শিক্ষিত, মায় অর্ধশিক্ষিত, বাঙালি হিন্দুর মনে সন্দেহের ছাগ্নামাত্রও অবর্তমান। বিহারিরা নির্বোধ, পঞ্জাবিরা স্থলবৃদ্ধি, মরাঠিরা কর্কশ, মারওয়াড়ি ও গুজরাতিরা বানিয়া, এবং তামিলরা অতিনৈষ্ঠিক,—ফলত এই জমুদ্বীপে বাঙালিরাই একমাত্র প্রকৃত প্রগতির প্রবর্তক এবং পরিচালক।

শহুরে নিম্নধ্যবিত্ত বাঙালি হিন্দুর এই নৈসর্গিক স্বকামের তুলনা সম্ভবত শুধু ফরাশিদের মধ্যেই মেলে। যদিও ভারতবর্ষের অক্যান্ত অঞ্চলের ভাষা, সাহিত্য, সমাদ্দ, সংস্কৃতি এবং সমকালীন ইতিহাস সম্পর্কে শিক্ষিত বাঙালির জ্ঞান এমনকি কোতৃহলের চিহ্ন বড়ো একটা চোথে পড়ে না (বাঙালি হিন্দু ঐতিহাসিকদের লেখা পড়লে মনে হয় ভারতীয় রেনেসাঁসের অর্থ রামমোহন থেকে রবীক্রনাথের কাহিনী?), তবু বাঙালির দৃঢ় বিশাস, আধুনিকতার চর্চায় বাঙলাদেশ বাকি ভারতবর্ষের তুলনায় অস্তত পঞ্চাশ বছর এগিয়ে আছে। প্রমাণ বাঙলা কবিতা, বাঙলা বঙ্গমঞ্চ এবং চলচ্চিত্র, কলকাতার কফি হাউস এবং বামপন্থী রাজনীতি।

অথচ এই বঙিন অধ্যাস যে নিতান্তই সযত্মলালিত আত্মপ্রতারণার উপরে নির্ভরশীল, বিষয়ম্থী প্রতিক্যাস নিয়ে বিচার করলে তা সহজেই ধরা পড়ে। তুরীয়ের সর্বগ্রাসী প্রভাব থেকে ঐহিককে মৃক্ত ক'রে তার স্বয়ংভর অন্তিত্বের স্থীকার আধুনিকতার অক্সতম বিশিষ্ট লক্ষণ। শিক্ষিত বাঙালি নিজেকে আধুনিক ব'লে দাবি করলেও তার জীবনে এবং ইতিহাসে এই স্থীকৃতির চিহ্ন তুর্লভ। বাঙালি তার হিন্দুত্ব অথবা মুসলমানত্ব অতিক্রম ক'রে আজো মহুয়ত্বের পরিজ্ঞান অর্জন করেনি। ফলে বাঙলাদেশ আজে হিন্দুপ্রধান

১। প্রবন্ধের শেষে প্রথম টীকা।

পশ্চিমবঙ্গ এবং মৃসলমানপ্রধান পূর্ব পাকিস্তানে বিভক্ত। * শিক্ষিত বাঙালির লোকায়তিক সম্প্রচার যে নিতাস্তই বাকছল মাত্র, সাম্প্রদায়িক দাঙ্গার সময়ে তার ক্রিয়াকলাপে সেটি বারবার প্রমাণিত।

অবচ যেহেতু শিক্ষিত বাঙালি হিন্দু যুক্তাভ্যাদের চর্চায় পারংগম, দেশবিভাগ এবং পৌন:পুনিক দাঙ্গার দায়িত্ব নিজের কাঁধ থেকে সরিয়ে ইংরেজের উপরে আরোপ করতে তার সদসদ্জ্ঞানে অতীতেও বাধেনি. এবং আজো বাধে না। যদিও ইংরেজ বণিকের হাতে দেশের শাসনভার তুলে দেওয়ার ব্যাপারে মুসলমানবিশ্বেষী বাঙালি হিন্দুর উত্যোগ ইতিহাসপ্রসিদ্ধ; যদিও প্রথমে চিরস্থায়ী বন্দোবস্তের দৌলতে এবং তারপর ইংরেজি শিক্ষার হ্রযোগে বাঙালি হিন্দু প্রায় সোয়াশো বছর ধ'রে পরমানন্দে নিজেদের বিক্ত, প্রতিপত্তি বাড়িয়েছে; যদিও বঙ্কিমের 'আনন্দমঠ' এবং বিবেকানন্দ-অরবিন্দের কালী সাধনাই বাঙালি হিন্দুর জাতীয়তাবাদের মৃথ্য প্রেরণা এবং প্রকাশ; যদিও তার সাহিত্যকল্পনায় বাঙালি মুসলমান এতাবৎ প্রায় আপাঙ্ক্তেয়—তর্ শিক্ষিত বাঙালি হিন্দুর ধারণায় এদেশে সাম্প্রদায়িক বিরোধের জন্ম ইংরেজের ভেদনীতি এবং মুসলমানের দেশাত্মবোধহীন উৎকাজ্জা ও উগ্র পৈশুন্তই আসলে দায়ী। ও এদেশের রাজনৈতিক দেবীপূজায় বাঙালি হিন্দু কম্যানিস্টরা পর্যন্ত প্রয়োগবাদের অজুহাতে উত্যোক্তার অংশ নিয়ে থাকেন।

অবশ্র ধর্মবিশ্বাদের প্রভাব ভারতবর্ষের সর্বত্রই প্রবল। যেথানে শতকরা আশি ভাগ লোক গ্রামাঞ্চলে চাষ্বাদের দ্বারা জীবিকা নির্বাহ করে এবং শতকরা পঁচাত্তর ভাগ স্ত্রী-পুরুষ অক্ষর-পরিচয়হীন, দেখানে এটা মোটেই অস্বাভাবিক নয়। ভারতবর্ষের অক্যান্ত প্রদেশের বৃদ্ধিজীবীরা ব্যাপারটাকে বাস্তব ব'লে মেনে থাকেন, কিন্তু বাঙালি বৃদ্ধিজীবীরা অবস্থার কোনো পরিবর্তন না-ঘটিয়েই নিজেদের মৃক্তবৃদ্ধিকে বাহ্বা দিতে উৎস্কন। অথচ তাঁদের আচার-আচরনে মৃক্তবৃদ্ধির চিহ্ন অনেক গবেষণা করেও বার করা কঠিন। একশো বছরের উপর হ'য়ে গেল বিধ্বাবিবাহ আইন পাশ হয়েছে, কিন্তু শিক্ষিত হিন্দু বাঙালির দ্বরে বিধ্বাবিবাহ এখনো কদ্বাচিৎ ঘ'টে থাকে। বিশ্ববিতালয়, রাজনৈতিক দল এবং চাকরি-বাকরির স্ত্রে ছেলেমেয়েদের মধ্যে

^{*} এই প্ৰবন্ধটি যথন লেখা হয়েছিল তৎকালে পূৰ্ব-পাকিস্তান স্বাধীন এবং স্বতন্ত্ৰ ''বাংলাদেশ'' ৰূপে প্ৰতিষ্ঠিত হয়নি।

২। প্রবন্ধের শেষে দিতীয় টিকা।

প্রেমে পড়ার স্থযোগ সম্ভাবনা কিছুটা বেড়েছে বটে, কিছ্ক বিয়ে ক'রে সংসার পাতবার সময়ে তারা প্রায় সকলেই জাতি গোত্র, ঠিকুজি কোটা, পুরোহিত প্রকরণ মেনে নিতে প্রস্তুত। হিন্দুর সঙ্গে মৃসলমানের বিয়ে দ্রের কথা, ব্রাহ্মণ বৈত্য কায়স্থের সঙ্গে তথাকথিত অস্পৃশ্যের বৈবাহিক সম্বন্ধ এখনো খাশ কলকাতা শহরে প্রায় অকল্পনীয়। যৌতুকপ্রথার বিরুদ্ধে আন্দোলনের কথা রক্ষণশীল শুজরাতে শুনেছি, কিন্তু ডিগ্রিধারী বিলেত দেরত বাঙালি যুবক যৌতুক গ্রহণে অনিচ্ছুক এটা বিশেষ চোথে পড়েনি। কয়েক বছর পূর্বে মালাবারে সেথানকার বৈষ্ণবসমাজ ঘোষণা ক'রে কয়েক হাজার নিমন্ত্রিতকে গোমাংসের ভোজে পরিত্থ করেছিলেন। বাঙলাদেশে আজকাল ডিরোজিওর শিশ্বদের নিয়ে গবেষণা হচ্ছে শুনতে পাই, কিন্তু শিক্ষিত বাঙালি হিন্দুর ঘরে গোমাংসের প্রকাশ্য প্রবেশ আজে পুরোপুরি নিষিদ্ধ। মহারাষ্ট্রে এবং পঞ্চাবে বিবর্ধমান স্ত্রী-স্বাধীনতার যতটা প্রকাশ দেখা যায়, পশ্চিম বাঙলায় তার ভগ্নাংশও অপরিস্ফুট।

। प्रहे ।

ইয়োরোপে আধুনিকতার সঙ্গে উত্তোগী বণিক ব্যবদায়ীদের সম্পর্কের কথা সকলে জানেন। তিতাগ এবং উদ্ভাবনা, সঞ্চয় এবং সংগঠন, বিজ্ঞানচর্চা এবং ব্যবহারিক জীবনে বিজ্ঞানের প্রয়োগ—আধুনিকতার প্রতিষ্ঠা এবং বিকাশে এসব অত্যস্ত প্রয়োজনীয়। ইংরেজের ঔপনিবেশিক অর্থনীতি ভারতীয়দের এ-ব্যাপারে সাহায্য না ক'রে দীর্ঘকাল নানা প্রতিবন্ধক খাড়া করে ছিল। তা সত্ত্বেও ভারতবর্ষের কোনো-কোনো অঞ্চলের কিছু মাহ্ম্য সীমাবদ্ধ সম্ভাবনার স্থযোগ নিয়ে দেশেবিদ্বেশে ব্যবসাবাণিজ্য কলকারথানা গড়ার প্রয়াস পেয়েছে। আফিকাতে গুজরাতিরা, মালয় বীপপুঞ্জে তামিলরা, পৃথিবীর অক্যান্ত অঞ্চলে সিন্ধি এবং পাঞ্জাবিরা এদিক থেকে বিশেষভাবে উল্লেখ্য। ভারতবর্ষের মধ্যেও যে-সব বেসরকারি ছোটো-বড়ো শিল্প এবং ব্যবসা গ'ড়ে উঠেছে তাতে এদের এবং পারশি ও মারওয়াড়িদের প্রাধান্ত অক্তাত নয়। কিন্তু ব্যতিক্রম ছ্-চারজনকে বাদ দিলে চাকুরিই শহরে বাঙালির প্রধান সম্বল; কিছু ভাক্তার উকিল ছাড়া অধিকাংশ শিক্ষিত বাঙালি কোনো-না-কোনো সরকারি অথবা বেসরকারি প্রতিষ্ঠানে নির্দিষ্ট বেতনে নিযুক্ত।

৩। প্রবন্ধের শেষে ততীর টীকা।

ফলে বাঙালিদের মধ্যে আধুনিকভার অনেকগুলি প্রধান চারিত্রিক লক্ষণ এতাবৎ গ'ড়ে ওঠেনি। যেহেতু অধিকাংশ শিক্ষিত বাঙালিই অপজাত জমিদার বংশান্তুত, উৎপাদনের চাইতে ব্যয়ে, সঞ্চয়ের চাইতে সস্তোগে তাদের আগ্রহ সমধিক। বিজ্ঞানের চর্চা তাদের সম্প্রতি কিছুটা আরুষ্ট করলেও প্রযুক্তির ক্ষেত্রে তারা সাধারণত হয় অনিচ্ছুক, নয় অপারগ। শব্দের খেলায় তাদের জুড়ি হয়তো এখনো ভারতবর্ধের অক্সত্র মেলে না, কিন্তু কল-কারথানা ব্যবসা-বাণিজ্ঞা, অথবা বৈজ্ঞানিক কৃষিকর্মের ক্ষেত্রে বাঙালির অযোগ্যতা প্রায় স্বত:দিদ্ধ। বাঙালি সময়নিষ্ঠাকে ব্যঙ্গ করতে ভালোবাসে; সাধ্যের অভিরিক্ত অপচয়ে তার সমধিক উল্লাস; যে-উভ্যোগ সঞ্চয়, আকলন বিকলন, এবং অবিচ্ছিন্ন ধৈর্ঘ ও প্রযত্ম দাবি করে তাতে তার আন্তরিক অনীহা। সবচাইতে মৃশকিলের কথা, সহযোগ এবং সংগঠনমূলক প্রচেষ্টা শিক্ষিত বাঙালের ধাতে সয় না। বাঙালির উৎকাজ্ফা নিভান্তই উদ্বায়ী; তার প্রতিক্রাস অসহিষ্ণু; অপবের সঙ্গে যুক্ত ক'রে ছোটোথাটো কাজ্বের মধ্যে সার্থকতা থোঁজার চাইতে নির্দায়িত্ব বিক্ষোভ এবং অতিনৈতিক অসহযোগে তার আত্মন্তরী আদর্শবাদ আরাম পায়।

শিক্ষিত বাঙালি চরিত্রের এই তুর্বলতা শুধু যে আর্থিক উন্নয়নকে তু:সাধ্য ক'রে তুলেছে তা-ই নয়, বাঙলার নাগরিক এবং রাজনৈতিক প্রশাসনও এরই ফলে নিতান্ত তুন্থিত। দায়িত্বশীল গণতন্ত্রের ক্রমবিকাশের সঙ্গে আধুনিকতার অহ্নয়ক ঐতিহাসিক। কিন্তু অধিকাংশ শিক্ষিত বাঙালি ক্রমবিকাশধর্মী গণতন্ত্রে অবিশাসী। অভিজ্ঞতা এবং অধ্যবসায়ের দ্বারা ধীরে ধীরে সামর্থ্য এবং দায়িত্বের দীমা যে বাড়ানো যায়—এ-সত্য তাঁরা শীকার করেন না। এদেশেও যে পৌরনিগম ব্যবস্থা স্থপরিচালিত এবং ফলপ্রদ হ'তে পারে মান্তান্ধ অথবা বন্ধেতে কিছুদিন বাস কর্লেই তার প্রত্যক্ষ প্রমাণ মেলে। অথচ কলকাতা কর্পোরেশনের মতো নিচ্ছিন্ম, নিরুপস্থ এবং আত্মবিনাশে উত্যোগী প্রতিষ্ঠান পৃথিবীর অন্য কোণাও মিলবে কিনা সন্দেহ। আমাদের সাধের সঙ্গে সাধ্যের কোন সম্পর্ক নেই; আমাদের ক্ষমতাম্পৃহা দায়িত্বের অত্মীকারের দ্বারা পুষ্ট; আমরা গড়ার চাইতে ভাঙাতে বেশি দড়ো; এবং ফলে আমরা সংশোধনের দ্বায়গায় সংপ্রবক্ষে আমাদের আদর্শ হিসেবে গ্রহণ করেছি।

। जिन ।

বস্তুত বাঙলাদেশে নব্য রাজনীতির প্রায় আদিযুগেই আমাদের নেতারা ক্রমিক উৎকর্ষ দাধনের পন্থা ত্যাগ ক'রে উগ্র রোম্যান্টিক বিপ্লববাদের দিকে ঝোঁকেন। ভারতবর্ষে এই মতবাদের প্রথম মনস্বী প্রবক্তা বোধহয় অরবিন্দ ঘোষ। চোদ্দ বছর বিলেতে কাটানোর পর একুশ বছরের এই যুবক যথন গাইকোয়াড়ের সেক্রেটারি হ'য়ে বরোদায় আদেন তথন দেশের অবস্থা সম্পর্কে তাঁর বিশেষ কোন জ্ঞান না-থাকলেও তৎকালীন কংগ্রেদের মডারেট নেতৃত্বকে তুলো ধুনতে তাঁর বাধেনি। New Lamps for Old নামে ধারাবাহিক যে-এগারোটি প্রবন্ধ (১৮৯৩-৯৪) তিনি বন্ধের 'ইন্দুপ্রকাশ' পত্রিকায় লেখেন তাতে মডারেটদের সমালোচনা প্রসঙ্গে নানা বক্তব্যের মধ্যে ছ টি পরপম্পরনির্ভর যুক্তিকে তিনি বিশেষ প্রাধান্ত দিয়েছিলেন। ও প্রথমত, তাঁর মতে ক্রমিক সংস্কারপন্থী রাজনৈতিক বিবর্তনের চাইতে বিস্ফোরণধর্মী সমাজবিপ্লব প্রগতির দিক থেকে অধিকতর কাম্য; ভারতীয় মডারেটরা ইংল্যাণ্ডের ইতিহাস থেকে যে শিক্ষা গ্রহণ করেছেন তার সঙ্গে তুলনায় ফ্রান্সের ইতিহাসের শিক্ষা এ-দেশের ক্ষেত্রে জনেক বেশি প্রযোজ্য এবং সম্ভাবনাপূর্ণ। দিতীয়ত, এই বিপ্লব মৃষ্টিমেয় শিক্ষিত মধ্যবিত্তের সাধ্যাতীত ; সভ্যতার পাতলা আবরণের নীচে যে-প্রচণ্ড আদিম শক্তি অতিপ্রজ প্রলেটারিয়েটের মধ্যে বিক্ষুর হ'য়ে উঠেছে তারই অগ্নিময় বিক্ষোরণ ছাড়া দমাজের আমূল রূপাস্তর অসম্ভব। ('প্রলেটারিয়েট' শব্দটি অরবিন্দ নিজেই বারবার ব্যবহার করেছেন)। ইংল্যাত্তে সাতশো বছর ধ'রে যে সামাজিক রাজনৈতিক ক্রমবিকাশ ঘটেছে তা হিমবাহের গতির সঙ্গে তুলনীয়; অপরপক্ষে "সৌভাগ্যশালী" ফরাশি দেশে অজ্ঞ এবং মহাকায় প্রলেটারিয়েট রক্ত আর আগুনের প্রায়শ্চিত্তে তেরো শতকের সঞ্চিত অত্যাচার ভয়ংকর পাঁচ বছরের মধ্যে মুছে দিয়েছে। (" ·· the first step of that fortunate country towards progress was ... through a puriffcation by blood and fire. ... the vast and ignorant proletariate that emerged from a prolonged and almost coeval apathy and blotted out in five terrible years the accumulated oppression of thirteen centuries.") a 1

যদিও এই প্রবন্ধগুলি লেখার পর সাত বছরের মধ্যে অরবিন্দ রাজনীতিতে

৪ ও ৫। প্রবন্ধের শেষে টীকা।

কোনো অংশ গ্রহণ করেননি, এবং যদিও আলিপুর জেলে শ্রীরুষ্ণদর্শনের ফলে জেল থেকে ছাড়া পাবার দশ মাদ পরেই রাজনীতি থেকে বিদায় নিয়ে তিনি ধর্মদাধনায় নিজেকে সম্পূর্ণভাবে নিযুক্ত করেন, তবু তাঁর বিপ্লববাদী প্রস্তাবের মধ্যে এই শতকের শিক্ষিত হিন্দু বাঙালির রাজনৈতিক ক্রিয়াকলাপের প্রধান স্রুটি লক্ষ না-করা কঠিন। এই শতকের স্টনা থেকেই তাঁরা উগ্র রাজনীতির প্রধান দমর্থক; ধৈর্যশীল সংস্কার এবং সংগঠনের বদলে নাটকীয় সন্ত্রাদর্যান ও ধ্বংপাত্মক আন্দোলনের প্রতি তাঁদের আগ্রহ সমধিক। গান্ধির অহিংস রাজনীতি এবং গ্রামোভোগ পরিকল্পনা এই কারণেই তাঁদের বিশেষ আরুই করেনি। অপরপক্ষে একদিকে ক্য়ানিজমের কূটাঘাতী কর্মপন্থা এবং অগ্রদিকে ফাসিজমের হিংম্র ভাবোচছ্বাস তাঁদের কাণ্ডজ্ঞানকে বারবার আছের করেছে। অরবিন্দের ঐতিহাসিক আদর্শ ফরাশিদের মতো তাঁদের রাজনীতিও নৈরাজ্যবাদ এবং একনায়কত্বের মধ্যে দোহল্যমান।

অরবিন্দ প্রলেটারিয়েটকে বিপ্লবের নায়ক হিসেবে কল্পনা করেছিলেন। যেহেতু যন্ত্ৰণভাতা এদেশে এখনো ব্যাপক প্ৰতিষ্ঠা পায়নি, মাক্সীয় অর্থে প্রলেটারিয়েট ভারতীয় সমাজের একটি ক্ষ্দ্র অংশ মাত্র। (অবশ্র পশ্চিমের যে-সব দেশে মজুরভোণী সংখ্যাগুরু সেখানে তাঁরা সংপ্লবের চাইতে সংরক্ষণকেই বেশি সমর্থন করেন)। অরবিন্দের প্রলেটারিয়েট আদলে সমাজের দ্রিত্র-সাধারণ, এবং যেহেতু বাংলাদেশে তারা হিন্দু-মুদলমানের মধ্যে প্রায় সমবিভক্ত, হিন্দু উগ্র বিপ্লববাদীরা যতই তাঁদের নিজ সম্প্রদায়ের প্রলেটারিয়েটকে দলে টানার চেষ্টা পেয়েছেন ততই মুসলমান প্রলেটারিয়েটের সঙ্গে তাঁদের সংঘর্ষ প্রকট হ'য়ে উঠেছে। লোকায়তিক শিক্ষার প্রদার এবং গণতান্ত্রিক সহিষ্ণুতা ও সহযোগের ক্রমিক বিবর্তনের পথে হয়তো এই বিরোধের একদিন শান্তিপূর্ণ সমাধান ঘটতে পারতো। কিন্তু অরবিন্দ থেকে স্থভাষচক্র পর্যস্ত বাঙলার স্বদেশী নেতারা প্রায় সকলেই কালীভক্ত; এবং তাঁদের উগ্র রোম্যাণ্টিকতা বাঙালির ক্বশিত কাওজ্ঞানকে শক্তিশালী করার পরিবর্তে তার অসহিষ্ণু উৎকাজ্জায় ইন্ধন জুগিয়েছে। দেশ ছ-ভাগ হ'য়ে যাওয়ার পরও যে বাঙালি তার ইতিহাস থেকে বিশেষ কিছুই শেথেনি, ষাট দশকের পশ্চিমবঙ্গের রাজনীতি ভারই প্ৰমাণ।

७। প্রবন্ধের শেষে ষষ্ঠ টীকা।

। চার ।

শিক্ষিত হিন্দু বাঙালির চরিত্রগত হর্বলতার পিছনে ভূগোলের হাত কতথানি বলা শক্ত, কিন্ধ ইতিহাসের প্রভাব অনস্বীকার্য। পালরাজাদের আমলে বাঙালি কিছুটা স্বাতম্ভ্রা অর্জন করে; বাঙলা ভাষার উদ্ভবের মধ্যে তার প্রকাশ দেখা যায়। কিন্তু বাঙালির সামা: ছক-সাংস্কৃতিক আদল তৈরি হয় পরবর্তী দেন-বর্মন পর্বে। বাঙালাদেশে ক্ষাত্রিয় বা বৈশ্য নেই; ব্রাহ্মণ ছাড়া আর যতো বর্ণ আছে সকলেই সংকর এবং শূদ্র। এদের মধ্যে স্বচাইতে উচুতে আদন পেয়েছেন করণ বা কায়স্থ এবং অম্বষ্ঠ বা বৈছ—এঁরা উত্তম-সংকর বা সংশূতদের মধ্যে প্রধান। অপরপক্ষে সমাজে যাঁরা উৎপাদন করেন অথবা ব্যবসা-বাণিজ্যে নিযুক্ত তাঁদের অনেককেই নামিয়ে দেওয়া হয়েছে মধ্যম-দংকর বা অসৎ শৃদ্রের পর্যায়ে। বাকিরা অধম-সংকর বা অন্ত্যজ-অম্পৃশ্রের অন্তভুক্ত। বাঙলাদেশে সেন-বর্মন আমলে যে সমাজব্যবস্থা চালু হয় তার ফলে ত্রাহ্মণ, কায়স্থ, বৈত অর্থাৎ বুদ্ধিজীবী এবং মদিজীবীরা হন কর্তা; ম্বর্ণকার এবং অক্যান্ত কারিগর ও বণিকরা তাঁদের সামাজিক মর্যাদা হারান ; এবং ব্রাহ্মণেতর শুদ্রদের এমন ক'রে ছত্রিশ জ্বাতে বিভক্ত করা হয় যার তুলনা সম্ভবত ভারতবর্ষের আর কোথাও মেলে না। তারই সঙ্গে অতিপ্রজ বিধিনিষেধ, পূজাত্মান, দশকর্মপদ্ধতি, প্রায়শ্চিত্ত-প্রকরণ ইত্যাদির ঘুণ ধরানোর ফলে বাঙালি হিন্দু প্রায় তার ইতিহাসের আদিয়ুগেই উত্তোগ এবং বিকাশের ক্ষমতা হারাতে শুরু করে।

ইসলাম বাঙলাকে হয়তো এই অবস্থা থেকে উদ্ধার করতে পারতো, কিন্তু তা ঘটেনি। হিন্দু সমাজ থাঁদের সবচাইতে নিচুতে নামিয়ে দিয়েছিলো প্রধানত তাঁদেরই একটা বড়ো অংশ বাঙলাদেশে ইসলাম ধর্ম গ্রহণ করেছেন, কিন্তু রাজা ম্দলমান হওয়া সত্ত্বেও এঁরা না পেরেছেন তারই স্থযোগ নিয়ে নিজেদের অবস্থার উন্নতি করতে, না পেরেছেন বদলাতে সমাজের কাঠামো। স্বর্ণকার এবং বণিক-বাবসায়ীদের মধ্যে অনেকে পরে বৈষ্ণব ধর্মে দীক্ষা নিয়েছেন; কিন্তু যে-ধর্মের মূল সাধনা ঘাদের মতো নম্র এবং সর্বংসহ হওয়া সমাজসংস্কার তার কাজ নয়। অপরপক্ষে বাঙলার ব্রাহ্মণ-কায়স্থরা ম্দলমান রাজার সঙ্গে সহযোগিতা ক'রে নিজেদের আর্থিক সামাজিক প্রাধান্ত বজায় রেখেছেন

৭। প্রবন্ধের শেষে সপ্তম টীকা।

৮। প্রবন্ধের শেষে অষ্টম টীকা।

কিন্তু ইদলাম ধর্ম থেকে তাঁরা বিশেষ কিছু গ্রহণ করেননি; বরং নিভান্তন নিষেধ এবং বিভেদ রচনা ক'রে সমাজের জড়িমা বাড়িয়েছেন।

আঠারো শতকে মুসলমান নবাবকে হটিয়ে ইংরেজ যথন বাঙলাদেশে নিজের ক্ষমতা প্রতিষ্ঠিত করে তথন তার প্রধান সহযোগী হন উচ্চবর্ণের কিছ বাঙালি হিন্দু। তাঁদের মধ্যে অনেকে কোম্পানির দালালি ক'রে রাতারাতি বড়লোক হ'য়ে ওঠেন। কিন্তু থেহেতু তাঁদের না ছিল ব্যবসা-বাণিজ্যে আগ্রহ, না ছিল থুব বেশি স্থযোগ, জমিদারির মধ্যেই তাঁরা নিজেদের সার্থকতা থোঁজেন। ক্রমে ইংরেজের সামাজ্য ভারতবর্ষের অক্যান্ত অঞ্চলে ছড়িয়ে পড়ে। স্থবাট (১৯৪৮), মাদ্রাজ (১৯৪৬) এবং বম্বেতে কোম্পানি অনেক জাগে ফ্যাক্টরি পত্তন করা দত্ত্বেও যেহেতু বাঙলাদেশেই ইংরেজ সাম্রাজ্যের স্থচনা এবং প্রথম ভিত্তি, দেই কারণে কলকাতা হয় এই সামাজ্যের রাজধানী। সাম্রাজ্যের প্রসারের সঙ্গে-সঙ্গে সরকারী কর্মচারীর সংখ্যাও বৃদ্ধি পায়। উপরের পদগুলি নিজেদের একচেটিয়া দুখলে রেখে ইংরেজ সরকার নিচের পদগুলিতে এদেশি লোক নিয়োগের নীতি নেয়। > ° বাঙলার বান্ধান, কায়স্থ, বৈছের মধ্যে তথন ইংরেজি শেখার আগ্রহ থুব বেড়ে ওঠে, কারণ সরকারি চাকুরি এবং আর্থিক উন্নতির জন্ম ইংরেজি শিক্ষার প্রয়োজন অভ্যস্ত স্পষ্ট। বাঙালি মুদলমানদমাজ কিন্তু দীর্ঘকাল এ-ব্যাপারে লাভবান হননি। তাদের মধ্যে বেশির ভাগই ছিলেন দ্বিদ্র অশিক্ষিত গ্রামবাসী, এবং নবাবের আমলে তাদের মধ্যে যারা ছিলেন বিত্তবান বা প্রতিপত্তিশালী তাঁদের বংশধরেরা স্বাভাবিক আত্মাভিমানবশত ইংবেজর প্রতিষ্ঠাকে স্বাগত করতে পারেননি।১১

উৎকাজ্জী বাঙালি হিন্দুর ইংরেজি চর্চা এবং ইংরেজের প্রতি আহুগত্যের পিছনে স্বার্থচিস্তার উপস্থিতি অত্যন্ত প্রকট। ইংরেজদের তল্পি ব'য়ে তাঁরা বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়েন; উনিশ শতক ধরে ভারতবর্ষের ইতিহাদে বাঙালি হিন্দুর মুক্ষবিশ্বানার এটাই অন্যতম প্রধান কারণ। কিন্তু ইংরেজ এদেশে শুধু সাম্রাজ্য প্রতিষ্ঠা করেনি; তারা ভারতবর্ষে আধুনিকতারও প্রবর্তক। এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠার পর থেকে পশ্চিমের নব্যভাবধারা এদেশে ছড়াতে শুকু করে, এবং ইংরেজি শিক্ষার স্ব্রে সেই ভাবধারার সঙ্গে শহরবাদী

^{»।} প্রবাদ্ধের শেষে নবম টীকা ·

১০। প্রবন্ধের শেষে দশম টীকা

১১। প্রান্ধেং শেষে একাদশ টীকা

বাঙালি হিন্দুর ক্রমে পরিচয় ঘটে। যুক্তিবাদ এবং উপযোগবাদ, আরোহী বিচার এবং ঐতিহাসিক গবেষণা, ব্যক্তি-স্বাধীনতা এবং মানবীয় স্বধিকারতন্ত্র এঁদের অনেকের মনে গভীর আলোড়ন আনে, এবং ফলে এঁদের মধ্যে কিছু ব্যক্তি নিজেদের সমাজ, ধর্ম এবং শিক্ষার সংস্থারে প্রবৃত্ত হন। এই উত্তোগের প্রথম প্রতিভাবান নেতা এবং প্রবক্তা হচ্ছেন রামমেহেন রায়; তাঁর পরে বাঙলাদেশে ঈশবচন্দ্র বিভাদাগর এবং অক্ষয়কুমার দত্ত, মহারাষ্ট্রে গঙ্গাধর শান্ত্রী জাম্বেকর (১৮১২-৪৬), গোপালহরি দেশমুখ 'লোকহিডবাদী' (১৮২৩-৯২), এবং যতিবা গোবিন্দ ফুলে (১৮২৭-৯০); গুজবাতে তুর্গারাম মঞ্চরাম (১৮০৯-৭৬) ও নর্মদাশকর (১৮৩৩-৮৬), মাদ্রাজে বীরেশলিক্সম পণ্ট্রলু (১৮৪৮-১৯১৯) প্রভৃতি ভাবুক এবং সংস্কারক এই আন্দোলনে আত্মনিয়োগ করেন।^{১২} নৃতন চিন্তা, জ্ঞান, অমুভব এবং উত্যোগের চাপে ভারতের বিভিন্ন আঞ্চলিক ভাষায় গন্থ-দাহিত্য গ'ড়ে ওঠে, এবং ক্রমে তার প্রভাবে কবিতার মধ্যযুগীয় ঐতিহ্নেও ভাঙন ধরে। যেহেতু ১৯১১ খ্রীষ্টাব্দে দিল্লিতে রাজধানী সরিয়ে নিয়ে না-যাওয়া পর্যস্ত কলকাতা ছিল ইংরেজ-শাদিত ভারতের প্রধান শহর, দেহেতু ইংরেজ-প্রবর্তিত আধুনিক ভাবনা-চিন্তার দক্ষে শিক্ষিত বাঙালি হিন্দু অন্য ভারতীয়দের তুলনাম বেশী দীর্ঘ এবং ব্যাপক পরিচয়ের স্থযোগ পেয়েছেন, এবং তার ফলে বাংলা ভাষা এবং সাহিত্য কিছুটা আগেই বিকাশলাভ করেছে।

কিন্তু সমাজের বিকাশ ভাষা বা সাহিত্যের সঙ্গে তাল রেথে চলেনি। বাঙলাদেশে যাঁরা রামমোহন-বিভাসাগরের মতো আধুনিক চিস্তায় উঘুদ্ধ হয়েছিলেন তাঁদের নির্ভরযোগ্য সহকর্মী জুটেছিল অত্যন্ত অল্প। বিভাসাগর তো প্রায় সারা জীবনই নিঃসঙ্গ পুরুষ; বিধবাবিবাহের জন্ম তাঁকে বলতে গেলে ঘুষ দিয়ে পাত্র সংগ্রহ করতে হয়েছে; শেষ-জীবনে বাঙালির ওপরে বীতশ্রদ্ধ হ'য়ে তিনি প্রায় সমস্ত উভোগ থেকে স'রে যান। এতবড়ো প্রতিভাধর ব্যক্তিত্বের এমন ব্যর্থতা ইতিহাসে খুব বেশি চোখে পড়ে না; একমাত্র বাঙলা গভের বিকাশে তাঁর দান কিছুটা সার্থকতা পেয়েছে। রামমোহনের সহকর্মীরা যে কী দরের মাহুষ ছিলেন তিনি বিলেত যাবার পরই ব্রাহ্মসমাজের ছরবন্ধা থেকে তা বোঝা যায়। পরে দেবেক্রনাথ ব্রাহ্মধর্মীয় আন্দোলনকে আবার শক্তিশালী করেন, কিন্তু সমাজসংস্কারে তাঁর বিশেষ উৎসাহ ছিল না। বরং এদিক থেকে তাঁর সঙ্গে রক্ষণশীল হিন্দু নেতা রাধাকান্ত দেবের মিল বেশি

>২ ৷ প্রবন্ধের শেবে দ্বাদশ টীকা

শাষ্ট। হিন্দু কলেজের শিক্ষক কৈলাসচন্দ্র বস্থ এবং ছাত্র গুক্রচরণ সিংহ যথন থ্রীষ্টধর্ম গ্রহণ করেন তথন তাঁদের বিতাড়নের প্রচেষ্টার দেবেন্দ্রনাথ রাধাকাস্তের সহযোগী। পরে হীরা বুলবুল নামে একজন বাইজির ছেলেকে হিন্দু কলেজে ভর্তি করার প্রতিবাদে রক্ষণশীল হিন্দু মুক্রবিরা যথন হিন্দু মেট্রোপলিটন কলেজ প্রতিষ্ঠা করেন (১৮৫৩) তথন তাতেও দেবেন্দ্রনাথ একজন প্রধান উত্যোক্তা। ১৩ তত্ববোধিনী পত্রিকার পরিচালকদের মধ্যে লোকায়তিক দৃষ্টিভঙ্গির আভাগ পেয়ে তিনি শেষ পর্যস্ত তত্ববোধিনী সভা তুলে দেন (১৮৫৯); ১৪ এবং পরে জাতিভেদ প্রথার উচ্ছেদ, অসবর্ণ-বিবাহ প্রচলন ইত্যাদি ব্যাপারে কেশবচন্দ্র দেনের সঙ্গে মতভেদের ফলে ব্যাক্ষদমাজ যথন হ-টুকরো হ'য়ে যায় তথন দেবেন্দ্রনাথের রক্ষণশীলতা পরিস্কৃট হ'য়ে ওঠে। ১৫

ফলত বাঙলাদেশে সমাজসংস্কার আন্দোলন কোনোদিনই ব্যাপক সমর্থন পায়নি। আধুনিক শিক্ষার প্রসার শহরে হিন্দু মধ্যবিত্তের মধ্যেই সীমাবদ্ধ ছিল, এবং এঁদের মধ্যেও খ্ব বেশি লোক আধুনিক দৃষ্টিভঙ্গিকে পুরোপুরি গ্রহণ করেননি। একদিকে সংস্কারকরা নিজেদের বিভিন্ন প্রস্তাবকে গ্রহণীয় করার উদ্দেশ্যে শাল্লীয় অথরিটির আশ্রয় নিয়েছেন; মহারাষ্ট্রের অস্তাজ ভাবুক যভিবা ফুলের মতো হিন্দু ঐতিহ্ এবং লোকাচারকে পুরোপুরি বাভিল ক'রে যুক্তিবাদ এবং লোকায়তিক শুভবুদ্ধির ভিত্তিতে সমাজদংস্কারের প্রস্তাব বাঙলাদেশে কেউ কথনো করেছেন ব'লে মনে পড়ে না। ১৬ অক্তদিকে ব্যাপক জনসমর্থনের অভাবে সংস্কারকদের বারবার ইংরেজ সরকারের কাছে আবেদন করতে হয়েছে যাতে তাঁরা আইন ক'রে সমাজসংস্কারের পথ সরল ক'রে দেন। ফলে পরিবর্তন সাধারণ মাহ্রের মনে কোনো গভীর প্রভাব ফেলেনি, এবং যেহেতু সিদ্ধান্তের দায়িত্ব শেষ পর্যন্ত বিদেশি সরকারের ওপরে বর্তিয়েছে, সেই সিদ্ধান্ত অনুযায়ী সমাজসংগঠনের উত্যোগ আগাগোড়াই হুর্বল থেকে গেছে।

১৩ ৷ প্রবন্ধের শেষে ত্রয়োদশ টীকা

১৪। প্রবন্ধের শেষে চতুর্দশ টীকা

১৫। প্রবন্ধের শেবে পঞ্দশ টীকা

১৬। প্রবন্ধের শেষে ষোড়শ টীকা

। औष्ट ।

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে শিক্ষিত বাঙালি হিন্দু ক্রমে রাজনৈতিক ক্ষমতা অর্জনের দিকে ঝোঁকেন। ইংরেজ তাঁদের কিছু-কিছু দাবিদাওয়া মানলেও বিদেশি সামাজ্যবাদের পক্ষে তাঁদের বর্ধমান উৎকাজ্জা মেটানো সম্ভবপর ছিল না। হিন্দু বুদ্ধিজীবীরা তখন আবিকার করেন যে জনসমর্থন ছাড়া রাজনৈতিক দাবি নিতান্তই অশক্ত, এবং খাধুনিকতা তাঁদের ঐতিহাশ্রী জনসাধারণ থেকে বিচ্ছিন্ন করেছে। নব্য শিক্ষার ব্যাপক প্রসারের দ্বারা সমাজকে আধুনিক জীবনবোধে উদ্বৃদ্ধ করার জন্য যে-অধ্যবদায়, নিষ্ঠা এবং সাংগঠনিক সামর্থ্য প্রয়োজন, তা তাঁদের ছিল না। স্থতরাং আধুনিকভার পারক্য পরিত্যাগ ক'রে এবং সমাজসংস্কারের কর্মস্থচীকে ধামাচাপা দিয়ে তাঁদের মধ্যে অনেকেই জনসংযোগের প্রত্যাশায় ধর্মদ্বজী এবং স্বাজাত্যাভিমানী হ'য়ে উঠলেন। যেহেতু এঁরা সকলেই হিন্দু, বাঙলাদেশের অর্ধেক অধিবাসী মুসলমানদের সমর্থন পাবার কথা এঁদের মনে আদেনি। নবগোপাল মিত্র শুরু করলেন হিন্দুমেলা (১৮৬৭), যদিও তার নাম হ'ল জাতীয় মেলা।^{১৭} রাজনারায়ণ বস্থ, 'হিন্দুধর্মের শ্রেষ্ঠতা' (১৮৭২), প্রতিপন্ন ক'রে জাতীয়তাবাদীদের গুরু হ'য়ে উঠলেন। হিন্দুজাতির এক মহাসমিতি গ'ড়ে তোলা হয়ে উঠলে। তাঁর জীবনের উদ্দেশ্য। বঙ্কিমের 'আনন্দমঠ' (১৮৮২) বাঙালি হিন্দুকে শেখালো দশভুজা দেবীমৃতিরূপে স্বদেশকে পূজা করতে; তার মন্ত্র হ'লো বনেদ মাতরম্। দলে-দলে শিক্ষিত হিন্দু যুক্তিবাদ, আরোহী বিচার এবং সমাজ্ঞসংস্কারের হঃসহ দায়িত্ব ঝেড়ে ফেলে দীক্ষা নিতে ছুটলেন দক্ষিণেখরের স্বেচ্ছা-সংবেশিত মহাত্মার কাছে। রামক্ষেত্র প্রধান শিষ্ত বিবেকানন্দ বাঙালি হিন্দুর মনে স্বাজাতিকতা, গণপূজা এবং কালীসাধনার মিশ্রণ ঘটিয়ে প্রবল উদ্দাপনার সঞ্চার করলেন। ত্রিধাবিভক্ত ব্রাক্ষ আন্দোলন তারই ধাকায় মোহমান ; বাঙালির আপতিক আধুনিকতা চাপা পড়লো ধর্মীয় বাজনীতির নিচে।

ইত্যবসরে মুসলমানদের মধ্যেও রাজনৈতিক-সাংস্কৃতিক জাগরণ শুক হয়েছিল। হিন্দু স্বাজাতিকতার প্রতিক্রিয়ায় তাঁদের নেতারাও ধর্মের ভিত্তিতে জনসমর্থন খুঁজলেন, এবং তার ফলে হিন্দু-মুসলমানের মধ্যে যে-

১৭। প্রবন্ধের শেষে সপ্তদশ টীকা

বিরোধ প্রবল হ'য়ে উঠলো ইংরেজ শাসক তার স্থযোগ নিতে অবহেলা করলেন না। বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনের মধ্য দিয়ে বাঙালি হিন্দু বাঙালি ম্সলমানকে দেশস্রোহী রূপে ভাবতে অভ্যন্ত হ'লো; তার উগ্র স্বাজাতিকতা রাজনৈতিক হঠযোগে সিদ্ধির সন্ধান করলো। ১৮ তারপর কলকাতা থেকে রাজধানী দিল্লীতে উঠে যাওয়ার পর ভারতবর্ষে শিক্ষিত বাঙালি হিন্দুর প্রাধান্তের যুগ শেষ হ'য়ে এলো। ১৯ তথন থেকে তার ব্যর্থ উচ্চাভিলাষ উত্তর ভারতকে বাঙলার শক্র হিসেবে ভাবতে আরম্ভ করেছে। তার উগ্র আত্মাভিমান তাকে ক্রমেই অন্ত দব অঞ্চল থেকে বিচ্ছিন্ন ক'রে ধ্বং পাত্মক নির্দায়িত্বের দিকে ঠেলে দিয়েছে।

ফলত যথার্থ আধুনিকতা শিক্ষিত বাঙালি হিন্দুর জীবনে, চরিত্রে অথবা সমাজে শিকড় ছড়াতে পারেনি। তার রাজনীতি তাই অপ্রতিষ্ঠ; তার আর্থিক অবস্থা প্রায় দেউলিয়া; তার মনের গঠনে এবং আচার-আচরণে কাণ্ডজ্ঞানের চাইতে প্রক্ষোভ অনেক বেশি প্রবল। একমাত্র তার ভাষা এবং সাহিত্যের মধ্যে আধুনিকতা কিছুটা প্রকাশ লাভ করেছে। হয়তো সেন-বর্মন যুগ থেকে মিনজীবীরা বাঙলা সমাজে প্রাধান্ত পেয়ে এসেছেন ব'লেই বাঙালি ভাষার ব্যাপারে স্কবেদী। তাছাড়া দেড়শো বছর ধ'রে ইংরেজি চর্চার ফলে শিক্ষিত বাঙালি তার নিজের ভাষায় আধুনিক ভাবনা-চিন্তার প্রকাশে অনেকটা দক্ষতা অর্জন করেছে। একে হয়তো কূটাভাস মনে হ'তে পারে, কিছ জীবনে যাকে প্রতিষ্ঠা দেওয়া গেল না, কথার জাত্তে সেই অম্লপ্রত্যক্ষকে মূর্ত করার প্রয়াস বৃদ্ধিজীবীরে পক্ষে মোটেই অস্বাভাবিক নয়। অন্তত আমার সন্দেহ যে ফরাশি বৃদ্ধিজীবীদের মত বাঙালি শিক্ষিত হিন্দুও অন্তিম্বাত ত্র্বলভার ক্ষতিপূরণ খুঁজেছে সাহিত্যের কালনিক জগতে।

১৮। প্রবন্ধের শেষে অষ্ট্রাদশ টীকা

১৯। প্রবন্ধের শেষে উনবিংশ টীকা

⁽১) যেমন কে. কে. দত্তের Dawn of Renascent India, হরিদাস ও উমা মুধার্জির The Growth of Nationalism in India, অথবা নিমাইসাধন বহুর The Indian Awakening and Bengal।—এর। এমনভাবে ইতিহাস লিখেছেন যেন উনিশ শতকে ভারতবর্ধের সমস্ত উল্লেখ্য আন্দোলন বাংলাদেশেই ঘটেছিল। এদের সঙ্গে তুলনার Charles H. Helmsath-এর Indian Nationalism and Hindu Social Reform গ্রন্থে ভারতীয় জাগরণের অনেক অনেক বেশি হুসমঞ্জস বিবরণ মেলে।

- (২) রমেশচন্দ্র মজুমদার (History of the Freedom Movement in India), কে. কে. দত্ত (Renaiseance, Nationalism and Social Change in Modern India), নিমাইসাধন বহু (The Indian National Movement) সকলেই ইংরেজ এবং মুসলমান নেতাদের দায়ী করেছেন। আধুনিক ভারতীয় ইতিহাসের এই দিকটি নিরে নিরপেক্ষ এবং তথ্যনিষ্ঠ আলোচনা এথনো শুরু হয়নি। দুইবা এই লেখকের প্রবন্ধ Journal of Contemporary History, Vol. 2, No. 1 (January 1967)।
- (৩) এ-সম্পর্কে প্রচুর বই এবং প্রবন্ধ লেখা হয়েছে। বিশেষ ক'রে Alfred von Martin-এর Sociology of the Renaissance দুষ্টবা।
- (৪) অরবিন্দের এই প্রবন্ধগুলির প্রতি সম্প্রতিকালে প্রথম দৃষ্টি আকর্ষণ করেন গিরিজাশঙ্কর রায়চৌধুরী তার 'শ্রীঅরবিন্দ ও বাঙ্গলায় খদেশী যুগ' (১৯৫৬) গ্রন্থে। পরে হরিদাস এবং উমা মুধান্ধি এর মধ্যে ন-টি প্রবন্ধ সংগ্রহ ক'রে তাদের সম্পাদিত Sri Aurobindo's Political Thought পুত্তকের অভ্রন্থ করেছেন। অরবিন্দের জীবনের আদিপর্ব নিয়ে এ-পর্যন্ত যত বই বেরিয়েছে গিরিজাশ-ছরের বইটি তাদের মধ্যে স্বচাইতে তথ্যসমুদ্ধ এবং বিশ্লেষণাত্মক।
- (c) Sri Aurobindo's Political Thought, পৃ ৮৪। কিছুকাল আগে পেঙ্গুইন অমুবাদ প্রকাশিত Frantz Fanon-এর The Wretched of the Earth-এর বক্তব্যের সঙ্গে অরবিন্দের যুক্তির অনেক মিল আছে। যদিও আফ্রিকায় সমকালীন বিপ্লবপ্রচেষ্টাই এই বইটির মুখ্য উপজীব্য. বাঙলার এখনকার রোম্যাণ্টিক বিপ্লববাদীদের মনে বইটি সাড়া জাগাবে।
- (৬) রণীন্দ্রনাথ অবশু গান্ধির বিজ্ঞানবিম্থতা এবং অসহযোগের সমালোচনা করেছেন এবং তাঁর সেই সমালোচনার সঙ্গে আমি সম্পূর্ণ একমত, কিন্তু শিক্ষিত বাঙালির উপরে রবীন্দ্রনাথের চিন্তার প্রভাব থ্ব কম। বাঙালি হিন্দু তরুণরা যে গান্ধিকে ছেড়ে হিটলার-মুসোলিনিভক্ত এবং বিবেকানন্দ্রপন্থী স্ভাবচন্দ্রকে নেতা করেছিলেন তার মধ্যেই তাঁদের উগ্র অসহিষ্ণু প্রতিফ্রাসের নির্দেশ মেলে।
- (৭) নীহারর প্রন রায় তাঁর অমূল্য গ্রন্থ 'বাঙালীর ইতিহাস, আদিপর', ষষ্ঠ অধ্যায়ে এ-সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন। হুর্ভাগ্য, বাঙলায় মুদলমান-যুগ সম্পর্কে এ ধরনের বিশ্লেষণনীল ইতিহাস আজো লেখা হয়নি।
 - (৮) পঞ্জাবে শিথধর্মের বিবর্তন সেথানকার ইতিহাসকে অন্ত পথে নিয়ে গেছে।
- (৯) নরেন্দ্রকৃষ্ণ সিংহ, The Economic History of Bengal, দ্বিতীয় থণ্ড, নৰম প্রিচেছদ দ্রষ্টব্য।
- (১০) ১৮২৮ খ্রীষ্টাব্দে ইংরেজ সরকারের ভারতীর বেসামরিক কর্মচারী ছিল ১,১৯৭; বিশ বছর পরে হয় ২,৮১০। ইংরেজ শাসনে ভারতীয় মধ্যবিত্তের বিকাশ সম্পর্কে ম্লাবান আলোচনা করেছেন বি বি মিশ্র তাঁর The Indian Middle Class; Their Growth in Modern Times এবং অনিল শীল তাঁর The Emergence of Indian Nationalism বই ছটিতে।
- (১১) ১৮৪৫ খ্রীষ্টাব্দে ভারতবর্ষে সরকারি অর্থে প্রতিপালিত বিভালয়গুলির মোট ছাত্রসংখ্যা ১৭.৩৬০ : তার মধ্যে হিন্দ ১৩,৬৯৯ : মুসলমান ১,৬৩৬ ; খ্রীষ্টান ২৩৬।

- (১২) অবাঙালি নব্যভাবুকদের সম্বন্ধে পূর্বোক্ত Heimsath-এর বইটিতে অনেক তথ্য আছে। তাছাড়া দুষ্টবা; Memoirs and Writings of Acharya Bal Shastri Jambhekar (পুনা, ৪ খণ্ড); A. K. Ghorpade, Mahatma Phule (মরাটিতে লেখা); J. Gurunadham, Viresalingam; The Founder of Telegu Public Life; S. Natarajan, A Century of Social Reform in India: N. R. Pahtak and others, Rationalists of Maharashtra, ইত্যাদি।
- (১৩) যোগেশচন্দ্র বাগল, 'জাতিবৈর বা আমাদের দেশাত্মবোধ', পৃ ৭১-৭২, ৮০-৮১; 'দেবেন্দ্রনাথ ঠাকুর' (সাহিত্য-সাধক চরিতমালা), পৃ ৫০-৫১। বাগল মহাশয়ের ভাষায় 'ঐাষ্টান মিশনারীদের আক্রমণ হইতে হিন্দুধর্ম ও সমাজ রক্ষা প্রচেষ্টায় দেবেন্দ্রনাথ ধর্মসভার অধ্যক্ষ রাজা রাধাকান্ত দেবকে প্রধান সহায় রূপে পাইয়াছিলেন।' (ঐ, পু ১২)।
- (১৪) 'কতকণ্ডলান নান্তিক এস্থাধ্যক্ষ হইরাছে, ইহারদিপকে এ পদ হইতে বহিষ্কৃত না করিয়া দিলে আর ব্রাহ্মধর্ম প্রচারের স্থবিধা নাই।' রাজনারায়ণ বস্থকে লেখা দেবেন্দ্রনাথের পত্র, মার্চ ১৮৫৪। এই গ্রন্থাধ্যক্ষদের মধ্যে প্রধান ছিলেন বিভাসাগর।
- ে (১৫) ১৮৭৩ খ্রীষ্টাব্দে রবীক্রনাথের যথন উপনন্ধন হয় মহর্ষি দেখানে তাঁর ঘনিষ্ঠতম প্রাক্ষ বন্ধু রাজনারায়ণ বহুকে বসতে দেননি—কারণ রাজনারায়ণ শৃজ। (রাজনারায়ণ বহুর 'আত্মচরিত', পু ১৯৯)।
- (১৬) ফুলে তাঁর মহাগ্রন্থ 'গুলামগিরি'-তে বিচার-বিশ্লেষণ ক'রে দেখিরেছিলেন যে হিন্দুধর্ম এবং ব্রাহ্মণ সংস্কৃতিই ভারতবর্ষের সমস্ত সামাজিক, আর্থিক, রাজনৈতিক সমস্তার মূল কারণ। তাঁর প্রতিষ্ঠিত 'সত্যশোধক সমাজ'-এর উদ্দেশ্য ছিল ধর্ম এবং শান্তের শাসন থেকে সাধারণ মামুষকে উদ্ধার করা। 'গুলামগিরি (১৮৭২) বইটির বাংলা অনুবাদের বিশেষ প্রয়োজন আছে।
- (১৭) 'স্থাশনাল নবগোপাল' এ-কে 'জাতীয়' নাম দিলেও এটি যে তথ্ হিন্দুদেরই মিলনস্থান ছিল যোগেশচন্দ্র বাগলের 'জাতীয়ভার নবমন্ত্র বা হিন্দুদেলার ইতিবৃত্ত' থেকে তা স্পষ্ট বোঝা যায়। 'হিন্দুজাতির সর্বশ্রেণীর মধ্যে জাতীয় ভাবের বর্ধন'—মেলার এই মূল উদ্দেশু বারবার ঘোষণা করা হয়। নবগোপাল তাঁর পত্রিকা The National Paper-এ লেখেন; "...the Hindoos... certainly form a nation by themselves, and as such a society established by them can very properly be called a National Society." (৪ ডিসেম্বর ১৮৭২)। ঐ পত্রিকার অন্ত এক সংখ্যায়: "Let us hope that the Mela will be a binding power endearing the Hindu name to the Aryan people wherever scattered through India." শুধু হিন্দু নয়, একেবারে স্থার।
- (১৮) রৰীন্দ্রনাথ 'ঘরে-বাইরে'-তে তার কিছুটা ইঙ্গিত দিয়েছেন; 'চার অধ্যায়' উপস্থাদে ব্যাপারটা ম্পষ্টতর করার কলে তাঁকে কম আক্রমণ সহ্ম করতে হয়নি।
- (১৯) বাঙলার উগ্র রাজনীতির এই দিকটি সম্পর্কে 'সিডিশন কমিটির রিপোর্ট'-এ (১৯১৮) বে আলোচনা আছে বাঙালি বুদ্ধিজীবীর পছন্দ না-হ'লেও তার অনেকটাই সত্য।

সভ্য, শ্লীলভা ও আধুনিক বাংলাসাহিত্য

ইচ্ছেয় হোক অনিচ্ছেয় হোক প্রায় দেড়শ সোয়াশ বছর ইংরেজের সাগরেদী করেও বাংলা সাহিত্যের যে আজো সম্পূর্ণ বয়:প্রাপ্তি ঘটল না, তার একটা কারণ বোধ হয় এই যে, ইংরেজ আমাদের লিথিয়ে ভাবিয়েদের অনেক তত্ত্ব তালিম দিয়েও একটি মূলতত্ত্ব সম্বন্ধে অজ্ঞ, বলতে কি অন্ধ করে রেথে গেছে। স্তা যে লজ্জার ঘাটে পা ধোয় না. একথা আমাদের ইংরেজ গুরুরা আমাদের শেখান নি। হয়ত একথা শেখাবার তাকত তাঁদের ছিল না। কেননা ইংরেজের কাছে যথন আমরা তালিম নিতে শুরু করলাম তথন আর ইংরেজ এলিজাবেথান-জেকোবিয়ান যুগের ইংরেজ নেই, তার মতি-পরিবর্তন ঘটেছে। বনেদাঁদের সভ্যান্ত্রেষণ ক্ষীণ হতে হতে রূপান্তরিত হয়েছে রোমাণ্টিক স্তাবিমুখতায়; তার বীর্ঘান্বিত ভোগবুদ্ধি শীর্ণ হয়ে শেষ পর্যন্ত ভিক্টোরিয় বিবেকের মেদাভিশয্যের নীচে চাপা পড়েছে। ফলতঃ ডানের কবিতা, হব্দ-এর দর্শন, স্থইফ্টের বাঙ্গ কিংবা ফর্নের উপন্থাস বাঙালী শিক্ষিতমনের উজ্জীবনে বিশেষ কোন ছাপ ফেলেনি। এমন কি যদিও শেক্সপীয়ারের নাম বলতে গদ গদ বোধ করেছি তবু কি উনিশ কি বিশ শতকে এমন বাঙালী লেথকের সন্ধান পাওয়া শক্ত যাঁর লেথায় শেক্সপীয়রী মেজাজের কিছুটা আভাস চোথে পড়ে। রোমাণ্টিক ভাবালুতার আওতায় আমরা জীবনের চাইতে কল্পনাকে বড় বলে ভাবতে শিথেছি; ভিক্টোরিয় ওচিত্যবোধে দীকা নিয়ে আমাদের ধারণা হয়েছে সভ্যের চাইতে শ্লীলভা বেশী মূল্যবান। আমাদের : সাহিত্য-কল্পনা পুষ্ট হয়েছে স্কট-ওয়র্ডস্ওয়র্থ-টেনিসন-ডিকেন্সের ঐতিহ্যে। ফলে আমাদের লেথকেরা মাহুষের সমগ্র অন্তিত্বের অনুধাবন না করে তার ভাবরপটিকে নিয়ে মশগুল হয়েছিলেন। শুধু হয়েছিলেন না, বাংলার অধিকাংশ লেথক আজও সে মোহ কাটাতে পারেন নি। বঙ্কিমচন্দ্র থেকে ভারাশঙ্কর, রবীজ্রনাথ থেকে বুদ্ধদেব বস্থ, এঁরা সকলেই কমবেশী এই রোমাণ্টিক-ভিক্টোরীয় ধারার সাধক। প্রসাদগুণের থাতিরে এঁরা জীবনের অনেকগুলো দিককেই স্মত্নে এড়িয়ে গেছেন। বাংলাভাষায় আজো যে যথার্থ প্রথম শ্রেণীর উপস্থাস কি নাটক লেখা হল না, আমার বিশাস বিচার করলে দেখা যাবে রোমাণ্টিক-ভিক্টোরিয় ঐতিহের অফুদরণ তার জক্ত অনেকথানি দায়ী।

একটা উদাহরণ দিলে কথাটা হয়ত স্পষ্ট হবে। দেহকে বাদ দিয়ে মাহ্বের কোন অন্তিত্ব নেই। স্থতরাং মাহ্বের সমন্ধে সত্যকথা লিখতে হলে দেহের দিকে চোথ ঠারলে চলবে কেন? অথচ ইংরেজী সাহিত্যে পাঠ নিয়ে আমরা কি নেথক কি পাঠক সকলেই শরীরটাকে নিয়ে অভুত কুণ্ঠা বোধ করতে শিথেছি। ইংরেজি সাহিত্যে চিরকাল এ কুণ্ঠা ছিল না; ক্যাণ্টরবেরী টেলসের কবি থেকে ট্রিস্ত্রাম স্থাণ্ডীর উপস্থাসিক পর্যন্ত আনেক ইংরাজ লেখকই দেহ এবং মন সম্বন্ধে সমান কোতৃহলী ছিলেন। কিন্তু উনিশ শতকের গোড়ার দিকে নানা কারণে শিক্ষিত ইংরেজের ক্রচিতে এক মন্ত পরিবর্তন শুক্র হয় এবং ক্রমে ইংরেজি সাহিত্যে দেহ এবং বিশেষ করে দেহের আদিম প্রক্রিয়া প্রবৃত্তি সম্বন্ধে এক অভুত কুণ্ঠা প্রবল হয়ে ওঠে। আমাদের দেশের শিক্ষিত জনের ক্রচি যে ইংরেজের প্রভাবে গড়ে ওঠে, সে এই দেহ-ত্বিত ইংরেজ। ফলে গত দেড়শ বছরের বাংলা সাহিত্যের ইতিহাসে এক বিভাসাগর এবং দীনবন্ধু মিত্রের লেখায় ছাড়া অন্ত প্রায় কোথাও দেহ সম্বন্ধে কুণ্ঠাহীন উল্লেখ চোথে পড়ে না।

এই কুণা বোধহয় প্রথম স্পষ্ট হয়ে ওঠে বহিমচন্দ্রের উপত্যাসে। এক দিকে প্রীষ্টান মিশনারীদের এবং অত্যদিকে রাহ্মসমাজের প্রত্যক্ষ এবং পরে রবীন্দ্রনাথের এই কুণাকে আমাদের শিক্ষিত মনে দৃঢ়মূল করে এবং পরে রবীন্দ্রনাথের সৌন্দর্যপ্রধান কল্পনায় এ কুণা মহুত্যত্বের অত্যতম প্রধান লক্ষণরূপে প্রতিভাত হয়। নারক নায়িকারাও যে হাঁচেকাশে, খায়দায়, মলমূত্র ত্যাগ করে, সজ্যোগকামনার দ্বারা পীড়িত হয় এবং জ্ঞানাহ্যের কি নীতিবাধের মত এগুলিও যে মহুত্যত্বের সামাত্ত লক্ষণ—বোমাণ্টিক-ভিক্টোরীয় ইংরেজ-ক্ষরির আওতায় পড়ে, মাহুষ সম্বন্ধে এই নিতান্ত সাধারণ সত্যকথা আমাদের সাহিত্যিকেরা ভুলেছেন এবং পাঠকদের ভোলাবার চেষ্টা করেছেন। তার ফলে আমাদের সাহিত্যে মাহুয়ের যে রূপটি প্রধান হয়ে উঠেছে, সেটিতে দরন্ধির হাত যত স্পষ্ট, প্রকৃতির হাত ততটা নয়। ভাল দরন্ধির কারিগরী নিশ্চয়ই তারিফ পাবার যোগ্য; তবু বণ্ড খ্রীটের দরন্ধিরও সাধ্য নেই যে শুধু ছুঁচ স্থতো আর কাঁচির জোরে একটি আন্ত জ্যান্ত মাহুষ পয়দা করে। বাঙালী লেখক যতদিন এই সহজ কথাটি না হ্রদ্যক্ষম করছেন ততদিন

তাঁর কলম আর যাই পারুক স্তাদালের মত উপক্তাদ অথবা শেক্সপীয়র কি মোলিএরের মত নাটক রচনা করতে পারবে, এ আশা স্থদ্রপরাহত।

কুণ্ঠা যে সাহিত্যের পক্ষে মারাত্মক, আরেকদিক থেকেও একথাটি বিচার করা যেতে পারে। সাহিত্যের মাধ্যম ভাষা এবং একথা সকলেই জানেন যে ভাষার বিকাশ ছাড়া সাহিত্যের বিকাশ অসম্ভব। অথচ রোমাণ্টিক-ভিক্টোরীয় সাহিত্য ভাষা সম্বন্ধে যে আদর্শ আমাদের লেথকদের দীক্ষিত করেছে, দে আদর্শ মেনে নিলে ভাষার বিকাশ কিছুদুর পৌছে শুদ্ধ হয়ে যেতে বাধ্য। কেননা এই আদর্শ অহুদারে শুধু শ্লীলতার শীলমোহর দেওয়া ভাষাই সাহিত্যে স্থান পেতে পারে। অথচ এই শীলমোহর দেবার যাঁরা অধিকারী তাঁরা সমাজের একটা ছোট অংশমাত্র। ফলে অধিকাংশ লোক যে ভাষায় ভাবে এবং কথা বলে তার অনেকথানিই দাহিত্যে অপাংক্তেয়। এ অবস্থায় ভাষার বিকাশ যে গুধু উপরতলার লোকেদের লেনদেনের মধ্যেই আবদ্ধ থাকবে এ আর আশ্চর্য কি ? ইংরেজের পরম দৌভাগ্য যে এ আদর্শ চালু হবার আগে শেক্সপীয়র, বেন জনসনের মত লেখক সে ভাষায় লিখে গেছেন। বাংলা গল্পসাহিত্য দে সোভাগ্যে বঞ্চিত। বৃদ্ধিম এবং রবীন্দ্রনাথের বিরাট প্রভাবে টেকটাদ, দীনবন্ধু এবং হুতোমের মত স্বল্পমর্থ লেথকেরা বাংলা গছের ইতিহাস থেকে একরকম প্রায় মৃছে গেছেন i পরবর্তী কালে বীরবলের চেষ্টায় বাংলা গভে সাধুভাষা এবং চলতিভাষার মাঝথানের ব্যবধান কিছুটা কমল বটে, কিন্তু তিনিও শ্লীলতার মোহ কাটাতে পারেন নি।

বাংলা ভাষা নিয়ে যিনিই কারবার করেছেন তিনিই জানেন বাংলা গভদাহিত্যের ভাষা কত তুর্বল, কত দরিদ্র। এর অবশ্র বহু কারণ আছে; কিন্তু ভাষার শ্লীলভারক্ষা বিষয়ে আমাদের ইংরেজিশিক্ষিত সম্প্রদায়ের মোহ যে তার একটা প্রধান কারণ, কজন লেখক এতাবং দে কথা নিজের কাছে স্বীকার করতে পেরেছেন। দেহাতীভাষা, বস্তির ভাষা, চায়ের দোকানে খেলার মাঠে হামেশাই যে ভাষা শোনা যায় দেই থিন্তির ভাষা বাংলা গভদাহিত্যে আজও তার নিজের অধিকার প্রতিষ্ঠিত করতে পারে নি। অথচ অন্ত কারো লেখার সঙ্গে যদি পরিচয় নাও থাকে এক শেক্সপীয়রের ভাষা থেকেই এ শিক্ষা পাওয়া যায় যে কাব্যের এবং দর্শনের ভাষার সঙ্গে থিন্তির

২। প্রবন্ধের শেষে গ্রিতীয় টীকা

ভাষার ব্যবধান বড়জোর একচুল, এবং থিন্তির ভাষার মধ্যে কাব্য বা দর্শনের ভাষার চাইতে কম ব্যঞ্জনা লুকিয়ে নেই।^ত

টেরেন্স বলেছিলেন, আমি মাহুষ, স্থতরাং মাহুষের কোনকিছুই আমার অনাত্মীয় হতে পারে না। এ শুধু মানবতন্ত্রীর কথা নয়, এ থাশ সাহিত্যিকের কথা। আর মাতুষ সম্বন্ধে সত্যকথা যে লিখতে চায়, ভাষার শুচিবাই তাকে ছাড়তেই হবে। ইংরেজের মারফৎ রনেসাঁদী জীবনদর্শনের দঙ্গে আংশিক পরিচয় ঘটার ফলে উনিশ শতকের মাঝামাঝি সময় থেকে গভালেথকদের মধ্যে অনেকে অধ্যাত্মভাত্তের চর্বিত চর্বণ ছেডে মান্সবের জাগতিক জীবন সম্বন্ধে কোতৃহলী হতে শিথেছেন। কিন্তু এই একশ বছরেও এ কৌতৃহল যে দাহিত্যের ক্ষেত্রে যথেষ্ট ফলপ্রস্থ হয় নি তার একটা প্রধান কারণ দে জীবনদর্শন ভিক্টোরীয় শুচিবাইয়ের প্রভাবে অনেকটা বিক্বত হয়ে আমাদের কাছে পৌছেছিল। ফাঁপা অভিজ্ঞতার উপরে কথার চেকনাই দিয়ে মহৎ সাহিত্য কোনদিন রচিত হয় নি। বিশ্বাদের চাইতে যুক্তি বড়, অভ্যন্ত পথে চলার চাইতে নিজের বিবেকবৃদ্ধি থাটানোর দাম বেশী, মাহুষ-মাহুষীর স্বথত্ব:থ নিয়ে না লিখতে শিখলে সাহিত্যের ভবিষ্যং অন্ধকার, ইংরেজের কাছ থেকে এ তত্ত্ব শেখার ফলে বাংলা সাহিত্য-মানসের একদিন নতুন করে উজ্জীবন ঘটেছিল। কিন্তু তারপর আর আমরা থুব বেশী এগোতে পারি নি। আমরা এখনো এটা বুঝি নি যে মাহুষের কথা যিনি লিখতে চান তাঁর কাছে কি ভাষা কি বিষয়বস্তু সবক্ষেত্রেই শ্লীলভার চাইতে সত্যের দাবী অনেক বেশী বড়। কুলের টান যত বড়ই হোক না কেন খ্যামের টানের কাছে তা তুচ্ছ। বাংলা ভাষায় যথার্থ মহৎ দাহিত্য তথনি সম্ভব হবে যথন রাধার মত বাঙালী লেখকেরাও ঠেকে বুঝবেন: লজ্জা ঘুণা ভয়, তিন থাকতে নয়।

। छूटे ।

এবং আমার বিশ্বাস এই বোঝার ব্যাপারে বাঙালী লেথক ফরাসী লেথকের কাছে অনেক কিছু শিখতে পারেন। কেননা রনেসাঁসের মানবতন্ত্রী সতাসদ্ধিৎসা ফরাসী সাহিত্যে যেমন পরিণত এবং প্রায় অব্যাহত প্রকাশ লাভ করেছে, তেমনটি বোধহয় আর কোন সাহিত্যে লাভ করে নি। তক থেকে

আজ পর্যস্ত ফরাসী সাহিত্যের ঐতিহ্ এই সত্যসন্ধিৎসার দ্বার সমৃদ্ধ। সে
সন্ধান মাফুবের দেহমনের কোনো দিককেই লজ্জার অন্ধকারে আত্মগোপন করতে দেয় নি। 'ছি ছি'র ভয়ে অন্বেষণের মূথে লাগাম টানা ফরাসী লেথকের ধাত নয়: রাবলে-মলিএরের রচনায় যে মানব-পরিক্রমা শুরু হয়েছিল কাম্য, প্রস্তু, সার্ত্র-এ পৌছে আজ্ঞও ভাতে ক্লান্তি এল না।

ফরা<mark>দী গন্ত সাহিত্যের পথকার রাবলের কথাই ধরা যাক। ১৪৯৪ দালে</mark> এঁর জন্ম—অর্থাৎ শেক্সপীয়রের সত্তর বছর আগে। মধ্যযুগের দীর্ঘ রাত সবে ফিকে হতে শুরু করেছে। কিন্তু ফরাদী চিন্তা তথনো জীবন-বিমুখ ধর্মতত্ত্বের দারা আচ্ছন। পুরুত মোহান্তরাই তথন সমাজের স্বচাইতে ক্ষমতাশালী পুরুষ। রাবলেও প্রথম যৌবনে ধর্মতত্ত্বের চর্চা করেছিলেন-কিন্তু তাঁর কুতুহলী মন মঠের দক্ষীর্ণ গণ্ডীকে মেনে নিতে পারল না। মঠে থাকা কালেই রনেসাঁসের নতুন যে মানবভন্ত্রী দৃষ্টিভঙ্গি গড়ে উঠছিল তার সঙ্গে তাঁর পরিচয় ঘটে। স্যত্নে এবং সঙ্গোপনে তিনি গ্রীকভাষা ও সাহিত্য অধ্যয়ন করলেন; তাঁর চোথ থেকে থ্রীষ্টান আত্মনিগ্রহশীল নীতিতত্ত্বের আবরণ থদে পড়ল। তিনি বুঝতে পারলেন জীবনের অর্থ সম্ভোগের মধ্যে, নিগ্রহের মধ্যে নয়; স্থ্য মাহুষের পক্ষে কল্লিভ পাপের জন্মে কালা হা-ছভাশ করার চাইভে ভা নিয়ে কৌতুক করাটাই বেশী স্বাভাবিক। তাঁর নিজের ভাষায় বলতে গে**লে** "ভাগ্যের অনিশ্চয়তার ম্থে তুড়ি মেরে যে জন মনের ফৃর্তি বজায় রাখতে পারে সে-ই যথার্থ দার্শনিক।" দেদিন একথা বলতে গেলে সমূহ বিপদের আশঙ্কা ছিল। বাবলেকেও তাই রফা করে বাঁচতে হয়েছে, কিছুটা রেথে-ঢেকে বলতে হয়েছে।° কিন্তু মুক্তবুদ্ধির জিজ্ঞাসাকে কে রুথ্তে পারে। বাবলের জিজ্ঞানা তাঁকে মঠছাড়া করল, ঘোরাল পথে পথে, শহরে গ্রামে, কথনো পণ্ডিতদের জগতে, কথনো ভাঁড়িথানায়। তিনি দর্শন পড়লেন, আইনকাত্মন পড়লেন, শেষ পর্যন্ত উত্তরতিরিশে পৌছে চিকিৎসা শাল্রের চর্চা শুক করলেন। ধর্মতত্ত্বের চাইতে শারীরতত্ত্বের মধ্যে মাহুষের প্রকৃত থোঁজ্বখবর মেলার সম্ভাবনা অনেক বেশী, সেই ধর্মাদ্ধতার যুগেও একথা বুঝতে তাঁর খুব বেগ পেতে হয় নি। আটজিশ বছর বয়দে রাবলেকে তাই আমরা দেখি লিয় শহরের হাসপাতালে প্রধান চিকিৎসকরপে। একদিকে তিনি মধ্যযুগীয়

৪। প্রবন্ধের শেষে চতুর্থ টাকা।

টীকাভায়ের জঞ্চাল সরিয়ে হিপোক্রেটিস এবং গালেনের আয়ুর্বেদ বিষয়ক মূল রচনাবলীর সম্পাদনা করে চিকিৎসা বিজ্ঞানের যথার্থ ঐতিহ্য প্রতিষ্ঠা করেছেন; অন্তদিকে রোগনির্ণয় এবং নিরাময়ের উদ্দেশ্তে নানা হঃসাহিদিক পরীক্ষা-নিরীক্ষার দ্বারা তিনি আধুনিক আয়ুর্বেদের গোড়াপত্তন করেছেন। শোনা যায় তিনি চিকিৎসক থাকা কালে লিয়ঁ শহরে মৃত্যুহার লক্ষ্যণীয়ভাবে কমে যায়।

জীবন সম্বন্ধে এই অসীম কোতৃহল, জীবন সভোগের এই অক্লান্ত ক্ষমতা, জীবন বিষয়ে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে অর্জিত এই বিচিত্র জ্ঞানসম্ভার নিয়ে বাবলে যথন সাহিত্যক্ষেত্রে নামলেন তথন দেখা গেল কি উপাদান সম্পর্দে, কি বাচননৈপুণ্যে রনেসাঁদের দেই অসামাত্ত সমৃদ্ধ যুগেও তাঁর জুড়ি মেলা ছঙ্কর। গার্গ তুয়া-পাঁতাগ্রন্থেল মহা-কাহিনীর প্রথম পর্ব প্রকাশিত হয় ১৫৩২ সালে, চতুর্থ পর্ব ১৫৫২ সালে। সম্ভবত তার পরের বছরে রাবলের মৃত্যু ঘটে। (তাঁর মারা যাবার দশ-বারো বছর পরে এ কাহিনীর পঞ্ম পর্ব নামে যে বই বেরোয় পণ্ডিতদের মতে তার বেশীটা অমুকারকদের রচনা, রাবলের নয়।) প্রায় বিশ বছর ধরে ফাঁদা এই বিরাট গালগল্লের মধ্যে আর যাই থাক লজ্জাসক্ষোচ কি দৈল্যকার্পণ্যের কোন চিহ্ন নেই। তাঁর কল্পনায় ছল'ভ প্রাণশক্তির সঙ্গে তুর্লভতর বৈদধ্যের মিলন ঘটেছে, ব্যাপক জ্ঞানের সঙ্গে সন্ধি ঘটেছে ব্যাপকতর অভিজ্ঞতার, স্থতীক্ষ দার্শনিকতার সঙ্গে মিশ্রিত হয়েছে তীক্ষতর কোতৃকবোধ। যেমন ভাব তেমনি ভাষার ব্যাপারে কোন উচিত অহচিতের নিষেধ তিনি মানেন নি, তাঁর বিপুল অট্টহাস্তের ধাকায় দেসব নিষেধের গণ্ডী বুদ্বুদের মত নিমেষে ফেটে হাওয়ায় মিলিয়ে গেছে।° তত্ত্বকথাকে থিন্তির ময়ান দিয়ে স্বস্থাত্ন এবং স্থপাচ্য করতে যেমন তিনি এতটুকু ইতস্তত করেন নি, তেমনি শারীরিক ক্রিয়াপ্রক্রিয়ার বর্ণনা প্রদক্ষে দর্শন-প্রস্থানের অবতারণা করা তাঁর কাছে অত্যস্ত স্বাভাবিক বলে প্রতিভাত হয়েছিল। মোটকথা রনেসাঁদের এই মানবতঙ্গী সত্যসন্ধিৎসাকে ঔচিত্যবোধের চাইতে অনেক উচুতে স্থান দিয়েছিলেন এবং তা দিয়েছিলেন বলে বোকাচ্চিও, শেক্সপীয়র এবং সর্ভান্তিজের মতে রাবলেও দেশকালের গণ্ডী পেরিয়ে নিত্যতা এবং বিশ্বন্ধনীনতা অর্জন করেছেন।

^{ে।} প্রবন্ধের শেষে পঞ্চম টীকা।

ফরাসী সাহিত্যমানদে রাবলে যে মানবভন্ত্রী জীবনবোধের বীজ বপন করেন গত চারশ বছরে তা বিচিত্র শস্ত্রসম্ভারে বিকাশ লাভ করেছে। তার মানে এ নয় যে বনেস াদ-উত্তর সব ফরাদী লেখকই বাবলের প্রদর্শিত পথের যাত্রী অথবা ফরাসী সাহিত্যের ইতিহাসে অন্ত কোন ধারা অবর্তমান। রাসিন, শাডোব্রিয়া কি বলাকে বাবলের উত্তর-সাধক বললে অবশ্রই ভুল করা হবে। মঁতাইয়াঁ-র স্মিতকোতুকের দঙ্গে রাখনের অট্টহাস্তের যদি কোন সম্পর্ক থাকে তবে সেটি বৈপরীত্যের বলে মনে হওয়াটাই স্বাভাবিক। তবু ফরাসী সাহিত্যের সঙ্গে যাঁদের ঘনিষ্ঠ পরিচয় আছে তাঁরা বোধহয় একথা স্বীকার করবেন ফরাসী সাহিত্যের, বিশেষ করে গভ সাহিত্যের, যেটি মূল ধারা পাঁতাগ্র য়েলী জীবনবোধ তার প্রধান উৎস। এ জীবনবোধে ভাবরূপের চাইতে অস্তিত্ব বেশী মূল্যবান, সিদ্ধান্তের চাইতে জিজ্ঞাদা বেশী প্রবল, বিচার করার চাইতে বোঝবার আগ্রহ বেশী সক্রিয়। এ জীবনবোধ সম্ভোগে সরস, কৌতুকে উজ্জ্বন, যুক্তিশীলতায় শাণিত, মুক্তির অভীন্সায় বেগবান। মলিএরের কমেডিতে, লা-ফতেনের নীতিগল্পে (আদলে যেগুলো থোশ-গল্প, নীতিতত্ত্বের ছিটেফোঁটাও এদের মধ্যে বার করতে হলে অমুবীক্ষণ কষতে হয়), ভল্তেয়ারের ব্যঙ্গরচনা এবং দার্শনিক কাহিনীতে এবং তার চাইতেও বেশী দিদেরো-র বড়গল্পে, স্তাদাল বালজাক্, ক্লোদ্ ভিলিএ (Mon Oncle Benjamin-এর অথ্যাত কিন্তু অদামাক্ত লেথক), আনাতোল ফ্রাঁদ-এর উপক্তাদে এ জীবনবোধ বিচিত্ররূপে প্রক্ষুরিত হয়েছে। এঁদের প্রত্যেকেরই মেজাজ, উপজীব্য-বিষয়, রচনারীতি পরস্পর থেকে স্বতন্ত্র; তবু জীবনবোধের নিগৃঢ় ঐক্যে এঁরা পরম্পরের এবং রাবলের অতি নিকট-**আ**ত্মীয়। কোতুকান্বিত সংশয়, সম্ভোগপুষ্ট বৈদয়্য, নিংশঙ্ক জীবনজিজ্ঞাদা এবং তভোধিক নি:দক্ষোচ প্রকাশসামর্থ্য এঁদের প্রত্যেকের পরিণত রচনাকে সৎসাহিত্যের পর্যায়ে উন্নীত করেছে।

এসব হর্লভ গুণ শুধু যে যাঁবা প্রত্যক্ষভাবে বাবলের উত্তরসাধক তাঁদেরি রচনায় বর্তমান তা নয়। সাধারণভাবে ফরাদী সাহিত্যের প্রতি শাখা, প্রতি ধারায় যা কিছু দার্থক রচনা তার প্রায় অধিকাংশের মধ্যেই এসব গুণের একটি না একটি অথবা একত্রে সব কটির উপস্থিতি কমবেশী চোখে পড়ে। ইয়োরোপের অন্যান্ত ভাষায় রচিত সাহিত্য সম্বন্ধে আমার জ্ঞান সীমাবদ্ধ; তবু যতদ্র জ্ঞানি তাদের কোনোটি সম্বন্ধেই এজাতীয় প্রস্তাব

সম্ভবত প্রমাণসহ নয়। ইংরেজী, জার্মান, নরওয়েজিয়ান কি ক্রশ সাহিত্যেও এসব গুণে গুণী লেথক অবশ্রষ্ট আছেন। কিন্তু তাঁরা তাঁছের সাহিত্য-ঐতিহের প্রতিভূ কিনা এ বিষয়ে যথেষ্ট সন্দেহের কারণ আছে। অপরপক্ষে পূর্বোক্ত গুণাবলী ফরাসী সাহিত্য-মানসের সামান্ত লক্ষণ। তাই স্থমিতিসাধক মঁতাইয়াঁ অত্যন্ত গুৰু বিষয় নিয়ে প্ৰবন্ধ লিখতে গিয়েও হাটেবাটে চলতি নিতান্ত অসাধু, অস্লীল অথবা গ্রাম্যভাষাকে প্রয়োজনমত কাজে লাগাতে সঙ্কোচ বোধ করেন নি। তাই পাস্কালের চিস্তায় গভীর ধর্মবিশাস গভীরতর সংশয়কে প্রাপ্তায় দিয়েছে বিপ্লবী বিশ্বকোষ (Encyclope die) আন্দোলনের অকুতোভয় দার্শনিক দিদেরোর সবচাইতে পরিণত রচনা "নিয়তিবাদী থাক এবং তার প্রভূ"-র কাহিনীতে তাই অলজ্জ ইন্দ্রিয়সম্ভোগের কোতৃকদীপ্ত বিবরণ জীবন-দর্শনের আসর জুড়ে-বদেছে। ভ স্ত[া]দাল তাঁর উপক্যাসে তাই গাণিতিক যুক্তিশীলতার দঙ্গে জৈবর্ত্তির বেপরোয়া তাগিদকে মেলাতে পেরেছেন। এঁদের মধ্যে এক দিদেরো ছাড়া আর কাউকেই ঠিক রাবলেপন্থী বলা চলে না; তবু যে সত্যসন্ধ জীবনবোধের কথা পূর্বে বলেছি এঁদের সকলেরি বচনা সে বোধে সমৃদ্ধ। আর শুধু গছ নয়, ফরাসী কাব্য-ঐতিহ্যও তার বিশিষ্ট পরিণতির জন্ম এই জীবনবোধের কাছে ঋণী। বোদলেয়ার, ভর্লেন, রঁটাবো এবং লাফর্গ ত বটেই, এমনকি মালার্মে এবং ভালেরীও অনেকথানি এই জীবনবোধের দ্বারা প্রভাবান্বিত। শেষোক্ত হুজন সম্বন্ধে কেউ যদি আপত্তি করেন (ইংরেজ সমালোচকদের বক্তব্যের উপরে নির্ভর করলে সে আপত্তি স্বাভাবিক) তবে তাঁদের পুনরায় "ফনের অপরাহু" (L' Apre´s-midi d'un Faune) এবং "দাপের স্কেচ্" (E'bauche d'un Serpent) কবিতা ছটি পড়ে দেখতে অহুরোধ করি।

ফরাসী সাহিত্যের মেজাজ সম্বন্ধে এই অতি সংক্ষিপ্ত আলোচনা থেকে এটুকু হয়ত স্পষ্ট হয়ে থাকবে যে ফরাসী লেখকদের আর যে দোষই থাক ভাষা কি ভাব সম্বন্ধে শুচিবাই-এর ব্যামোতে তাঁরা ভোগেন নি। ইংরেজী-শিক্ষিত পাঠক তাতে তাঁদের বেহায়া বলতে চান বলুন; ফরাসী সাহিত্যে 'ছি-ছি সম্বল' নীতিবাগীশ এবং পেটরোগা নাবালকের পথ্য মেলা সত্যই শক্ত।

७। धरासद (गर वर्ष हीका

^{🛮 ।} প্রবন্ধের শেবে সপ্তম টীকা

কিন্তু ব্যাস-কালিদাস, হোমার-শেক্ষপীয়রেই কি এদের পথ্য মেলা এত সহজ্ব পূ মোটকথা ফরাসী লেথক জীবনের উপরে শ্লীলতার বোরথা চাপাতে নিভান্তই গররাজী; মৃঢ় লজ্জার আবরণ ঘুচিয়ে অস্তিত্বকে মৃক্তি দেওয়াতেই তাঁর আনন্দ। এই আনন্দ ঘোর তৃঃথবাদী ফরাসী লেথকের রচনাতেও ফুর্তির স্বাদ এনেছে। গোমড়াম্থো হওয়াকেই যাঁরা দার্শনিকভার লক্ষণ মনে করেন স্কুমার রায় বর্ণিত সেই রামগরুড়সন্তানদের কাছে এ ফুর্তি অস্তঃসারহীনভার লক্ষণ বলে প্রতিভাত হবে সন্দেহ নেই; কিন্তু জীবনের কাছে পাঠ নিয়ে যাঁরা প্রকৃত বৈদগ্য অর্জন করেছেন তাঁদের কাছে একথা স্পষ্ট যে ফরাসী লেথকের কোতৃকলঘু কল্পনা আদলে তাঁর নির্ভীক জীবন-জিজ্ঞাদার একটি লক্ষণমাত্র। গত চারশ বছরে ফরাসী দাহিত্যের, বিশেষ করে গত্য সাহিত্যের, যে অতৃলনীয় বিকাশ সম্ভবপর হয়েছে, আমার দৃঢ়বিশ্বাদ এই নির্ভীক, কোতৃকসরস জীবনজিঞ্জাদাই তার প্রধান এবং অক্ষয় উৎস।

॥ जिन ॥

বাংলাভাষাতে বিষমচন্দ্র ও ববীন্দ্রনাথের মত প্রতিভাবান ব্যক্তিরা লেখা সত্ত্বেও বাংলাদাহিত্য আজো যে প্রকৃত প্রোঢ়ত্ব অর্জন করতে পারে নি, আমার বিবেচনায় শিক্ষিত বাঙালীর মনে এই নিঃসক্ষাচ জীবনজিজ্ঞাদার অভাব ভার অন্যতম প্রধান কারণ। বাঙালী লেখকের ভাষা এবং ভাবনা এখনো সত্যের টানে লজ্জা, দ্বণা, ভয় জয় করতে শেখে নি। আমাদের মধ্যে যাঁরা নামজাদা লেখক তাঁদের অধিকাংশই মিহিবুলিতে মোলায়েম ভাব পরিবেশন করে খুণী। ফলে বাংলা ভাষায় 'মিষ্টি লেখা'র খুব ছড়াছড়ি—এবং যেহেতু সব দেশের মত আমাদের দেশেও পাঠকপাঠিকাদের মন লেখকদের চাইতেও অপরিণত, দেকারণে আমাদের সাহিত্যে এই মিষ্টি লেখকদের রাজত্ব এখনও অপ্রতিহত।

অবশু এ ধারার বিরুদ্ধে কোন বাঙালী লেথকই যে বিস্তোহের চেষ্টা করেন নি তা নয়। কিন্তু তাঁদের সে চেষ্টা এতাবং প্রকৃষ্টতর ঐতিহ্যে ফলপ্রস্থ হয় নি। আমাদের দেশে পাঠক, সমালোচক, এবং লেথক প্রায় সকলেই ইংরেজীশিক্ষায় শিক্ষিত এবং সে শিক্ষা যে আমাদের অনেক কিছু দেওয়া সত্ত্বেও জীবনের কোন কোন প্রধান দিক সম্বন্ধে ভীত সঙ্কৃচিত করে রেথেছে—একধা পূর্বেই বলেছি। আমাদের লেথকরা বিস্তোহ করতে যেয়েও এই অর্জিত সঙ্কোচকে পুরোপুরি জয় করতে পারেন নি; ফলে তাঁদের षिধাগ্রস্ত বিস্রোহ-প্রয়াস কালক্রমে সঙ্কোচের কাছে হার মেনেছে। রবীক্রনাথের 'চোথের বালি' এই ব্যর্থতার একটি প্রধান উদাহরণ। তাঁর পরবর্তীকালের উপক্যাদগুলিতে তিনি ক্রমেই অস্তিত্বকে থাটো করে ভাবরূপকে প্রধান করে করে তুলেছেন। 'চতুরঙ্গে' বিদ্রোহের কিছু যদি-বা আভাস আছে, 'ঘরে বাইরে' এবং 'শেষের কবিতা'য় বিশুদ্ধ ভাবরূপের একেবারে জয়জয়কার। তাছাড়া বিদ্রোহীরা তলিয়ে দেখার চেষ্টা করেন নি এ বিদ্রোহের নির্দেশ কোন পথে, এর উৎস কোন জীবন-দর্শনে। যে পাঁতাগ্রুয়েলী জীবনবোধ ফরাসী সাহিত্যকে পুষ্ট করেছে, এঁরা প্রায় কেউই দে জীবনবোধে উদ্বন্ধ হন নি। 'শেষপ্রশ্নে' তাই কথার ফেনা বিস্তর, জীবনের স্বাদ আছে কি নেই। শরৎচন্দ্রের বেখারা প্রত্যেকেই এক একটি সতীলক্ষ্মী, তাঁর উচ্চুচ্ছালতম নায়কও শুধু যে সাধুভাষায় কথা বলে তা নয়, সাধুভাষায় ভাবে, সাধু বীতিতে উচ্চুঙ্খল হয়। তবু যদিবা বিদ্রোহীদের মধ্যে ছ একজন যথার্থ সৎসাহদী দেখা গিয়েছিল তাঁদের অনেকেই আবার সাহিত্যকর্মে তেমন বিশেষ দড় ছিলেন না। মনের যে পরিণতির ফলে অস্তিত্বের জটিল্ডম অভিজ্ঞতাকে সহজে সহাদয়-হৃদয়সম্বাদী করে তোলা যায়—জীবনের রুচ্তম উপাদানকেও সরস করে তোলবার সেই সামর্থ্য—এঁরা অর্জন করতে পারেন নি। ফলে এঁদের রচনায় সাহিত্যের মূল্যবান উপাদান থাকা দত্ত্বেও সে রচনা সাহিত্য হয়ে ওঠে নি। এঁদের মধ্যে নরেশচন্দ্র সেনগুপ্তের নাম বিশেষ করে উল্লেখযোগ্য। নবেশচন্দ্রের অনেক উপক্যাদে তুর্লভ বলিষ্ঠতা চোথে পড়ে; কিন্তু সে বলিষ্ঠতার প্রকাশ বড় কাঁচা, বড় অমার্জিত। তাঁর ভাষায় ব্যঞ্জনা সামান্ত, তাঁর ভাবনা কৌতুকরদে জারিত নয়। ফলে যদিচ এককালে তাঁকে কেন্দ্র করে বাংলা লেথক-পাঠকমহলে প্রচুর আন্দোলন হয়েছিল, পরবর্তীদের মনে তিনি বিশেষ দাগ রাথতে পারেন নি।

তবে সত্যদন্ধিংসা এবং ব্যঞ্জনানৈপুক্তের সমন্বয় ঘটলে যে কত উৎকৃষ্ট সাহিত্যরচনা সম্ভব, আধুনিক কালে বাংলা ভাষায় তার যে একেবারে কোনো উদাহরণ নেই একথা বলতে পারি না। অন্তত এমন হ'জন লেথকের কথা মনে পড়ে ত্রিশের দশকে এবং চল্লিশের দশকে যাঁদের রচনায় বাংলা কথা-সাহিত্যে এক অদৃষ্টপূর্ব মহৎ সম্ভাবনা স্থচিত হয়েছিল। মানিক বন্দ্যোপাধ্যায় •এবং অন্নদাশকর রায় কেউই ভাষার ক্ষেত্রে রবিঠাকুরী শুচিবাইএর প্রভাব পুরোপুরি এড়াতে পারেননি; কিন্তু দৃষ্টিভঙ্গী এবং উপজীব্যনির্বাচনের বৈশিষ্ট্যে অন্ততঃ তাঁদের প্রথমযুগের রচনায় তাঁরা উভয়েই দেখা দিয়েছিলেন ফরাদী কথাদাহিত্যিকদের স্থযোগ্য বাঙালী উত্তরদাধক রূপে। এঁদের মধ্যে অন্নদাশন্ধর রায়ের দৃষ্টিভঙ্গিতে স্পষ্টতা এবং প্রতীতি ছুই-ই বেশী ছিল; আর তার সঙ্গে মিলিত হয়েছিল অসামাত্য কোতুকবোধ "প্রকৃতির পরিহাদ" এবং "পুতুল নিয়ে খেলার" মধ্যে তিনি যে হুংসাহদিক সত্যাগ্রহ, কোতুকপ্রোজ্জল শুভবৃদ্ধি এবং গল্পফাদার অসামাত্য দক্ষতা দেখিয়েছিলেন, বাংলা গল্পসাহিত্যে আজো তার তুলনা আমার চোখে তে' পড়ে নি। তাঁর পরবর্তীকালের রচনায় কোতুকরদ ক্রমেই ফিকে হয়ে এদেছে, তবু এখনো এই ভাটার সময়েও তাঁর ছোট-বড় গল্পগুলির মধ্যে এমন একটি সংস্কারম্ক্র হুংসাহদী মনের সন্ধান পাওয়া যায় বাংলা গল্পসাহিত্যে আজো যা নিতান্ত ঘর্লভ।

মানিক বন্দ্যোপাধ্যায়ও অসামাত সম্ভাবনা নিয়ে দেখা দিয়েছিলেন। জীবনের যে সব দিক নিয়ে ইতিপূর্বে বাঙালী লেথকেরা লেথেন নি, লিথতে চান নি, লিখতে গিয়ে হয় পিছিয়ে এসেছেন আব না হয় সে লেখাকে সাহিত্যের স্তরে ওঠাতে পারেন নি, মানিক বন্দ্যোপাধ্যায় গোড়াতেই দেই দিকগুলিকে তাঁর লেখার মূল উপজীব্য হিসেবে বেছে নিয়েছিলেন, তাদের রূপাস্তরিত করেছিলেন কথাসাহিত্যের সার্থক উপাদানে। শুধু সততার সামর্থ্যে নবেশ দেনগুপ্ত যা পারেন নি, বৈদ্ধ্যোর সম্পদে তিনি তা পারলেন। মনোবিকলনের জ্ঞান জীবন সম্বন্ধে বাঙালী সাহিত্যিকের তৃতীয় দৃষ্টি থুলে দিল। কিন্তু মাণিকের জীবনজিজ্ঞাদার মধ্যে আল্তিক্য বড় কম ছিল। সম্ভবত সে কারণেই যে সভ্যাগ্রহ নিয়ে তিনি শুরু করেছিলেন শেষ পর্যন্ত তাকে তিনি টি কিয়ে রাথতে পারলেন না। তাঁর শেষ দার্থক রচনা বোধহয় "অহিংদা"। মনের মধ্যে প্রত্যয় না থাকায় অবশেষে বাইরের প্রত্যয়ে তাঁকে আশ্রয় খুঁজতে হল; মতবাদের মারাত্মক ব্যাধি শেষ পর্যস্ত তাঁর মুক্তবৃদ্ধিকে জীর্ণ করে ফেলল। লেখক হিসেবে মানিক বন্দ্যোপাধ্যায় ফুরিয়ে গেলেন। শেষের দিকে তিনি যা লিখেছেন তার অধিকাংশই অবিখাস্থ রকমের কাঁচা। একটি মহৎ প্রতিভার এজাতীয় আত্মহত্যার তুলনা শুধু বাংলা ভাষায় নয়, অন্ত কোনো ভাষাতেও সচরাচর চোথে পড়ে না।

আশ্বর্য এই যে তাঁদের প্রতিভার বলিগ্রতম প্রকাশের কালেও অনুদাশঙ্কর

এবং মানিক কি বাঙালী লেথক কী বাঙালী পাঠক কারো উপরে বিশেষ প্রভাব ফেলতে পারেন নি। স্থামহলে বাহবা কিছুটা পেয়েছেন, কিছু দাধারণ মহলে স্বীকৃতি পান নি। ফলে তাঁদের লেথা বাংলা দাহিত্যের মেজাজ কোনো লক্ষণীয় রূপান্তর আনতে পারল না। হয়ত ঘতটা প্রতিভা থাকলে একটি ঐতিহের ধারা পালটে নতুন ঐতিহের প্রবর্তন করা যায় তা তাঁদের ছিল না; তাঁরা নিজেরা অবদিত হলেন, কিন্তু আমদের জীবনবাধ জাগ্রত হল না। আমাদের জীবনবিম্থ ভাবাবিষ্ট মনোভাবের প্রশ্রেয়ে ঘেদব লেথকেরা বাংলা দাহিত্যের মাতকর হয়ে উঠলেন তাঁদের লেথায় না বইল নির্মোহ যুক্তির দীপ্তি না নির্ভীক মৃক্তির অভীপ্রা। আজকের বাঙালী পাঠক-পাঠিকাদের ক্ষচি এবং বাঙালী লেথক লেথিকাদের মেজাজের হদিশ অন্ধদাশঙ্কর রায় কি মানিক বন্দ্যোপাধ্যায়ের লেথাতে মিলবে না। তার হদিশ মিলবে যাঁদের লেথায় তাঁদের প্রতিন্তাদ জীবনবিম্থ এবং ন্থাকানি, বোকামিঠাদা গল্প উপন্তাদ রচনায় তাঁরা দিছহন্ত।

ফলত যে অকুষ্ঠ জীবনবোধ ফরাদী দাহিত্যের অতুল বৈভবের উৎস, বাংলা সাহিত্যে আঙ্গো তা ভালো করে শেক্ড গাড়তে পারেনি। অথ্য বাংলা দাহিত্যকে যদি পরিণত দাহিত্যের পর্যায়ে তুলতে হয়, তবে বাঙালী লেথককে এ বোধ অবশ্রই অর্জন করতে হবে। আমার ধারণা ফরাসী সাহিত্যের সঙ্গে ঘনিষ্ঠতর পরিচয় এই আত্মপ্রস্তুতির ব্যাপারে বাঙালী লেথককে সাহায্য করতে পারে। বছকাল আগে জ্যোতিবিজ্ঞনাথ ঠাকুর বিশেষ অধ্যবসায় সহকারে ফরাদী সাহিত্যের সঙ্গে বাঙালী পাঠকের পরিচয় ঘটাবার চেষ্টা করেছিলেন। দে চেষ্টা যে তেমন ফলবতী হয় নি তার একটা প্রধান কারণ বোধহয় এই যে কি তাঁর বাছাইএ, কি তাঁর অমুবাদে ফরাদীর বিশিষ্ট মেজাজটি ঠিক ধরা দেয় নি। সভ্যেন্দ্রনাথ দত্ত ক্বত ফরাসী কবিতার ভাবাহ্নবাদ বিষয়েও দেই একই অভিযোগ আবো বেশী যথার্থতার দঙ্গে করা চলে। তবে! প্রমথ চৌধুরী ফরাদীর অনেকথানি অন্তরঙ্গ হতে পেরেছিলেন, এবং তার ফলে বাংলা সাহিত্য य यथिष्ठ ममृक रायाह एषु "ठावर्यादि कथा" कि वीववानव व्यवकावनी नय, পরবর্তীকালে বাংলা গভের বিকাশ তার অকাট্য প্রমাণ। কিন্তু চৌধুরীমশাই এর অন্তরক্ষতাও ফরাসী সাহিত্যের একটি বিশেষ ধারার মধ্যে আবন্ধ ছিল; মঁতাইয়াঁ-কে পেরিয়ে রাবলের জগতে তিনিও প্রবেশ করতে

পারেন নি। ঠাকুরবাড়ির শ্লীলতাবোধ সম্ভবতঃ দে প্রবেশের পথে বাধা হয়েছিল।

ফরাসী সাহিত্যের সঙ্গে বাঙালী লেখক এবং পাঠকের অন্তরঙ্গ পরিচয় ঘটাতে হলে সে সাহিত্য সম্বন্ধে বাংলায় বিস্তৃত আলোচনা হওয়া দরকার—এবং তার চাইতেও বেশী দরকার সে সাহিত্যের যা কিছু শ্রেষ্ঠ সম্পদ মূল থেকে বাংলায় তার তর্জমা করা। তার ছারা শুধু পাঠকসম্প্রদায় নয়, লেখকসম্প্রদায়ও প্রভৃত উপক্বত হবেন। তবে একটা কথা কোন বকমেই ভুললে চলবে না। জীবনবোধের আদি এবং অক্ষয় উৎস বই নয়, জীবন নিজে। সাহিত্য চোথের ঠুলি থসাতে পারে, কিন্তু চোথে দৃষ্টি দিতে পারে না। আমাদের লেখকরা যতদিন না জীবনের বিভালয়ে পাঠনিতে শিথছেন ততদিন তাঁদের বিদ্যা লেখকে পরিণত করে এ সাধ্য কারো নেই—না সে শেক্সপীয়রের না রাবলের।

(১) বাঙলা সাহিত্য এবং সংস্কৃতির ইতিহাসে বিভাসাগর মহাশরের যথার্থ স্থান নিরূপণের এখন পর্যন্ত চেট্টা হয়নি। তার সম্বন্ধে অধিকাংশ আলোচনায় ভক্তির ভার যতবেশী, বিশ্লেষণের চেট্টা তত কম। ফলে তাঁকে "অশ্লীল লেখক" বলে অভিহিত করলে অনেক পাঠকই চটে উঠে প্রতিবাদ করবেন। আমাদের সৌভাগ্যবশত তার বিভা আধুনিক কালের শিক্ষিতদের মত শুর্ইংরেজির মধ্যে আবদ্ধ ছিল না; তাঁর ক্ষচি মুখ্যত সংস্কৃত সাহিত্য থেকে পুষ্টি আহরণ করেছিল। এবং সংস্কৃত লেখকদের আর যে ক্রটিই থাক দেহ সম্বন্ধে কোন শুচিবাই ছিল না। বিভাসাগর মশায়ের সমাজ-সংস্কার বিষয়ক রচনাবলী বারা মন দিয়ে পড়েছেন তাঁবাই লক্ষ্য করে থাকবেন যে অস্থারের প্রতিবাদ করতে গিয়ে এই সত্যসন্ধ মামুষ্টি কোন রকম ভদ্রতার আক্র রাথেননি। বাল্যবিবাহ, বিধ্বাবিবাহ এবং বছবিবাহ সম্পর্কে আলোচনায় একথাটি স্পষ্ট যে শাস্ত্র অথবা দেশাচারের ধর্মকে শরীরের ধর্ম পালটার না শুধু প্রবৃত্তির স্কুজ্বের অন্ধকারে চরিতার্থতা হাতড়ে বেড়ায়। হিন্দুসমাজে ব্যাভিচার এবং ক্রণহত্যার প্রাক্রায়ে আসলে নৈতিক ভণ্ডামীর ফল, এ সত্য তাঁর মত নিঃসংকাচে আজ পর্যন্ত আর কেউ আলোচনা করেনি।

বিভাসাগর সম্বন্ধে আরেকটি ভ্রান্ত ধারণা শিক্ষিত সমাজে প্রচলিত আছে। তাঁর ভাষা নাকি "একান্তভাবেই সংস্কৃত্যে বা এবং সে কারণে গতিহীনা"। বাংলা সাহিত্যে কথ্য-ভাষার আমদানী করে সে ভাষার গতি যাঁরা ৰাড়াবার চেষ্টা করেছেন তাঁদের মধ্যে টেকটাদ, হতোম, বীরবলের নাম সকলেই জানেন। কিন্তু বিভাসাগর মশাইও যে তাঁর লেথায় প্রচুর আরবী ফারসী এবং দেশজ কথা ব্যবহার করেছেন এটা অতি অল্প লোকেই লক্ষ্য করে থাকবেন। আসলে বিভাসাধারের

৮। প্রবন্ধের শেষে অইম টীকা

খোশমেজাজী লেখার সঙ্গে ৰাঙ্গালী পাঠকের পরিচয় অল। "অতি অল হইল" এবং "আবার অতি অল হইল" থেকে হচারটে নমুনা দিলে পাঠকের। হয়ত আন্দাজ করতে পারবেন ভাষার ব্যাপারেও বিভাসাগর কত মৃক্তবৃদ্ধি ছিলেন। বেহদা পণ্ডিত, 'দেদার তুল', 'ছরকট করিয়াছেন,' 'সংস্কৃত বিভায় ফাজিল', গোমুখা বৃদ্ধি' 'বেয়াড়া খ্যাতি,' 'রঙ্দার', 'বিদক্টে', 'তুয়াকা' 'দিলদরিয়া', 'তুখড় ইয়ার' 'ঝকমারি', 'ফেসেড়া', 'ফয়তা', 'জালনাজী', 'খোজাখং বৃদ্ধি', 'ঢলাইয়াছেন'—এসব বিভাসাগরের ব্যবহৃত শব্দ । তিনি নিজেই লিখেছেন "লোকে জানে আমার চালাকি ও ফচকিয়ামি আসে না। ''তিনি প্রচুর প্রাদেশিক শব্দ সংগ্রহ করেছিলেন; এই শব্দ-সংগ্রহ তার মৃত্যুর পরে "সাহিত্যপরিষৎ পত্রিকার" প্রকাশিত হয়।

(২) বাংলা গতের আলোচনায় টেকটাদ এবং ছতোমের তবু নাম করা হয়, কিন্তু দীনবন্ধু এখনো পর্যন্ত অবজ্ঞাত রয়ে গেছেন। অথচ কি ভাষা, কি উপজীব্য উভয় দিক থেকে বাংলা গতা সাহিত্যে দীনবন্ধুর ত্রংসাহতিকতার তুলনা মেলা কঠিন। দীনবন্ধু প্রথম শ্রেণীর লেখক নন; যেখানে তিনি সাধুভাষা ব্যবহার করেছেন সেখানে তিনি প্রায় অপাঠ্য; তার কল্পনা সীমাবদ্ধ। তবু যেখানে তার বিশিষ্টতা সেখানে তিনি আজো বাঙালী লেখকদের মধ্যে অদ্বিতীয়। শিক্ষিত সমাজ যাদের অবজ্ঞায় দূরে সরিয়ে রেখেছে, গ্রামের সেই অশিক্ষিত মানুষদের তিনি যত সহজে সাহিত্যে স্থাপত করতে পেরেছেন, তার পরে এই সত্তর-আশি বছরের মধ্যে আর কোনো লেখক তা পারলেন না,—না রবীক্রনাথ, না শরৎচক্র, না তারাশক্ষর, না বিভূতিভূবণ, না মানিক বাঁড়্যো। এবং যথনি তিনি সাধুভাষা ছেড়ে কথাভাষায় লিখেছেন তথনি তার গছে এমন এক বলিষ্ঠ গতিশীল, স্বতঃফ্রে সত্তাবোধের স্বাদ্ এমেছে যার পাশে টেকটাদ ও ছতোমকে স্লান এবং বীরবলকে কাত্রম ঠেকে। "নীল দর্পণ-এর তৃতীয় অঙ্ক, তৃতীয় গর্ভাক্ষের ভাষা এরই প্রমাণক উদাহরণ।

ক্ষেত্র—ও সাহেব! তুমি মোর বাবা, ও সাহেব, তুমি মোর বাবা, মোরে ছেড়ে দাও, পদী পিসীর সঙ্গে দিরে মোরে বাড়ী পেটিয়ে দাও; আঁদার রাত, মৃই একা যাতি পারবো না। (হন্ত ধরিয়া টানিল) ও সাহেব, তুমি মোর বাবা, ও সাহেব, তুমি মোর বাবা: হাত ধলি জাত যায়, ছেড়ে দাও, তুমি মোর বাবা।

রোগ-তোর ছেলিয়ার বাবা হইতে ইজ্ছা হইয়াছে; আমি কোন কথার ভুলিতে পারি না। বিছানায় আইস, নচেৎ পদাঘাতে পেট ভাঙ্গিয়া দিব।

ক্ষেত্র—মোর ছেলে মরে যাবে—দই সাহেব—মোর ছেলে মরে যাবে—মুই পোয়াতী।

রোগ—ভোমাকে উলঙ্গ না করিলে ভোমার লজ্জা ঘাইবে না। (বস্ত্র ধরিরা টানিল)।

ক্ষেত্র—ও সাহেব, মুই তোমার মা, মোরে ফ্রাংটা করে। না, তুমি মোর ছেলে, মোর কাপড় ছেড়ে দাও।

শ্বভাবতই এ ভাষা বর্ত্তিমচন্দ্রের পছন্দ হয়নি। দীনবন্ধুর জীবনী এবং কবিত্ব সন্ধন্ধে -আলোচনা করতে যেয়ে তিনি দীনবন্ধুর ক্ষচির দোষের কথা উল্লেখ করেছেন। তবে একথাও শ্বীকায় করেছেন যে এ দোষ ইচ্ছাকুত নয়, তিনি তার তীব্র সহাকুভূতির অধীন ছিলেন বলেই এ দোষ ঘটেছে। বৃদ্ধিম 'সধবার একাদশীর' পাণ্ডুলিপি প্রত্যু দীনবন্ধুকে জানিয়েছিলেন বে ঐপ্রহসন "বিশুদ্ধ ক্ষচির অমুমোদিত নহে" এবং সে কারণে অমুরোধ করেছিলেন যে, "ইহার বিশেষ পরিবর্ত্তন ব্যতীত প্রচার না হয়।" বাংলা সাহিত্যের জার বরাত দীনবন্ধু শেষ পর্যন্ত বন্ধুর সে অমুরোধ রক্ষা করেন নি।

(৩) এ কথায় যদি কারো আপত্তি থাকে তবে তাকে "হামলেট", তৃতীয় অস্ক, দিতীয় দৃষ্ট ক্ষরণ করতে বলি :

Queen; Come hither, my good Hamlet, sit by me.

Hamlet: No, good mother, here's metal more attractive.

Polonius: O, ho, do you mark that?

Hamlet: Lady, shall I lie in your lap?

Ophelia: No. my lord.

Hamlet: I mean, my head upon your lap?

Ophelia: Ay, my lord,

Hamlet: Do you think I meant country maters?

Ophelia: I think nothing, my lord.

Hamlet: That's a fair thought to lie between maid's legs.

দার্শনিক যুবরাজের মুথে এ জাতীয় ভাষা দিতে শেক্সপীয়রের এতটুকু সংক্ষাচ হয়নি। ঐ নাটকের তৃতীয় অঙ্ক, প্রথম দৃশ্যে "To be or not to be" বিখ্যাত স্বগভোক্তির ঠিক পরেই হামলেট-ওফেলিয়ার কথোপকথন এ প্রদক্ষে স্মরণীয়। ফলস্টাফ্, ইয়াগো, উন্নাদ লীয়ার—এদের ভাষা কিম্বা ভাষনায় কি কোন শ্লীলভার আক্র আছে ? শুধু কি ভাই। হামলেট নাটকের করুণতম মুহূর্তে নিপ্পাপ কিশোরী ওফেলিরাকে দিয়ে শেক্ষপীয়র কি গান গাইয়েছেন (চতুর্থ অঙ্ক, পঞ্চম দশ্য।):

Quoth she, before you tumbled me,
You promis'd me to wed.
So would I ha' done, by yonder sun
An thou hadst not come to my bed.

"ওথেলো," চতুর্থ অন্ধ, তৃতীয় দৃশ্যে ডেসডিমোনার "Sing willow, willow, willow" গানের অসমাপ্ত শেষ চরণটি নাট্যকার অকারণে ও গানে বসান নিঃ, "If I court moe women, you'll couch with moe men". ইংরেজি শিক্ষিত কোনো বাঙালী নাট্যকার কি তরণী নারিকার মুখে "tumble" বা "couch with" জাতীয় ভাষা দিতে পারেন? তব্ ত এ তরণীর ভাষা। যেথানে সে বাধা নেই মহাকবি সেথানে আর কোনে। রেয়াৎ করেননিঃ

Even now, now, very now, an old black ram

Is tupping your white ewe.

("ওথেলো," প্রথম অক, প্রথম দৃশ্য।)

এর বাংলা যদি কেউ করতে পারতেন, তবে সে এক দীনবন্ধু মিত্র।

(৪) রফা করেই কি সব সময়ে রেহাই মিলেছে। যৌবনে মঠে থাকা কালে বর্ত্পক্ষ টের পান যে তিনি গোপনে গ্রীকভাগ চর্চা করছেন, ফলে তার নিজন্ব গ্রীক গ্রন্থসংগ্রহ বাজেয়াপ্ত করা হয়। পরবর্তীকালে গাগাঁতুয়া-পাতাগ্র,য়া-পাতাগ্র য়েল কাহিনীর এক এক খণ্ড যেমন যেমন বেরিয়েছে আর অমনি সর্বনর অসীম ক্ষমতাশালী কর্তারা তার প্রকাশ এবং প্রচার নিষিদ্ধ করেছেন। তবু যে তাঁকে খুব বেশী ভূগতে হয়নি তার কারণ পারীর বিশপ ছিলেন তার একজন মস্ত সমঝদার পৃষ্ঠপোষক। এরি থাতিরে পোপ রাবলেকে ক্ষমা করেন এবং রাজা নিজে তাঁকে তাঁর বই ছাপানোর জন্তে বিশেষ অমুমতি দান করেন।

(৫) গাগাঁতুরা, প্রথম খণ্ড ''পাঠকের প্রতি'':

One inch of joy surmounts of grief a span

Because to laugh is proper to the man

(Sir Thomas Urquhart-এর অমুবাদ।)

- (e) Jacques le fatalisos et sen maitre দিদেরের জীবিতকালে-প্রকাশিত হয়নি।
 এবং একণা অবিখান্ত ঠেকলেও যডদুর জানি বিখ-সাহিত্যের এই অক্সতম শ্রেষ্ঠ সম্পদের প্রথম
 ইংরেজী পূর্ণাঙ্গ অমুষাদ প্রকাশিত হতে ছুশো বছর লেগেছে। অথচ এ বই গোয়েটে এবং
 তাঁদালকে মৃদ্ধ করেছিল: এর অন্তর্নিহিত বিপ্লবী দৃষ্টিভঙ্গীকে মার্কস্ এবং এঙ্গেল্স্ সোচ্ছ্বাসে
 স্বাগত জানিয়ে ছিলেন; এবং ফরাসী-বিপ্লবের জীবন দর্শন যে এই আপাতদৃষ্টিতে অতি অশ্লীল
 উপস্থাসটিতে কত পরিণত প্রকাশ লাভ করেছে তা বর্তমান শতকের অম্পত্রম শ্রেষ্ঠ মানবত্রী
 দার্শনিক কাসিরের সাহেবের নজর এড়ায়নি।
- (৭) বাংলাভাষায় ছটি কৰিতারই সার্থক কাব্যামুবাদ করেছেন স্থীল্রনাথ দত্ত 'ফনের দিবাশগ্র ও ''আদিনাগ''।
- (৮) এই প্রবন্ধটি যথন প্রথম প্রকাশিত হয় আমার গুরুষানীয় তুই সাহিত্যিক এ সম্পর্কে আমাকে তুটি পত্র লেখেন। স্থীন্দ্রনাথ দত্ত শ্বরণ করিয়ে দেন সাহিত্যের ভাষা ব্যঞ্জনাময় এবং সেকারণে পড়ে পাওয়া ইতরজনের ভাষায় সাহিত্যের কাজ চলেনা। একথা আমি মানি, কিন্তু প্রচলিত ভাষা থেকেই যথন সাহিত্যিক উপাদান সংগ্রহ করে থাকেন তথন তাঁর আহরণ শুধু সংস্কৃতের মধ্যে আবদ্ধ থাকবে এবং প্রাকৃতকে পরিহার করবে, এ নীতি আমার কাছে গ্রহণযোগ্য ঠেকেনা। উপাদান সংগ্রহের ক্ষেত্রকে সঙ্কুচিত করে নয়, সংগৃহীত উপাদানের বিশিষ্ট এবং ব্যঞ্জিত প্রয়োগ ঘটিয়েই সাহিত্যিক তাঁর কারিগরির যথার্থ প্রমাণ দিতে পারেন।

দিতীয় পত্রটি লেখেন রাজশেধর বস্থ এবং এটি তাঁর অমুমতি ক্রমে 'দেশ' পত্রিকায় প্রকাশিত হয়। তাঁর প্রধান বক্তব্য ছিল। শ্লীলতার ধারণা বিভিন্ন দেশেকালে পালটালেও শ্লীলতানে দিধ সভ্যসমাজের পক্ষে অপরিহার্য, এবং সৎসাহিত্য সে কারণে শ্লীলতার নির্দেশ অপ্রাহ্ম করতে পারেনা। আমি সাহিত্যকে স্রেফ সামাজিক ক্রিয়া রূপে দেখিনা। ব্যক্তি সমাজের চাইতে মূল্যবান এবং ব্যক্তির অন্তর্গোক সাহিত্যের প্রধান উপজীব্য। সমাজের চাপে ব্যক্তি তার জীবনের অনেকখানিই ঢাকা দিয়ে রাখতে বাধ্য হয়—শুধু অপরের দৃষ্টি থেকে নয়, নিজের দৃষ্টি থেকেও। সাহিত্য এই আবরণ মোচন করে। শ্লীলতার নির্দেশ তাই সাহিত্যিকের কাছে অগ্রাহ্ম। সাহিত্য শুধু কুল্ল-ফলের বেসাতি করেনা, মাটার নীচে শিকড়ের থোঁজ-ও রাথে।

তাছাড়া সাহিত্যিক কোন শ্লীলতার নির্দেশ মানবেন ? তাঁর যুগের এবং সমাজের ? ছাপোবা কেরানীর মত ? সমাজ সংস্কারক অথবা রাষ্ট্রবিপ্লবীর যেটুকু অধিকার আছে তাও তাঁর নেই ? রাজশেথর বাব্র প্রতি গভীর শ্রদ্ধা থাকা সত্ত্বেও তাঁর চিটির বক্তব্য সেদিন মানতে পারিনি, এত বছর পরেও মানা গেলনা।

সমকালীন বাংলা উপস্থাসে মননবিমুখতা

একথা সকলেই মেনে থাকেন, যা চোথে পড়ে বা কানে শোনা যায় তারি ভধু হুবছ প্রতিফলন কিংবা অন্থলিখন ভালো বিপোর্টারের কাজ হতে পারে, কিন্তু দাহিত্যিক হতে গেলে আরও অনেকগুলি গুণ থাকা দরকার। সাহিত্যের কারবার মানুষের মন নিয়ে, এবং মনের অনেকটাই বাইরের ব্যবহারে প্রকাশ পায় না, অহমান করে নিতে হ:। যাও বা প্রকাশ পায় তারো অনেকথানি নজর এডায়, যদি-না দেখিয়ে মামুষ, ব অমুশীলিত চোথের অধিকারী হন! এই দুখের আড়ালে অদুখকে অফুমান করার, প্রতিটি মানবীয় ঘটনা বা আচরণের মধ্যে স্ক্রাতিস্ক্র ভেদ লক্ষ্য করার সামর্থ্য সাহিত্যিকের অক্ততম লক্ষণ। অপর পক্ষে, যদিচ বিশেষ ঘটনা এবং অভিজ্ঞতাকে অবলম্বন করেই দাহিত্য-কল্পনা প্রকাশ পায়, তবু বিশেষের মধ্যে সামান্তকে আবিষ্কার না করা পর্যস্ত সে-ঘটনা বা অভিজ্ঞতা সাহিত্যের উপাদান হয়ে উঠতে পারে না। যা বিশেষ তা সামান্ততার আলোকে অর্থসঙ্গতি অর্জন করে। তৃতীয়ত, সাহিত্যের যেটি মাধ্যম সেই ভাষার সামর্থ্য শুধু অভিধানিক অর্থের মধ্যে নিঃশেষিত নয়। সাহিত্য যে শিল্পকর্ম সেটি প্রধানত প্রকাশ পায় যথন নিপুণ প্রয়োগের ফলে ভাষাতে ব্যঞ্জনার সঞ্চার ঘটে। অর্থাৎ সাহিত্যিক একাধারে মনস্তাত্ত্বিক, দার্শনিক এবং শক শিল্পী।

সাহিত্যের এই ত্রিবিধ লক্ষণই মননক্রিয়ার পরিচায়ক। প্রেরণা নামে রহস্তময় শক্তির অধিকারী না হলে হয়ত সাহিত্যিক হওয়া সম্ভব নয়। কিন্তু শুধু প্রেরণার জোরেই বোধহয় কেউ সাহিত্যিক হয়ে ওঠেন না। সাহিত্যসম্ভোগের মত সাহিত্যস্থিত অনুশীলন সাপেক্ষ। যে প্রক্রিয়ার ভিতর দিয়ে একটি অভিজ্ঞতা অথবা ভাবনা রূপ পরিগ্রহ করে সেটি সচেতন নাও হতে পারে; কিন্তু সেই প্রক্রিয়ার সাফল্যের জন্ম তার পূর্বে অভিজ্ঞতা, ভাবনা এবং ভাষা বিষয়ে চর্চা অপরিহার্য। এমনকি সাহিত্যের যেটি সবচাইতে বিশুদ্ধতম শিল্পরূপ সেই লিরিক কবিতার ক্ষেত্রেও মননক্রিয়ার অংশ বড় কম নয়। লিরিক কবিকেও পূর্বস্থরীদের কবিকর্ম থেকে পাঠ নিতে হয়, রচনা-শৈলী শিথতে হয়, স্বতঃ স্মৃতির প্রয়োজনেই দীর্ঘ সাধনার দ্বারা প্রকাশরীতিতে পারদর্শিতা অর্জন করতে হয়। ঠিক কথাটি, ঠিক ছবিটি, ঠিক ছন্দটি

আপনা থেকেই ধরা দেয় না। লিরিক শিল্পীও তাই স্রেফ প্রেরণার উপরে নির্ভর না করে নিজের লেখা নিজেই সচেতন প্রয়য়ের সঙ্গে মার্জনা করেন।

क्थां। বোঝবার জন্ম মালার্মের কাছে যাবার প্রয়োজন নেই, স্বয়ং রবীক্রনাথ বিস্তর উদাহরণ রেখে গেছেন। "হঃসময়" কবিতাটির আদি রূপের সঙ্গে পরিবর্তিত রূপের তুলনা করলেই লিরিক কবিতায় মননের অংশ কতথানি তা স্পষ্ট হবে। ১ কবি প্রেরণার বশে প্রথমে যে কবিতাটি লিখেছিলেন তার ভাষা ছিল অনেকটা এলানো, এবং তার রদ ছিল কিছুটা ফিকে। তাঁর আরো বহু কবিতার যা প্রয়োজন ছিল অথচ সব ক্ষেত্রে যা জোটে নি, সৌভাগ্যবশত এই কবিতাটি তা পেয়েছিল: সেটি হল কবির নিজের হাতে স্থনিপুণ এবং নিষ্ঠুর পরিশোধন। মূলে প্রথম পংক্তির শেষ তুটি শব্দ ছিল "মন্দ পদে"। কেটে করলেন "মন্দ চরণে"। তারপর "শ্রান্ত মন্থরে" এবং দর্বশেষে তাও বদলে "মনদ মন্থরে"। সম্ভবত এই প রিবর্তনের ফলেই কবিতাটিকে ঢেলে সাজাতে হল। গীত-গোবিন্দ-ঘেঁসা অংশগুলি কবি নির্মম ভাবে ছেঁটে ফেললেন। নববসন্ত, পঞ্মরাগ. পঞ্চশায়ক, অলদ্ঞলা যুবতী, আকুল কোকিল, কিন্নবীকুল, ফুলচন্দন, নবদম্পতির কম্পিত বাহুবন্ধন ইত্যাদি সব অবাস্তর হয়ে ঝরে পড়ল। পরিবর্তে প্রধান হয়ে উঠল স্থচির-শর্বরী, শুদ্ধ আসনে বিশ্ব-জগতের প্রহরগোনার ছবি, উধ্বাকাশে অঙ্গুলিমেলা তারার দল, উষা-দিশাহারা নিবিড-ভিমির-আঁকা মহানভ-অঙ্গন। ফলে রসে এল গাঁচতা, কেন্দ্রীয় অভিজ্ঞতা ধৃত হল উপযোগী চিত্রকল্পে, কল্পনার কাঠামোয় এল দৃঢ়তা এবং দৌষমা। শেষে কবিতাটির নাম পর্যন্ত পালটে হল "ম্বর্গপথে" থেকে "তুঃসময়"।

ফলত বিজ্ঞান এবং দশনের মত সাহিত্যও মননক্রিয়া ছাড়া অকল্পনীয়। এবং আমার বিশ্বাস সাহিত্যের যে রূপটিতে মননক্রিয়ার স্থান সবচাইতে স্প্রপ্রতিষ্ঠিত সেটি হল উপত্যাস। ইয়োরোপে উপত্যাসের জন্মকালে তার অসামাত্য সম্ভাবনা ধরা পড়ে নি। ডিফো কিম্বা রিচার্ডসন জাতীয় লেখকরা ছিলেন আসলে কাহিনীকার। কিন্তু ক্রমেই সামর্থ্যসম্পদ পরিস্ফৃট হয়ে উঠতে লাগল। লিরিক কবির কল্পনা নিজের অভিজ্ঞতার আরশীতে মানবীয় অফ্ভবের বিচিত্র রূপকে প্রতিফলিত করে; নাট্যকার এবং

কাহিনীকার ম্থ্যত ঘটনাপ্রবাহের বাহ্রপের মধ্যে অন্তর জগতের ইঙ্গিত দেবার প্রয়াসী। উপন্যাসিক অন্তর এবং বাহির, ব্যক্তি এবং সমাজ, নিজের কাল এবং সর্বকাল, গৃঢ়তম অহুভৃতি এবং জটিলতম চিম্তাপ্রবাহ—সব কিছুকেই তাঁর শিল্পরপের উপাদান হিসাবে ব্যবহার করতে পারেন। অপরোক্ষ অহুভৃতির সঙ্গে পরোক্ষ বিশ্লেষণ কাহিনীর ধারাবাহিকতার সঙ্গে আত্মজিজ্ঞাসা এবং তত্ত্ববিচার—তাঁর কাছে কিছুই অপাংক্রেয় নয়। ফলে উপন্যাসের মধ্যে মানব অন্তিত্বের যতথানি ব্যাপক এবং স্ক্ষাতিস্ক্ষ অন্তেষণ ও উদ্ঘাটন সম্ভব, অন্ত যে-কোন শিল্পরপেরই তা অনায়ন্ত। এবং এই সন্তাবনাই উপন্যাসে মননশীলতার প্রাধান্তের মূল হেতু।

আঠারো শতকের শেষদিক থেকে উপন্তাদের এই বৈশিষ্ট্য পশ্চিমদেশে স্বীকৃতি পেতে স্থক করে। বিজ্ঞান না-হয়েও উপক্যাস সর্বগ্রাসী; দর্শন না-হয়েও উপত্যাস তত্ত্বকেন্দ্রিক। অবশ্য একথা স্বীকার্য যে কাহিনী এবং চরিত্র ছাড়া উপত্যাদ হয় না। কিন্তু শুধু কাহিনী ফেঁদে এবং চরিত্র স্বষ্টি করে ক্ষমতাবান ঔপগ্রাসিক তৃপ্তি পান না। মানব অস্তিত্বের বিচিত্র দিক এবং নানা নিত্য সমস্থা নিয়ে তিনি ভাবতে এবং ভাবাতে চান। সাহিত্যের যে বিশেষ রূপটির তিনি সাধক তার মধ্যে এই ভাবনার স্থযোগ অফুরস্ত। মহাকাব্যের যুগে কবিদেরও এ স্থযোগ ছিল; মহাভারত এবং ডিভাইন কমেডি তার সার্থক প্রমাণ। আধুনিক কালে উপন্তাস এই স্থযোগ এবং দায়িত্বের উত্তরাধিকারী হয়েছে। যতদূর মনে করতে পারি ইংরেজী ভাষায় এ স্বযোগের প্রথম সন্থ্যবহার করেন দ্র্ণ তার "ট্রিষ্ট্রাম স্থাণ্ডী" উপত্যাসে, জার্মান ভাষায় গোয়েটে তাঁর "হ্বিল্হেল্ম মাইস্টারে", ফরাসী ভাষায় প্রথম দিদেরো এবং তারপর কঁস্ত[া], রুশ সাহিত্যে গোগোল তাঁর "ডেড্ সোল্স্"-এ। এঁদের হাতে উপকাদ শুধু আর ফেনানো ফাঁপানো বড়গল্প হয়ে রইল না; বছবাচনিক অন্তিত্বের বিশ্লেষণ এবং মৃল্যায়ন ঔপস্থাসিকের অন্ততম প্রধান দায়িত্ব হয়ে উঠল। এঁবা যে পথ দেখিয়ে দিয়ে গেলেন গত একশো দেড়শো বছর তারি অফুসরণ করে উপ্যাস আধুনিক সাহিত্যের স্বচাইতে সমুদ্ধ শাথা হয়ে উঠেছে। টুর্গেনিফ, ডফ্য়েভ্স্কি এবং টলস্ট্য়, স্তাদাল, বাল্জাক এবং ফ্লোবেয়ার,—এঁদের বৈদ্ধ্যা, কলানৈপুত্ত এবং নাচিকেত প্রশ্নশীলতার জারকরদে দর্শন, সমাজতত্ত্ব, মনস্তত্ত্ব, নীতিবিচার, ইতিহাস, শিল্পশাস্ত্র, সব কিছুই উপস্থাদে ব্যবহারযোগ্যতা অর্জন করল। এঁদের হুযোগ্য উত্তরস্থরী হলেন মার্দেল প্রুন্ত, টমাদ মান, ফ্রানৎজ, কাফ্কা, জেমদ্ জয়েদ, ভর্জিনিয়া উলফ্, উইলিয়ম ফক্নার, নিকদ কাজানৎজাকিদ, বরিদ পাস্টারনাক, আল্বেয়ার কাম্, জাঁ-পল দার্অ প্রভৃতি। এঁরা উপন্তাদের মধ্য দিয়ে একদিকে ব্যক্তিমাহ্বের অস্তিত্বের অস্ত:স্তল পর্যন্ত অহুদন্ধান করেছেন, অন্তদিকে দর্বমানবীয় দন্তার কল্পনাকে নতুন নতুন দিক থেকে পুনর্বিচার করেছেন। এ কাজের জন্ত এঁদের বিস্তর দেখতে হয়েছে, পড়তে হয়েছে, জানতে হয়েছে, ভাবতে হয়েছে। যাঁরা অবদর বিনোদনের জন্ত মোলায়েম স্থপাঠ্য কাহিনীর খোঁজ করেন, এঁদের রচনা তাঁদের উদ্দেশ্তে লিখিত হয় নি! এঁদের উপন্তাদের যথার্থ উপভোগের জন্ত পাঠকের নিজের যথেষ্ট পূর্বপ্রস্তৃতির প্রয়োজন। গোয়েটে বলেছিলেন নাটক কিংবা রঙ্গালয় শিশুর জন্ত নয়। দে কথার-ই প্রতিধ্রনি করে বলা চলে, চিন্তাশীল পাঠকই দার্থকউপন্তাদের যথার্থ ভোক্তা। যাঁরা অভিজ্ঞতার বিশ্লেষণে অপারগ অথবা যাঁদের কল্পনা হোম্যান্স।

। छूटे ।

চিন্তাশীলতা যে উপন্থাসিক কল্পনার মোটেই প্রতিবন্ধক নয়, বরং তার পোষক এবং বর্ধক, বাংলা ভাষার যিনি প্রথম যথার্থ গছাশিলী সেই বিদ্ধমচন্দ্র এ কথাটি খুব ভালভাবেই জানতেন। তিনি শুধু দর্শন, বিজ্ঞান, ইতিহাস, ধর্মশান্ত অথবা সমাজতত্ব বিষয়ে নানা মূল্যবান প্রবন্ধ লেখেন নি; তাঁর বিভিন্ন উপন্থাসে তিনি এসব বিষয়ে ভাবনা ও আলোচনাকে কাহিনীর অঙ্গীভূত করার প্রয়াস পেয়েছিলেন। তার চাইতেও বড় কথা, তাঁর প্রধান কয়েকটি উপন্থাস স্পষ্টত তত্বকেন্দ্রিক। বিশদ গল্পবলার শিল্পে বন্ধিম মোটেই অপটু ছিলেন না; তার প্রমাণ হুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, মৃণালিনী, ইন্দিরা এবং রাজসিংহ। কিন্তু যেখানে তিনি উপন্থাসিক সেথানে তাঁর কল্পনা শুধু ঘটনাবিন্থাস করেই পরিভ্ন্ত হয় নি, কাহিনীর স্বত্রে মানবীয় অন্তিত্বের বিশ্লেষণ ও মূল্যায়নেরও প্রচেষ্টা করেছে। হুর্গেশনন্দিনীতে এ প্রচেষ্টার ক্ষীণ আভাস আছে। কপালকুণ্ডলাতে এটি অপেক্ষাকৃত স্পষ্টতর। কিন্তু এটিই কাহিনীর শক্তিকেন্দ্র হয়ে উঠেছে বিষর্ক্ষ, চন্দ্রশেথর, কৃষ্ণকান্তের উইল, আনন্দমঠ, দেবীচৌধুরাণী এবং সীতারাম এই উপন্থাস কটিতে। এদের মধ্যে বন্ধিম যুগপৎ কাহিনীকার,

মনস্তাত্ত্বিক এবং দার্শনিক। তিনি শুধু চরিত্র এবং ঘটনার উদ্ভাবন করেন নি; অস্তিত্বের নানা জটিল সমস্তা ও সংঘাতের বিচার বিশ্লেষণ করে গভীর একাগ্রতার সঙ্গে একটি জীবনাদর্শন গড়ে তোলার প্রয়াস পেয়েছেন।

স্বীকার না করে উপায় নেই যে বহিমের এই জীবন দর্শনের অনেকটাই আমার কাছে গ্রহণযোগ্য ঠেকে না। তা সত্ত্বেও তাঁকে আমি মহৎ ঔপত্যাসিক বলে মানি। তার কারণ তাঁর শ্রেষ্ঠ উপত্যাসগুলিতে দার্শনিক সিদ্ধান্তের চাইতে কল্পনাবিধৃত মনস্বিত। অনেক প্রবল। অর্থাৎ তাঁর নৈতিক প্রত্যেয় যা-ই হোক না কেন, তাঁর কাহিনীর কেন্দ্রে জিজ্ঞাসার উপস্থিতি উপত্যাসকে বহুক্ষেত্রে মতপ্রচারের স্থুলতা থেকে রক্ষা করেছে। এদিক থেকে আনন্দমঠ এবং দেবীচৌধুরাণী উপত্যাস হিসেবে কিছুটা তুর্বল; কারণ এখানে তত্ব অনেক সময় কাহিনীর কেন্দ্র থেকে সরে এসে কাহিনীর উপরে বোঝা হবার উপক্রম করেছে। ক্রফ্কান্তের উইল বহিমের শ্রেষ্ঠ উপত্যাস। কাহিনী-দেহে তত্ব-জিজ্ঞাসা এখানে রক্তম্রোতের মত প্রবহমান। দার্শনিকতা এখানে প্রচারে পর্যবিসিত না হয়ে উজ্জ্বল কোতৃকে বিচ্ছুরিত।

যা-ই হোক, বঙ্কিম তাঁর তিরিশ বছরব্যাপী দাহিত্যদাধনার মধ্য দিয়ে মননশীলতাকে ঔপন্যাসিক কল্পনার কেন্দ্রে প্রতিষ্ঠিত করে গেলেন। এদিক থেকে রবীক্রনাথকে তাঁরই অহুগামী বলা চলে। পরিণত অবস্থায় রবীক্রনাথের জীবনদর্শন বঙ্কিমী জীবনদর্শন থেকে অনেকটা পুথক, শেষ পর্যন্ত প্রায় তার সমাজাত্মগত্য এবং শান্ত্রীয় নির্দেশের বিপরীত। চাইতে আত্মপ্রকাশকে কবি ক্রমশঃই বেশী মূল্য দিয়েছেন। কিন্তু দর্শনের বৈপরীত্য সত্ত্বেও মনস্বিতা-প্রধান উপন্থাদের ঐতিহে রবীক্রনাথ বঙ্কিমেরই উত্তরসাধক। বৌঠাকুরাণীর হাট এবং রাজর্ষি বাদ দিলে তাঁর প্রায় প্রত্যেকটি দীর্ঘকাহিনীর কেন্দ্রে কোনো-না-কোন দার্শনিক জিজ্ঞাদা হয় প্রচ্ছন্ন, নয় প্রকটভাবে বর্তমান। এমনকি এ-ঘটি রচনার মধ্যেও তত্তবিজ্ঞাদা একেবারে অন্নপস্থিত নয়। নষ্টনীড় থেকে শুকু করে চার অধ্যায় পর্যন্ত প্রতিটি উপক্যাদে রবীন্দ্রনাথ মানবীয় অন্তিত্বের একটি না একটি মূল সমস্থার সঙ্গে আমাদের মুখোমুখী করিয়েছেন। তাঁর স্বকীয় মননের দ্বারা মার্জিত হয়ে এই দব দমস্থা মাহুষ সম্বন্ধে আমাদের অভ্যন্ত ধারণায় বিপ্লব ঘটিয়েছে। তাঁর লেখা থেকে আমরা শুধু গল্পের হুথ উপভোগ করি নি ; জীবনের নানা কঠিন প্রশ্ন নিয়ে নতুন করে ভাববার যে তীব্র, হুর্লভ, বিদগ্ধ আনন্দ, তারও আস্বাদ লাভ করেছি। আমরা মানে নিশ্চয়ই সব পাঠক নয়। অরুশীলিত পাঠকই এ আনন্দের অধিকারী। যাঁরা অরুশীলনে বঞ্চিত অথবা পরাজ্যুথ তাঁরা রবীন্দ্রনাথের উপত্যাসরাজিকে ভক্তি সহকারে আলমারিতে তুলে রেথে আপন আপন সামর্থাত্বায়ী অন্তত্ত্ব ভোগ্যবস্ত খুঁজে নিয়েছেন। আমার অরুমান, বিশ্বভারতীর প্রকাশনাবিভাগে থোঁজ করলে জানা যাবে যে গোরা, ঘরে বাইরে, যোগাযোগ এবং চতুরঙ্গ-র পাঠক আজো নিতান্ত সীমাবদ্ধ।

দার্শনিকতার দ্বারা পরিশীলিত হলেও বঙ্কিমচক্র এবং রবীক্রনাথের উপক্তামে যে কোন ত্রুটি নেই, তা নয়। তাঁদের ক্রটি মুখ্যত ত্ব-ধরণের: শিল্পগত এবং দর্শনগত। কথনো কথনো তত্ত্বজিজ্ঞানা উপক্তাদের প্রবাহ থেকে বিযুক্ত হয়ে তত্তপ্রচারের আকার নিয়েছে; যেমন আনন্দমঠ এবং দেবীচোধুরাণীতে, কিংবা গোরা-র অনেক জায়গায়। ঔপন্যাদিক তার তত্তজিজ্ঞাদাকে চরিত্র এবং ঘটনার রসায়নে জারিত করে নিতে পারলে তত্ত্ব বোঝা হয়ে ওঠে না। বঙ্কিম এবং রবীন্দ্রনাথ যেথানে তা পারেন নি. সেথানে সেটি তাঁদের শিল্পকর্মের ক্রটি। অপরপক্ষে আদর্শগত নানা পার্থক্য সত্ত্বেও এ দের উভয়ের দর্শনেই অন্তিত্বের একটি প্রধান দিক অনেকটা উপেক্ষিত হয়েছিল: সেটি হলো চৈতক্তের অন্তরালে গৃঢ় প্রবৃত্তির ক্রিয়ার দিক! জৈবপ্রবৃত্তি হয়ত মাহুষের সব অশান্তির মূল; কিন্তু তাদের উচ্ছেদ ঘটিয়ে যে শান্তি সে ত মৃত্যুর শান্তি। প্রবৃত্তির প্রাণময় তাগিদেই না চেতনা নব নব রূপে আত্মপ্রকাশের সম্ভাবনাকে উন্মেষিত করে। "গীতা"র দারা প্রভাবান্বিত বঙ্কিম, এবং ব্রাহ্ম পিউরিট্যানিজম-এর আবহাওয়ায় বর্ণিত রবীন্দ্রনাথ কচি এবং নীতিবোধের কাছে প্যাশনকে অনেক সময়ে বলি দিয়েছেন। ফলে তাঁদের কল্লিত চরিত্রগুলি বহু ক্ষেত্রে টাইপে প্রবৃদিত হয়েছে। আমার বিশ্বাদ, এই ক্রটির জন্তুই অদামান্ত শিল্পক্ষমতা এবং মননশক্তির অধিকারী হওয়া সত্ত্বেও কি বন্ধিমচন্দ্র কি রবীন্দ্রনাথ তাঁদের উপত্যাসে স্তাঁদাল, ডস্টয়েভন্ধি, টল্টয় অথবা প্রস্তের তুল্য দিদ্ধি অর্জন করতে পারেন নি।

। ভিন ।

তা না পারুন, তবু একথা অনম্বীকার্য যে উক্ত ছই লেখক বাংলা উপন্তাদের স্থামনে তার যথার্থ সাধনার পথ খুলে দিয়ে যান। কিন্তু পথ থাকলেই যে পথিক জুটবে এমন কোনো অবশুস্তাবিতা নেই। এ পথে চলার জন্য যে সব গুণ দরকার-কাহিনী বোনার সামর্থা, ব্যবহারের আড়ালে মনের গৃঢ়তম ক্রিয়াকলাপ বিষয়ে অন্তর্দৃষ্টি, দামান্তের আলোকে বিশেষকে বিচার করার দার্শনিকতা এবং ভাষার ব্যঞ্জনা-সামর্থ্য বৃদ্ধির উল্লেখ্যে নির্লস শিল্প-সাধনা---তাদের একতা সমন্বয় স্থলভ নয়। বঙ্কিমচন্দ্র এবং রবীন্দ্রনাথের পর বাংলা দেশের যিনি দব চাইতে খ্যাতনামা ঔপকাদিক দেই শরৎচন্দ্রের প্রথম গুণটি পুরোমাতার ছিল। তাঁর তুলা গল্প-বানিয়ে বাংলা ভাষার আর দ্বিভীয়জন আছেন বলে জানিনা। দ্বিতীয় গুণও তিনি কিছুটা অর্জন করেছিলেন (যদিচ খুব জটিল চরিত্র উদ্যাটন করার সামর্থ্য তাঁর ছিল বলে মনে হয় না)। কিন্তু ভাষাপ্রয়োগের বৈদ্ধ্য এবং দার্শনিক মনস্বিতার গুণে তিনি বিশেষ সমুদ্ধ ছিলেন না। অবশ্য বৃদ্ধিম এবং বুবীন্দ্রনাথের অনুসরণে তিনি তাঁর কোন কোন উপক্তাদে তত্তালোচনার প্রয়াদ পেয়েছিলেন। কিন্তু মননের যে পাচিকাশক্তির জোৱে তত্ত উপন্তাদের মেদবৃদ্ধি না ঘটিয়ে কাহিনীতে দার্চ্য এবং অর্থসমূদ্ধি আনে শরৎচন্দ্র তা বর্জন করতে পারেন নি। এই দৈন্ত শেষপ্রশ্ন, চরিত্রহীন, পথের দাবি এবং বিপ্রদাদের মত উপন্তাদে অত্যস্ত স্পষ্ট। তাঁর অধিকাংশ ভাল লেথাই আদলে গল্প। কিন্তু যথনই তিনি উচ্চাভিলাদী হয়ে উপন্তাস লেখার চেষ্টা করেছেন অমনি তাঁর অপটু কল্পনার ভাবুকতা ভাবালুতায় পর্যবদিত হয়েছে। এ অভিযোগের একমাত্র ব্যতিক্রম গৃহদাহ। এথানে মনস্তাত্তিকের স্ক্ষ অস্তদ্ষ্টি কাহিনীতে গৃঢ় দার্শনিক ব্যঞ্জনার: দঞ্চার করেছে ! আমার বিশাদ, ভগু এই একথানি বইয়ের জন্ম কাহিনীকার শরৎচক্রকে ঔপতাসিক হিদাবে গণ্য করা চলে।

বাংলা সাহিত্যে শরৎচন্দ্রের আবির্ভাব যে সময়ে ঘটে তথন বাংলার সামাজিক সাংস্কৃতিক জীবনে একটি বড় রূপাস্তর স্টিত হচ্ছিল। প্রথম মহাযুদ্ধের আগে পর্যস্ত বাংলার শিক্ষিত সম্প্রদায় সংখ্যায় ছিল খুব অল্প। এ সম্প্রদায়ের সঙ্গে সমাজের অধিকাংশ মাহুষের বিশেষ মানসিক সালিধ্য ছিল না। বিশ্বম সমাজকে ব্যক্তির চাইতে বড় মনে করলেও তাঁর সাহিত্যের ভোক্তা ছিলেন মৃষ্টিমেয় সংস্কৃতিবান পাঠক। বিশ্বমানবতায় বিশাসী রবীক্রনাথের কাব্য, নাটক অথবা উপক্রাস সাধারণ পাঠকের মনে বড় একটা

২। প্রবন্ধের শেষে শ্বিতীয় টীকা

অহবণন জাগায় নি। প্রথম মহাযুদ্ধের সময় থেকে শিক্ষিতের সংখ্যা বৃদ্ধি পেতে লাগল। যথেষ্ট সংখ্যক স্থযোগ্য শিক্ষকের অভাবে শিক্ষার মান নিমগামী হল বটে, কিন্তু শিক্ষার স্থযোগ প্রদারিত হল। তার চাইতেও বড় কথা, রাজনৈতিক এবং অর্থনৈতিক কারণে বিভিন্ন আন্দোলনের মধ্য দিয়ে উচ্চশিক্ষিত সম্প্রদায়ের সঙ্গে স্বল্লশিক্ষিত এবং অশিক্ষিত সাধারণের যোগাযোগ ঘটতে লাগল। এই পরিবর্তন সাহিত্যে ছ ভাবে প্রভাব ফেলল। প্রথম মহাযুদ্ধের পূর্বে ইংরেজী-শিক্ষিত নব্য বাঙালী লেথকরা সাহিত্যকে জীবিকা নির্বাহের উপায় রূপে কল্পনা করতে পারেন নি। তাঁদের পাঠক সংখ্যা ছিল অত্যস্ত অল্প। যেহেতু লিথে তাঁরা ক্রজি রোজগার করতেন না, যেহেতু বাজারের চাহিদা নিয়ে তাঁদের কোনো ভাবনা ছিল না। তাঁরা স্ষ্টির প্রেরণায় অথবা ভাব প্রকাশের তাগিদে কলম ধরেছিলেন। লেথাকেই একমাত্র বৃত্তি হিদেবে অবলম্বন করে যে ভরণ পোষণের ব্যবস্থা করা চলে, এ সম্ভাবনা দেথা দিল প্রথম মহাযুদ্ধের সময়ে। এই নতুন পরিস্থিতির দূত হিসেবে আবিভুতি হল "ভারতবর্ষ" পত্রিকা। এদিক থেকে শরৎচন্দ্রকে বলা যায় আধুনিক বাংলার প্রথম পেশাদার লেথক। তিনিই প্রথম সাহিত্যিক যিনি পাঠকের পৃষ্ঠপোষকতার উপরে নির্ভর করে লেথাকে জীবিকার একমাত্র উপায় বলে গ্রহণ করলেন। দ্বিতীয়ত, প্রথম মহাযুদ্ধের পর থেকে ক্রমে জনসাধারণকে নিয়ে এবং জনসাধারণের জন্ম লেখা সাহিত্যের আদর্শ হয়ে উঠল। এ আদর্শের এক প্রধান উৎস হল ভারতবর্ষে গান্ধিজীর নেতৃত্বে গণ-আন্দোলন; অন্য উৎস হল রুশ দেশে ক্যানিস্ট নেতৃত্বে সমাজবিপ্লব এবং তারপর বিশের দশকে কমিন্টার্ণের উত্তোগে দেশে দেশে কম্যুনিস্ট ভাবধারার প্রদার।

জনসাধারণের সঙ্গে সাহিত্যের এই যোগাযোগের যেটুকু স্থকল সেটুকু খুবই স্পষ্ট। প্রথমত, এর ফলে বিশেষ করে উপত্যাসের বিষয়বস্তুতে ব্যাপ্তি এবং বৈচিত্র্য এল। শুধু এক বিশেষ ধরণের, বিশেষ সম্প্রদারের মান্ত্রদের জীবনযাত্রার মধ্যে মানবীয় অন্তিজ্বের স্ত্রে না খুঁজে নানা স্তরের, নানা অবস্থার মান্ত্রদের সম্বন্ধে লেখকদের মনে কৌতুহল জাগার ফলে উপত্যাসিক কল্পনা উপাদানের দিক থেকে সমৃদ্ধতের হয়ে উঠল। প্রথম মহাযুদ্ধের আগেকার উপত্যাসের সঙ্গে গত চল্লিশ বৎসরের উপত্যাসের তুলনা করলে এ বিষয়ে সন্দেহ থাকে না। দ্বিতীয়ত, এর ফলে সাধারণ মান্ত্রের ম্থের ভাষার সঙ্গে সাহিত্যের ভাষার ব্যবধান কিছুটা কমে এল; কথোপকথনে আড়েইতা কমে

কাহিনীতে গতি বাড়ল। বিশুদ্ধ-শিল্পে বিশাদী প্রমথ চৌধুরী প্রথম মহাযুদ্ধের সময় 'দবুজ পত্রে'র মাধ্যমে সাহিত্যে সাধুভাষার চাইতে কথ্যভাষার উপযোগিতা প্রমাণ করার জন্ম একাগ্র প্রয়াদ পেয়েছিলেন। বিশ ও বিশের দশকে বস্তুবাদী এবং সমাজসচেতন লেখকদের রচনায় তাঁর দেই দাবি ব্যাপক স্বীকৃতি লাভ করল। তৃতীয়ত, সাহিত্যকর্মে বিভ্রানদের একচেটিয়া অধিকার আর বজায় রইল না; সমাজের নিচের কোঠা থেকেও তৃ'একজন সাহিত্যিক দেখা দিতে লাগলেন। ঐতিহাশ্রয়িতা এবং রক্ষণশীলতার জায়গায় নতুন অভিজ্ঞতা এবং নতুন প্রকাশভঙ্গি নিয়ে পরীক্ষানিরীক্ষার সম্ভাবনা বৃদ্ধি পেল।

কিন্তু সঙ্গে বিপদের আশহাও অম্পষ্ট রইল না। উনিশ শতকে বাংলাদেশে আধুনিক যুগ স্চীত হওয়ার পর থেকে প্রথম মহাযুদ্ধের পূর্ব পর্যন্ত বাঙালী লেথকরা সাধারণ পাঠকের পৃষ্ঠ-পোষণার আশা করে লেথেন নি। তারা লেখার অন্তর্নিহিত সম্পদের মধ্যেই তাঁদের সাধনার সার্থকতা খুঁজতেন। ফলে একদিকে তাঁরা শিল্পকর্মে নৈপুণ্য অর্জনের জন্ম অক্লান্ত সাধনা করতেন; অক্তদিকে তাঁরা ব্যাপৃত ছিলেন অহভূতির স্ক্ষতাসাধনে, জ্ঞানের প্রবর্ধনে, অভিজ্ঞতার বিশ্লেষণ এবং মৃগাায়নের অহুশীলনে। কিন্তু সাধারণ পাঠকের পৃষ্ঠপোষণার ফলে লিথে জীবিকা নির্বাহের সম্ভাবনা যথন উপস্থিত হল, তথন অনেক ক্ষমতাবান লেথকের মনে শিল্প-বিবেকের চাইতে গণমনোরঞ্জনের আকাজ্জা প্রবলতর হয়ে উঠল। কিন্তু এদেশে শিক্ষিতের সংখ্যা ধীরে ধীরে বাড়লেও শিক্ষার বনিয়াদ বিশেষ মজবুত করে গড়া হয় নি। ফলে এই বর্ধমান পাঠক সম্প্রদায়ের মধ্যে অতি অল্পসংখ্যক ব্যক্তি অকুশীলিত রুচি অর্জন করেছিলেন। অর্থঘন ভাষা, সৃশ্ম বিশ্লেষণ, জটিল কিন্তু স্থবিক্যস্ত ভাবনা— এদব দক্তোগ করার দামর্থ্য এ দের আনেকের মনেই গড়ে ওঠে নি। ফলে এঁদের চাহিদা মেটাতে গিয়ে লেখকের কল্পনাকে স্কল্প থেকে ক্রমেই স্থলের দিকে বেঁদতে হয়েছে, গৃঢ় ব্যঞ্জনার অহুশীলন ছেড়ে চোথ ঝলসানো বাক্চাতুরিকে আশ্রয় করতে হয়েছে, জটিল সমস্থাকে এড়িয়ে সরল ভাবালুতাকে প্রশ্নয় দিতে হয়েছে। তাছাড়া লেথাকেই জীবিকার মৃথ্য উপায় করার ফলে লেথকদের প্রচুর লিথতে হয়েছে। সৃষ্টির জন্ম যে অবসর এবং কর্মবিরতি একান্ত প্রয়োজন—যে অবসবে একদিকে অভিজ্ঞতারাশী ধীরে ধীরে পরিশ্রত হয়ে মনের মধ্যে দানা বাঁধে, এবং অক্তদিকে যে কর্মবিরতির কালে

শিল্পী নিজের ভাবনাকে সমৃদ্ধ এবং ব্যঞ্জিত প্রকাশরীতিকে পরিশীলিত করে তোলেন—সেই অবসর এবং কর্মবিরতিকে সংক্ষিপ্ত থেকে সংক্ষিপ্ততর করে আনতে হয়েছে। ফলে লেখা যত পরিমাণে বেড়েছে, লেখার মান ততই নিচের দিকে নেমে গেছে।

দ্বিতীয়ত, সর্বদাধারণকে নিয়ে এবং সর্বদাধারণের জন্ত লেখার আদর্শ গ্রহণ করলেও অধিকাংশ বাঙালী লেথক আজো জন্ম, শিক্ষা এবং জীবনেযাত্রার স্থুত্তে সমাজ্যের একটি বিশেষ স্তুরের অধিবাসী। বর্ণ উপবর্ণের দিক থেকে এঁরা ত্রাহ্মণ, বৈশ্য কিম্বা কায়স্থ; এঁদের অধিকাংশের জন্ম জমিদার অথবা চাকুরে পরিবারে; এঁরা শহরবাসী এবং কম-বেশী ইংরেজী শিক্ষিত। একদিকে স্বপ্রতিষ্ঠিত বর্ণব্যবস্থা এবং অক্তদিকে সমাজ-জীবনে ব্যক্তিগত উদ্মোগ এবং গতিশীলতার অভাব নিমন্তবের মামুষদের আজও সাংস্কৃতিক আত্মপ্রকাশে অক্ষম করে রেখেছে। এখন শিল্পদাধনায় প্রতিভার স্থান যত বড়ই হোক. গভাগাহিত্যের বিকাশ অনেকটাই মনম্বিতার চর্চার উপরে নির্ভর করে। একথা উপন্তাদ দম্পর্কেও কমবেশী দতা। কিন্তু এদেশে উচ্চ শিক্ষার স্থযোগ ঘটনাচক্রে এবং আদর্শের প্রভাবে কথাসাহিত্যিকরা নিম্নন্তরের সাধারণ মাহুষের মধাবিত্ত সমাজের মাহুষ। গ্রামবাসী চাষী, শহরতলীর মজুর, অশিক্ষিত নিম্নতম বর্ণের স্ত্রীপুরুষ, বেখা, চোর, ভিথারী ইত্যাদি মামুষদের নিয়ে যথন তাঁরা লিখতে বসলেন, তথন তাঁদের স্ষ্টিতে তাই সত্যের স্থর বাজল না। তাঁরা ঘোষণা করনেন যে তাঁরা বস্তুতন্ত্রী: কিছু প্রত্যক্ষ অভিজ্ঞতার অভাবে তাঁদের কল্পনায় রোমান্সের চড়া রঙ মাথাতে হলো।

এ চেষ্টার ছটো কুফল ক্রমেই স্পষ্ট হয়ে উঠেছে। শিক্ষিত মধ্যবিত্ত লেথক যথন তাঁর নিজের স্তরের মাহ্মদের কথা লিথতে গেছেন, তথন তাঁর কল্পিত চরিত্রকে তিনি দেখেছেন ভিতর দিক থেকে, তার প্রত্যেকটি আচরণের আড়ালে গোপন ভাবনা-কামনার জটিলগ্রন্থি তিনি অস্তরঙ্গ পরিচয়ের সামর্থ্যে উদ্যাটিত করতে পেরেছেন। কিন্তু নিজের সম্প্রদায়ের বাইরের কথা লিখতে গিয়ে তিনি তাদের মনের হদিস পান নি। তিনি বাইরের ব্যবহারকে প্রাধান্ত দিতে বাধ্য হয়েছেন; ব্যক্তির প্রাতিশ্বিক সন্তার চাইতে তার বাহ্ ক্রিয়াকলাপ

৩। প্রবন্ধের শেবে তৃতীর টীকা

এবং সামাজিক সমন্ধ-বিক্তাসই তাঁর কল্পনায় বেশী জায়গা জুড়েছে। ফলে এ ছাতীয় উপস্থানে একদিকে কষ্টকল্পনা এবং ভাবালুতা প্রবল, অক্তদিকে এদের मत्था मनखाखिक विद्धारणिय हारेल पहेना-श्ववार वा कारिनी विनी मुथा। ভাচাড়া যেখানে শিক্ষিত মধ্যবিত্ত ঘরের লেখক নিজের স্তরের মামুবদের সম্বন্ধে লিখতে বদে অস্তরঙ্গতার সামর্থ্যে ব্যক্তির অনম্রতা এবং ব্যক্তির সঙ্গে ব্যক্তির তুল্ম অথচ অলজ্যনীয় পার্থক্যের উপরে জোর দিয়েছেন, অন্ত স্তরের মাতৃষদের সম্বন্ধে কল্পনা করতে গিয়ে পরিচয়ের স্বল্পতার দোবে তাঁকে গোষ্টিগত গড়পড়তার ছবি এঁকেই তৃপ্ত হতে হয়েছে। অর্থাৎ প্রথম ক্ষেত্রে তাঁর ল্লী পুরুষরা বিশেষ ব্যক্তি; দ্বিতীয় ক্ষেত্রে তারা শুর-বিশেষের প্রতিনিধি বা কল্পিত টাইপ। দিতীয়ত, আদর্শগত কারণে এঁরা ব্যক্তির চাইতে সমষ্টিকে বড় বলে ধরে নিয়েছিলেন। কিন্তু যেহেতু ভাবজগতের বাইরে সমষ্টির কোন অন্তিত্ব নেই, সেই কারণে এঁদের কল্পনা ক্রমেই অন্তিত্বের উদ্যাটনের প্রতি উদাসীন হয়ে পূর্বনির্দিষ্ট প্রত্যয়ের ব্যাখ্যানের কাব্দে ব্যাপৃত হল। এঁরা नारम निष्माद दिशानिक राल घाषणा कदान । तथा द मारा प्राप्त मिलन ঘোর প্রোপ্যাগ্যাণ্ডিস্ট রূপে। জীবন সম্বন্ধে যে নাচিকেত জিজ্ঞাসা প্রপক্তাসিকের কল্পনাকে জাগ্রত রাথে, মতবাদের মল্লে তা ক্রমেই তন্ত্রাচ্ছন্ত হয়ে পড়ল। মননশীলতা এবং মতবাদাশ্রয়িতার মধ্যে অহি-নকুলের সম্পর্ক। একটি হল উদ্ভাবনার উৎস, আর অকটি হল মানসিক জাডোর আশ্রয়। উপক্তানে মতবাদ যত প্রবল হয়ে উঠেছে, যথার্থ সত্যনিষ্ঠা ভাবুকতা, এবং কল্পনার বৈচিত্র্য ততই ক্ষীয়মান হয়ে এসেছে।*

। होत्र ।

যদিচ উপরোক্ত সমস্ত বিপদের আভাস শরৎচন্দ্র এবং তাঁর অমুকারকদের উপত্যাসে উপস্থিত, তবুও বিতীয় মহাযুদ্ধের আগে পর্যস্ত ঔপত্যাসিক কল্পনার এই অবক্ষয় খুব একটা প্রকট হয়ে ওঠে নি। বস্তুত বিষম এবং রবীন্দ্রনাথকে বাদ দিলে তিরিশের দশক এবং চল্লিশের প্রথমার্ধকে বাংলা উপত্যাসের সমৃদ্ধতম কাল বলা চলে। নতুন সাহিত্যিকেরা তথন সবে মধ্যবিত্ত জীবনের গণ্ডির বাইরে দৃষ্টিপাত স্থক করেছেন; তাঁদের কল্পনায় নতুন দেশ

৪। প্রবন্ধের শেষে চতুর্ব টীকা

আবিষ্কারের উল্লাস গতি সঞ্চার করছে। অথচ রবীক্রনাথ অনেক আগে থেকেই অসামাত্ত প্রতিভা নিয়ে সাহিত্যকর্মে ব্যাপ্ত থাকার ফলে নতুন সাহিত্যিকদের মান থুব নীচুতে নামতে পারে নি। শিকার প্রসার এবং মনের অধােগতি করু হওয়া সত্তেও পাঠকদের মধাে একটা উল্লেখযােগা অংশের ক্ষতি বন্ধিম, রবীক্রনাথ, প্রমথ চৌধুরী, এবং পশ্চিমের মহৎ সাহিত্যিকদের বচনা পাঠের ছারা অনুশীলিত। দাধারণ পাঠকের মনোরঞ্জনের ছারা জীবিকা নির্বাহের সম্ভাবনা তথনো খুব বেশী লেথকের সামনে দেখা দেয় নি। রবীন্দ্রনাথের স্মৃতি সার্বজনীন তামাশার হুলোড়ে লুটোবার মত উৎসাহীর সংখ্যা তথনো শীমাবদ্ধ ছিল। মতবাদের কড়া নেশা তথনো বাংলা দেশের শিক্ষিত সমাজের বৃদ্ধিকে পুরোপুরি আচ্ছন্ন করে নি (যদিও সে সর্বনাশের ব্যাপক **प्र**ह्मा जितिस्मित स्मारकत यात्रायात्रि (शत्कहे हार्थ शास्त्र)। स्राप्त তথনো অনেক ঔপগ্রাদিক শিল্পকর্মে নিপুণতা অর্জনকে মূল্য দিতেন। শিথিল, অসংলগ্ন অথবা অমার্জিত রচনা লিথতে এবং প্রকাশ করতে তাঁদের সক্ষোচ হত। মৃষ্টিমেয় বিদগ্ধ পাঠকের তারিফ জুটলেই তাঁরা খুশী হতেন। তাঁদের মনের জিজ্ঞাসার শিথা অস্তিত্বের অন্ধকারে কম হোক বেশী হোক আলো ছড়াত।

এই দশকে বহিম, ববীন্দ্রনাথ এবং পশ্চিমের শ্রেষ্ঠ ঔপস্থাসিকদের ঐতিহ্যে অন্নদাশহর রায় সত্যাসত্যের মত কৌতুক-প্রোজ্জল অথচ হ্বগভীর তত্তকেন্দ্রিক এপিক উপস্থাস রচনা করেছেন। অভিজ্ঞতার সরল সত্তার সঙ্গে অসামাস্থ শিল্পবোধের সামঞ্জ্য ঘটিয়ে বিভূতিভূবণ বন্দ্যোপাধ্যায় বাংলা উপস্থাসে প্রতিশ্রুতিষ্ঠার নতুন ধারার প্রবর্তন করেছেন। ব্যঞ্জিত ভাষার উপরে যথেষ্ট দথল না থাকা সত্তেও বিচিত্র ধরণের চরিত্র পৃষ্টি করে এবং স্বল্পজ্ঞাত বা অবজ্ঞাত স্তর, সম্প্রদায় এবং অঞ্চলের জীবনযাত্রার সত্যনিষ্ঠ কাহিনী লিখে তারাশহর বন্দ্যোপাধ্যায় বাংলা উপস্থাসের বিষয়সীমা সম্প্রসারিত করেছেন। মানিক বন্দ্যোপাধ্যায় একটির পর একটি উপস্থাসে বাহ্ ব্যবহার এবং সম্পর্কের আড়ালে ব্যক্তিমনের জটিল, সমস্থা-সন্থূল, স্ববিরোধী ক্রিয়াকলাপের ব্যঞ্জনামন্থ ও স্ক্র্যাতিস্ক্র বিশ্লেষণ করে বাংলা উপস্থাসের অনেকটা বয়ঃপ্রাপ্তি ঘটিয়েছেন; বাংলা ভাষায় শ্রেষ্ঠ উপস্থাসের যদি ভালিকা রচিত হয় তবে তার মধ্যে কৃষ্ণকান্তের উইল, যোগাযোগ, চতুরক্ষ এবং গৃহদাহ যেমন অবশ্রেই স্থান পাবে, তেমনি স্থান পাবে সত্যাসত্য, পথের পাঁচালী এবং আরণ্যক, কিব,

জননী, পুতুলনাচের ইতিকথা, পদ্মানদীর মাঝি, এবং অহিংসা। এঁদের তুলনায় এ যুগের বাঁরা অপেক্ষাকৃত কম শক্তিশালী ঔপস্থাসিক—যেমন ধূর্জিটিপ্রসাদ ম্থোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র, সরোজ রায়চৌধুরী, অথবা অচিস্তাকুমার সেনগুপ্ত—তাঁরাও ভাষাপ্রয়োগে সবিশেষ যত্নশীল, বাহু ঘটনার অন্তরালে বিচিত্র ক্রিয়াকলাপের উল্লোটনে ব্যাপৃত, অন্তিষ্ণের নানা সমস্থা এবং পরস্পরবিরোধী প্রবণতা সম্পর্কে কোতৃহলী, অর্থাৎ উপস্থাসের বিশিষ্ট সাধনা বিষয়ে মোটাম্টি সচেতন। প্রথম মহাযুদ্ধের পর বাংলা উপস্থাসের ক্ষেত্রে যে মারাত্মক বিপর্যয়ের আশহা দেখা দিয়েছিল, শরৎচন্দ্রের লেখার মধ্যে তার বহু চিহ্ন আজ চোথে পড়ে, ছিতীয় মহাযুদ্ধের আগে পর্যন্ত তা যে বাস্তব আকার গ্রহণ করে নি, তার জন্ম তিরিশের দশকের এই সব শক্তিশালী এবং বিবেকবান ঔপস্থাসিকের কাছে ক্রচিবান বাঙালী পাঠক-পাঠিকার ঋণ অপরিসীম।

। औष्ट ।

কিছ সাময়িক ভাবে প্রতিহত হলেও পূর্বোক্ত আশহা থিয় মোটেই অমৃলক ছিল না, গত কুড়ি বছরের মধ্যে সেটি মারাত্মক রূপে স্থন্সন্ত হয়ে উঠেছে। নিরুষ্ট উপগ্রাস আগেও লেখা হত; কিছু সমগ্রভাবে ঔপগ্রাসিক মানের ক্রুত অধােগতি ইতিপূর্বে চােথে পড়ে নি। শক্তিশালী কথাসাহিত্যিকের আবিভাব এখনা মাঝে মাঝে ঘটছে; কিছু নিমগামী আবর্তের টান থেকে নিজের শিল্পবিবেককে রক্ষা করা আজ যত কঠিন, ইতিপূর্বে বােধহয় আর কথনাে তেমন ঠেকে নি।

গত বিশ বছরে নিরক্ষরের অন্থণাত কিছুটা কমেছে এবং স্বল্প-শিক্ষিত পাঠকপাঠিকার সংখ্যা লক্ষণীয় ভাবে বৃদ্ধি পেয়েছে। এই পাঠকদের বেশীর ভাগই ক্লাসিক্স্-এর সঙ্গে পরিচয়হীন। এঁরা যে শুধু সংস্কৃত সাহিত্য অথবা উৎকৃষ্ট ইয়োরোপীয় সাহিত্যে পাঠ গ্রহণ করেননি এমন নয়; রবীক্রনাথের গছ রচনাবলীও হয় এঁদের অপঠিত, নয় প্রায় অবোধগম্য। ফলে এঁদের ক্লচি নিতান্ত গ্রাম্য। অপর পক্ষে এঁদের জীবন-যাত্রা দিশাহীন, উর্ম্বাস, বিবর্ণ, ভিড়াক্রান্ত। এঁরা জীবনকে বৃন্ধতে চান না, জীবনকে ভুলতে চান! শিল্প এবং সাহিত্যের সন্তোগ থেকে আত্মসমৃদ্ধির উপাদান সংগ্রহে এঁরা অপারগ।

বাস্তববোধ এবং ব্যক্তিগত দায়িষ্ঠেতনার হাত থেকে নিছুতির প্রয়োজনে এঁরা মাদকের সন্ধানী। সেই মাদক এঁদের যুগিয়ে চলেছে হিন্দী এবং মার্কিনী ফিল্ম, তথাকথিত আধুনিক সঙ্গীত, ধ্বংসাত্মক উগ্র রাজনীতি, কুংসিত সিনেমা পত্রিকা, তুর্গাপূজা এবং দোল থেকে হুক করে রবীক্রজন্মতিথি উপলক্ষ্যে অফুষ্ঠিত নানাবিধ তামসিক হৈছল্লোড়, এবং সম্প্রতিকালে বাংলা দেশে উপস্থাস নামে প্রচলিত ফেনানো-ফাঁপানো গোলাপী গালগন্ধ।

পরিবেশের প্রতিকৃলতা সত্তেও এই অধোগতির হাত থেকে বাংলা ,উপক্রাসকে যাঁরা হয়ত রক্ষা করতে পারতেন, তিরিশের দশকের সেই প্রতিভাবান লেথকদের অনেকেই আজ মৃত, অবদন্ন অথবা স্বধর্মচাত। মৃত্যুর কিছু পূর্ব থেকেই বিভূতিভূষণের কল্পনায় জরার লক্ষণ দেখা দিয়েছিল। একদিকে তাঁর চেতনা হয়ে উঠেছিল জীবনবিমুথ, অপরদিকে তাঁর দাবল্য পর্যবদিত হতে চলেছিল আবেগ-গদগদ পুনরাবৃত্তিতে। মানিক বন্দ্যোপাধ্যায়ও কয়েকটি উপত্যাদে অসামাত্ত প্রতিভাব পরিচয় দেওয়ার পর একদিকে দলীয় মতবাদের প্রভাবে এবং অন্তদিকে অল্প সময়ের মধ্যে জ্রুতগতিতে সাধ্যাতিরিক্ত পরিমাণ উপত্যাস লেখার চেষ্টায় নিজেকে ফুরিয়ে ফেলেন। তাঁর শেষের দিকে লেখাগুলি পড়ে বিশ্বাদ করা কঠিন যে এই লেখকই 'জননী' অথবা "দিবারাত্রির কাব্যে"র মত আশ্রুর্য কাহিনী লিথে ঔপন্থাসিক জীবন স্বক্ করেছিলেন। তারাশঙ্করের রচনায় বিষয়গত বৈচিত্র্য শেষ পর্যস্ত বন্ধায় ছিল। হুর্ভাগ্যবশত তাঁর প্রথমদিকের রচনাগুলিও ব্যঞ্জিত ভাষা, স্কল্প অস্তদ্ষ্টি অথবা মননশীলতার গুণে বিশেষ সম্পন্ন ছিল না। পরবর্তীকালে এই অভাব আরো প্রকট হয়ে উঠেছে। শরৎচন্দ্রের মত তিনিও যতই কাহিনীর মধ্যে তত্বালোচনার আমদানী করে তাকে উপক্তাদের আভিজাত্য দেবার প্রশ্নাস পেয়েছেন, তত্ই তাঁর লেখা হাস্তকর ভাবে মেদভারাক্রান্ত হয়ে উঠেছে। অপরপক্ষে যে নাচিকেত প্রশ্নশীলতা এবং স্থমার্জিত কৌতৃকরদের সমন্বয় অমদাশঙ্কর রায়ের প্রথম যুগের রচনায় দীপ্তি, গভীরতা এবং বৈচিত্ত্যের সম্পদ দান করেছিল, ক্রমে তারা বিযুক্ত এবং ধীরে ধীরে স্তিমিত হয়ে এসেছে।

বস্তুত রবীক্রনাথকে বাদ দিলে বাংলা ভাষায় আর কোনো লেথকের কথা ভাবা শক্ত দেহের বার্ধক্য যাঁর মনস্বিতার হ্রাস না ঘটিয়ে তাকে আরো সমৃদ্ধ এবং সক্রিয় করে তুলেছে। তিরিশের দশকের যে ঔপফাসিকদের নাম

^{ে।} প্রবন্ধের শেবে পঞ্চম টীকা

উল্লেখ করেছি, তাঁদের প্রতিভা অনস্বীকার্য। কিন্তু শাস্ত্রমতে বানপ্রস্থের কাল আসবার পূর্বেই তাঁদের প্রতিভার জরাপ্রাপ্তি ঘটেছে। অপরপক্ষে চল্লিশ এবং পঞ্চাশের দশকে বাংলা উপন্তাসের ক্ষেত্রে যেসব লেখক দেখা দেন তাঁদের একজনও এঁদের সঙ্গে তুলনীয় প্রতিভার অধিকারী নন। এঁদের অধিকাংশই আসলে পূর্বস্থরীদের অস্কারক; এঁদের লেখায় আবিষ্কারক বা পথিরুতের চরিত্রলক্ষণ কচিৎ চোথে পড়ে। অস্করণ করতে গিয়ে এঁদের লেখায় অগ্রজদের দোষগুলিই প্রবল হয়ে উঠেছে, কিন্তু গুণগুলি সঞ্চারিত হয় নি।

তবু এ ব্যাপারটাও সঙ্গে সঙ্গে লক্ষণীয় যে এঁদের মধ্যে যাঁরা কিঞ্চিৎ ক্ষমতাবান তাঁদের পক্ষে আজ নিজেদের সাধনার ক্ষেত্রে নিষ্ঠা বজায় রাখা আগের তুলনায় অনেক বেশী কঠিন। এঁদের প্রায় সকলেই লেথাকে জীবিকা অর্জনের প্রধান উপায় হিসেবে গ্রহণ করেছেন। ফলে এদিকে এঁদের প্রচুর পরিমাণে লিখতে হচ্ছে। অপরপক্ষে পাঠকদের চাহিদাকে একেবারে অগ্রাহ্ করে নিজের বিবেক অনুযায়ী লিখে যাওয়া এঁদের পক্ষে প্রায় অকল্পনীয়। নিভূতে ধীরে ধীরে নিজের শক্তিকে পুষ্ট এবং পরিশীলিত করার অবসর থেকে এঁরা বঞ্চিত; এবং সংখ্যাগরিষ্ঠ পাঠক সম্প্রদায়ের মনোরঞ্জন করতে গিয়ে এঁরা ক্রমেই নিজেদের লেখার মানকে নামিয়ে আনছেন। অধিকাংশ পাঠকপাঠিকা যেথানে জীবনবিমুখ, মননে অক্ষম, নিজেদের সাংস্কৃতিক উত্তরাধিকার বিষয়ে অজ্ঞ, সুক্ষ শিল্পকর্মের উপভোগে অনভ্যস্ত, কোনো গভীর প্রশ্নের সম্মুখীন হতে অনিচ্ছুক, দেখানে অসামান্ত চরিত্রবলের অধিকারী না হলে কোনো লেথকের পক্ষে নিজের সাধনায় দীর্ঘকাল ধরে প্রতিষ্ঠিত থাকা একরকম অসম্ভব। বিশেষত দে লেখক যখন লেখাকেই জীবিকা নিৰ্বাহের একমাত্র অথবা প্রধান উপায় রূপে বেছে নিয়েছেন। ফলে বাংলা দেশে বর্তমানে যেসক ঔপক্যাসিক কিছু কিছু ক্ষমতার অধিকারী, একদিকে যথেষ্ট চরিত্রবলের অভাবে এবং অক্তদিকে মৃঢ় পাঠককচির প্রবল চাপে তাঁদের লেখায় ক্রমেই স্থুলতা, মাদকতা, কট্টকল্পনা এবং অভিশয়োক্তি প্রবল হয়ে উঠেছে।

অসংস্কৃত পাঠকসম্প্রদায়ের প্রতাপে শুধু অল্পবিস্তর ক্ষমতাসম্পন্ন লেখকরাই যে নিজেদের শিল্পধর্ম থেকে ভ্রন্থই হচ্ছেন তা নয়। এর ফলে বাংলা উপস্থাসের ক্ষেত্রে এমন এক জাতের লেখক ব্যাপক প্রতিপত্তি বিস্তার করতে স্বক্ষ করেছেন বন্ধিমচন্দ্র কলম ধরার পর থেকে যে জাতীয় লেখকদের বাঙ্গালী পাঠকসমাজ ইতিপূর্বে কখনো সাহিত্যিক বলেই স্বীকার করতেন না।

শিল্পনৈপুণ্য, মাহুষের মন সম্বন্ধে ক্ষুদৃষ্টি, জীবনের নানা গভীর সমস্তা সম্পর্কে প্রান্ন, দার্শনিকতা, পূর্বস্থরীদের শ্রেষ্ঠ রচনাবলীর সঙ্গে পরিচয়-এসব বালাই থেকে এঁরা সম্পূর্ণ মুক্ত। বিশ্বাস্ত অথবা অবিশ্বাস্ত যে কোন ধরনে চরিত্র এবং ঘটনার সমাবেশ ঘটিয়ে পাঠকদৈর সামন্ত্রিকভাবে আবেগের আতিশয্যে আচ্ছন্ত করে রাখা এঁদের একমাত্র উদ্দেশ্ত। যে মোলায়েম মাদকের জন্ম আধুনিক বাঙ্গালী পাঠকের আকণ্ঠ পিপাসা. এঁবা তার সেরা কারবারী। পূর্বেও বাংলা দেশে এ জাতীয় লেথকের অভাব ছিল না। কিন্তু একদিকে ইংরেজী শিক্ষার মাধ্যমে ইয়োরোপীয় সাহিত্যের সঙ্গে অন্তরঙ্গ পরিচয় গড়ে ওঠার ফলে, এবং অন্তদিকে বন্ধিমচন্দ্র ও রবীন্দ্রনাথের অসামান্ত প্রতিভা বাংলা সাহিত্যের মানকে উচুতে তুলে ধরার ফলে. এই জাতীয় শৃহাগর্ভ শব্দব্যবসায়ীরা সাহিত্যরুচির উপরে বিশেষ প্রভাব ফেলতে পারেন নি। অধিকাংশ শিক্ষিত পাঠক এঁদের লেখা পড়তেন না; কেউ কেউ পড়লেও লুকিয়ে পড়তেন এবং সেজ্জ নিজের কাছে লজা বোধ করতেন। এই ব্যক্তিরাও নিজেদের সাহিত্যিক রূপে কল্পনা করার স্পর্ধা রাখতেন না। কিন্তু সম্প্রতিকালে বাঙালী পাঠকদের মধ্যে ইংরেজির চর্চা প্রায় লোপ পেতে বসেছে; ইয়োরোপীয় সাহিত্যের প্রকৃত সম্ভোক্তার সংখ্যা ক্রমেই হ্রাস পাচ্ছে; পাঠকসম্প্রদায় বন্ধিমচন্দ্র এবং রবীক্রনাথ কর্তৃক প্রতিষ্ঠিত মান প্রায় ভূলতে বসেছেন। ফলে পূর্বোক্ত অপকৃষ্ট শ্রেণীর লেথকরা এখন সাহিত্যের বাজারে মাতব্বর রূপে দেখা দিতে পেরেছেন। ক্রাইম, নাটকীয় উচ্ছাুুুুস, এবং অগভীর যৌনতার মিশ্রণ ঘটয়ে বিকলাঙ্গ ভাষায় এবং অসংলগ্ন ঘটনা ও অসম্ভব চরিত্র-সমাবেশে এঁরা উপস্থাস নামে যে পদার্থ প্রস্তুত করছেন বাজারে তা আসা মাত্র বিকিয়ে যাচ্ছে। প্রকাশকরা এঁদের বই ছেপে নিজেদের অবস্থা ফেরাচ্ছেন; পত্রিকা সম্পাদকরা এঁদের উপ্তাস ধারাবাহিকভাবে বার করার জ্বত্ত ধর্না দিচ্ছেন; গ্রন্থাগারিকরা এঁদের প্রতিটি বইয়ের অনেকগুলি কপি কিনেও সদস্তদের চাহিদা মেটাতে পারছেন না। এঁদের লেখা পড়ে পাঠকদের স্থুল রুচি স্থুলতর হচ্ছে; এবং যে লেখকদের কিছু-বা শক্তি এবং: শিল্পবিবেক বর্তমান ছিল, তাঁদের মধ্যেও অনেকে দ্বিতীয় গুণটিকে বিদর্জন দিয়ে প্রথম গুণটিকে এমনভাবে কাচ্ছে লাগাবার চেষ্টা করছেন যাতে এঁদের পথ ধরে তাঁরাও কিছুটা শুছিয়ে নিতে পারেন। करन वांश्ना উপमारम वाांभक मझ हे एको हिरम्रह ।

। ছয় ।

তবে কি ধরে নেব যে দেশে পাঠকের দংখ্যা যত বাড়বে এবং ঔপন্যাসিকরা জীবিকার জ্বন্ত সাধারণ পাঠকপাঠিকার পৃষ্ঠপোষণার উপরে যত বেশী নির্ভরশীল হবেন, ততই বাংলা উপন্থাসের ভবিষ্যৎ আরো অন্ধকার হয়ে উঠবে? আপাতত তা মনে হলেও এ সিদ্ধান্ত আমার কাছে অবশ্রগ্রাহ্ম ঠেকে না। যদি দেশে স্থানিক্ষার ব্যবস্থা থাকে তবে পাঠকের সংখ্যারন্ধি কেন রুচিকে নিম্নগামী করবে ? আমার ধারণা যে একদিকে স্থল, কে-ডেজ, বিশ্ববিতালয়ের অধ্যাপকগণ এবং অন্তদিকে সাহিত্য-সমালোচকরা উত্যোগী হলে এই অধোগতির হাত থেকে সাহিত্যকে বৃক্ষা করা সম্ভব। শিক্ষার অন্ততম কাজ সাংস্কৃতিক উত্তরাধিকারের সক্ষে তরুণ মনের আত্মীয়তা ঘটানো; এই স্থতে ছাত্র-ছাত্রীদের মনে রুচি এবং বিচারশক্তি গড়ে উঠবে। তাদের মার্জিত কচির সহাদয় সমর্থন ক্ষমতাবান লেখককে অনেক বৈষ্য়িক সমস্তা এবং প্রলোভনের হাত থেকে রক্ষা কররে। জ্বপুরপক্ষে ভাল সমালোচক পাঠকদের রসবোধের বিকাশে সাহায্য করেন, ভালমন্দ বিচারের ক্ষমতাকে দক্রিয় এবং মার্জিত করে তোলেন, জনপ্রিয়তার চওড়া সভুকের বাইরে সাহিত্যের যে আরো অনেক জানার মত পথঘাট আছে তার হদিদ বাত্লে দেন, অতিপরিচয়ের ফলে কে মহৎ রচনা বিশ্বয়দঞ্চারের ক্ষমতা হারিয়েছে তার কোন-না-কোন গোপন ঐশর্যের উপরে আপন বৈদক্ষ্যের স্মালো ফেলে পাঠককে নতুন করে সে রচনা বিষয়ে কৌতৃহলী করে ভোলেন। এতে পাঠকের লাভ, তার সম্ভোগের ক্ষেত্র প্রসারিত হয়, তার সম্ভোগের অভিজ্ঞতা গভীরতর, সমৃদ্ধতর হয়ে ওঠে। তার পক্ষে আর জেগে ঘুমনো সম্ভব হয়ে ওঠে না। এতে লেথকের লাভ, যে রদিকজনদের উদ্দেশ্যে তাঁর রচনা, তাঁদের সঙ্গে যোগাযোগ নহজতর হয়। পাঠকের পৃষ্ঠপোষণার লোভে তাঁকে নিজের লেখায় ভেজাল দিতে হয় না। পাঠকের প্রত্যাশা উচুতে বাঁধা থাকায় লেখকের কল্পনা নিচের দিকে নামবার অবকাশ পায় না। অর্থাৎ ভাল সমালোচক সাহিত্যের বাজারকে গ্রেশামী নিয়মের দৌরাত্ম্য থেকে বাঁচানোয় অনেকথানি সাহায্য করে থাকেন।

বলাবাছল্য সং শিক্ষকের মতই সং সমালোচক হতে পারা নিতান্ত সহজ কথা নয়। বিচার করার আগে বিচারকের যোগ্যতা অর্জন করা চাই। অন্যের কৃচি গড়ায় যিনি সাহায্য করবেন, তাঁর নিজের কৃচি স্থপরিণত না হলে চলবে কেন? যে সব গুণে লেখা সাহিত্যপদ্বাচ্য হয়ে ওঠে, তাদের যথায়

চেনা এবং তাঁদের আবেদনে সাড়া দেওয়ার ক্ষমতা অনেকথানি অস্থীলন-माराकः। य প্রয়োগকোশলের ফলে ভাষা আভিধানিক অর্থের সীমাকে ছাড়িয়ে প্রতীয়মান অর্থের ইঙ্গিত করে, তার খুঁটিনাটির সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় না থাকলে ভাল সমালোচক হওয়া অসম্ভব। শুধু সাহিত্যের অঙ্গপ্রত্যঙ্গ এবং নির্মাণরীতি বিষয়ে জ্ঞান থাকাই যথেষ্ট নয়। সাহিত্যের যা আত্মা, আলঙ্কারিকেরা যার নাম দিয়েছেন রস. তার মধ্যে প্রবেশ করার জন্ম জীবন দম্বদ্ধে গভীর এবং ব্যাপক অভিজ্ঞতারও প্রয়োজন আছে, প্রয়োজন আছে সে সব অভিজ্ঞতাকে যাচাই করে নেবার মত দার্শনিক বৃদ্ধির। অর্থাৎ সাহিত্য-সমালোচক একাধারে ভাষাবিদ, আল্কারিক, জীবনের অভিজ্ঞতায় পোড়-খাওয়া ব্যক্তি এবং দার্শনিক। এ ছাড়াও তাঁর অন্তত আর একটি গুণ বাকা আবশ্রক। সেটি হল, তাঁর নিজের অভিজ্ঞতাকে ভাষার মারফত অস্তের মনে পৌছে দেওয়ার সামর্থ্য। সমালোচককে শুধু স্থপাঠক হলেই চন্তবে না, তাঁকে স্থলেথকও হতে হবে। বলা বাছল্য, এসব গুণ অর্জন করার জন্য সবচাইতে প্রথমেই যে জিনিসটি দরকার দেটি হল, নানাদেশের নানাভাষার যা কিছু নি:দন্দেহে শ্রেষ্ঠ রচনা—পশ্চিমী সমালোচকেরা যাকে বলেন ক্লাদিক—তার অভিনিবিষ্ট অধ্যয়ন। সং সমালোচক অন্তের মূথে ঝাল খান না, নিজে সব কিছু চেথে দেথেন। এবং ভাল সমালোচনা পড়ার ফলে পাঠকের মনেও মূলের সঙ্গে প্রত্যক্ষ পরিচয়ের বাসনা প্রবল হয়ে ওঠে।

স্থতরাং সাধারণভাবে বাংলা সাহিত্যের এবং বিশেষ করে বাংলা উপস্থাসের বর্তমান সঙ্কট-মোচন ব্যাপারে শিক্ষক এবং সমালোচকদের একটা বিশেষ দায়িত্ব আছে। কিন্তু এ-ব্যাপারে সবচাইতে বড় দায়িত্ব ঔপস্থাসিকদের নিজেদের। ঔপস্থাসিকের নিজের যদি ক্ষমতা, নিষ্ঠা এবং সাধনা না থাকে তবে সবচাইতে আদর্শ পরিবেশ সত্তেও সং উপস্থাস স্থজিত হবে না। সমকালীন পশ্চিমে নিক্ট উপস্থাসের পরিমাণ নিতান্ত অল্প নয়; তা নিয়ে সেথানেও অনেকে আশকা প্রকাশ করেছেন। তবু এবিষয়ে কোনো সন্দেহ নেই যে সেথানে আজো যথেষ্ট উৎকৃষ্ট উপস্থাস লেখা হচ্ছে এবং তাদের সমাদরের অভাব ঘটছে না। সেথানে সাধারণ শিক্ষার মান সাময়িকভাবে কিছুটা নীচু হয়ে আসলেও অনেকগুলি স্থপ্রাচীন এবং উৎকৃষ্ট বিশ্ববিভাল যের উপস্থিতির ফলে এক শ্রেণীর পাঠক নিয়মিতভাবে গড়ে ওঠার ব্যবস্থা আছে, বাঁদের মন ক্লানিক্স-পাঠের ত্বারা পুট এবং যাঁরা সমকালীন সৎসাহিত্যের

সভোগে সমর্থ। তাছাড়া সেখানে বিদগ্ধ সমালোচকের অভাব নেই। তবে স্বচাইতে যেটা বড় কথা, পশ্চিমে এমন অনেক ঔপস্থাসিক আছেন এবং এখনো দেখা দিচ্ছেন যাঁরা কোনো রক্ষের ভয় অথবা প্রলোভনের কাছে তাঁদের সাহিত্য বিবেককে বলি দিতে গ্রহাজী, যাঁরা বাজারের চাহিদার সঙ্গে কোনো রফা না করে নিজের সাধনায় মগ্ন, যাঁরা "বেস্ট সেলার" হওয়ার চাইতে অল্প ক্ষেকজন স্থধী পাঠকের তারিফকে অনেক বেশী মূল্য দিয়ে খাকেন। বাংলা দেশে পরিশীলিত পাঠক এবং রাস্ক সমালোচকের বিশেষ প্রয়োজন আছে; কিছু বাংলা উপস্থাসের স্কট-মোচনের জন্ম স্ব চাইতে যাঁকে বেশী প্রয়োজন তিনি হচ্ছেন ক্ষমতাবান ও নিষ্ঠাবান উপন্যাসিক।

- (১) * "সঞ্চরিতা", পঃ ২৯৪। আদি এবং পরিবর্তিত পাঠ গ্রই-ই পাশাপাশি দেওয়া আছে।
- (२) এ সম্পর্কে র্যাডিক্যাল হিউম্যানিস্ট পত্রিকার (১৯৫২, বাইশে জুন) শরৎচন্দ্র সংক্রান্ত প্রবন্ধে বিস্তারিত আলোচনা করেছি।
- (৩) এই সমস্তা অবশু বাংলা দেশ বা ৰাংলা সাহিত্যের মধ্যে সীমাবদ্ধ নয়। এই সমস্তাব্র সমাজতাত্ত্বিক বিভিন্ন দিক নিম্নে বিশেষ করে পশ্চিমী সভ্যতার সংকটের পটভূমিতে কিছুটা বিচার বিশেষ আছে আমার "মৌমাছিত ত্র" প্রস্থের 'গণতন্ত্র ও সংস্কৃত" প্রবন্ধে।
- (৪) সংকট ক্রমে সারা ভারতবর্ধে ছড়িয়েছে, মন্তবাদের সঙ্গে যোগ দিয়েছে জন্ম নান মননবিরোধী শক্তি। ভারতবর্ধের পটভূমিতে এ সম্পর্কে কয়েকটি প্রবন্ধে আলোচনা করেছি। বধা, টাইম্ন্ লিটরারী সাপ্লিমেন্টে (১৯৫৭, অগস্ট) 'A literary revolution in India'; কোরেষ্ট পত্রিকার (১৯৫৮ অন্টোবর ডিসেম্বর) 'Decline of the Indian ·Intellectuals; এবং সহ্বিরেট সার্ভে পত্রিকার (১৯৫৯, এপ্রিল জুন) 'Eastwind Westwind'.
- (e) এদিক থেকে বুদ্ধদেব বহু ব্যতিক্রম। তরণ বয়স থেকে তিনি লিথে আসছেন কিন্তু তাঁর সম্প্রতিকালের সাহিত্যকর্ম বিমায়কর। কবিতায়, লাটকে, প্রবন্ধে অমুবাদে গত করেকবছর ধরে তাঁর লান অসামান্ত। তবু উপস্থাদের ক্ষেত্রে তাঁকে উল্লেখ্য মনে হয়নি; তাঁর সার্থক কীর্তিকবিতায়, প্রবন্ধে, এবং সম্প্রতিকবিতায়।